# ट्य विष्युगे वीत

[ উপস্থাস ]

বুদ্ধদেশ বঙ্গু

ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং লিঃ ৯৩, স্থারিসন রোড, কলিকাভা ৭ প্রকাশক: শ্রীজিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়, বি. এ. ১৩, ছারিসন রোড, কলিকাতা ৭

> রচনা কাল ১৯৩৩ ন্তন সংস্করণ ১৯৫৩ তিন টাকা আট আনা

# VEST BENGAL

মুদ্রাকর: শ্রীত্রিদিবেশ বস্থ, বি. এ. কে. পি. বস্থ প্রিন্টিং ওয়ার্কস ১১, মহেন্দ্র গোস্বামী লেন, কলিকাতা ৬ প্রচ্ছাদসজ্জা: অঞ্জিত গুপ্ত

প্রথম প্রিচ্ছেদ: নীল্বন			>
দ্বিতীয় পবিচ্ছেদ: গাডি		•	26
তৃতীয় পরিচ্ছেদ . অপব্যয়		•	22
চতুর্থ পরিচ্ছেদ : অন্ধকারে আলাপ			8 @
পঞ্চম পরিচ্ছেদ : প্রদশনীতে এক সন্ধ্যা			a b
ষ্ঠ পরিচ্ছেদ : রোজালিও			9 @
সপ্তম পরিচ্ছেদ: বিপ্লব	•		36
অইন পরিচ্ছেদ . সকাল ও সন্ধ্যা			> > २
নবম পরিডেছদ : রীতিমতো বিয়ে			>89
দশম পরিচ্ছেদ: পারিবারিক	•		200
একাদশ পরিচ্ছে <b>দ</b> : পরি <b>পূর্ণতা</b>			२०৫
দ্বাদশ পরিচ্ছেদ : উপসংহার			२১৪

#### এক

#### नीववन

এককালে এগানে ছিলো বন—জাম আর কাঁঠালে আর মাদারে গা-ঘেঁষাঘেঁষি, প্রকাণ্ড অশথ বাতাদে মর্মরিত—ভার ডালের থোপে-গাপে বাসা বেঁধেছে শকুন-পরিবার, আকাশের দিকে মাথা-উচোনো তাল-সন্ধ্যার আবছায়ায় হঠাৎ ভূতের মতো দেখতে: সন্ধ্যার পর অন্ধ্যুকার থমথম করতো সেগানে, গাছের সবজে নিবিড সেই বনে: গাছের ফাঁকে-ফাঁকে আঁকাবাঁকা দক্ষ রাস্তা বিসর্পিত--ত্ব-ধারে তার লম্বা ধারালো ঘাস —সেখান দিয়ে সকালবেলায় গ্রাম থেকে ব্যাপারিরা **আসতো শহরে**ব দিকে. বাজারে নিয়ে যেতো তরকারি বেচতে, আর হুধ আর ফল, পাড়া-গেয়ে ভাষায় কথা বলতে-বলতে, কাঠবিড়ালিকে চমকে দিয়ে; হলদে রঙের ছোটো পাথি লাফাতে-লাফাতে যেতো তাদের সঙ্গে-সঙ্গে—ফিরে যথন যেতো, সূর্য তথন মধ্য আকাশে, কি হেলে পড়েছে একট পশ্চিমে. গাছগুলো রোদে প্রান্ত, পাথিরা নীরব—আর তারপরে আর সন্ধে পর্যন্ত মানুষের পা সেথানে পড়তো না, রাত্রি নামতো গন্তীর, তারাময়: কোনো সন্ধ্যায় এক ছঃসাহসী ছোটো ছেলে হয়তো খেলার মাঠ থেকে আসতো তার প্রান্তে, রমনার ধৃসর, নির্জন রান্তা দিয়ে, ধৃসর সন্ধ্যায়, কাছে এসে আর ঢুকতে সাহস হ'তো না, চেয়ে দেখতো, দূরে সব রাস্তায় জ'লে উঠেছে ইলেক্ট্রিকের আলো, কিন্তু সেথানে ছায়া নিবিড়, সে-রাস্তায় আলো নেই; অন্ধকার রাস্তায় বাজতো তার জ্রুত পায়ের শব্দ, জ্রুত তার

হৎপিও—ত্র-দিকে শুধু ফাঁকা মাঠ সন্ধ্যার ম্লান আকাশের নিচে—ক্লদ্ধ-শাসে কয়েক মিনিট হেঁটে ভাকবাংলোর কাছে এসে হাঁফ ছেডে বাঁচতো, যেগানে রাস্তায় আলো, আর লোকজন আর কথাবার্তা—থেলার মাঠে হেলেদের ভিড় তথনো হয়তো একেবারে ভাঙেনি, কেউ-কেউ চা থাচ্ছে মাঠের মাঝথানে বটগাছের নিচে বেঞ্চিতে ব'সে, গনি মিঞার দোকানে — যেথানে ব'লে সেই বন দেখা যায় একটা নীল রভের পোঁচ—আরো একটু এগিয়ে রেল-লাইনের লেভেল ক্রসিং—গেটটা এখন আবার বন্ধ না থাকলে হয়, বাড়ি ফিরতে এমনিই দেরি হ'য়ে যাবে: সেথানে রমনার দীমানা, তার দশ্দিণেই আরম্ভ পুরোনো শহর, দাঁত-বার-করা রাস্তা, রাস্তায় একটা মিশোল গন্ধ-সেগানে দাঁডিয়ে সেই বন দেগা যায় একটা নীল রহস্য—তা যেন অনেক দূরের, তা যেন অন্ত-কোনো জগতের—নীল অঞ্জন লাগতো শহুরে লোকদের ক্লান্ত চোথে, তুবাশা দোলা দিয়ে যেতো ছোটো ছেলের মন—দেই নীলবন, যেন বেড়া দিয়ে রেথেছে শহরকে কোনো বিস্ময় থেকে, আড়াল ক'রে রেখেচে কোনো আশ্রুর্য আবিষ্কার —লোকের মুথ থেকে মুগে তার নাম ঘোরাঘুরি হ'লো নীলবন, হ'তে-হ'তে তার উপর পড়লো গণ-অম্বমোদনের ছাপ, সেটা গেলো চলতি হ'য়ে।

এখনো তার নাম নীলবন। যদিও এখন আর বনের কোনো চিহ্ন নেই, এক প্রান্তে পাশাপাশি দাঁড়ানো হুটো অশথ গাছ ছাড়া, পাড়ার প্রহরী-দৈত্যের মতো, আর পশ্চিম কোণ ঘেঁষে মৃদি-দোকানের পাশে একটা তালগাছ, যে এখনো ইন্ধিত করে আকাশের তারার দিকে, বনের স্মৃতিকে। পদ্মার ভাঙনে পূর্ববঙ্গের অনেক লোকের বাড়ি গেলো ভেসে,

তারা এসে ভিড করলে শহরে, শহর বাডলো। কেটে ফেলা হ'লো বন, সমস্ত জায়গাটাকে টকরো-টকরো ক'বে সরবার শস্তায় দিতে চাইলে তার চাকরেদের: পেন্সন-নেয়া কি নেবো-নেবো ডিপটি-মুনসেফরা সে স্থযোগ ছাড়লেন না—এক মাদের মধ্যে সব প্লট বিক্রি হ'যে গেলো। উঠলো বাডি, তৈরি হ'লো রাস্থা, বসলো জলের কল আর ইলেকট্রিসিটির তার: অন্ধকার বড়ো রাস্টায় একদিন আলো জ'লে উঠলো—বিকেলে সেগানে মেয়ে-পুরুষের—মেয়েরই বেশি—ভিড। দেগতে-দেখতে—বছর পাঁচেকের মধ্যে, নীলবন হ'রে উঠলো উচুদরের, প্রায় বডোলোকি এক পাড়া--সব স্থদ্ধ থান পঁচিশ বাড়ি, তাদেব জানলায় ঝুলছে শৌথিন ছিটের পরদা, রাস্তা থেকে বসবার ঘরের সোফার ফুল-আঁকা অ্যান্টিমাকাসারের আভাদ পাওং৷ যায় কথনো বা, কারো-কারো সামনে একট ফুলের বাগান, সেগানো সকালবেলায কোনো মেয়ে হয়তো বই নিয়ে পাইচাবি করে, নেহাৎই শোভনতার থাতিরে . সন্ধের সময় গাড়ি এসে माँ जारा विशासन अथातन, जारत त्रामा देशिय करत, वार्ष शारमारकान। শহরের উত্তর প্রান্তে এই পাড়া-—কোনো বড়ো গোছের চাকুরে বদলি হ'য়ে এসে প্রথম সেগানেই বাডি থোঁজে, তার এমন একটা রেসপেকটেবল ভাব। সমস্ত পাড়ায় নিরেট মধ্যবিত্ততার, প্রাদেশিক কেতাগুরুত্বপনার ছাপ: বাড়িগুলোর চেহারা দেখেই মনে হয় যে তাদের কর্তারা বিকেলে একত্র হ'য়ে ইনভেস্টমেণ্ট আলাপ করেন, আর গিল্লিরা হিশেবের থাতা না-মিলিয়ে কথনো ভতে যান না, আর মেয়েরা ব্লাউজের হাতা আরো আধ ইঞ্চি তোলবার জন্ম তাকিয়ে থাকে কলকাতার মুথের দিকে, আর ত্ব-একবার পীড়াপীড়ির পর গাইতে পারে-এবং গেয়ে থাকে-

'নটরাজে'র কোনো-না-কোনো গান—এমনকি, তাদের ছোটো বোনেরা হয়তো, কিছুই বলা যায় না, নাচতেও পারে। আরামের, আত্ম-পরিতৃপ্ত স্বাচ্ছন্দ্যের আবহাওয়া—তার চেয়েও বেশি ভারি ওজনের, ইংরিজিতে যাকে বলে দলিভিটি। ভারি ওজন, লম্বা ব্যাঙ্ক-অ্যাকাউণ্ট—ছোটোথাটো, নিশ্ছিত এক চক্র, তার মধ্যে দ্বাই বন্দী, তার মধ্যে অন্ধ।

বড়োরান্তা থেকে নালবনে ঢুকেই প্রথম দক্ষিণ-মুগো যে-দোতলা বাড়ি, তার নিচের ঘরে, শ্রাবণ মাসের এক সকালবেলার, এক যুবক ব'সে ছিলো। তার সামনে একটি সেক্রেটারিয়েট টেবিল, তার উপর কালো মলাটের, পাঠ্য-বই চেহারার এক মোটা বই থোলা। পাশে প'ড়ে আছে একটা লাল-নাল পেন্সিল। যুবকটির ভান-হাতি গোটা ছই বুক-কেস বইয়ে ঠাশা, 'বাঁ দিকে গোল একটি টিপয়ের উপরে ফুলদানিতে এক গুচ্ছ বাসি রজনীগন্ধা। ঘরটি রান্তার দিকে: প্রের জানলা দিয়ে মেঘ-ছেঁড়া তীব্র রোদ ভিতরে এসে পড়ছে। দক্ষিণের জানলার ধারে চামড়ায় মোড়া একটি কাউচ, তার পাশে আর-একটি টিপয়ে গোটাকয়েক মাসিকপত্র সয়ত্বে পর-পর সাজানো। সমস্ত ঘরটিতে একটু বিশৃদ্ধলা নেই। ঝকঝক করছে লাল সিমেন্টের মেয়ে: আস্বাবপত্রের কালো বানিশে ঠিকরে পড়ছে আলো।

যুবকটির বয়স বাইশের বেশি হবে না, কিন্তু যে-ভাবে সে বসেছে, যে-ভাবে সে মাঝে-মাঝে তাকাচ্ছে চোথ তুলে, তা থেকেই বোঝা বায় যে সে-ই বাড়ির কর্তা। ক্রন্ত, কালো তার চোথ, চশমাও তা একেবারে নষ্ট ক'রে দিতে পারেনি; মান আর হন্দর তার মুথ। অত্যন্ত ছোটো তার মাথার চুলের সঙ্গে সে-মানতা ঠিক মানাচ্ছে না:

ও-রকম রঙের সঙ্গে বড়ো বড়ো কালো চুল-একটু শেলি-ভাব। বস্তুত, ছোটো চলে তার মুখন্তী অনেকটা চাপা প'ড়ে গিয়েছিলো। আশ্চর্য মনে হ'তে পারে, শেলি-ছাঁচের যার মুগ, সে অমন পালোয়ানি চল রাথবে। কিন্তু মাস তুই হ'লো তার পিতৃবিয়োগ হয়েছে: **প্রাদে**র পবে তার চুল এটুকুর বেশি বাড়তে পারেনি। তার বাবা ছিলেন সব-জজ-এমন বাবা কারো হয় না, তার মৃত্যুর পরে, এক তুর্বল মুহুর্তে যুবুুটি ভেবেছিলো। তথ্নকার মতো, দে তাতে প্রায় বিশ্বাস করেছিলো। বাবার মৃত্যু লেগেছিলো তার মনে; সে, এমনকি, একট কেঁদেছিলো। তার মা এখনো মাঝে-মাঝে কাঁদেন—বেচারা! ব্যাপারটা ঘটেছিলো একট হঠাং—তারা কেউ প্রস্তুত ছিলো না। আর, ব্যাপারটা কী হচ্ছে, তা ভালো ক'রে উপলব্ধি না-করতেই দে হঠাৎ দেখতে পেলো নিজের অন্ত-এক চেহারা, এক রূপান্তর। হঠাৎ নিজেকে দেখতে পেলো, এই বাডির, ইম্পিরিয়েল ব্যাঙ্কের হাজার পঞ্চাশেক টাকার—তাছাড়া কোম্পানির কাগজের, এটা-ওটা শেয়ারের সে-ই মালিক। তার আর ভাই ছিলো না—বোনেদের বিয়ে হ'য়ে গেছে। সে ভেবে অবাক হ'লো, এক জীবনের উপার্জনে তার বাবা কী ক'রে এত রেখে যেতে পারলেন। বাবার প্রতি তার শ্রদ্ধা বেডে গেলো।

তার নতুন সংজ্ঞার সঙ্গে নিজেকে মানিয়ে নিতে তার কিছু সময় লাগলো, কিন্তু থুব বেশি নয়। করেকদিনের মধ্যেই সে ফুটে উঠলো, সে হ'য়ে উঠলো। বড়ো অল্প সময়ে, বাইরের কোনো দর্শকের মনে হ'তে পারতো। এতদিন সে ছেলেমান্থ্য ছিলো, এই সেদিনও

চেলেমামুষ ছিলো। তার বাবা তার সঙ্গে এমন ব্যবহার করবেনই, যেন সে ছেলেমানুষ। মনে-মনে সে ক্ষম হ'তো, বিরক্ত হ'তো, কিছ বাইরে বিদ্রোহ করতে সাহস পেতো না। বিদ্রোহ করা তার স্বভাবই নয়। পারিপার্শ্বিকের সঙ্গে বিরোধ তার পক্ষে অস্ফ: সে বরং হার মানবে। বাবার কাছে সে বিনীত হ'য়ে থাকতো, ছোটো হ'মে। তিনি ছিলেন কড়া মেজাজের লোক; অনেক সময় অবিচার, অক্সায় সইতে হ'তো। সইতো। তারপর হঠাৎ, যেন কোনো জাত্বতে, সে বড়ো হ'য়ে উঠলো। তার চারদিকে মুক্তি: নিজের ভিতর থেকে বেরিয়ে এসে সে ছড়িয়ে গেছে স্বথানে। স্বথানে। ওঃ, মৃক্ত হওয়া, নিজের উপর সম্পূর্ণ দথল পাওয়া—তা মস্ত জিনিশ। এতদিন সে চিলো রঞ্জন, কেবলি রঞ্জন, যার ভাবনা ভাববে অন্য লোকে, ষাকে যত্ন করবে অন্য সবাই; সাবধানী যত্নের বেডা দিয়ে ঘেরা, নিরাপদ নিশ্চিন্ততায় যে থাকবে। তার নিজের কোনো ইচ্ছে নেই, তার নিজের কিছু করবার নেই। আর এগন সে তার নিজের সত্তা, তার আছে নিজম্ব একটা কেন্দ্র, নিজম্ব গতি-পরিধি। সে সম্পূর্ণ, সে স্বাধীন। এ যেন আর-একবার জন্মাবার মতো। সেই ছেলেমানুষ-রঞ্জন—সে কি কথনো ছিলো? ভালো ক'রে মনে করতে পারে না। তাকে সে ত্যাগ করলে অতি সহজে, ছেড়ে ফেললে তাকে পুরোনো কাপড়ের মতো, ছাড়িয়ে উঠলো তাকে ফল যেমন ক'রে ফুলকে ছাড়িয়ে ওঠে— উধু আকারে নয়, প্রকৃতিতে। সাবালকত্বে, স্বয়ম্প্রতিষ্ঠ পৌরুষে তার এই পরিবর্তন একটু আকস্মিক, একটু কঠিন। তা যেন তার মৃথের নরম রেথাগুলোকেও একটু কঠিন ক'রে দিয়ে গেছে, যে তাকে বরাবর

দেখে আসছে, তার কাছে তা-ই মনে হ'তে পারতো। তার সমস্ত ধরন-ধারন যেন বদলে গেছে; এমনকি, তার কণ্ঠস্বর—তাও যেন একটু গন্তীর হ'য়ে উঠছে, একটু বেশি মস্তা। চিরকাল সে একটু মৃত্ স্বরে কথা কইতো; কিন্তু সেই মৃত্ স্বরে লাগলো এক নতুন ঝংকার—তাতে যেন শক্তির চেতনা, আকাজ্জার, অধিকারের শক্তির।

রঞ্জন রায় এম. এ. পড্ছে ঢাকা ইউনিভার্নিটিতে। বরাবরই সে চৌকশ ছাত্র, জলপানি পেয়ে এসেছে বরাবর। বাংলাদেশে সেই ছেলেরই জয়, পরীক্ষায় যে ভালো পাশ করতে পারে। রঞ্জনকে তার অগুনতি আত্মীয়বা, তার প্রতিবেশীরা—স্বাই থাতির করতো। তার বাবারও মনে-মনে একট গর্ব ছিলো ছেলেকে নিয়ে। কিন্তু দে নিজে যেন তার কুতিত্ব থেকে কোনে। স্থুখ পেতো না। সে পরিশ্রম করতো কর্তবা-বোধের থাতিরে, অন্ত-স্বাই খুশি হবে ব'লে, অন্ত স্বাই তার কাচ থেকে যা আশা করে, তা করবার জন্মে। এটা তার জীবনের একটা অংশ: দে যে পরীক্ষায় ভালো পাশ ক'রে যাবে, এটাই নিয়ম। এ-নিয়মের বাতিক্রম করবার অধিকার তার নেই। নিয়মের প্রতি শ্রদ্ধা ছিলো তার মজ্জাগত; ছেলেবেলায় দে বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিনের আত্ম-জীবনী পড়েছিলো। তার জীবনকে সে ফেলেছিলো নিয়মের কঠিন ছাঁচে; সে কখনো উদ্দাম रुम्नि—ना, श्रथम योवतन् ना—कथाना त्याँकिन উচ্ছ **ब**न्छात দিকে। নানা কর্তবা আর আমোদের মধ্যে সে সব সময় বজায় রেথে এসেছে নিথুত ব্যালেন্স; নিজেকে সে ভাগ ক'রে নিয়েছিলো বিভিন্ন খোপে, একটার সঙ্গে আর-একটার কখনো ছোঁয়াছুঁয়ি হয় না। তার মাথা সব সময় ঠাণ্ডা—বড়ো বেশি ঠাণ্ডা, অনেকের মনে হ'তে পারতো।

তার চরিত্রের অনেকগুলো দিক ছিলো: বন্ধুদের মধ্যে তার খ্যাতি ছিলো রিসিক ব'লে, তার একটা গোপন ভালোবাসা ছিলো কবিতার প্রতি, নিজেও মাঝে-মাঝে লিথতো টুংটাং ছন্দের মিষ্টি পক্ত, এবং সে একবার প্রেমেও পড়েছিলো, স্বপ্রময়, আত্মামর, কিশোর প্রেমে—আর পরে, বয়স যথন একটু বাড়লো, মেয়েদের সম্বন্ধে সে ত্-একটা জিনিশ জানতে আরম্ভ করলো। কিন্তু কোনো জিনিশ কথনো তাকে উতলা করতো না—কথনো কোনো সংঘাত ছিলে। না তার মনে, কোনো বিক্ষোভ; স্বচ্ছন্দ, যন্ত্র-মন্ত্রণতার দিনের পর দিন কেটে যেতো তার জীবন।

রঞ্জন একথানা বই পড়িছিলো behaviourism-এর উপর। তার গণিতে মাথা ছিলো, কিন্তু বি. এ.-তে অনার্স নেবার সময় সে শথ ক'রে নিয়ে ফেলেছিলো দর্শনশাস্ক—যা স্মাজকালকার ছাত্ররা ঘোর সেকেলে ব'লে অবজ্ঞা করে। কিন্তু রঞ্জনের মনকে তা আকর্ষণ করেছিলো—তা তার মনে হয়েছিলো এমন গভীর, গঞ্জীর—এমন শাস্ত, ভাব-নিবিড় তার আবহাওয়া। আত্মীয়রা ছি করেছিলো—ও ছাইভত্ম প'ড়ে কী হবে, কোনো কাজেই তা লাগবে না; কিন্তু তার বাবা—ছাত্রাবস্থায় তিনি বেন্টাম আর কান্ট পড়েছিলেন, সেকালের প্রেসিডেন্সি কলেজের দারুণ নাস্তিকদের মধ্যে তিনি ছিলেন একজন—তার বাবা খূশি হয়েছিলেন। বিষয়টি তার লেগেছিলো ভালো: পরীক্ষায় সে ভালো ফার্স্ট রাশ নিয়ে উৎরেছিলো। তার গণিত-ঘেঁষা মনের পক্ষপাত ছিলো আ্যাবসট্যাকশনের দিকে, বিশুদ্ধ মননক্রিয়ার দিকে। দর্শনশাস্ত্র মান্থ্রের কোনো কাজে লাগে না ব'লেই তা তার মনে হয়েছিলো মান্থ্রের চিত্তপ্রকর্ষের উচ্চত্য প্রকাশ। কোনো ব্যবহারে এ কলম্বিত নয়, সাধারণ জীবনের উপর

কোনো প্রয়োগ একে ভালগার কবে নি। তা যথেষ্ট দুর, যথেষ্ট বিচ্ছিন্ন: তার স্থান বিশুদ্ধ কল্পনার রাজ্যে, যেগানে মান্ত্রের জ্ঞানের গুঢ়তম উৎস।

রঞ্জন মনে-মনে ভাবছিলো যে যদি কোনো শিশুর মুগে সন্দেশ গুঁজে দেবার সঙ্গে-সঙ্গে তার কানের কাছে বিদ্যুটে আওয়াজ করা হয়—যদি যথেষ্ট বার এ-রকম করা হয়, যদি বিদ্যুটে আওয়াজের সঙ্গত ছাড়া সে কখনো সন্দেশের স্বাদ জানতেই না পারে, তাহ'লে বড়ো হ'য়ে দে সন্দেশ দেগলেই আংকে উঠবে, এমনকি, মিষ্টি স্থাদের উপরই তার একটা মজ্ঞাগত ভীতি বর্তাতে পারে। কথাটা ভেবে তার একটু মজা লাগলো। আশ্চর্য—যা-কিছু আমরা অভ্রাস্ত ব'লে জানি, মেনে নিই একট চিস্তা না-ক'রে, যা-কিছু আমরা ধ'রে নিই, সবই, এঁরা বলছেন, দীর্ঘ অভ্যেসের ফল মাত্র; অভ্যেস যদি বদলানো যায়, তার ফলও অন্য রকম হবে। কিন্তু এরা যতটা বলছেন, ততটাই কি সভাি? ধরা যাক, কোনো মান্ত্র্যকে কি এমনভাবে 'কণ্ডিশন' করা যায়, যাতে ভালো গান শুনলেই দে খুন কি আত্মহত্যা করতে চাইবে? আরো ধরা যাক, সে-লোক যদি জ'য়ে থাকে সংগীতের প্রতিভা নিয়ে ? এ-সব নিয়ে যেটকু পরীক্ষা হয়েছে, তা সামাতা। এর চেয়ে মজার পরীক্ষা আর কী হ'তে পারে—মান্তুষের মন নিয়ে এই কৌতৃহল, দেখি না কী হয় —ব্যাণ্ডের আর টিকটিকির আর পোকা-মাকড়ের অঙ্গ-প্রত্যঙ্গ কেটে-কেটে জোডাতালি লাগানোর চাইতে ঢের, ঢের বেশি মঙ্গার। আপদোদ শুধু এই যে তেমন বিস্তৃতভাবে পরীক্ষা করা এখন পর্যন্ত সম্ভব হচ্ছে না। রঞ্জনের মন ছড়িয়ে যাচ্ছিলো; বই থেকে চোথ তুলে সে তাকালো তার সামনে। দরজার পরদাটা হাওয়ায় ঈধৎ

নডচে: দক্ষিণের জানলা দিয়ে তার চোখ গিয়ে পড়লো তাদের বাগানে, এক গুচ্ছ লাল গোলাপের উপর—তা পার হ'য়ে বড়ো রাষ্টার ছ-ধারে প্রসারিত রোদে-ঝলমল সবুজ মাঠে, চ'লে গেলো, অবাধ, দূরের অস্পষ্ট রেল-রান্তা পর্যস্ত। সামনে তার কোনো বাড়ি নেই, সমস্ত পণ্টনের মাঠ তার দষ্টির অন্তর্গত। রঞ্জন জানলা দিয়ে তাকিয়ে থাকতে ভালোবাসতো—এত শাস্ত, যেন কোনো নিহিত শক্তিতে ভরা, চবির মতো শাস্ত-ফুন্দর। অশ্থের পাতাগুলো ঝিরঝির করচে হাওয়ায়, ঘাসের ডগাগুলো যেন থাড়া হ'য়ে সূর্যের আলো ভ'রে নিচ্ছে শরীরের কোযে-কোষে। আত্ম-বিশ্বত, রঞ্জন তাকিয়ে রইলো। আমরা যে জানলা দিয়ে বাইরে তাকাতে ভালোবাসি, এ শুধু মানব-জাতির বহুশতান্দী-ব্যাপী কোনো অভ্যেদের ফল কিনা, তাতে আর কিছু এসে যায় না। কিছু এসে যায় না, এমন ভাবে মাতুষকে তৈরি করা যায় কি না যায়, যাতে সে ফুল দেখলে শিউরে উঠবে। এখনকার মতো, সে-সব কোনো কথা ওঠেই না। জানলার বাইরে আছে এই ছবি: কোনো কথা চলে না তার উপর। দূর থেকে ফিরে এসে রঞ্জনের চোথ আবার তাদের বাগানের লাল গোলাপের উপর পড়লো। বাগানের রাস্তায়, গোলাপ গাছের পাশ দিয়ে এক বিধবা মহিলা আন্তে-আন্তে এগিয়ে আসচেন, এগটি যুবতী তাঁর সঙ্গে। কেউ এলো। অসহ কোনো স্ত্রীলোক বোধহয়, রঞ্জন ভাবলে, তার মা-কে সাম্বনা দিতে এসেচে। সাম্বনা তারা দেবেই—এখনো মাঝে-মাঝে ত্ব-একজন আসে। তারা আসবেই, তার মা-কে আবার কাদাতে— এই কালা-খাদক প্রেতেরা। ৬:, মৃত্যুর চেয়েও এ খারাপ, মৃত্যুর চেয়েও। তার বাবা না-মরলেই ভালো হ'তো--রঞ্জন প্রায় তা-ই ভাবলে মনে-মনে।

স্বীলোক ত্-জন, এদিকে, বাগান পার হ'য়ে যাচ্ছে বাড়ির দিকে।

যুবতীটি হঠাৎ একবার মৃথ ফিরিয়ে তাকালো—রঞ্জন তাকে দেখে
নিলে এক ঝলকে। মৃথথানা মন্দ নয়। কিন্তু তার চলন অনিশ্চিত,
অসমান: আর অমন বিশ্রী পাড়ের শাড়ি কি পরতেই হবে, রঞ্জন
ভাবলে।

তারা অদৃশ্য হ'লো। রঞ্জন আবার চেষ্টা করলে বইয়ে মন দিতে। সে টের পেলো, তার ঘরের সঙ্গে যে-ছোটো বারান্দা, সেথানে তার মা বসেছেন আগন্তকদের নিয়ে। কথাবার্তা হচ্ছে নিম্নস্বরে: রঞ্জনের কানে আসছে শুধু অস্ফুট স্ত্রীকণ্ঠ। মাঝখানকার পরদাটা মাঝে মাঝে একটু উড়ছে; হঠাৎ তার চোথে পড়ছে মেয়েটির মন্ত খোঁপা আর গ্রীবার একটু রেখা। এরা কা'রা ? সে মনে করতে পারলে না এদের আগে কখনো দেখেছে ব'লে।

কাটলো থানিকক্ষণ। আন্তে-আন্তে আলাপের স্বর চড়ছিলো। অলসভাবে, শৃক্ত মনে সে শুনলো। শেষটায় একটা কথা স্পষ্ট হ'য়ে এলো তার কানে। তার মা বলছেন: 'আমি কী করতে পারি? আপনি আমার কাছে কেন এসেছেন, বুঝাতে পারছি না।'

উত্তর হ'লো—নিশ্চরই বিধবা মহিলাটি বলছেন—'আমি ভেবেছিলাম—' শেষের দিকটা অস্পষ্টতায় মিলিয়ে গেলো।

'ও-সব ভেবেছিলেন, সে তো আর আমার দোষ নয়। এই সেদিন এমন সাংঘাতিক শোক পেলাম, সাংঘাতিক…' রঞ্জনের মা-র গলাধ'রে এলো।

'সে তো…'

'নিজেই ত্বংগে-কষ্টে ম'রে আছি, এর মধ্যে আপনি এসেছেন···'
'আপনারা জ্ঞাতি, ঈশ্বর আপনাদের অজস্র দিয়েছেন···'
'অজস্র! পরের টাকা কি কেউ কম ছাথে—'
'বড ছাথে প'ডেই···'

'তৃঃথ আমারও। কে কার জন্ম কী করতে পারে আজকালকার দিনে।'

একটু চুপচাপ। তার মা-র বিরুদ্ধে একটা মৃক ক্ষোভ জ'মে উঠছিলো রঞ্জনের মনে, অন্ধ একটা রাগ। কী নির্বোধ তার কথাবার্তা, নির্বন্ধিতায় কী নিষ্ঠর। সে যেন দেখতে পেলো পরদার ওপাশে মা আর মেয়েকে, নীরব—প্রত্যাখ্যাত, অপমানিত। অন্থভব করলে তাদের হৃদয়ের তিব্রুতা—ধারাল্রো, ক্ষয়কারী, তীব্র বিষের মতো। সে-তীব্র বিষে পুড়ে যাচ্ছে তাদের মন, যেন আগুনে। ওঃ, কিছু চাইতে হ্বার অবমাননা! আর এই প্রত্যাখ্যান—প্রত্যাখ্যান যে করে, এতে তারই তে। লক্ষা, তারই অপমান। কেননা, যাকে চাইতে হয়, তার চরম আত্ম-যন্ত্রণা তো সেখানেই: তার বেশি, তার চেয়ে থারাপ আর কী হ'তে পারে। প্রত্যাখ্যান যে করে, সে-ই তো ক্ষত সৃষ্টি করে তার নিজের অঙ্কে।

'না-জেনে ভুল করেছিলাম···' রঞ্জন যথাসাধ্য চেষ্টা করলে কথার বাকি অংশটা শুনতে, পারলে না।

'.....,' তার মা গতামুগতিক কিছু-একটা বললেন। 'কিছু মনে করবেন না।'

এখনো, রঞ্জন ভাবলে, এখনো সময় আছে। এখনো সেই ক্ষতমুখ

সারানো যায়, যদি তার মা ইচ্ছে করেন। নিজের মধ্যে এই ভাঙা জোড়া লাগানো যায় এখনো। কেন লোকের কঠিন মনে হয় না নিজেকে এ-রকম ঘা দেয়া। না, দয়া নয়। দয়ায় মায়্য় বাঁচে না। দয়া—তা স্বর্গ থেকে শিশিরের মতো ঝ'রে পড়ে না; তা তৃষ্ণা-শুক্ষ ম্থের উপর কোনো তিক্ত, রুক্ষ পানায়ের মতো—তা প্রাণ বাঁচায়, শুধু প্রাণকে বিনাশ করবার জন্তা। না, দয়া নয়। দয়া যে করে, এহীতার সঙ্গেদ্ধ সে-ও ছোটো হয়: দীনতার উপর দীনতার পুঞ্জ। তা-ও মনকে পাথর কবে, য়লায়ই মতো। কিন্তু পাথর সরিয়ে নেয়া দরকার, পাথর ভেঙে কেলা দরকার: একটা সংস্পর্শ, নিজের ভিতর থেকে বেরিয়ে আসা; যেন একটা বিতৃত্ব-স্রোতের গতি-চক্র সম্পূর্ণ হ'লো: সম্পূর্ণতা। কী ক'রে মায়্য় তা না-খুঁজে পারে, কী ক'রে মায়্য় নিজেকে এমন শক্ত, অন্ধ ক'রে তৃলতে পারে, এত আত্ম-বঞ্চনা কী ক'রে সয়্ছ হয় ?

শাডির থশথশানি শোনা গেলো: তা'রা উঠছে। একটু পরে রঞ্জন আবার তাদের দেখতে পেলো তার বাগানের রাস্তায়—মা আর মেয়েকে। আনত তাদের মাথা, শাদা তাদের মুথ: যেন কোনো শারীরিক আথাতে তাদের প্রাণ নিক্ষাশিত। তবু তাদের যেতে হবে, এগিয়ে যেতেই হবে, যান্ত্রিক, মন্থর পা ফেলে। রঞ্জন তাড়াভাড়ি চোথ সরিয়ে আনলে। তার মা নিশ্চয়ই ফিরে গেছেন তাঁর ঘরে। সে উঠে দাঁড়ালো, তাড়াতাড়ি বেরিয়ে এলো ঘর থেকেঁ। তার ঘর থেকে বেরালেই ছোটো কাঠের দরজা: তার কাড়াকাছি সে স্বীলোক ছ-জনের সঙ্গে এসে জুটলো। থমকে দাঁড়ালো ছ-জনে তাকে দেখে।

'আমি বলতে এলাম,' ক্রুতস্বরে সে আরম্ভ করলে, তারপর ভেবে পেলে না, কী বলবে। সেটা ছেড়ে দিয়ে আবার আরম্ভ করলে, 'কিছু মনে করবেন না আপনারা, বাবা মারা যাওয়ার পর মানর মাথার ঠিক নেই। তিনি মুখে যা বলেছেন, সেটা তাঁর মনের কথা নয়।'

বিধবা মহিলাটি বিশ্বয়ে বিমৃত চোখ মেলে তার দিকে তাকিয়ে রইলেন—থেন ঠিক বুঝতে পারছেন না। মেয়েটি রইলো অঞ্চ দিকে তাকিয়ে।

'আপনাদের যা দরকার,' রঞ্জন ভেবেছিলো, কথাটা খুব সাজিয়ে-গুছিয়ে মোলায়েম ক'রে বলবে, কিন্তু একটা ঠিক কথাও থেন সে খুঁজে পেলো না, 'আপনাদের যা দরকার,' সে ভাড়াভাড়ি ব'লে গেলো, 'ভা আমাকে বলতে পারেন—যদি কিছু মনে না করেন। আমাকে দিয়ে যদ্যুর সম্ভব—' কথাটা সে শেষ ক'রে উঠতে পারলে না।

মূহুর্তের জন্ম ছলছলিয়ে উঠলো বিধবার চোথ; কোনো কথা তিনি বলতে পারলেন না।

'আপনারা থাকেন কোথায় ?' রঞ্জন জিগেদ করলে। একটু পরে বিধবা জবাব দিলেন, 'বক্সিবাজার।'

'কত নম্বর ?'

'সতেরো।—একটা পুকুর-ওলা বাগান আছে, দেখেছো—' রঞ্জন কোনোকালেই ছাখেনি; তবু বললে, 'হ্যা'।

'—তার ঠিক পরেই যে-দোতালা বাড়িটা, তার নিচের তলায়—'

'বুঝেছি। ঠিক বার করতে পারবো খুঁজে।' রঞ্জনের এই আলাপ

#### नीलवन

দীর্ঘ করবার কোনো ইচ্ছে ছিলো না; সে চায় না, কেউ দেথে ফেলে।

কিন্তু একবার ছাড়া পেয়ে বিধবার মুগ দিয়ে উচ্ছুসিত হ'য়ে উঠলো কথা: 'তুমি আমাকে কথনো ভাগোনি, তোমাকে আমি দেখেছি ছোটো। এক গ্রামেই আমাদের বাড়ি—জ্ঞাতি-সম্পর্কে আমি তোমার কাকিমা হই—'

'বুঝতে পেরেছি। আপনারা কি একাই এসেছেন ?'

'না, একটি চেলে এসেছে সঙ্গে—ঐ যে—' একটু দূরে রাস্তায় দাঁড়ানো একটি বোগামতে। ছেলেকে বিধবা আঙুল দিখে দেখালেন।

'ও की इय जाननारमत ?'

'কিছু হয় না; ওরা দোতলায় থাকে। ভারি ভালো ছেলেটি—'
মেয়েটি হঠাৎ মৃথ ফিরিয়ে বললে, 'চলো, মা।' এই মেয়েটি প্রথম
কথা বললে।

'চলো।—দেথলি, অতসী, আমি তোকে বলেছিলাম—' রঞ্জন বাধা দিলে, 'এ-পাডার তে। গাড়ির আড্ডা নেই—'

অতসী সোজা রঞ্জনের চোথের দিকে তাকিয়ে বললে, 'থাক, আমাদের গাড়ির দরকার হবে না।' রঞ্জন লক্ষ্য করলে, সে-চোথ গভীব কালো, কালো পাথরের মতো তাতে কঠিন দীপ্তি।

#### গাডি

সঙ্গে যে-ছেরোটি এসেছিলো, এতক্ষণ অপেক্ষা করছিলো উল্টো দিকের চায়ায় দাঁড়িয়ে; সঙ্গীদের বেবোতে দেখে এগিয়ে এলো। উৎস্ক স্থরে জিগেস করলে, 'কী হ'লো, মাসিমা ?'

হিরণায়ী আবম্ভ করলেন, 'এমন চমৎকার ছেলে—' তীব্র হ'যে বাজলো অতসীর স্বর, 'চূপ করো, মা।'

মেয়ের মুখের দিকে তাকিয়ে হিরঝারী আর কথা বলতে সাহস পেলেন না। সরোজও একবার আড়চোগ্নে তাকালো অতসীর মুখে—তার সঙ্গে চোথোচোথি হবে, এই আশায়। কিন্তু তার মুখের ভাব লক্ষ্য ় ক'রে সে খুশি হ'লো তা হ'লো না ব'লে।

তিন জনে হাঁটতে লাগলো কালো রাস্তার উপর দিয়ে, কথা নেই কাবো মুগে। বোদ চড়ছে, রাস্তার পিচ উঠছে তেতে। মেয়েদের কারো পায়ে জুতো নেই। অত্যন্ত শাদাশিধে তাদের পোশাক। অতসীর শাড়ির পাড়টা যে রঞ্জনের পছন্দ হয় নি, তার সহজ্ঞ কারণ হচ্ছে এই বে সেটা তার নিজের নয়: তার মা-র। অন্তত কুড়ি বছরের পুরোনো একটি কাশী সিল্জের শাড়ি—তথনকার দিনে প্রচলিত ফুল-পাতা আঁকা তার পাড়—বছরে ছ-একবার তা বা'র করা হয় বাক্স থেকে, খুব জরুরি কোনো উপলক্ষ্যে। অতসী মেয়েটি লম্বা—শাড়িটা ঠিক তার পায়ের গোড়ালি অবধি পৌছ্য়ও না; মোটের উপর, তাকে যে দেখতে খুব

ভালো হয়, এমন নয়। দিশি মিলের ছাপানো কাপড়ের একটা রাউজ তার গায়ে, তার নিজেরই হাতে শেলাই করা। শেলাই সে করে খ্ব ভালো; রাউজটা গায়ে ঠিক বসেছিলো—য়িও গলাটা সে য়তটা নামাতে পারলে খ্শি হ'তো, ততটা নামানো হয়নি : সে-বিয়য়ে তার মা-র অত্যম্ভ নির্দিষ্ট এবং কঠিন মতামত ছিলো। অক্য-একটা রাউজ সে বার করেছিলো, কিন্তু তার মা সেটার উপর এমন কটাক্ষপাত করেন য়ে —থাক, তাঁর ইচ্ছেই বজায় থাক। তাঁর সঙ্গে বেরোছেই ব'লে—অতসী জুতোটা একবার পায়ে দিয়েও আবার ছেড়ে এলো। মা-র সঙ্গে চলবার সয়য় জুতো পরতে সে অত্যম্ভ সংকোচ বোধ করতো।

সে যা-ই হোক, ওতে কিছু এসে যায় না, ছোটো-ছোটো ঝকঝকে দাঁত দিয়ে নিচের ঠোঁট কামড়ে ধ'রে অতসী ভাবলে, কিছুতেই কিছু এসে যায় না। ও:, এ-কথা ভাবতে সে লজ্জায় ম'রে গেলো না যে সে আজকালকার কেতাহরস্ত পোশাক পরবে! তার অন্তিত্বও যে একটা লজ্জা, তার অন্তিত্ব যে একটা লজ্জাকর কতের মতো, যা ঢেকে রাথতে হয়, সাবধানে ল্কিয়ে রাথতে হয় লোকের চোথ থেকে। কী ক'রে সে কাপড়-চোপড়ের কথা ভাবতে পারে! সে যদি তার দিদিমার আমলের গলাবন্ধ ফুল-হাতা জ্যাকেট পরে, তাতেই বা কী! এটা আশ্চর্য যে সে তার রাউজ ছাড়া অন্ত কোনো কথা ভাবতেই পারলে না—একদা তার যে রাউজের গলা আর-একটু সামাবার শথ হয়েছিলো, সে-কথা ছাড়া। তার মনের সমস্ত অন্ধ, তীব্র রাগ জ'মে উঠতে লাগলো ঐ তুচ্ছ ব্যাপারকে ঘিরে। এমনি মানুষের মন। আসলে যে-ব্যাপারে আমরা আঘাত পাই, সেটা নিয়ে ঘঁটাঘাঁটি

করতে মনের একটা স্বাভাবিক বিমুথতা আছে—সেটা আমাদের আত্ম-রক্ষার প্রবৃত্তির একটা অংশ। তা সহ্য করা সহজ হয় না, স্থতরাং আঘাতের মূল উৎসটাকে আমরা এড়িয়ে যাই; অক্ত-কোনো অবাস্তর, অবজ্ঞেয় ব্যাপার উপলক্ষ্য ক'রে মন তার সমস্ত রুদ্ধ বিষ নিজের উপর ঝাড়তে যাকে। অতসীর চারদিকে যেন একটা অন্ধতার দেয়াল—আর কিছু সে দেখতে পাচ্ছে না; মনে করতে পারছে না, এইমাত্র যা-কিছু হ'মে গেলো। তার সমস্ত ভিতরটা যেন পাথর হ'মে গেছে—কঠিন, কঠিন। তা একটা সামগ্রিক মৃত্যুর মতো, অন্ধকারের শূক্তবায় একটা বিলুপ্তি। তার মধ্যে একমাত্র যে-জিনিশের অন্তিত্ব আছে, তা তার সেই ব্লাউজ, পোশাক-সম্বন্ধে তার মৃঢ় দম্ভের স্মৃতি। বিষের মতো তা তার রক্তের মধ্যে। সে যে কখনো ভার পোশাকের কথা ভাবতে পারে! পোশাকের কথা আমরা ভাবি, কেননা শরীরকে আমরা স্থন্দর ক'রে. দেখাতে চাই অন্তের চোথে। কিন্তু তার শরীর! শরীরকে দেখাবার জন্ম অন্ম লোক! সেই মুহুর্তে নিজের শরীরের প্রতি এক ভয়ংকর ঘুণার উচ্ছাস ব'য়ে গেলো তার উপর দিয়ে। অনায়াসে সে তথন তার ডান হাত কেটে ফেলতে পারতো।

তারপর আন্তে-আন্তে সেই অন্ধ দেয়াল দূরে স'রে-স'রে যেতে লাগলো, রক্তের তাল এলো মৃত্ হ'রে, সে ফিরে পেতে লাগলো তার ভার-কেন্দ্র। যেন শৃষ্ঠ দিয়ে উন্মাদ বেগে পড়তে-পড়তে এখন আন্তে-আন্তে সে নামছে মাটির কাছাকাছি। আর হঠাৎ তার মনে পড়লো। আর সঙ্গে-সঙ্গে এ-কথা তার মনে হ'লো, কেন সে ফিরে এলো, কেন শুন্থের ভিতর দিয়ে খলিত হ'তে-হ'তে সে মিলিয়ে

# গাডি

গেলো না-কোনো চরম ভয়ংকরতায়, কোনো স্থন্দর সর্বনাশে। কেন এই জেগে-ওঠা, এই অনতিক্রম্য মনে পড়া? সমস্ত ব্যাপারটা তার মনে ফিরে এলো, নিষ্ঠুর স্পষ্টতায়, প্রত্যেকটা উচ্চারিত কথা সে আবার মনে করতে পারলো; প্রত্যেকটা অমুচ্চারিত কথা প্রতিধানিত হ'য়ে উঠলো তার মধ্যে। আত্ম-যন্ত্রণার বিক্বত আনন্দে, বার-বার সে দুখাট নতুন ক'রে রচনা করতে লাগলো তার মনের মধ্যে যত বেশি, লাগলো তত্তই যেন তার পরিতপ্তি: এই একমাত্র প্রতিহিংসা, যা সে নিজের উপর নিতে পারে। ও:, কেন, কেন সে এসেছিলো; কেন সে তার বড়ো-বেশি-আশাপ্রবণ মা-কে বিরত করতে পারেনি? তার, অস্তত, জানা উচিত ছিলো। কিন্তু বোকা সে-ও তো কম ছিলো না: সে-ও-আশা করেছিলো। তার মা এমন ক'রে বলেছিলেন। যেন শুধু তাদের যাবার অপেক্ষা! এমন কী তার দোষ, যদি সে মুহুর্তের জন্ম ভূলে থাকে—যদি মনে-মনে রচনা ক'রে থাকে তুরাশার সোনার স্তম্ভ, স্বপ্লের মধ্যে দীপ্যমান ? দয়া সে কারো কাচ থেকে আশা করে না, জীবন তাকে দে-শিক্ষা দেয়নি। দে যে বেঁতে আছে, এই দেনা প্রতিদিন তাকে মিটিয়ে দিতে হচ্ছে শেষ আধলা পর্যস্ত। কিন্তু এমন কেউ হয়তো থাকতে পারে, যে দ্যা করবে না, যে শুধু এগিয়ে আসবে—ও: এ-কথা যে সে ভাবতে পেরেছিলো, তার লজ্জা! কতদিন, কতদিন আর এ-রকম করে চলতে পারে—তার মনে হয়েছিলো। কোন অন্তভ, হিংস্র তারার নিচে তার জন্ম হয়েছিলো, কোন অন্ধকার, মৃত গ্রহের অধিরুত্তায়! তার বাল্যকাল একটা কালির আঁচড়: সে মনে করতে পারে না, কথন সে শিশু ছিলো, সে যেন বড়ো হ'য়েই জন্মেছে, জীবনের সমস্ত

ভার নিয়েই। একটা দিন দে মনে করতে পারে না, থেদিন দে সমস্ত অন্তর দিয়ে বলতে পেরেছে, 'আমি স্থা।' তার বাবা জজকোর্টে অতি সামান্তই চাকরি করতেন: কাজ যা করতেন, তার চাইতে নেশা করতেন বেশি—তার উপর ঘোড়দৌডের ঘোড়ারোগ ছিলো। বাড়িতে কখনো একটা পয়সা থাকতো না; মাঝে-মাঝে ভীষণ সব 'সীন' হ'তো। তার মা-র মুথে স্বামীর মৃত্যু-কামনা ছাড়া আর-কোনো প্রিয়-সম্ভাষণ ছিলো না। এর মধ্যে কেটেছে তার বাল্যকাল। তার বাবার মৃত্যুর সময় তার বয়স ছিলো বারো। মা আর মেয়ে একেবারে ভেসে গেলো। তথন থেকে তারা যে এ পর্যস্ত বেঁচে এসেচে, এখনো অত্সীর মাঝে মাঝে-মনে হয়, এটা একটা মির্যাঞ্চল। সে ভালো ক'রে মনে করতে পারে না, কী ক'রে কেটেছে এই আট বছর, মনে করতে চায়ও না। তার মা-র শেলাইয়ে খুব ভালো হাত ছিলো, মেয়েকেও তিনি শিথিয়েছিলেন। তু-জনে নানা রকম জিনিশ তৈরি ক'রে স্বদেশী-মার্কা দোকানগুলোয় বেচতে দিতো। এমন দিন গেচে. যথন তাদের না-থেয়ে থাকতে হয়েছে। অন্ধকার, সঁগাৎসেঁতে ঘরে ব'সে শেলাই করা-অবিশ্রাস্ত শেলাই করা, ছুঁচ ফুটে-ফুটে রক্ত বেরিয়ে যেতো আঙুলে, তাকিয়ে থাকতে-থাকতে চোথ উঠতো টনটন ক'রে— টমাস হুডের সেই হাস্তকর কবিতার মতো হাস্তকর, কিন্তু কী সত্য ! সে-সময়ে তার মনে হ'তো, হডের মতো কবি আর পথিবীতে নেই। শেষ পর্যস্ত তার মা একটা স্থলে কাজ পেলেন শেলাই শেখাবার, সে স্থল তাকে ভতি করলে বিনি মাইনেতে; কোনোরকমে, সে ম্যাট্রিকুলেশন পাশ করলে আঠারো বছর বয়েসে। তারপর মিউনিসিপ্যালিটির এক

# গাড়ি

প্রাইমারি স্থলে তার চাকরি জুটলো, পঁচিশ টাকা মাইনে। তা-ই বা কম কী, তার মা তা-ও পেতেন না। তা সে-কাজও তাঁকে ছেড়ে দিতে হ'লো, চোথে আর তিনি দেখতে পেতেন না। অতসীকেই শেলাইয়ের কাজ করতে হ্য অবসর সময়ে, সরোজ সেগুলো বেচে দেয়। সরোজদের বাডির নিচের তলায় একটা ঘর আর রায়াঘর নিয়ে তারা আছে ছ' বছব হ'লো। সাত টাকা ভাড়া। সরোজরাও ভাড়াটে—সব-লেট করেছে। ঘরটা একটা সিন্দুক গোছের; তার মা-র কাশি আর ছাড়ছেই না। সে যদি কোনোরকমে একবার বি. এ.-টা পাশ করতে পারতো, তা হ'লে… কিন্তু প্রতিদিনকার থাছা উপার্জন না-করলে চলে না। এদিকে তার মা-র বোধ হয় আর বেশিদিন নেই। তারপর প্রতারপর প্রী হবে ভেবে প্রতেবে কিছু হয় না। সবচেয়ে ভালো যেতে দেয়া, হ'তে দেয়া।

রবিবারের সকালবেলা রমনার রাস্তায় লোক-চলাচল নেই; শুধু
মাঝে-মাঝে সাইকেলে চ'ড়ে সাহেবদের উর্দি-পরা চাপ্রাশিরা
অকারণে ঘণ্টা বাজিয়ে যাচ্ছে, কি গাছের ছায়ায় বিড়ি ফুঁকছে
ম্সলমান ছেলে। ইউনিভার্সিটির প্রকাণ্ড বাড়িগুলোতে ছুটির দিনের
শান্তি, আলস্তা। রৃষ্টিতে ধোওয়া সবৃদ্ধ পাতাগুলো স্থর্বের নিচে
নিজেদের মেলে দিয়ে চুপ ক'রে আছে। একটু হাওয়া নেই।
গরম অসহ্থ হ'য়ে উঠছে: যেন আকাশ থেকে এক অদৃশ্য, ভীষণ শক্তির
মতো এই উত্তাপ নিম্পেষণ করছে পৃথিবীকে, তাকে মূর্ছিত, মৃ্হ্মান
ক'রে দিয়ে। অতসী দরদর ক'রে ঘামছিলো, কিন্তু তার খেয়াল
নেই; তার কপালের উপর যে চুলের গোছ। ঘামে লেপটে আছে,

তা সরাবার জন্ম সে একটিবার হাত তুলছে না। সে যেন চলেছে নিজের মধ্যে মগ্ন, মগ্ন কোনো মহাশতে। সরোজ মাঝে-মাঝে মুথ ফিরিয়ে তাকে দেখে নিচ্ছিলো: তার পাশে যে আর-কেউ আছে. সে-বিষয়ে সে নিশ্চেতন। ও একজোডা স্থাণ্ডেল অন্তত প'রে আসতে পারতো, সরোজ ভাবলে। কী বোকা মেয়ে, নিজেও থালি পায়ে চলবে, যেহেতু তার মা জুতো পরবেন না কিছুতেই। রাস্তা নিশ্চরই তেতে আগুন হয়েছে। অলক্ষিতে, সরোজ একট পেছিয়ে পড়লো। তারপর তার অ্যালবার্ট থেকে একটা পা খুলে আন্তে ছোঁৱালো রান্তার উপর। যভটা গরম হবে সে ভেবেছিলো, তভটা নয়। পা-টা সে জোর ক'রে চেপে ধরলো রাস্তার উপর, কয়েক সেকেণ্ড চেপে ধ'রে রইলো, যতক্ষণ না তা'র মন্তিষ্ক উত্তাপে গুঞ্জিত হ'য়ে উঠলো, তার শরীরের প্রভ্যেক স্নায়ু-তম্ভ অবশ হ'য়ে পড়লো যেন ভীক্ষ . বিত্যৎ-প্রবাহে। রান্তায় যেখানে তার পা পড়েছে, দেখান থেকে তার সমস্ত শরীর যেন অবিচ্ছিন্ন একটা সম্পূর্ণতা: এই সূর্যময় দিনের দে অন্তর্গত।

হিরণামী একবার পিছনে তাকালেন—'তোমার হ'লো কী, সরোজ।'
সরোজ তাড়াতাড়ি মাথা নিচু ক'রে জুতোটা হাতে তুলে নিয়ে একট্
বাড়লো। তারপর জুতো প'রে এগিয়ে আসতে-আসতে বললে, 'একটা
কাকর চুকেছিলো জুতোয়।'

আলাপ আরম্ভ করবার একটা ফাঁক পেয়ে হিরণ্ময়ী খুশি হ'লেন।
— 'তোমাকে নিয়ে এলাম সঙ্গে ক'রে, আমাদের জন্ম কষ্ট করলে।'

'না, কট আর্ব কী।'

# গাডি

'একটা ছাতা আনলে না কেন?'

'আমি তো ছাতা ব্যবহার করি না। কট্ট হচ্ছে তো আপনাদেরই।'

'মেয়েদের আবার কট্ট।'

'পুরাণে তো বলে,' সরোজ একটু হেসে বললে, 'একজন মেয়ের জক্তই প্রথমে ছাতা আর জুতো তৈরি হয়।'

একটু চুপচাপ কাটলো। তারপর হিরণ্মী আন্তে-আন্তে বললেন, 'তুমি আমাদের উপর কথনো রাগ করো না তো ?'

'যদি করিই! রাগও তো সকলের উপর করা যায় না।'

কথাটার ইঙ্গিত হিরগ্নয়ী বোধহয় বুঝলেন না। বললেন, 'তোমাকে এত কাজের কথা বলি, মনে-মনে কথনো কি আর রাগ না করো।'

'কিন্তু আমাকে না-বললেই বা আপনাদের চলে কী ক'রে ?' সরোজ মত্রস্বরে হেসে উঠলো।

আবার ছেদ। হিরগ্নয়ীর অত্যন্ত ক্লান্ত লাগছিলো, মন্থর থেকে
মন্থরতর হ'য়ে আসছিলো তাঁর চলা। তবু, তাঁর ইচ্ছে এই
ছেলেটির সঙ্গে কথা কন, এমনি আন্তে-আন্তে, থেমে-থেমে। ও এমন
শান্ত, এমন শান্তিময়; এমন মন দিয়ে ও ভনতে পারে; হাসতে
পারে, হাসলেই যেখানে ভালো লাগে। ওর উপস্থিতি নরম আলোর
মতো; পারিপার্শ্বিক বিশাল অন্ধকারের মধ্যে আলোর একম্ঠো
দ্বীপ। এই প্রোঢ়া মহিলা আর এই যুবকের মধ্যে সহাম্ভৃতির
একটা অন্তুত স্রোত: একজন প্রবৃত্তি দিয়ে বুঝতো, কী আছে
অন্তের মনে। সরোজ ধথন কাছে থাকে, সেটা যেন হিরগ্নমীর পক্ষে

একটা সম্পূর্ণতা। আসল কথাটাই ওকে এখন পর্যন্ত বলা হয়নি, কী ক'রে প্রসঙ্গটা উত্থাপন করা যায়, হিরণ্মন্ত্রী ভেবে পাচ্ছিলেন না। মেয়েকে তিনি ভয় করতেন। আবার যদি সে ফোঁশ ক'রে ওঠে। কিন্তু এত জালাই বা ওর কেন? যা তারা আশা করেছিলো, তা তো হ'লোই, ভার চেয়ে বেশিই বোধহয় হ'লো। অতসী কি এতে খুশি रमि ? · ও কোন না সামনের বার আই. এ.-টা দিতে পারবে—রঞ্জন রাখবে তার কথা, তার চেহারা দেখেই তা-ই মনে হয়। হির্ণায়ীর মনের চোথে রঞ্জনের মুথ বার-বার দেখা দিতে লাগলো, করুণায় মধুর। আর সত্যিও, রঞ্জনের মুথে একটু থেন অপার্থিব মধুরতা ছিলো, তার মান শেলি-মুখ। দেখে তাকে কবি মনে হ'তো। আর কবিও সে বটে; যদিও তার মুথের উচ্চ আদর্শ তার কবিতা বজায় রাথতে পারেনি। সেই অপার্থিব মান মুথের নিচে কোনো. শেলি-প্রাণ জলতো না; কোনো গোপন প্রদীপ আভাময় ক'রে তোলেনি তার মুখ। কিন্তু হিরণায়ীর অত জানবার কথা নয়; জানলেও বোঝবার কথা নয়। রঞ্জনের মুখ তাঁকে প্রীত করেছিলো। কিছ অতসী যেন বিমুথ, কঠিন। কী সৌভাগ্য যে আজ তাদের কাছে এসেছে, তা যেন সে উপলব্ধিই করছে না। এত অভাব যার, এত অভিমান কি তাকে মানায় ? তাহ'লে অনেক আগেই তো তাঁকে আত্মহত্যা করতে হ'তো, অতদীকে স্বন্ধু। কিন্তু বাঁচতে যে হবেই; যে-ভাবেই, যা ক'রেই হোক, বাঁচতে হবে। কেন বাঁচতে হবে ? দু:খ পেতে, আরো বেশি দু:খ পেতে। কিছু দু:খঙ যে শেষ পর্যস্ত স'য়ে যায়—তারই মধ্যে কত ছোটোখাটো ভালো লাগা; এমন

# গাড়ি

শক্র কেউ নেই, যা মুহুর্তে-মিলিয়ে-যাওয়া সেই খুশির বৃদ্বৃদ কেড়ে নিতে পারে।

হঠাৎ হিরণায়ী জিগেস করলেন, 'সরোজ, তুমি ঈশ্বরে বিশ্বাস করো ?'

সরোজ একটু চুপ ক'রে থেকে বললে, 'নিশ্চয়ই কোনোথানে কোনো একজন ঈশ্বর আছেন।'

'তোমার কি মনে হয় পৃথিবীর সকলের জন্ম তিনি ভাবেন ?'

'যদি তাঁর ভাববার ক্ষমতাই থাকতো—' সরোজ মাঝপথে থেমে গেলো।

'ভাহ'লে—কী ?'

'মাসিমা, ভেবে তো মরি আমরাই। আমরা যদি না-ভেবে পারতাম—'

'যদি পারতাম!' হিরগ্মরী প্রতিধ্বনি করলেন, 'কিন্তু মান্তবের উপর তা-ই তো অভিশাপ: তাকে ভাবতেই হবে, আশা করতেই হবে। অথচ যা হবার, তা-ই তো হয়।'

'অনেক সময় ভালোও হয়।'

'সেইজন্তই তো আমরা বেঁচে আছি।'

সরোজ মৃত্স্বরে হেসে উঠলো। বললে, 'বাঁচতে আমাদের প্রত্যেককেই হবে।'

আর-কোনো কথা হ'লো না। হিরণ্মীর মনে হ'তে লাগলো, আনেক কথা বলা হ'লো না। কিন্তু তিনি যথেষ্ট বলেছিলেন: সরোজ জানলো যে তাদের আজকের যাত্রা সফল হয়েছে।

খানিকক্ষণ, রোদের ভিতর দিয়ে, তিনজনে নীরবে হেঁটে চললো। তারপর, সেই নির্জন রাস্তায় ঘোড়ার খুরের টকটক শব্দ শোনা গেলো। সরোজ পিছনে তাকিয়ে দেখলে, একটা গাড়ি আসছে। শাদা একটা গাড়ি, নতুন রং-করা, রোদে ঝলসাচ্ছে। গাড়োয়ানের গাড় সবুজ রঙের গেঞ্জি তীক্ষ্ণ-নীল আকাশের নিচে একটা জ্ব'লে-ওঠার মতো। গাড়িটা কাছে আসতে সবোজ তাকিয়ে দেখলো, ভিতরে লোক নেই। হাতচানি দিয়ে ডাকলো।

লাগাম টানতে-টানতে গাড়িটা একটু দ্রে চ'লে গেলো। গাড়োয়ান চেঁচিয়ে ডাকলে, 'আইয়েন, কন্তা।'

• অতসী এতক্ষণ একটি কথা বলেনি; যে-সব কথাবার্তা হয়েছে, তা-ও যে সে শুনেছে এমন-কোনো লক্ষণ র্নেই। সে ছিলো সম্পূর্ণ নিরপেক্ষ, বিচ্ছিয়া। কিন্তু এইবার সে হঠাৎ জেগে উঠলো; ক্রন্ত, তীব্র দৃষ্টিতে তাকালো সরোজের মুখে। 'গাড়ি—গাড়ি কেন?' সে জিগেস করলে। তার গলার স্বর একটু ভাঙা-ভাঙা।

'চলো গাড়িতেই যাই। বড়ো রোদ।' এই ব'লে সে গাড়োয়ানের সঙ্গে ভাড়া ঠিক করতে লাগলো।

'কিন্তু গাড়ি দিয়ে কী দরকার।' অতসীর কণ্ঠস্বর যেন কিসে চাপা দিয়ে রেখেছে; ভালো ক'রে ফুটতে পারছে না।

'ফিরতি গাড়ি—শস্তায় পাওয়া যাচ্ছে।'

'তা হোক, আদ্ধেক রাস্তা তো এনেই পড়েছি। কিছুতেই গাড়ি নেয়া হ'তে পারে না—ছেড়ে দাও।'

হির্থায়ী ভয়ে-ভয়ে মেয়েকে লক্ষ্য করলেন—তার এই ফেটে পড়বার

# গাডি

চেষ্টা, ফেটে পড়তে পারছে না—ব'লে তার এই জ্বালা। গাড়ি নেয়া সম্বন্ধে তাঁর নিজের থুবই সায় ছিলো, কিন্তু তিনি কিছু বললেন না।

'যেতে ব'লে দাও—থেতে ব'লে দাও,' অতসী রুদ্ধ স্থারে ব'লে উঠলো, যেন এই ব্যাপারের উপর তার সমস্ত জীবন নির্ভর করছে।

'আইয়েন না, মা-ঠাইন,' গাড়োয়ান তার চিবিয়ে বলা, টানা-স্থরে-বাঁধা ভাষায় বললে, 'পঙ্খীরাজ ঘোরা আছে, উরাইয়া লইয়া যাইবো।' লোকটা অত্যন্ত আপ্যায়নের হাসি হাসলো। তার কপালে একটা গভীর কাটা দাগ—সেটা যেন তার গৌরবের বস্তু, এমনি মনে হয়। তার পাৎলা, আঁটোসাঁটো শরীর যেন উৎসাহে, অবাধ পশু-আনন্দে-ঠাশা।

'চলো না,' সরোজ অতসীর কানের কাছে মুখ নিয়ে অন্থনয় করলে। 'না হেঁটেই চলো।'

'রোদে কট হচ্ছে না তোমার ?'

অতসী এমন ভাবে সরোজের দিকে মুখ ফেরালো যেন তাকে খেয়ে ফেলবে—'কী ক'রে জানলে আমার কট হচ্ছে ?'

সরোজ সংকুচিতভাবে বললে, 'তোমার মা-র তো হচ্ছে!'

অতসী চুপ ক'রে রইলো।

গাড়োয়ান আর-একবার তাড়া দিলে, কিন্তু সন্ত্যি-সন্ত্যি তার যেন ভাড়া নেই; দুখ্যটা সে যেন উপভোগ করছে।

সরোজ গভীর মিনতির স্থরে বললে, 'ওঠো, ওঠো।'

অতসী যেন ইচ্ছে ক'রে, গান্তের জোরে বললে, 'কিন্তু আমাদের কাচে তো পয়সা নেই।'

'পয়সার জন্ম তোমাকে ভাবতে হবে না।'

আগুন জ'লে উঠলো অতসীর চোগে। 'কেন তুমি আমাদের **জন্ত** খরচ করবে,' সে প্রায় চীৎকার ক'রে উঠলো, 'কেন তুমি আমাদের জন্ত খরচ করবে?' তার কণ্ঠস্বরে, তার দৃষ্টিতে এমন হিংস্রতা, সরোজ রীতিমতো ভয় পেয়ে গেলো।

কিন্তু পরের মূহুর্ভেই প্রতিক্রিয়া আরম্ভ হ'লো। হঠাৎ তার চেতনা হ'লো দে দাঁড়িয়ে আছে এক গোলা রাস্তার মাঝখানে, লক্ষ্য করলে, কোচবাক্সে বসা গাড়োরানকে। লোকটার পুরু, কালো ঠোঁটের কোণে যেন একটু আমোদের ছটা। আর সঙ্গে-সঙ্গে, লজ্জার এক বিশাল ঢেউ তাকে অভিভূত করলে। সে যেন ভেঙে পড়ছে, চুর্ণ হ'য়ে যাছে। সে চুর্ণ হ'য়ে যাবে এই লজ্জায়, এই নিরাশ্রয় প্রকাশ্রতায়। তার হাত যেন শৃত্যে খুঁজছে একটা অবলম্বন। নিজের হাতে দর্জা খুলে সে গাড়িতে উঠে বসলো স্বার আগে।

আর, গাড়ি যথন চলতে আরম্ভ করেছে, হঠাৎ ত্-হাতে ম্থ ঢেকে সে কাঁদতে আরম্ভ করলো—কান্নায় ভেঙে পড়লো তার শরীর। গাড়ির চাকার ছন্দের সঙ্গে তাল রেথে থেকে-থেকে কান্নার আবের্গে তার শরীর কেঁপে উঠতে লাগলো; হিরণ্মী আর সরোজ ত্-জনে ত্-দিকে তাকিমে রইলো—বাইরে, রাস্তায়। কারো মুথে কথা নেই।

### তিন

#### অপবায়

দেডটার সময় সেদিন রঞ্জনের ক্লাশের ছটি: সাইকেল নিয়ে সে বেরিয়ে প্রভাষে। তার স্কলার্শিপের টাকাটা—দেদিনই সে তা পেয়েছে —তার পকেটে। ইউনিভার্সিটির কম্পাউণ্ডের ভিতর দিয়ে শর্ট-কাট क'रत रम रतल-लाहरानत धारत এरम পড़ला। বেশি मृत हवात कथा नग्न : সাইকেলে যেতে সাত মিনিট বড়ো জোর। সে তাড়া করলে না; আন্তে-আন্তে, অলসভাবে পেডাল করতে লাগলো। খোলা মাঠের মধ্যে তেতে উঠেছে হাওয়া; মাঝে-মাঝে এক হাত দিয়ে পকেট থেকে রুমাল বার ক'রে সে মৃথ মৃছছিলো—আর ভাবছিলো, ভাবছিলো;—এই সময়ে লাইত্রেরির স্মিগ্ধ অন্ধকারে, বইয়ের-গন্ধে-ভরা আবহাওয়ায়, পাখার নিচে ব'সে থাকতে কী আরাম! রোজ খানিকটা সময় সে লাইবেরিতে কাটায়—দেখানে এমন বিশ্বতি, এমন সম্পূর্ণতা। পৃথিবীতে একমাত্র জায়গা, যেখানে গিয়ে পৃথিবীকে ভূলে থাকা যায়—যেখানে আর কিছতেই কিছু এসে যায় না, মাতুষের মনের রক্তিম জ্ঞান-ফল ছাড়া—কী ভিক্ত সে-ফল, যার জন্ম স্বর্গ থেকে মাত্রুযের খলন; কী মধুর, যার জোরে স্বর্গে মাহুষের দাবি। অবশ্য এমন নয় যে পৃথিবীকে রঞ্জনের মনে হ'তো ভূলে থাকবার মতো। পৃথিবীর কথা ভেবে মন-খারাপ করবার সে বিশেষ-কিছু পেতো না। কী সহজে আমরা পৃথিবীর সাধারণ ব্যবস্থার অন্তর্নিহিত স্থবিচারে, সামাজিক প্রথার কল্যাণে, প্রথা-আশ্রমী নীতিতে—এমনকি, প্রাথমিক শিক্ষার বিস্তৃতি ও বৈজ্ঞানিক উদ্ভাবনীর

বিচিত্রতর ব্যবহারের সঙ্গে-সঙ্গে মানুষের উন্নতিতে, দেশপ্রেমের সার্থকতায়, ষ্ঠায় ও ঈশবের মন্ত্রনময়তায় বিশ্বাস করতে পারি—যখন আমাদের বাাঙ্কে পঞ্চাশ হাজার থাকে। না, পথিবীকে ভলে থাকবার কোনো জোর গরজ রঞ্জনের মনে ছিলো না; মোটের উপর, তার কাছে তা ভালোই মনে হ'তো, বেশ ভালো। হ'তেই পারে। খুঁতথুঁতেপনা ক'রে নষ্ট করবার সময় তার কোথায়-এত রক্ম জিনিশ আচে হাতে। তব, লাইব্রেরিলোকের বিশ্বতি তার ভালো লাগতো—সেই যে একটু ফাঁক, তাতে নিজের ঘরে ব'নে তার বিকেলবেলাকার চা-স্থুথ কত বেশি ঘনীভূত হ'য়ে উসতো! উপভোগের বস্তু থেকে মাঝে-মাঝে দূরে স'রে যেতে হয়, উপভোগকে নিবিড়তর ক'রে তোলবার জন্ম। আর সেই কারণেই, সেই ধরনেই সে ভালোবাসতো লাইবেরির অনাসক্ত, দূর আবহাওয়া —তা আলাদা, তা অন্তর্কম। দেটা তার একটা অভ্যেদের মধ্যে দাঁড়িয়ে গিয়েছিলো, তার জীবন্যাত্রার অক্ততম নিয়ম। নিয়মের বাঁধা রাস্তায় চলতে তার জন্ম, তার লালন, তার সমস্ত পারিপার্বিক তাকে শিথিয়েছিলো। তাতেই শ্বন্ধি, তাতেই আরাম। বছরের প্রত্যেকটি দিনের কোন অংশ সে কেমন ক'রে কাটাবে, তা আগে থেকেই নিশ্চিত জানতে সে ভালোবাসতো। সময়ের কোনোরকম ভাঙাচুরো সে পছন্দ করতো না; সে চাইতো অবিচ্ছিন্ন, রন্ধ্রহীন একটানা। তাতে, অস্তত, কোনো উপদ্রব নেই। উপদ্রবকে, ঝঞ্চাটকে, যে-কোনোরকম আকস্মিককে, অনির্দিষ্টকে সে ঘোর সন্দেহের চোথে দেখতো। তার ছিলো সেই নিশ্চিতি-প্রিয়তা, নিয়মিত, অব্যর্থ, সলিড একটা মোটা আয়ের যা ফল। তবু আজ সে নিয়মভঙ্গ করলে; তুপুরের রোদে সাইকেল নিয়ে বেরিয়ে

### অপবায়

পড়লো, যাকে সে জীবনে একবার মাত্র দেখেছে, যার সম্বন্ধে সে কিছুই জানে না, সেই বিধবাকে কিছু টাকা দিতে। তার নিজের টাকা-মা কিছু টের পাবেন না। তার মা হিশেব ক'রে থরচ করার পক্ষপাতী; তাঁর চোথে ধুলো দেয়া শক্ত। রঞ্জন-যদিও সে একমাত্র ছেলে-তবু তার হাতথরচ কঠিনভাবে নির্দিষ্ট—এখন পর্যস্ত। তা অতিক্রম করতে গেলে জবাবদিহির তলব পড়ে। এবং এটাই একমাত্র ব্যবস্থা, যার বিরুদ্ধে মনে-মনে সে প্রতিবাদ করতো। টাকা সম্বন্ধে সে খোলাহাত. থরচ করতে সে ভালোবাসে। এ-কথা ভেবে সে বেশ একট ভৃপ্তি পেলো যে দে গানিকটা বাজে থরচ করতে যাচ্ছে—ম্রেফ বাজে থরচ। এই একটা কাজ সে করলে সম্পূর্ণ স্বাধীনভাবে, যার জন্ত সে চাড়া আর কেউ দায়ী নয়। এখানে যতই তুচ্ছ হোক উপলক্ষ্যট।—দে প্রতিষ্ঠা করতে পেরেছে তার নিজম্বকে। এ একটা মস্ত জিনিশ, নিজের খুশিতে কিছু করতে পারা-কারো মূথে না-তাকিয়ে, অন্ত কারো কথা না-ভেবে-কাজটা যা-ই হোক তা যেন বদলে দেয় সমস্ত জীবনের রং; সেটাই যেন একটা সম্পত্তির উত্তরাধিকারী হওয়া। তার ব্যক্তিস্ববোধের এ একটা প্রতিষ্ঠা; তার স্বতম্ভ অন্তিত্বের একটা প্রমাণ। সেদিন সকালে তার যথন হঠাৎ প্রেরণা হ'লো বিধবাকে গিয়ে অর্থসাহায্যের প্রতিশ্রুতি দেবার, তথন কী উদ্দেশ্য তাকে তাড়না করেছিলো, সে ভালো ক'রে মনে আনতে পারে না। বোধহয় তার মা-র মৃঢ়তাকে আচ্ছাদন করা—তা ছাড়া কিছু নয়। নয় তো, তার স্বভাবে দাক্ষিণ্য-ব্যাধি ছিলো না। দাক্ষিণ্য-ইংরিজিতে যাকে বলে চ্যারিটি—তার বছকীর্তিত সৌন্দর্য কথনো তার মনকে আকর্ষণ করেনি। মনে-মনে সে বরাবর বড়লোকদের দানের লিশ্টির কথা ভেবে হেসেছে।

ওঃ, এই বড়োলোকরা—ভাদের নবাবি জীবন কাটিয়ে যাচ্ছে স্বচ্ছন্দে—আর সেই সঙ্গে মাসে-মাসে একমুঠো ভিক্ষে দিয়ে যাচ্ছে অমুক বিধবাকে, অমুক গরীব ছাত্রকে, অমুক ছঃস্থ পরিবারকে, রুগ্ন দূর সম্পর্কের আত্মীয়কে। যাদের দিচ্ছে, কখনো এক মুহূর্ভ ভাবে না ভাদের কথা, ভাদের অনেককে হয়তো চোথেও ছাথেনি, অনেকের নামও জানে না। একরকমের নৈর্ব্যক্তিক, যান্ত্রিক দান—দাভাকে ভা সমুদ্ধ করে না, আর্থিক সমুদ্ধির একটু হানি মাত্র করে। এতে একটা মূলগত ভালগারিটি আছে: যেমন আছে, যে-স্ত্রীলোকের মুখ পরদিন সকালে মনে করতে পারিনে, তার সঙ্গে সহশয্যায়। ভিক্ষা দিয়ে স্থখ নেই। সে-ক্রিয়া মৃত, নিম্ফল। যার জন্ত মনের একেবারেই কোনো ভাবনা নেই, ভাকে যে-দান, সেটা নেহাৎই দান: ভার বেশি কিছু নয়। যদি দিভেই হয়, ভাইলে সেথানে, অন্তর স্থোনে উৎস্কক। সেথানেই—যা দেয়া হয়, সেটা এশ্বর্য হয় ওঠে। ভিক্ষা আমরা দিই, না-দিত্তে লজ্জা করে ব'লে; আর, মন থেকে যেখানে দিই, সেথানে না-দিয়ে পারি না।

বন্ধুদের জন্ম থরচ করতে রঞ্জন ভালোবাসতো; কোনো বন্ধু ধার নিয়ে ফিরিয়ে দিতে ভুলে গেলে সে কথনো মনে করিয়ে দিতো না। আর, দল বেঁধে সিনেমায় গেলে সে সবসময় সবগুলো টিকিট কিনতো, রেঁস্তোরার বিল অন্ম কাউকে শুধতে দিতো না; অন্ম একজন গাড়ি ভাড়া ক'রে তাকে তুলে নেবার পর যথন অনায়াসে মাঝ-রাস্তায় নিজের বাড়িতে নেমে থাকতো, সে কিছুমাত্র চিন্তা না-ক'রে বাড়ি পৌছে ভাড়াটা চুকিয়ে দিতো। বন্ধুদের মধ্যে তার অর্থশালিতার ধ্যাতি ছড়িয়ে পড়েছিলো; সবাই আশা করতো, সে থরচ করবে।

এবং সে-আশা অমুসারেই সে চলতো, তার খ্যাতি বজায় রেখেই চলতো —যদিও তা করতে গিয়ে মাঝে-মাঝে ছ-দিক মেলাতে তাকে বিপদে পড়তে হ'তো। ছেলেবেলা থেকেই তার এই অভ্যেস: স্বাভাবিকমাত্র, এখন যে সে অভ্যেসটার আরো ব্যাপক পরিচালনা করতে চাইবে। তার কাচ থেকে যা আশা করা হ'তো, সে তা-ই করতো: যেন কর্তব্যের থাতিরে আপ্যায়ন করতো তার বন্ধদের, কখনো প্রত্যাখ্যান করতো না, মনে-মনেও কখনো আপত্তি করতোনা। সেটাও একটা নিয়ম দাঁডিয়ে গিয়েছিলো; আর, একবার নিয়মের ছাপ পড়লে সে-কাজের সম্পাদনা রঞ্জনের কাছে অত্যম্ভ সহজ হ'য়ে আসতো। এটা একটা ধ'রে-নেয়া সত্য যে বন্ধুদের জন্ম সে অর্থব্যয় করবে : যেহেত তার গায়ে লাগবার কথা নয়, সেইজন্ম তার তা গায়ে লাগতো না। কিন্তু একজনের অভাব ব'লে তাকে কিছু দেয়া—সে আলাদা জিনিশ, সে কথা কখনো তার মনো হ'তো না। একজন আর-একজনকে দেয়, তার দরকার ব'লে, তার আরো বেশি দরকার ব'লে। নিচক, নির্লজ্জ, মর্মান্তিক প্রয়োজনের সং**স্পর্ণে** সে কথনো আসেনি। তাদের পরিবার ও আত্মীয়দের মধ্যে—এবং জ্যাঠতুতো, খুড়তুতো ভাই আর মামা পিশে প্রভৃতি মিলিয়ে সে এক বৃহৎ ব্যাপার-প্রায় সকলেই কম-বেশি অবস্থাপন্ন, যে-জগতে তার চলাফেরা, সেখানকার অভাব অক্ত জাতের। কেউ সিনেমায় যাবার জন্ত দশ টাকা চাইছে, এটা সে সহজেই বুঝতে পারে; কিন্তু সে দন্তরমতো শবভ হবে, মুদিদোকানের সওদা করবার জন্ত যদি কেউ একটা টাকাও চায়। ও-সব জিনিশ তার জীবনের পরিধির, তার ্মনের আয়ত্তের বাইরে। 'দয়া'র জন্ম কথনো একটা টাকা থরচ

করবার কথা তার মনে হয় নি। বস্তুত, দয়ার পাত্র যারা, তাদের প্রতি দয়ার ভাব মনে আনা অসম্ভব--্সে, অস্তত, তা-ই দেখেছে। অসম্ভব, কোনো ভিথিরির প্রতি ঘুণা ছাড়া অন্ত কিছ অমুভব করা। যদি দে কথনো ভালো ক'রে তাকিয়ে দেখতো তাহ'লে হয়ত<del>ো</del>—কিন্তু তাকিয়ে দেখাই যে অসম্ভব । আরু, যত বেশি দরিদ্র, অক্ষম, তত বেশি কৎসিত; যত বেশি দয়ার যোগ্য, তত প্রচণ্ড ঘুণা। না-দয়ার চর্চায় সে কথনো কোনো অর্থ দেখতে পায়নি। কিন্তু এর আগে কেউ তো এসে তার কাচে হাতও পাতে নি—এমন কেউ. যে প্রতাক্ষ, যে স্পষ্ট, যে নিচক রাস্তার ভিড়ের মধ্যে মিলিয়ে-যাওয়া একজন নয়, যাকে সে অফুভব করতে পারে একজন মাফুষ ব'লে। সে কথনো জানেনি উপযাচক হবার অসহনীয়তা। 'ওদের জন্ম আমার কী ভাবনা?' পেডাল করা একটু থামিয়ে সে ভাবলে। না, কোনো ভাবনা নেই; যা-ই ঘটক তাদের তাতে কিছু এসে যায় না। এ-টাকা পেয়ে তারা কতথানি স্থুণী হবে, দে-কথা কেন দে ভাবতে যাবে, অন্তের উপকার করবার কোনো প্রবৃত্তি তার নেই। 📆 দিয়েই সে মৃক্ত হ'লো দায় থেকে—প্রত্যাথ্যানের লজ্জার দায়। অন্তের চুঃখ সে কেন মাথা পেতে নিতে যাবে—ছঃথে কোনো পুণ্য নেই; তা যত কম ছড়ায়, সেই ভালো।

কিন্তু এ-সব ছাড়া—সবার উপরে কথা হচ্ছে এই যে সে সম্পূর্ণ নিজের খুশিতে একটা কাজ করছে, নিজের থেয়ালে, তার মা-কে ফাঁকি দিয়ে, তাঁকে লজ্মন ক'রে। অক্টের কর্তৃত্বকে অম্বীকার করবার, নিজের ইচ্ছাকে প্রতিষ্ঠিত করবার আনন্দ! ব্যাপারটাকে সে বেশ

### অপবায়

উপভোগ করছিলো। এ-কথা আর-কেউ জানবে না; এ থাকবে, নিজের সঙ্গে তার একটা গোপন ঠাট্টা। মনে-মনে সে একট্ হাসলো।

একটু খোঁজাখু জির পর বাড়ি বেরুলো ঠিক। সাইকেল থেকে নেমে, মুখের ঘাম মুছে সে বাড়িটার দিকে একবার তাকালো। বাড়িটা উঁচু দেয়ালে ঘেরা, রাস্তা থেকে নিচের তলাটা দেথবার উপায় নেই। উপরের তলায় বন্ধ সব দরজা-জানলা: গ্রীত্মের তুপুরের রুদ্ধশ্বাস মৃত্য। সে একটু অপেক্ষা করলে—কারো সাড়াশব্দ নেই। এ-সময়ে না-এলেই ভালো হ'তো; বাড়ির লোকের তুপুরবেলার ঘুম ভাঙিয়ে এক কাণ্ড! কিন্তু এসে যথন পড়েইছে, ফিরে যায় কী ক'রে? আবার কবে আসা হবে, হয়তো আর আসা হবে না, হয়তো শেষ পর্যন্ত তার মনের ভাবও বদলে যাবে। কাজটা সেরে পালিয়ে যাওয়াই ভালো-যত শিগগির হয়। সে একবার সাইকেলের বেল বাজালো। বিশ্রাম-স্তব্ধ পাড়ায় বেলটা এমন জোরে আওয়ান্ত ক'রে উঠলো, সে লজ্জিত হ'য়ে পড়লো নিজের কাছেই। একটু সময় সে চুপ ক'রে রইলো, অনিশ্চিত। রাস্তা দিয়ে একটা লোক গেলো লিচু হেঁকে। কে কিনবে তার লিচ, রঞ্জন মনে-মনে ভাবলে, কে ভনবে তার ডাক! গলির বাঁকে-বাঁকে লোকটার একঘেয়ে ডাক ক্ষীণ থেকে ক্ষীণতর হ'রে এলো। তথন রঞ্জন বাইরের দরজার কড়া ধ'রে নাড়লো; লিচুওলার হাঁক নীরবতাকে বিপর্যন্ত ক'রে দিয়ে যেন অপস্ত করলে তার কুণ্ঠা; ডাকে, বলতে গেলে, অমুমতি দিয়ে গেলো নিজের উপস্থিতি ঘোষণা করবার। অনেকক্ষণ ধ'রে সে কড়া নাডলো। ভিতর থেকে মেয়েলি গলায় জিজ্ঞাসা এলো, 'কে ?' উত্তরে সে আবার কড়া নাড়লে। একট্ট

পরে দরজা খুললো। ইজের-পরা একটি সাত-আট বছরের ছেলে জিগেস করলে, 'কা'কে চান ?'

'নিচের তলায় যাঁরা থাকেন—একজন বিধবা—'

'মাসিমা তো ঘুমুচ্ছেন ?'

'ঘুম্চ্ছেন?' রঞ্জন এক মুহুর্ত চিস্তা করলে। টাকাটা এর হাতে পাঠিয়ে দিয়ে চ'লে যাবে? কিন্তু সেটা উচিত হবে না—ভালো দেখাবে না। 'একটু দেখে এসো তো, খোকা, তিনি যদি জেগে ধাকেন—'

'মাসিমা ঘুম্চ্ছেন,' ছেলেটি দৃঢ়, নিশ্চিত স্বরে বললে। স্পষ্টত, সে দেখে আসবার কটটুকু করতে চায় না। আগস্কুক্কে বিদায় দিতে পারলেই সে বাঁচে।

রঞ্জন তবু জোর করলে, 'একবার দেখে এসো না—'

কিন্তু হিরণ্মী সত্যি-সত্যি ঘুমুচ্ছিলেন না; বরং, কড়ানাড়ার শব্দে তাঁর ঘুম ভেঙে গিয়েছিলো। অলস চোথ মেলে তিনি তাকিয়ে ছিলেন। ঘরটা অসম্ভব গরম; জানলা যা একটা আছে, পশ্চিমে; বিকেল হ'তে থাকলেই নরক হ'য়ে উঠতে আরম্ভ করে। পাখাটার জন্ম যে হাতটা একটু বাড়াবেন, সেটুকু জোরও যেন তিনি গায়ে পেলেন না। ভাবছিলেন, এখন উঠে পড়লেই সব চেয়ে ভালো হবে কিনা, এমন সময় রঞ্জনের কথার এক টুকরো তাঁর কানে এলো। গলাটা চিনতে পারলেন না; কিন্তু মনে হ'লো কেউ একজন তাঁর খোঁজ করছে। চট ক'রে তিনি উঠে পড়লেন; বেরিয়ে এলেন শিথিল আঁচল সামলে।

'কে এসেছে রে, হাবুল,' বলতে-বলতে তিনি এগিয়ে আসতে

### অপব্যয়

লাগলেন; কিন্তু দরজার বাইরে রঞ্জনকে দেখেই তিনি থমকে দাঁড়ালেন; একটু যেন অপ্রস্তুত হ'য়ে পড়লেন।

'আমি এসেছিলাম—' রঞ্জনকেই প্রথমে কথা বলতে হ'লো।

'এসো, এসো, বাইরে কেন? কতক্ষণ এসেছো? অনেকক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়েছিলো বুঝি বাইরে?'

হিরণায়ীর অমুসরণ ক'রে রঞ্জন ঘরে গিয়ে চুকলো।

একটা তক্তাপোশের উপর একটা ময়লা শাড়ি, একগোছা উঠেআসা চূলসমেত মোষের শিঙের একটা চিক্ননি, একটা বিষ্কৃটের বাস্কয়
অর্ধ-কৃত একটা শেলাই, মলাট-ছেঁড়া একটি মাসিক পত্র—এই সব
বিবিধ জিনিশ প'ড়ে ছিলো। সেগুলো সরিয়ে হিরণ্ময়ী বললেন,
'বোসো।'

রঞ্জন অত্যস্ত সংকৃচিতভাবে এক কোণে বসলো। ব'সেই সে নির্লক্ষ্য, অভদ্র, অসভ্যভাবে ঘামতে আরস্ত করলে। যত মৃথ মোছে, কিছুতেই থামে না। সে অস্থভব করলে যে ঘরের মধ্যে চুকেই এ-রকম ঘামতে থাকা অত্যস্ত অশোভন—এমনিকি রুচ়। মনে-মনে সে লক্ষিত হ'য়ে উঠলো; রীতিমতো অস্থী হ'য়ে উঠলো। কিন্তু সত্যি, ঘরটা বড্ড বেশি গরম। তার সমস্ত শরীর যেন পুড়ে যাচ্ছে।

হিরণায়ী তার মুখের দিকে তাকিয়ে বললেন, 'কী গরম! তুমি বাইরে থেকে এসেছো—আরো বেশি লাগছে। এই পাখাটা নাও।'

হাতপাথা দিয়ে নিজেকে হাওয়া করবার চাইতে রঞ্জন বরং গরমে সিদ্ধ হ'তে রাজি। তবু সে ভদ্রতা ক'রে তৃ-একবার পাথাটা নাড়লে। এখন এখান থেকে বেরোতে পারলে সে বাঁচে। কিন্তু যে-জ্বন্তে সে

এসেছে, তা তো করা দরকার। সে ভেবে পেলো না, কী ক'রে কথা আরম্ভ করা যায়। কী অস্বস্থি!

কিন্তু কিছু-একটা বলতেই হবে। বোকার মতো ব'সে-ব'সে সারাক্ষণ ঘামতে পারে না ভো। শেষটায়, আর-কিছু না পেয়ে সে বললে, 'ও ছেলেটি কে ?'

'কে—যে দরজা খুলে দিলে? ওরা উপরে থাকে—দেদিন আমার সঙ্গে ওর দাদা গিয়েছিলো, সরোজ।'

হিরগ্নয়ী মেঝের উপর বদলেন, দরজার কাছে। 'তুমি কি বাড়ি থেকে স্মাসছো?'

'না, কলেজ থেকে।'

'তুমি এম. এ. পড়ো বৃঝি ?' হিরঝায়ী জানতেন, তবু জিগেদ করলেন। 'হাা, এম. এ. পড়ি।'

'অতসীকে যদি কোনোরকমে বি. এ.-টা পাশ করাতে পারতাম—' হিরণ্মী বলতে আরম্ভ করলেন, 'কিন্তু ও স্কুলে পড়িয়ে সময়ই পায় না। আর তাছাড়া—' তিনি চুপ ক'রে গেলেন।

'কোন স্থলে পড়ায় ?' রঞ্জন জিগেস করলে।

'এই কাছেই যে মিউনিসিপ্যালিটির প্রাইমারি স্কুল আছে, সেথানে।
ম্যাটিক পাশ ক'রে এর চেয়ে ভালো কাজ আর কী জুটবে, বলো।'

রঞ্জন একটু ভেবে বললে, 'তা তো ঠিকই।'

'ওর পড়াশুনোর জন্মেই তো ভাবনা। বি. এ.-টা পাশ করা থাকলে যা হোক একটা জোর হয়।'

'প্রাইভেট পরীক্ষা দেয়া যায় না ?'

### অপবায়

'তাই তো চেষ্টা হচ্ছে, কিন্তু—' যে কথাটা হিরপ্নারী বিশেষ ক'রে এড়িয়ে থেতে চান, বার-বার ঘূরে ঘূরে সেটাই এসে পড়ে। কথা ঘূরিয়ে তিনি বলনেন, 'এমন সময়ে এলে, অতসীর সঙ্গে তোমার দেখা হ'লো না।'

সেই কঠিন, পাথর-দৃষ্টি রঞ্জনের মনে পড়লো। ভালোই হয়েছে, অতসী যে বাড়ি নেই। সে থাকলে আরো বেশি কঠিন হ'তো তার পক্ষে।

আলাপ জমচিলো না। উভয় পক্ষেই আত্ম-সচেতনতা, কুণ্ঠা। উভয় পক্ষই মনে-মনে ভাবছে এক কথা। নাঃ—অসম্ভব, হাস্তুকর, রঞ্জন মনে-মনে বললে, কেন আমি অপেক্ষা করছি। সন্ত্যি-সন্ত্যি কিছু তো বলবার নেই; উনি জানেন, আমি কেন এসেছি। কিন্তু সে বুঝতে পারছিলো না, কী ক'রে প্রসঙ্গটা উত্থাপন করবে। ঘরের চারদিকে সে একবার তাকিয়ে দেখলো—সময় কাটাবার জন্ম। এমন হীন চেহারার কোনো ঘরে সে কথনো ঢোকেনি। রং-উঠে-যাওয়া, ড্যাম্পের জন্ম নানা রকম রেখাচিত্র-আঁকা দেয়াল, এক কোণে টাঙানো নারকোলের দড়িতে এলোমেলো জামা-কাপড, উন্টো দিকের দেয়ালের গা ঘেঁষে কয়েকটি জার্মানিতে ছাপা ঠাকুর-দেবতার ছবি, পুরোনো, লাল-হ'য়ে-ঘাওয়া থবরের কাগজে ঢাকা কেরোসিন কাঠের টেবিল, তার নিচে একটা হারিকেন লঠন আর কেরোসিনের বোতল—এ সবের দিকে তাকিয়ে রঞ্জনের মন বীতিমতো অস্কন্ত হ'য়ে পডলো। সে কখনো ভাবতে পারে নি, এ-রকম দারিন্তা সত্যি-সত্যি আছে। অস্তত, সে তা সম্পূর্ণব্ধপে বিশ্বত হ'য়ে থাকতো, চিরকাল সে এমন ভান ক'রে এসেছে, যেন তা নেই। সে চাইতো না, কোনো উপলক্ষ্য তাকে তা মনে করিয়ে দেয়, সে ঘুণা করতো তার

কোনোরকম সংস্পর্শে আসতে। এই দারিদ্রোর অন্তিত্ব সে জানতো শুধু সরকারি হিশেবে, শুধু খবরের কাগজি তথ্য হিশেবে; তার পক্ষে, তার জীবনে কোনো অন্তিম্ব নেই তার। এবং এর সঙ্গে তার কোনোরকম ছোঁয়াছুঁ য়ি হয়নি—এর আগে। সে কখনো ছাখেনি দারিদ্রোর চেহারা— নিরেট, নিশ্ছিন্ত, বাস্তব দারিন্তা। বাস্তব--বড়ো বেশি বাস্তব: না-হয় দয়া ক'রে একটু মিথ্যাই হ'তো, একটু না-হয় ধার ক'রেই আনতো রং—কোনো স্বপ্ন থেকে, কোনো অভিমান থেকে। ধৃসর, ধৃসর—অন্ধতার একটানা বৰ্ণহীনতাৰ মতো: কোনোখানে একটু ফাঁক নেই, একটু স্বস্তি নেই— যেদিকেই তাকাও, বাস্তবের ঠাশা দেয়ালে মাথা ঠুকে যাচ্ছে। কে চায় একে জানতে, কে চায় এর কাছাকাছি আসতে ? রঞ্জন নিজে—ডিমের ভিতরকার অর্ধ-জাত পাথির মতো দে নিরাপদ, নিশ্চিস্ত-দে, বিশেষ ক'রে, এই টানা-হেঁচড়া চায় না, এই ধুসরতায়, অবিশ্বাস্ত অসহনীয়, বাস্তবে এই অভিযান। তার ভানের খোলশের মধ্যে সে সম্পূর্ণ: তা থেকে বেরিয়ে আসতে হ'লে সেটা তার সহা হয় না। চারদিকে তাকিয়ে হঠাৎ তার সমস্ত আত্মা যেন অসহ বিতৃষ্ণায় মোচড় দিয়ে উঠলো।

খানিক পরে হিরণ্ময়ী বল্মার একটা কথা খুঁজে পেলেন, 'কলেজ থেকে আসছো—জলটল—কিছু খাবে ?' কথাটা তিনি ক্ষীণ, তুর্বলভাবে বললেন, যেন, তিনি যা বলছেন, সে-বিষয়ে তিনি নিজেই নিশ্চিত নন।

ও-কথা শোনামাত্র রঞ্জন ব্যক্তসমস্ত হ'য়ে ব'লে উঠলো, 'না—না, এক্স্নি আমাকে আবার—এখন কিছু দরকার নেই, কিছু দরকার নেই এখন—' বলতে-বলতে সে রীতিমতো ব্যাক্ল হ'য়ে উঠলো। এখানে যদি কিছু থেতে হয়, হে ঈশ্বর!

### অপব্যয়

হিরণায়ী অমুরোধের পুনক্ষক্তি করলেন না, অন্ত কথা পাড়লেন।—
'বাড়িটা খুঁজে বের করতে অমুবিধে হয়নি তো ?'

'না।'

'তবু যা হোক তুমি আমাদের দেখতে এলে।'

'আমি তো আগে জানতুম না যে আপনার। এখানে আছেন,' র**ঞ্জন** ভদ্রতার স্বরে বললে।

'অনেকে আছে যারা জেনেও জানে না।'

রঞ্জনের তক্ষনি তার মা-র কথা মনে পড়লো। সে কিছু বললে না। কিন্তু অভিযোগ শোনবার জন্ম সে প্রস্তুত নয়: ভাগ্য যতই কঠিন হোক, তিব্ধ হোক, তার প্রতিশোধ নেবার একটা উপলক্ষ্য সে নিজেকে হ'তে দেবে না। ওঃ, সে জানে—সে জানে। স্বারই এক কাহিনী, স্বারই এক হঃখ। কতগুলো হুঃখ আছে যা মোটেও ইন্টারেস্টিং নয়, যাতে কোনো রং সেই, রস নেই, শুনতে যা ভালো লাগে না। যা সমবেদনার উদ্রেক করে না, নিছক ক্লান্তি আনে। পৃথিবীতে এত হুঃখই বা কেন—চলতে-ফিরতে হোঁচট না-খেন্নে উপায় নেই, কেন তা একজনের ঘাড়ে এসে পড়বেই, অন্ধ্বনরে লুকিয়ে-খাকা কোনো ক্লোক্ত পশুর মতো ?

কিন্তু হিরগ্নায়ী বেশিদ্র এগোলেন না। শাদা-হ'য়ে-আসা চুলের নিচে তাঁর চোথ—তাতে যেন বৃদ্ধি ছিলো—তারও বেশি, বোধ ছিলো। তিনি যেন বুঝতে পারছিলেন রঞ্জনকে—তাঁর মনের কোনো অম্পষ্টতায়, কোনো অনির্ণেয় উপায়ে। 'থুব বেশি লোকের আমরা দেখা পাইনে,' একটু পরে, একটু হেসে তিনি বললেন, 'দেখা পাবার কথাও নয়।' ব'লে তিনি আবার একট হাসলেন। শেষের কথাটায়—আর সেই হাসিতে—

হঠাৎ যেন তাঁর মূথে আলো জ্ব'লে উঠলো; তা যেন বিদ্রূপে আর অবিশ্বাসে ভরা, তা যেন ফুটে উঠলো তাঁর জীবনের দীর্ঘ হঃখ-ভোগ থেকে, সমস্ত তিক্ত জ্ঞান, যম্বণার উন্মীলন থেকে।

কিন্ত রঞ্জন লক্ষ্য করছিলো না; তার মনের মধ্যে একটা অসাড়তা।
নিজেকে দিয়ে সে আগাগোড়া মোড়া—আত্মরক্ষার জন্ম। 'উপরের
ওরা থাকাতে আপনাদের স্থবিধে হয়েছে,' কিছু-একটা বলবার জন্মেই সে
বললে।

'হাা, উপরের ওরা আছে।'

তারপর আর কথাবার্তা এগোলো না। রঞ্জনের কথা বলতে রীতিমতো কষ্ট হচ্ছিলো, অনেকক্ষণ ধ'রে তার তেটা পেয়েছিলো, আর সে সঞ্চ করতে পারছিলো না। তবু—এক গ্লাশ জল চাইতে তার সাহস হচ্ছিলো না, পাছে জল চাইলেই হিরণ্মী আবার জলথাবারের প্রসন্ধ তোলেন। ব'সে থাকতে-থাকতে তার গলা কাঠ হ'য়ে যাচ্ছিলো শুকিয়ে।

এখন—চ'লে যাওয়া ছাড়া আর-কিছু করবার নেই। তার আগে ছোটো একটা কাজ—সেটা ক'রেই তাকে পালাতে হবে—আর যা-ই হোক, ক্বতজ্ঞতার উচ্ছাুুুুস সে সইতে পারবে না, কোনোরকমেই নয়। উঠে দাঁডিয়ে সে আরম্ভ করলে, 'আচ্ছা—'

'আর-একটু বসবে না ?'

'চলি আজ।' তারপর, যেন সেই কথারই জের টেনে, অত্যস্ত সাধারণভাবে রঞ্জন বললে, 'আপনাকে বলেছিলুম—এই যে।' পকেট থেকে ছোটো ক'রে ভাঁজ-করা নীল দশ টাকার নোট সে তক্তাপোশের উপর রাখলে। 'যা পারলুম।' ব'লেই বেরিয়ে এলো বারান্দায়।

#### অপবায়

কোনো কথা না-ব'লে হিরগ্নয়ী এলেন সঙ্গে-সঙ্গে। একটা কথা, ক্বতজ্ঞতার একটা কথা নয়! স্বন্ধির সঙ্গে-সঙ্গে রঞ্জনের একটু বিশ্বয়প্ত হ'লো। বিধবার মুখেরপ্ত যেন কোনো ভাবাস্তর ঘটেনি। তিনি নিতে জানেন, যে দেয়, তাকে তিনি ছোটো করেন না।

হিরণায়ী বললেন, 'আর-একদিন এসো, বিকেলের দিকে—অভসী তথন থাকে। যদি না তোমার খুব কষ্ট হয়—'

রঞ্জন তাড়াতাড়ি বললে, 'আসবো।'

'এদিক দিয়ে আমাদের একটা আলাদা দরজা আছে, সেটা প্রায়ই খোলা থাকে। আবার যদি আসো, ধাক্তাধাক্তি করতে হবে না।'

রঞ্জন সাইকেলটাকে দেয়ালের সঙ্গে ঠেশ দিয়ে রেখেছিলো। সেটা হাতে ক'রে সেই দরজার কাছে এসে দাঁড়ালো। হিরগ্নয়ী সঙ্গে-সঙ্গে আসছিলেন। সে তাঁর দিকে একবার তাকিয়ে বললে, 'আপনার ঘুমের ব্যাঘাত ক'রে গেলুম।'

হিরণায়ী একটু হাসলেন। শেষ মুহুর্তে রঞ্জনের মনে হ'লো, যেন সে-ই একটা অন্তগ্রহ নিয়ে চ'লে আসছে।

ঘরে ফিরে এসে হিরণ্মী সেই তাল-পাকানো দশ টাকার নোট তুলে নিলেন। একটা নয়, তিনটে নোট। তিরিশ টাকা! এত টাকা দিয়ে কী হবে! এত টাকা কখনো তাঁর মনে ছিলো না, এ তো শ্রেফ অপবায়!

বিকেলে, অতসী যখন ফিরে এলো, তিনি বললেন, 'রঞ্জন এসেছিলো তুপুরবেলা।'

অতসী ঘরের এক কোণে কাপড় ছাড়ছিলো, মৃথ ফিরিয়ে তাকালো মা-র দিকে।

'তিরিশ টাকা দিয়ে গেছে,' হিরগ্রয়ী বললেন, শাস্তভাবে।
আঁচলটা কাঁধের উপর ফেলে অতসী ফিরে দাঁড়ালো। 'কী
বললে ?'

'টাকা দিয়ে গেছে তিরিশটা।'

অতসীর মুথ যেন মূহুর্তের মধ্যে শক্ত আর শাদা হ'য়ে জমে গেলো। থানিকক্ষণ সে দাঁড়িয়ে রইলো একভাবে শৃত্য দৃষ্টিতে; কোনো কথা বললেনা।

### চার

#### অন্ধকারে আলাপ

मिट तात्व, **जानाना** विज्ञानात्र **उ**रत्य- या स्मार्थ कात्ता कारश्टे यूम আস্ছিলো না। ত্-জনেরই মনের ভাবনাগুলো অন্ধকারে পাথা মে'লে দিয়েছে। পাতলা, ছোটো-ছোটো পোকার মতো, সেই ভাবনাগুলো, ছুঁয়ে-ছু য়ে যাচ্ছে ঘুমের কিনার, ঠিক ঘুমের আগেকার স্বপ্নের মতো এলোমেলো, অসংলগ্ন। সময় ভারি হথে আছে অন্ধকারের বুকের উপর: যেন সময়ের চিরম্ভন ফোয়ারার মৃথ আটকে গেছে, মৃহুর্তগুলি চুঁইয়ে-চুঁইয়ে বেরোচ্ছে অতি কষ্টে। হিরণ্ময়ী একবার পাশ ফিরলেন। তাঁর কথা বলার ইচ্ছে একটা ব্যাধির শামিল হ'য়ে উঠছিলো। সমস্তটা বিকেল আর সন্ধে অতসী অভুতরকম চুপ ক'রে ছিলো। তাকে ঘিরে যেন একটা নিষেধের বেড়া। সে-বেড়া ভাঙতে তিনি সাহস পাননি। 📆 মাঝে মাঝে, আড়চোথে তিনি তাকিয়েছেন তার মুথের দিকে: দে-মুখ শূক্ততার ছবি, তা কিছু বলেনি। বিকেলবেলায় সে বারালায় একটা মোড়া নিয়ে ব'সে বই পড়েছে—যতক্ষণ চোখে দেখা যায়, একবারও যেন পূষ্ঠা থেকে চোখ তোলেনি। সরোজ একবার এসেছিলো; কিন্তু নিষেধের ধাকা থেয়ে সে-ও, অতসীকে পাশ কাটিয়ে, যেন তাকে লক্ষ্যই না-ক'রে চুকে গিয়েছিলো ঘরের মধ্যে। সেখানে হিরণায়ীর সক্ষে দেখা, তিনি বালিশে কাচা ওয়াড় পরাচ্ছিলেন। সরোজ চুপ ক'রে তাঁর কাছে এসে <del>দাঁ</del>ড়ালো। তার মুখের দিকে না-তাকিয়েই হিরণ্ময়ী বুঝতে পারলেন, তার মনে কী আছে।

একটু পরে সরোজ জিগেস করলে, 'কী হয়েছে, মাসিমা ?' 'কী হয়েছে ? কার কী হয়েছে ?'

'অতসীকে আজ বড় গম্ভীর মনে হচ্ছে,' সরোজ হাসবার চেষ্টা করলে।

'হ'লোই বা গন্তীর।' 'কোনো কারণই কি নেই ?' 'জানিনা।'

আর সেথানেই আলাপ শেষ হ'লো। হিরণ্মনীর থুব ইচ্ছে ছিলো, থবরটা তাকে দেয়, কিন্তু অতসীর মেজাজের কথা ভেবে চুপ ক'রে গেলেন। সরোজকে বলতে না-পেরে তাঁর মন-থারাপ লাগছিলো, অথচ মেয়ের রাগের ভয়ও কাটিয়ে উঠতে পারছিলেন না। সন্ধেটা কাটলো চুপচাপ। শেষ পর্যন্ত এখন, এই রাত্রিতে, হিরণ্মনী আর সহু করতে পারছিলেন না। মেয়ের বিছানার উদ্দেশে তিনি কান পেতে রইলেন, যদি এতটুকু শব্দও পাওয়া যায়, সে যে জেগে আছে, তার একটু ইঙ্গিত। মনে-মনে তিনি যেন জানতেন যে অতসী ঘুমোয়নি। তার অমন চুপচাপ থাকা থেকেই তা বোঝা যায়। ঘুমোনো মায়্ময়ের নিশ্বাসে শব্দ হয়— আর অতসী এমন শান্ত, এত বেশি শান্ত! হিরণ্মনী যেন প্রায় দেখতে পেলেন, অন্ধ্বনরে তার অন্ধকার চোথ তাকিয়ে রয়েছে। হাতপাথাটা তুলে নিয়ে তিনি সশব্দে একটু হাওয়া করলেন। তারপর ব'লে উঠলেন, 'উ:. কী গরম।'

পাশের বিছানা থেকে গ্রীম্মাধিক্য সম্বন্ধে কোনো মস্তব্য এলো না। তবু তিনি আবার চেষ্টা করলেন, 'পচিয়ে মারলে। কার সাধ্য যে ঘুমোয়!'

### অন্ধকারে আলাপ

এইবার পাশের বিছানা থেকে সাড়া এলো: 'তুমি এখনো জেগে আছো, মা?' বড়ো সহজেই অতসী ধরা দিলে, হিরগ্মীর মনে হ'লো। কথা কইবার জন্ম সে-ও যেন প্রস্তুত হ'য়েই ছিলো।

'তুই ঘুমোসনি ?'

ত্ব-জনেই বিশ্বিত হবার ভান করলে। ত্ব-জনেরই এমন ভাব যেন এই মাত্র জেগে উঠেছে। অতসী একটু ন'ড়ে-চ'ড়ে শোবার ভিন্ধিটা বদলালো। আগেকার চাইতে তার আরাম লাগছিলো নিশ্চয়ই। ঘরের অন্ধকারের মধ্যে কী-যেন একটা জিনিশ কেউ আঁকড়ে ধ'রে ছিলো, এইবার সেটায় ঢিল দিলে।

একটু পরে হিরপ্নয়ী কথা পাড়লেন, 'আজ না তোর সেই ট্যুশানির থোঁজ নেবার কথা ছিলো ?'

'নিয়েছিলাম। ওথানে স্থবিধে হবে না।'

'যদি টাকা কম দিতেও চায়—'

'আর-একটার থোঁজ করছি।'

হিরণ্মী থানিকক্ষণ পাথা নাড়লেন। তারপর আন্তে-আন্তে, যেন নানাদিক ভেবে-চিস্তে বললেন, 'এ-রকম ক'রে আর বেশিদিন চলতে পারে না।'

'চলুক না, মা, চলতে চাও।'

'তোকে দিয়ে এর বেশি অনেক কিছুই তো হ'তে পারে।'

'তাহ'লে হবে।'

'হবে! ভুই, দেখছি, একেবারে নিশ্চিস্ত।'

'চিস্তা ক'রেই বা তুমি কী করতে পারো ?'

আবার একটু চুপচাপ। ছাড়া-ছাড়া, টুকরো-টুকরো আলাপ হচ্ছিলো। হিরথায়ী সাবধানে এগোচ্ছিলেন, প্রতি পদে মেয়েকে যাচাই ক'রে-ক'রে। তিনি বুঝতে পারছিলেন, ওর মনে একটা কাঁচা জায়গা আছে, একটুতেই যা টনটন ক'রে ওঠে। সেখানে ঘা দিলে চলবে না।

'আমি ভাবছিলুম, তুই যদি আরো পাশ-টাশ করতে পারতিস—'

'হবে, মা; তুমি যা চাও, তা-ই হবে।' অতদীর কণ্ঠন্বরে একটু অধৈর্য ফুটে উঠলো, যার অর্থ হিরণ্ডয়ী বুঝতে পারলেন না। 'এ-ই তো উপায়। আর, এমন মন্দই বা কী ? আর যা-ই হোক, এতে স্বাধীনতা আছে। কেন একজন মেয়েকে বিশেষ একটা বয়েদে বিয়ে করতেই হবে, আর বিয়ে ক'রে—'

কথাটা তিনি শেষ করলেন না। তাঁর মন চ'লে গেলো অতীতে, তাঁর নিজের বিবাহিত জীবনে—কান্নায় তিক্ত সব দীর্ঘ রাত্রিতে, অন্ধকারের পাথরের উপর চেপে-ধরা হতাশায়। ওঃ, সেই সব রাত্রি—আর সেই সব দিন, ছোটোখাটো ছশ্চিস্তায়, উদ্বেগে, অবিশ্রাম্ভ ঠোকাঠুকিতে, অশাস্তিতে, অসামঞ্জশ্রে ভরা। সে-সব দিন যে শেষ হ'য়ে গেছে, তাতে হিরগ্নী খূশি। এখন যে-অবস্থায় তাঁরা আছেন, সেটা অনেক ভালো—কোনো সন্দেহ নেই, সেটা অনেক ভালো। আর যা-ই হোক, থাবা দিয়ে নাড়াচাড়া ক'রে সব নষ্ট ক'রে দেবার জন্মে কোনো স্থামী নেই। সেটা কম সান্থনা নয়। স্বামীকে তিনি দেখতেন বিষের মডো: মৃত্যুতেও তিনি তাকে ক্ষমা করতে পারেননি। মৃত্যুতেও তিনি তাকে আলাদা, বিচ্ছিন্ন। আর

### অন্ধকারে আলাপ

এখন নিজের বিবাহিত জীবনের শোধ তুলবেন তিনি মেয়ের উপর দিয়ে, তাঁর যত ত:খ, সব ক্ষালন করবে অত্সী। অত্সী-কে থাকবে স্বাধীন আত্ম-নির্ভর; সূর্যের নিচে নিজের জন্ম একটথানি জায়গা সে-ও ক'রে নেবে: দে-ও বাঁচবে তার নিজের জীবন নিয়ে, নির্লিপ্ত। কেন সে ভয় পাবে—নিজের জন্ম একট জীবনের টকরো সে ছিনিয়ে নিতে পারবে. এমন জার তার আছে। তার আছে। একদিন—সে কোনো কলেজে কাজ পেতে পারে, কোনো স্থলের হেডমিসট্রেস হ'তে পারে, এমনকি। মেথেদের পড়াওনো বছর-বছর কী রকম ছড়াচ্ছে! সমস্ত ভিক্ত, ও: তিক্ত সংগ্রামের পর সে হয়তো বেরিয়ে আসবে, জয়ী, একটি তীক্ষ্ক, পরিচ্ছন্ন হাসি তার পথরেখায় ধ্বনিত। পৃথিবীর জন্ম তার তথ্ এ-ই-এই পরিচ্ছন্ত তীক্ষ হাসি, কোনো তীক্ষ উজ্জ্বল অস্ত্রের মতো। আর, কোনো পুরুষ দেখানে নেই, কোনো পুরুষের পশু-হাত আসবে না তার জীবনকে নষ্ট ক'রে দিতে, লোভে অন্ধ মুঠির চাপে তাকে ছ-টুকরে। ক'রে ভেঙে ফেলতে। স্বার উপর, সে পুরুষ-মুক্ত। এ-কথা ভাবতে হিরণায়ীর বুকে যেন একটা আনন্দের বিহ্যাৎ থেলে গেলো যে পুরুষের কাছ থেকে অভসীর কিছু আশা করবার, কিছু প্রার্থনা করবার, কিছু ভয় করবার থাকবে না। এই তাঁর প্রতিহিংসা, তাঁর মৃত, অবিশ্বত স্বামীর উপর, নিজের জীবনের উপর তাঁর সর্বশেষ প্রতিহিংসা। এবং তাঁর গৌরব, তাঁর জয়-স্তম্ভ! অত্সীর বিয়ের জন্ম তিনি ভাবেন না; এমনকি, তার আদৌ कथाना विषय दय कि ना-दय, म्न-अन्य क्वाना जावना नार्ट जांत माना সেটা একেবারে অপ্রাসন্ধিক; তার কথাই ওঠে না। কেন সে বিয়ে করতে যাবে—কেন সে নিজেকে দিতে যাবে নিংশেষে, নিংসংশয়ে, অন্তের

হাতের খেলনা—যখন এত বডো পৃথিবী প'ড়ে আছে তার সামনে, তার জীবন আছে বাঁচবার, বাঁচাবার। মেয়ের বিষের চিন্তা, এমনকি, হিরণ্মগ্রীর মনে একট বিত্যধার উদ্রেক করতো। কোনো পুরুষ-সংস্পর্ণ না-থাকাই সবচেয়ে ভালো, থাবার চড়-চাপড থেকে মুক্তি পাওয়াই সবচেয়ে ভালো। আর, যদি কোনো পুরুষকে সে গ্রহণ করেই তার জীবনে তা হোক পরিপূর্ণ মুক্তিতে, আত্ম-প্রতিষ্ঠ সক্ষমতায়, মূলগত ও অনাহত একাকীত্বে —পরস্পরের মধ্যে মিশে যাওয়া, ডুবে যাওয়া, এক হ'য়ে যাওয়া—তা নয়, তা নয়। তাতে চলবে না। একটা অংশ অন্তত থাক, হা নির্লিপ্ত, নি:সম্পর্ক, যা আলাদা। কোনোথানে, কোনোথানে একটা বাধা, যার পর আর এগোনো যাবে না। সেই ছয়ে-পড়া, লুটিয়ে-পড়া, গ'লে-যাওয়া ভালোবাসা—তা দিয়ে কী হবে—তা শুধু আঘাত দিতে পারে, আর নিজের উপর ফিরে আসতে পারে রুচতর আঘাতে। একজন লোক— সে পুরুষ হোক কি মেয়ে—তার যেন নিজের আত্মার উপর সম্পূর্ণ দুখল থাকে; নিজের আত্মায় একজন যেন একা থাকতে পারে, থাকতে পারে পরিচ্চন্ন।

'আমি ছেলেবেলায় ভাবতুম,' হিরণারী থেন নিজের সঙ্গেই কথা কইতে লাগলেন, 'বিয়ে করা ছাড়া মেয়েদের উপায় নেই। কিন্তু এখন দেখছি—'

'এখনই কি উপায় আছে, মা—শেষ পর্যস্ত ?'

'কিন্তু বিয়ে ব্যাপারটা বদলেছে,' একটু চুপ ক'রে থেকে হিরণ্মী বললেন।

'তা-ই আশা করা যাক।'

### অন্ধকারে আলাপ

আবার নীরবতা। দূরে রেল-লাইন দিয়ে একটা টেন যাচছে; তার তারি, মন্থর শব্দ যেন গভীর ঘূমের দক্ষে স্থর-মেশানো। অন্ধকারকে তা ছিঁছে দিলে না; বরং, তাকে ঘিরে বাইরের অন্ধকার আরো যেন নিবিড় হ'রে উঠলো। মা মেয়ে ছ-জনেই চুপ ক'রে শুনলো সেই শব্দ। তা একটা মোহের মতো—এই মধ্যরাত্রে, এই অন্ধকার ঘরে, ঘূমের আগে। তা যেন কগনো শেষ হবে না, অবিশ্রান্ত নিজের পুনরাবৃত্তি ক'রে চলবে; এ যেন কোনো শব্দ, যা উৎসারিত হচ্ছে পৃথিবীর কেন্দ্র থেকে, দেই পৃথিবী-কেন্দ্রের অন্ধকার রহস্যে তা উত্তপ্ত । মন্থর, মন্থর, সময়ের বৃকের উপর ভারি, উত্তপ্ত চাপ দিয়ে-দিয়ে যাচ্ছে এই শব্দ, সময়কে আঙুবের মতো নিংছে, যতক্ষণ না তা পিষ্ট হ'য়ে যায়, চুর্প হ'য়ে যায়।

কিন্তু আন্তে-আত্তে সে-শব্দ ক্ষীণ হ'তে-হ'তে দ্ব থেকে দ্বতর দিগস্তে মিলিয়ে গেলো; যেন একটা আকস্মিক প্রেত রাত্রির আত্মা থেকে উঠে এসে আবার মিলিয়ে গেলো রাত্রির মধ্যে। তারপর হিরণ্মনী হঠাৎ ব'লে উঠলেন: 'তুই এত বেশি অবিশ্বাস করিস কেন, অতসী ?'

অতসী মৃত্স্বরে একটু হেনে উঠলো।

'তোর এই বয়েস—এখন তোর আশা করা উচিত।'

'আশা ছাড়া আর-কিছুই তো করছিনা। কি**স্ক** কোনটা কী, তা জানতে ক্ষতি নেই।'

'মাঝে-মাঝে ভুললেই বা ক্ষতি কী ?'

অত্সী কোনো কথা বললে না। হিরণ্মীই আবার বললেন— স্পষ্ট এমনকি, একটু রুঢ়ভাবে, 'তোর ভিতরটা দিন-দিন যেন শক্ত হ'য়ে যাচ্ছে।'

অতসী শিয়রের বালিশটা উল্টিয়ে নিলে। 'মনটাকে নরম করতে হ'লে,' মৃত্, এমনকি লঘুস্বরে সে বললে, 'অবসর দরকার। তা আমার নেই। অনেক কাজ।'

আর সেই কথায়, আর কথার স্থারে হিরগায়ীর বুকের ভিতরে মুহূর্তের জন্ম মোচড় দিয়ে উঠলো। হয়তো তিনি মেয়ের কাচ থেকে বড়ো বেশি দাবি করতেন, বড়ো বেশি। কী জীবন তার, তিব্রুতার বিরাট স্থপ, কী অন্ধ, নিৰ্বোধ এক শক্তি তাকে ঠেশে ধরেছে চারনিক থেকে, সাক্সাক্ষণ চেপে ব'সে আছে তার উপর, সারাক্ষণ। রাত্রির অন্ধকারের ভিতর দিয়ে ধাবমান রেলগাভির শব্দ যেমন সময়কে নিম্পেষণ ক'রে যায় কঠিন উত্তাপে। এই তো অতসী—জীবন তার জন্ম কী করেছে যে সে নরম হবে, মধুর হবে ? ঘরের অন্ধকারের মধ্যে তাকিয়ে, হির্ণাধীর মন মেয়ের জন্ম হঃথে আর করুণায় ভ'রে গেলো—যেমন আগে কথনো হয়নি। ছেলেমারুষ, ছেলেমারুষ। সেই মুহূর্তে, অতসীকে তিনি যেন নিজের মধ্যে অন্তত্তব করলেন, অন্ধকার ঘরে একা শিশুর মতো। অন্ধকারের শেষ নেই, শেষ নেই অন্ধকার ঠেলে-ঠেলে এগোবার। কথনো-কথনো তা ত্বঃম্বপ্লের মতো ভগ্নবহ। মনের মধ্যে একটা বোবা আতম্ব—তার ভাষা নেই, তা স্পষ্ট নয়, তা নিজেই निष्करक राज्य ना। यमि अवमिन क्वारंग छोर्छ रमथा याजा य ख्रश्च राज्य গেছে—কিন্তু সে-দিন কথনো আসে না, তঃম্বপ্ন নিজের ভিতর থেকে নিজের খোরাক জুটিয়ে নেয়, মনে হয় এর শেষ নেই। কোথায় শেষ ? এই তো জীবন, এই তো বাস্তব। আর হঠাৎ, হিরণ্মনীর চোথের সামনে অত্সীর ছবি ফুটে উঠলো, যেমন সে ছেলেবেলায় ছিলো, রোগা, কালো এক মেয়ে ঘুরে বেড়াচ্ছে এখানে-ওখানে, কখনো ব'লে আছে

### অন্ধকারে আলাপ

চপচাপ, দে-ই জানে, কী ভাবছে, পরনের ফ্রকটা সাফ নয়, ঝুঁটি-বাঁধা বাঁকড়া-বাঁকড়া চুল অ্যয়ে লালচে হ'য়ে যাচ্ছে। তাকে দেখে ঠিক ঈশ্ববের দান মনে হ'তো না: মনে হ'তো না, স্বর্গ থেকে সে সোজা নেমে এসেছে মায়ের কোলে। সে কাউকে কুমারীমাভার কোলে যী**ভ**র কথা মনে করিয়ে দিতো না—না, এমনকি, বিলিতি পেটেণ্ট ফুডের বিজ্ঞাপনের ছবির কথাও নয়। তার যেন পথিবীতে মূল নেই; সে যেন ভেসে এসেছে, অনাকাজ্জিত। কিন্তু তা-ই যে। সে ভেসে এসেছে—মুণার প্রবল জোণারের টানে; জন্ম তার ঘূণায়। দে বিবাহের সম্ভান, ঘূণার সম্ভান। কেউ তাকে চায়নি। কারো মনে ভাবনা ছিলো না তার জন্ম। আর হির্ণায়ী—তিনি তার শিশুকে ভালোবাদেননি, মায়ের যেমন ভালোবাসা উচিত; তার পিতার প্রতি তীব্র ঘুণার খানিকটা মাঝে-মাঝে যেন তারও প্রতি সংক্রমিত হ'তো: এমন সময় আসতো যথন তাঁর ইচ্ছে করতো তাকে কোল থেকে ছুঁড়ে ফেলে দিতে। ও মফক—তাঁর লজ্জার, তাঁর অবমাননার, তাঁর পাপের এই জীবন্ত চিহ্ন লপ্ত হ'য়ে যাক। ও যে ওর বাবারও মেয়ে, ওর এই অপরাধ তিনি যেন কখনো কমা ক'রে উঠতে পারলেন না। ও যেমন বড়ো হ'য়ে উঠতে লাগলো, তিনি আত্তিত দুষ্টতে ওকে লক্ষ্য করতে লাগলেন—যদি ওর বাবার সঙ্গে ওর কোনো মিল ধরা পড়ে, যদি কোনোরকমে, অতি তুচ্ছ বাইরের ব্যাপারেও ও হ'য়ে ওমে ওর বাবার মতো। শরীরের কতগুলো ভঙ্গি, কথা বলবার ছোটো-থাটো ধরন—ও:, তথন মেয়ের দিকে তাকাতে তাঁর অসহ লাগতো। ভাগ্যিশ, ভাগ্যিশ ওর চেহারা মোটামুটি ওর মামাবাড়ির ছাঁচের হয়েছে—ওর ভুক্ত আর থুংনি ঠিক ওর মা-রই মতো, লোকে বলতো।

তব্, মাঝে-মাঝে, ও যথন কথা বলতে-বলতে হঠাৎ মাথা-ঝাঁকানি দিয়ে ওঠে, কি বিরক্ত হ'লে ঠোঁটের একটা ভক্তি করে, কি থেতে ব'সে ভাতের গ্রামের মাঝগানে হঠাৎ থেমে গিয়ে কী যেন ভেবে নেয়—এমনি অনেক ছোটোখাটো জিনিশে, গলার স্বরে, কথার ব্যবহারে, অসংখ্য নিঃসংশ্য উপায়ে ও মনে করিয়ে দেয়—য়ে-কথা হিরশ্রমী সবচেয়ে বেশি ভুলে থাকতে চান। সে-সব সময়ে তিনি চোখ ফিরিয়ে নেন, মুহুর্তের জন্ম তাঁব মন মেয়ের প্রতি বিরূপ হ'য়ে ওঠে। এখনো, এতদিন পরেও তিনি অতসীকে তার বাবার মেয়ে হবার জন্ম ক্ষমা করতে পারেন না।

'তোর সঙ্গে,' হিরণায়ীর ক্লান্ত হাত থেকে পাগাটা থসে পড়লো, 'তোর সঙ্গে আজকাল কথা বলতেই যে ভয় করে।'

'আমারও ভার করে অন্তোর সকে কথা কইতে,' অতসী জবাব দিলে, 'নিজেরই জন্ত।'

'নিজেরই জন্ম!' হিরণ্মী ঠিক বুঝতে পারলেন না। কিন্তু অতসী বোঝাবার চেষ্টা করলে না; তার পাশ ফিরে শোবার শব্দ শোনা গেলো।

আর তথন হিরণায়ী বললেন, 'রঙ্কন ছেলেটি বেশ।' এমনভাবে বললেন যেন এতক্ষণ ছ-জনের মধ্যে রঞ্জনের কথাই হচ্ছিলো।

व्यक्ती अधू वनतन, 'हं।'

'ও সেদিন যথন বলেছিলো, আমি বুঝতে পারছিলুম না, বিশাস করবো কি করবো না।'

'যাক, তুমি যা চেয়েছিলে, তা তো হ'লো।' 'কিন্তু এত টাকা! এত টাকায় তো আমাদের দরকার নেই।' 'তাহ'লে কিছু ফিরিয়ে দাও।'

### অন্ধকারে আলাপ

'তা কি হয়!'

'না, হয় না! তাতে যে ওরই অপমান।'

অতসীর কথার ব্যক্তের স্থর হিরগ্যন্তীর কানে ধরা পড়লো না। 'এত টাকা—' তিনি বলতে লাগলেন, 'আমি কখনো ভাবিনি। এমন ছেলে যে হয়, কখনো ভাবতে পারিনি।'

'বড়োলোকের ছেলে—অক্টের একটু উপকার করবার স্থুপ ছাড়বে কেন <sup>y</sup>

'বড়েলোবের ছেলে তো কতই আছে।'

'তাদেন বাজে খরচও আছে।'

'পরের জন্ম কে করে এতটা ?'

'বাঃ, করে না! অক্তকে দয়। কর।—ভার বিলাসিতাই কি কম ৫'

'যা-ই বলিসনে কেন, এটা খুবই আশ্চয—'

'তুমি যদি মুখ ফুটে চাইতেই পারো, আর-একজন যে দেবে, এ আর বেশি কথা কী ধ'

'বেশি নর!' উত্তেজনার ঝোঁকে কথাটা একটু উচ্চম্বরেই বেফলো হিরণ্মিরীর মুখ দিয়ে। কিন্তু পরমূহর্তেই তিনি যেন মেয়ের মনের একটু আভাস পেলেন। নরম ম্বরে বললেন, 'সহজে কি আর কেউ চাইতে পারে—'

'থাক মা,' অতসী ভাড়াভাড়ি ব'লে উঠলো, 'সে-কথা থাক।'

আবার নীরবতার ছেদ—অক্সান্ত বারের চাইতে অনেক দীর্ঘ। নীরবতাঃ, অন্ধকার যেন গা-মোড়ামুড়ি দিয়ে আবার জমাট হ'য়ে

বসলো। হিরণায়ীর মনে হ'লো, অতসী ঘুমিয়ে পড়েছে। নীরবতা এমন সম্পূর্ণ, আর থেন কোনো কথা বলা যাবে না। তবু, নিজেরই কাছে একটা শেষ মন্তব্যের মতো, তিনি বললেন, 'যাক, ভালোই হ'লো।'

সঙ্গে-সঙ্গে, অন্ধকারে বেজে উঠলো অতসীর স্বর, 'না-হওয়াটাই বা এমন মন্দ ছিলো কী ?'

স্পষ্ট, সোজা প্রশ্ন, কোনো উত্তর নেই। হিরণ্মরী প্রশ্নটাকে অন্থতব করলেন, একটা তীরের নগ্ন ধারালো ফলার মতো; নিজের ভিতরে তিনি যেন কুঁকড়ে গেলেন। অতসীর মনটা যেন কোথায় একটু বিক্বত; যা-কিছু তার গায়ে লাগে, ধাকা থেয়ে ফিরে আসে। ওর মনটা যেন মাঝথানটায় চেপ্টে-দেয়া আয়না, সব কিছুর ছায়া পড়ে অস্বাভাবিক, কিছুত হ'য়ে। কিছুই ও সহজে গ্রহণ করতে পারে না, এত কলহ ওর মধ্যে, এত সংশ্ব। ও যেন কোমর বেঁধে লেগেছে পৃথিবীর সঙ্গে ঝগড়া করতে; ওর মধ্যে চাপা একটা হিংস্রতা যেন সব সময় আঘাত দেবার জন্ম উন্থত। কিন্তু এতে তো ও নিজেকেই আঘাত দেবে স্বচেয়ে বেশি: কাউকে শান্তি দেবে না, নিজেকে সব চেয়ে কম। তা নই ক'রে-ক'রে যাবে, যা-কিছু হাতের কাছে আসে, যতক্ষণ না তাকেই ধ্বংস করে। ভাবতে হিরণ্মনীর শঙ্কা হয়। যদি কথনো ও নিজের মধ্যে শান্ত হ'তে পারতো, নিজেকে ভূলে থাকতে পারতো…

তাঁর চিস্তার স্থা তম্বগুলোকে ছিঁড়ে দিয়ে অতসী আবার প্রশ্ন করলে, 'না হ'লেই বা থারাপ হ'তো কী ? চ'লে তো যাচ্ছিলোই—চ'লে যেতোও। মাঝথান থেকে এই—এ না হ'লে এমন-কী এদে যেতো থ'

### অন্ধকারে আলাপ

হিরণায়ী একটু চুপ ক'রে থেকে বললেন, 'আজ তুই এ-সব বলছিস, কিন্তু সেদিন যথন ওদের বাড়ি গেলুম—'

তীব্র রুদ্ধস্বরে অতসী ব'লে উচলো, 'সেদিন আপত্তি করিনি—না, করিনি! যদি জানতাম, যদি জানতাম—' অন্ধকারে অতসীর অসমাপ্ত কথা হারিয়ে গেলো।

হিরণ্ময়ী একটু অপেক্ষা করলেন, অতসী আর-কিছু বলে কিনা। তারপর ডাকলেন, 'অতসী!'

অত্সী উত্তর দিলো না।

'অত্সী।'

অতসী বালিশের মধ্যে গভীরভাবে মাথা ডুবিয়ে দিয়ে বললে, 'আর নয়, মা। বড়ো ঘুম পাচ্ছে।'

## পাঁচ

### প্রদর্শনীতে এক সন্ধা

পরের রোববার, শহরের এক মহিলা-সমিতির উল্লোগে এক শিল্প-প্রদর্শনী থোলা হয়েছে, অতসী গেছে সেথানে। বুড়িগঙ্গার ধারে একটা ফাঁকা জায়গায় বাঁশের বেড়া থাটিয়ে কাপড়ে ঘিরে নেয়া হয়েছে— বাইরের ফটক রঙিন কাগজে সাজানো। চুকতে যে-ত্র'আনা দক্ষিণা, তা যাচ্ছে একটা নতুন মেয়ে-স্কুলের সাহায়্যে। ঢাকার স্কুল-কলেজের মেয়েদের এ-সব ব্যাপারে অফুরস্ত উৎসাহ; তারা নতুন আলো পেয়েছে —আত্মোন্নতি ও আত্মপ্রবৃদ্ধিতে যে-তীব্র প্রাদেশিক আগ্রহ, তা তাদের আছে পুরো মাত্রায়। অগ্রণীদের মধ্যে তু-একটি মেয়ে স্থলে অত্সীর সঙ্গে পড়তো; এ-সব ব্যাপার থেকে একেবারে আলাদা থাকতে সে, তাই, পারতো না। থাকতে যে চাইতো, তাও নয়। ও-সর্ব জায়গাতেই —ঘেখানে মেরেরা কোনো শথের নাটক করছে, কি কোনো বন্থি-পাড়ার মেয়েদের বর্ণপরিচয় শেখাচেছ, কি খুলছে কোনো স্বদেশী বাজার —ও সব জায়গাতেই সে একটু ছাড়া পেতো: যেটুকু সময় পেতো, জুটতো গিয়ে তাদের সঙ্গে। প্রদর্শনীতে তার এক বন্ধুর একটা স্টল ছিলো, সে তার কাছে পাঠিয়ে দিয়েছিলো কতগুলো শেলাইয়ের কাজ, দিগুণ দাম ক'রে। রুমাল, টেবল-রুথ ইত্যাদির উপর স্ক্রা শেলাই সে বেশ ভালোই করতো—কিন্তু যতটা পরিশ্রম তাকে করতে হ'তো, সে অমুযায়ী দাম সে সাধারণত পেতো না: প্রদর্শনী-গোছের ব্যাপার হ'লেই তার স্বযোগ।

# প্রদর্শনীতে এক সন্ধ্যা

বাঁশের বেড়ার পিছনে কাঠের মাচায় সব জিনিশ সাজানো; তার পিছনে দাঁড়িয়ে অতসী তার বন্ধুর সঙ্গে গল্প করছে। তার পরনে একটা পদরের শাড়ি—শাদার উপর এখানে-ওথানে হলদের ছিটে। ব্লাউজটার বং মেটে সিঁতুব; আধুনিক ফ্যাশান সম্বন্ধে তার মা-র আপত্তি সন্বেও সে এটার হাতা কাঁধের ঠিক নিচেই কেটেছিলো—এটা তাব প্রিয় জামা। একটু বা দিকে চওড়া সিথি-কাটা তার চূল চকচকে পাতের মতো ডু-দিকে নেমে এসেছে। তাকে দেখাছিলো বেশ পরিছল্প, আত্ম-সম্পূর্ণ— আর তাব মনটাও ভিলোবশ হাসিখুশি।

'তোর গায়ের ব্লাউজটা ভারি চমৎকার তো।' বরুটি বলছিলো। 'চমৎকার!' অতসী হেসে উমলো, 'হাতাটা কেমন? একথানা হাত মাথার উপরে তুলে সে একটু ঘুরিয়ে-ফিরিয়ে দেখলো।

'যে-জিনিশ নেই,' বদুটি ফুইমি ক'রে বললে, 'তার আবার ভালো আব মনদ কা।'

'নেই!' অত্সীর কর্তমনে খুশি উপচে পড়লো, 'হাতটা খোলা থাকলে কীযে আরাম লাগে।'

অন্য মেটেট নিচের ঠোঁট কামড়ে একটু ভাবলো। তারপর বললে, 'আর-কিছুদিন গেলে, দেথবি, ফুলহাতা আর গলাবন্ধ জ্যাকেটই ফ্যাশানের চড়ান্ত হবে।'

'क्रेश्वत ना वक्रन।'

'মন্দই বা কী ?'

'লেফাফা-মাটা চিঠি হ'য়ে থাকতে ইচ্ছে করে কার ?'

'কিন্তু লেফাফা-আঁটা চিঠিতেই যে রহস্থ-না জানি কী আছে।

বে-পোন্টকার্ড অকাতরে আত্মপ্রকাশ করে, তাকে নিয়ে মাথা ঘামায় কে ?'

অতসী হেসে উঠলো।—'মাণা-ঘামানোর উপলক্ষ্য হওয়াটাই তাহ'লে আসল কথা ?'

'এক হিশেবে—হাঁ, তা-ই তো, তা ছাড়া আর কী? মেয়েদের যে পোশাক নিয়ে এত ভাবনা, সে তো পুরুষেরই—'

অতসী তাড়াতাড়ি হাত দিনে তার বন্ধুর মুখ চেপে ধরলো।—
'বলিসনে, ও-কথা বলিসনে—ও-কথা শুনলে আমার গা জ্ব'লে যায়।'

অতসীর হাত ছাড়িয়ে নিয়ে মেয়েটি হেসে উঠলো। 'কেন,' সে জিগেস করলে, 'এত রাগ কেন তোর ?'

'রাগের কথা নয়, মিথ্যে কথা।'

'কোনটা মিথ্যে ?'

'এই, তুই যা বলতে যাচ্ছিলি—যে মেয়েরা যে সাজে, তা শুধু পুরুষেরই মনকে টানবার জন্ম।'

'তা নয় তো কী ?'

'কেন ? এমনি একজন সাজতে পারে না, নিজের খুশিতে, নিজের ভালো লাগবে ব'লে ?'

'আশে-পাশে কেউ দেখবার না-থাকলে ভালোই লাগে না যে।'

তাকের উপর সাজানে। জিনিশগুলো নিয়ে অতসী একটু নাড়াচাড়া করলে। তারপর চোথ না-তুলেই বললে, 'পুরুষের মুথে না-তাকিয়ে কি আমাদের কোনোদিকেই এক পা চলবার উপায় নেই ?'

অন্ত মেয়েটি বাঁ হাত দিয়ে তার থোঁপাটা একবার পরথ ক'রে নিলে।

# প্রদর্শনীতে এক সন্ধ্যা

বললে, 'তাতে এমন দোষই বা কী ?' মেয়েটি দেখতে ছোটোখাটো, পাৎলা, মুখটি একটু চোপা রকমের। কথা কইবার সময় মাঝে-মাঝে তার উপরের ঠোঁটটি একটু উঠে যায় ছেলেমানিষি চঙে। এমন ছেলেকে সে জানতো, তার ঠোঁটের ঐ ভক্কিটা যার ভালো লেগেছে। বয়েস তার আঠারো, যৌবনের নতুন চেতনা তার রক্তে। অতপী চূপ ক'রে আছে দেখে সে-ই আবার বললে, 'আমাদের মায়েরা আজকালকার পোশাকে আপত্তি করেন, বলেন—সেটা অসভ্যতা। কিন্তু আগেকার দিনের গলাঢাকা পোশাক যে ছিলো শতগুণে বেশি—উদ্দীপক। লেকাফা-আঁটা চিঠি ঘিরেই কৌতুহলের শেষ নেই। আর এদিকে—দেখতে-দেখতে সবই স'য়ে যায়। আবরণ যত গাঢ়, আমন্ত্রণ তত তীক্ষ। যতই মেয়েরা নিষেধের আবরণ দিয়ে নিজেদের চেকে রাথে, ততই তো তারা মারে। লজ্জা শ্রীলোকের অস্ত্র।'

'কিন্তু একেবারে অন্ত রকম কোনো জীবন কি হ'তে পারে না?' অতসী মৃথ তুলে তার বন্ধুর দিকে তাকালো; তার প্রশ্নটা হঠাৎ-ছুটে-যাওয়া তীরের মতে। যেন বিঁধলো গিয়ে মেয়েটির ম্থে। 'অন্ত কোনো জীবন— একেবারে মৃক্ত—'

অন্ত মেয়েটি চেঁচিয়ে হেদে উঠলো।—'তুই দেখছি ভীষণ রকম আধুনিক হ'য়ে উঠছিন। "কাহারও তাঁবে থাকিব না"—না, কী ?'

'কেনই বা থাকবো, বলতে পারিস ?'

মেয়েটি কাঁধ-ঝাঁকুনি দিলে। তার নবযৌবনের উন্মাদনা থেকে বললে, 'তাঁবে কে কাকে রাখে, তা শেষ পর্যন্ত বলা যায় না। একবার ভালোবাসায় পড়লে পুরুষমামুবের যে কী অবস্থা হয়—' মেয়েটি একটু হাসলো, যেন কিছু মনে ক'রে।—'সেইজন্মই তো আত্রু দরকার; সেইজন্মই তো নিজেকে

কিন্ত সে-মিল এত কম, অতসী ভাবছিলো, এত কম! যার সঙ্গে মেলে, তাকে হয়তো পাওয়া যায় না। যাদের সঙ্গে দিন কাটাতে হয়, তাদের কাছে আমি আবছায়া। অন্ধকার রাত্রে মশালের লাল আলোয় অর্ধ-উদ্ভাসিত মৃতির মতো আমরা একে অন্তের কাছে।

অন্ত মেয়েটি এসে অতসীর কাঁধে হাত রাখলে।—'তোর রুমাল বেচলুম আধ জন্ধন।'

অতসী বন্ধুর মৃথের দিকে তাকালো; কিছু বললে না।

'দাম নিয়েডি ভেঁকে।'

'তার মানে ? তুই এক-একজনের কাছ থেকে এক-এক রকম দাম নিস নাকি ?'

মেয়েটি বাঁকা হাসলো।—'কোন্যে-কোনো লোকের চেহারা দেথেই বোঝা যায়, তারা অনেক বেশি দেবার জন্ম প্রস্তুত হ'য়েই এসেছে—তাদের হতাশ করা তো আর যায় না।'

'সাংঘাতিক লোক তো তুই !'

'বা রে, আমি যে তার সঙ্গে হেসে কথা কই, তার কোনো দাম নেই ?' 'বড্ড বেশি দাম, আমার মনে হচ্ছে।'

'দেয় কেন ? দরদস্তর করলেই তো পারে। কিন্তু কী শুড় শুড় ক'রে মনিব্যাগ বেরোয় পকেট থেকে, অবাক লাগে দেখলে। ভাগ্যিশ সংসারে ভেড়া-পুরুষের অভাব নেই।'

'ভেড়ার সংখ্যা যত বেশি, তোর মতো মেয়ের ততই জয়-জয়কার।'

অতসীর কথার প্রচ্ছন্ন ইন্দিতটা মেয়েটি লক্ষ্য করলে না। অনেকটা নিজের মনেই ব'লে যেতে লাগলো, 'এমন ছেলে আছে যে কোনো মেয়ের

## প্রদর্শনীতে এক সন্ধা

হাত থেকে কিনতে পেলে দ্বিগুণ দাম দেবে জিনিশের; আর জিনিশটা যদি কোনো মেয়ের হাতের তৈরি হঃ, সেজন্ত আরো দ্বিগুণ।'

'তাতে দোষ কী? আরো ভালো লাগে তাতে—আর ভালো লাগার জন্মেই তো সবাই পয়সা গরচ করে।'

'দে-কথাই বলছিলুম। এটাই তাৈ আকর্ষণ—যা নিয়ে তৈরি আমাদের পোশাক। পুরুষকে টানবার এই ঝোঁক যদি না থাকতো, তাহ'লে এত বেশি দাম দিয়ে তোর ক্ষমাল কিনতো কে?'

**ज्या क्या क्या क्या क्या ना**।

'অভ্ত—এই ছেলেরা! কেউ কোনো মেয়ের জ্তো কেনবার জন্ম চার হন্টা রোদ্দুরে ঘুরে বেড়াবে; আর কেউ বা নিজের পয়সা খরচ ক'রে দলস্বদ্ধু মেয়েকে নিয়ে যাবে সিনেমায়—আর এদেরই মধ্যে যে একটু উচুদরের সে বাইরে যা-তা ব'লে বেড়াবে মেয়েদের নামে, গায়ের জ্যোরে প্রমাণ করতে চাইবে যে তাদের জন্ম সে থোড়াই কেয়ার করে।—অন্তত!

'যে যাতে স্থুপ পায়,' অত্সী সংক্ষিপ্ত মন্তব্য করলে।

'একটু আঙুল তুলেছো কি লেজ নাড়তে-নাড়তে সব এসে হাজির।' স্পষ্টত, এ-সব কথা বলতে মেয়েটির খুর্ব ভালো লাগছিলো; এমনও সন্দেহ করা যেতো যে যাদের নিয়ে সে এত ঠাটা করছে, তাদের সাহচর্য মনে-মনে সে একটু পছন্দই করে।

'ওদের এত তুচ্ছই যদি করিদ, ওদের হাত থেকে কোনোরকম স্থবিধে নিতে লজ্জা করে না ?'

'বা রে! ওরা তা-ই চায় যে। মাঝখান থেকে আমি আমার লাভের ভাগ ছাড়তে ধাবো কেন?'

'দে-কথা ঠিক। কেন ছাড়তে যাবি ?' অতসী প্রতিধানি করলে।

একটু চুপচাপ। অতসী সেই ফাঁকে জিনিশগুলো ঘাঁটতে আরম্ভ ক'রে দিলে। ওগুলো নিয়ে নাড়াচাড়া করতে তার ভালো লাগতো—
মসণ, শাদা কাপড়, শাদা স্থতোর নকশাগুলো আঙুল দিয়ে অন্থভব করা যায়। কাপড়ের উপর নানা রকম নকশা তুলতে তার ভালো লাগে—
রেখার পর স্ক্র রেখা, আস্তে-আস্তে তৈরি হ'য়ে উঠছে। যে-কোনো জিনিশ নিজে তৈরি করবার একটা আনন্দ আছে: কিছু-না-কিছু মামুঘকে স্পষ্টি করতেই হয়, বাঁচবার জন্ম; যে আর-কিছু পারে না, সে স্পষ্টি করে সংসার—তুচ্ছ হোক কি নিচু স্তরের, সেগানেই তার পরিপূর্ণতা। অতসী মাথা নিচু ক'রে এক-একটা জিনিশ পরীক্ষা করছিলো, শিল্পীর সচেতন রসবোধ নিয়ে।

থানিক পরে অক্স মেয়েটি জিগেস করলে, 'তোর সেই পোষা কুকুর কেমন আছে ?'

'পোষা কুকুর ?'

'সেই যে ছেলেটি—সরোজ না কী নাম—'

অতসী চোথ তুললো।—'কী যা-তা বলিস!'

'বেশ পেয়েছিস যা হোক একটি', মেয়েটি তবু ঠাট্টা করলে, 'ফাই-ফরমাশ চালাবার জন্ত এমন আর হয় না।'

'সব সময় ভালো লাগে না এ-সব ঠাট্টা।'

'হৃ:থিত', মেয়েটি তাড়াতাড়ি বললে, তারপর ব্যক্তের মাত্রা আরো একটু চড়িয়ে দিলে, 'আহা, এমন করুণ বেচারার মুখখানা—দেখলেই দয়া হয়।'

## প্রদর্শনীতে এক সন্ধ্যা

'দয়া ক'রে দয়া করিসনে—আর যা-ই করিস।'

'ব্যাপার কী ? এত লাগে কেন ?' মেয়েটি কাছে স'রে এসে অতসীর চোথে তাকাবার চেষ্টা করলে।

অতসী মৃত্ভাবে তাকে সরিয়ে দিয়ে আরো বেশি রুঁকে প'ড়ে শেলাই-গুলো পরীক্ষা করতে লাগলো। মেয়েটি তাকে আর ঘাঁটালো না। সে জানতো অতসীর স্বভাব। দিব্যি হাসিম্থে কথা বলতে-বলতে কথন সে হঠাৎ জ'লে উঠবে দপ ক'রে—তগন আরু তাকে পোয মানানো যাবে না। অতসী তার মেজাজের জন্ম বিগ্যাত ছিলো; তার বন্ধ্রা মনে-মনে জানতো, কতদুর তার সঙ্গে যাওলা যাবে।

প্রদর্শনীর ভিড় এখন চরমে এসে পৌচেছে। নদীর ধারটা পুরোনো শহরের বেড়াবার জায়গা; সেখান থেকে, এই সদ্ধায়, অনেকেই এসে জুটছে প্রদর্শনীতে। কলেজের ছাত্র বেশির ভাগ। শুধু ঘুরে বেড়াতে, থানিকটা সময় কাটাতে; যে-জীবনক্লান্তি কখনো-না-কখনো আমাদের প্রত্যেককেই আক্রমণ করে, যদি কিছু লঘু হয় ভার ভার। ভিড়ের একটা মাদকতা আছে: বহুসংখ্যক লোক একই উদ্দেশ্য নিয়ে এক জায়গায় সমবেত হয়েছে, শুধু এই ব্যাপারটাই আমাদের যুথবদ্ধ হবার আদিম প্রবৃত্তিকে থানিকটা চরিতার্থ করে। নিছক সংখ্যাধিক্যের, বহুত্বের একটা গৌরব আছে: একজন সাধারণ লোক ভার অনিব্র্চনীয় তুছভায় লুপুর, কিন্তু ভারই মতো সহস্র মিলিত হ'লে আমাদের আদিম পশু-রক্ত ধাবিজ হয় সেই মানবতা-স্থুপের প্রতি। একজন সৈক্তের পা-ফেলায় কি একজন কাবারে-নাচওয়ালির পা-ভোলায় য়ে চেয়ে দেখবার মতো কিছু আছে, ভা নয়; কিন্তু যখন একটা দীর্ঘ সেনাবাহিনী কোনো বহুপদ, বিশাল

জীবের মতো নিয়মিত, যান্ত্রিক গতিতে অগ্রসর হ'তে থাকে, কি রঙ্গমঞ্চের উপর একশো পা একসঙ্গে একশো মাথায় গিয়ে ঠেকে, তথন—এমন হৃৎপিণ্ড নেই গে ছলে না ওঠে, এমন চোথ নেই যাতে না লাগে একটু নেশা। যে-জিনিশ স্বভাবতই হীন, গুণন তার একমাত্র অস্ত্র। তারই সাহায্যে সে জাতে ওঠে; যা স্বভাবতই স্থলর, তার সঙ্গে পাল্লা দেয়; এমনকি, অনেক সময় তাকে তাড়িয়েও দেয় ঘাড়ে ধ'রে। সংগ্যার শক্তি আশ্বর্ষ।

কিন্তু অত্সীর পক্ষে, সেই সময়ে, জনতার উত্তাপ শুধু একটা নিষ্পেয়ণ, একটা ভার মনের উপর। স্থুখ খুঁজে-খুঁজে ক্লান্ত--এই সব মুণ, উত্তেজনার লোভে রেথান্ধিত—ভেদে বেড়াচ্ছে এথান থেকে ওথানে, যেন তাদের কোনো মূল নেই, যেন তাদের অস্তিত্ব মূহুর্তের সঙ্গে মুহুর্তের সংযোজনায় রচনা ক'রে যাচ্ছে এক দীর্ঘ অবাস্তরতা। আর অতসীর চোখে, হঠাৎ, এই সমস্ত দৃশ্য একট শৃন্য স্বপ্লের মতো হ'য়ে উঠলো, তার ভিতর থেকে উঠে আসছে ছায়া, ছায়ার সঙ্গে ছায়ার সংঘাত, নিরবয়ব। মনে-মনে সে ভাবছিলো সরোজের কথা। সরোজ —তাকে দেখলেই যে আহা-বেচারা বলতে ইচ্ছে করে, ইচ্ছে করে গায়ে হাত বুলোতে। তার বন্ধুকে সে দোষ দিলে না—অসম্ভব সরোজকে ঠাটা না-করা। কিন্তু তা এত সহজ—এত সহজ। এত সহজ ব'লেই সেই ঠাট্টা কোথায় যেন ক্ষচিকে পীড়িত করে। সরোজের দৃষ্টিতে মাঝে-মাঝে এমন করুণ ভীরুতা ফুটে ওঠে, এমন ভিক্ষার মিনতি—ঠিকই, পোষা কুকুরের মতোই তাকে মনে হয়। এক-এক সময় অসহ লাগে অতসীর; তার ইচ্ছে করে আঘাত দিতে—তবু যদি সরোজের অভিমান

## প্রদর্শনীতে এক সন্ধ্যা

হয়, তব যদি তার আহত গর্বের ঝলকে উচ্জ্রল হ'য়ে ওঠে তার দৃষ্টি। মামুষ কেন তার নিজের মধ্যে গর্বের দীপ্তি রাখতে পারে না, কেন সে জ'লে উঠতে পারে না বিরোধের সংঘাতে—ঘর্ষিত লোহা যেমন ছিটিয়ে দেয় আগুনের কণা ? কিন্তু এত অল্লেই সরোজ আহত হয়, অতসী তা পারে না। তাকে দহু করতে হয়: নীরবে অহুভব করতে হয় তার মুখের উপর সেই মিনতি-মান দৃষ্টি। বঝতে পারে, সরোজের উপর তার ক্ষমতা অসাম। এমন কাজ নেই, যা সে না করবে—অতসী যদি वल। किन्द्र तम कि तमने मत्नात- के त्यादां यात्मत कथा वन्हित्ना. বিধাতা-নির্বাচিত স্ত্রী-ভীর্থের পাণ্ডা, স্ত্রী-দেবতার সেবায় আত্ম-উৎসর্গ ক'রে একট হাসি, ছ-চারটে মিঠে কথার বরলাভ যাদের মোক্ষ ? অতসী যদি তা ভাবতে পারতো, তবে দে খুণি হ'তো, হাঁফ ছেড়ে বাঁচতো। কিন্তু, যা-ই বলো আর যা-ই করো, অত সহজে সরোজকে চুকিয়ে দেয়া যায় না যে। তাই তো মুশকিল। তাকে ভূলে থাকা যায় অনায়াদে; তাকে নিয়ে দরকার করে না কোনো ভাবনার। কিন্তু কোনোথানে, কোনো নেপথ্যে সে আছে, জীবনের দুর্গুপটের আড়ালে: তার উপস্থিতির অম্পষ্ট অমুস্থৃতি একটা উৎকণ্ঠার মতো। এমন নয় যে সে মন্ত কোনো ফাঁক ভ'রে রয়েছে, ফিল্ক, সেই অহুভৃতির হাত থেকেও ছাড়া নেই, রক্তের অন্ধকারের মধ্যে মৃত্-উদ্ভাসিত সেই পাটল উৎকণ্ঠা। আর দেখানে, দেই অন্ধকারে, দে আছে, সব সময়, চরম। সে কিছু বলে না, কিছু চায় না: তার কোনো প্রত্যাশা নেই, কোনো অভিযোগ নেই; সে শুধু একটা উপস্থিতি, চিরস্তন, অন্ধকার ভ'রে একটা প্রেত-সত্তা। তার মধ্যে স্বীকার ক'রে নেবার

মতো কিছু নেই; দেইজন্ম তাকে অস্বীকার করাও অসম্ভব। অতসীর মনে পড়লো অনেক দিনের কথা, অনেক ছোটোথাটো ঘটনা—সরোজ যা বলেছে, না-বলেছে তার চেয়ে ঢের বেশি। যদি কথনো তার সাহদ হ'তো মৃথ ফুটে বলবার—কত সহজ হ'তো তা'হলে; প্রতিবাদে, প্রত্যাগ্যানে অতসী তাকে ঠেলে ফেলে দিতে পারতো বিশ্বতির জলরাশিতে। কিন্তু পারাণের মতো তার নীরবতা: নীরব ছায়া-সঞ্চারে দে আছে; অন্ধ, নির্বোধ সর্ব-ব্যাপিতায় শুধু আছে। আর সেই জন্মই অতসীর মনে একটা চাপা উদ্বেগ—যেহেতু সরোজ এমন অন্ধ, নির্বোধ, যেহেতু দেই অন্ধ মৃঢ়তার বিরুদ্ধে কোনো অন্ধ নেই। এমন সময় আসতো, বগন সরোজের প্রতি ম্বণায় বিষিয়ে যেতো তার মন। বোকা, বোকা—শুধু একটা মৃঢ়তার পুঞ্জ, পাযাণ-নীরব, পাযাণত্যে অপরাজেয়। আর দেই সঙ্গে, এত তুর্বল, এমন নিরাবরণ, বাইরের আঘাতে এত বেশি উন্মৃক্ত। শেষ পর্যন্ত, তার সম্বন্ধে মনস্থির ক'রে

'এই ক্নমালগুলো কত ক'রে ?' একজন জিগেস করলে, অতসীর কাছাকাছি।

অন্ত মেন্ত্রেটি তাড়াতাড়ি ব'লে উঠলো, 'রুমাল? দেখুন—কী চমৎকার কাজ-করা, বাজারে এ-রুকম কিনতে পাবেন না কোথাও। দেখুন না।'

'কী-রকম দাম ?'

অতসী চমকে উঠলো, জেগে উঠলো তার ভাবনা থেকে। গলার স্বরটা যেন চেনা মনে হচ্ছে। চোথ তুলে তাকালো সে। ঠিক তার

## প্রদর্শনীতে এক সন্ধ্যা

মুখোমুখি দাঁড়িয়ে রঞ্জন রায় এক গোছা রুমাল দেখছে, তার পাশে দাঁড়িয়ে আর-একটি যুবক, চূল-ওন্টানো, গরদের পাঞ্জাবি পরা।

রঞ্জন অতসীকে দেখতে পায় নি : ভাজ-করা রুমালগুলো একটা-একটা ক'রে তুলতে-তুলতে সৈ বললে, 'বা:, স্থলর তো।'

'চমৎকার, না?' অতসীর বন্ধুর কণ্ঠস্বরে লাগলো উচ্ছাসের দোলা, 'এত স্থানর, এর জন্ম একটু বেশি দাম দিতে কে না রাজি হবে? তবু তো আমরা শস্তাতেই দিচ্ছি যতটা পারছি—ছ-টাকা জন্ধন।'

'ছ-টাকা ?'

'অন্ত সবার জন্ত,' অত্সী ব'লে উঠলো। 'আপনার জন্ত তিন টাকা।' রঞ্জন আর তার বন্ধুর চোথ একসঙ্গে অত্সীর উপর এসে পড়লো; অন্ত মেরেটি তাকিয়ে রইলো অবাক হ'য়ে। ত্-একটা আড়েষ্ট মূহুর্ত কাটলো। রঞ্জন প্রথমটায় অত্সীকে ঠিক চিনতেই পারেনি, সেদিনকার চাইতে তাকে একেবারে অন্তরকম দেগাছিলো। তার মনে ছিলো ফে-ছবি, তার সঙ্গে এই অত্সীকে সে কিছুতেই মেলাতে পারছিলোনা; সে ধেন অন্ত কোনো মেয়ে। মেয়েয়া কি শাড়ির সঙ্গে-সঙ্গে তাদের আত্মান্ত বদলায়, রঞ্জন ভাবলে।

'আপনি এথানে ?' রঞ্জনই প্রথম কথা বললে। 'এই তো,' বিবর্ণ ভদ্রতার স্থরে অতসী বললে।

'আপনাদের জিনিশগুলোর এক-একজনের জন্ম এক-একরকম দাম কেন ?'

অতসী একটু হাসলো। বললে, 'নিয়ে যান আপনার যে-ক'টা দরকার।' 'কিন্তু আমার কাছ থেকে পুরো দামটাই রাখুন দয়া ক'রে।'

'मत्न करून ना जाननात्क पिरा पिन्म,' वाधा ह'रा जानी वनता। মনে-মনে তার রাগ হচ্ছিলো। এথানেও-এথানেও দয়া। কোনো সম্প্র-জীবের লিকলিকে, জেলি-নর্ম, সাঁড়াশি-হাত তাকে আঁকড়ে ধরতে উত্তত। সেই প্যাচপেঁচে জেলি-স্পর্শ সে যথেষ্ট পেয়েছে—আর নয়। আর তার উপর, কর্তব্যজ্ঞানের বোঝা, ক্রতজ্ঞতাবোধের পীডন। ক্রতজ্ঞতা —একটা বিষাক্ত কীট তার হংপিণ্ডের মূথে মূথ রেখে তার রক্ত শুষে নিচ্ছে। শীতের বাতাস, তুমি ব'য়ে যাও, ব'য়ে যাও; তুমি তো অক্তভ্ঞ নও মান্নুযের মতো। কিন্তু হাওয়া ব'য়ে চলুক; হাওয়া তো দেখানেই ব'য়ে যায়, বেথানে তার খুশি। আর কুভজ্ঞতা একটা বোঝা, মান্নুষের সঙ্গে মাহুষের একটা ব্যবধান। যার প্রতি ক্লভক্ততা, তার মুখের দিকে যেন তাকানো যায় না; মাঝখানে 'একটা ধোঁয়ার পরদা। যদি হাওয়া উঠতো, শীতের নিষ্ঠর হাওয়া, যদি উড়িয়ে নিয়ে থেতো দেই ধোঁয়া! একজন আর-একজনকে দেখতে পেতৃম মুগোমুখি—মুক্তা-স্বচ্ছ আবহাওয়ায়। কেন আমরা এ-সব বোঝা জমিয়ে রাগবোই, এই জঞ্চাল—কেন ছু-হাতে সব ছড়িয়ে দিতে দিতে এগিয়ে যাবো না, বাতাস-অবাধ! কেসনা, জীবনের সবচেয়ে বড়ো জিনিশ হচ্ছে মুক্ত হওয়া—মুক্ত, আর পরিচ্ছন্ন, যে-সব ছোটো-ছোটো জিনিশ কেবলই আমাদের পিছনে টানে, তা থেকে মুক্ত, নিজের অনাক্রমণীয় স্বাতস্ত্র্যে প্রতিষ্ঠিত। রঞ্জনের সঙ্গে কথায়, ব্যবহারে অতসী একটা অনিশ্চয়তা অমভব করছিলো। সে বুঝতে পারছিলো যে ঐ লোকটির প্রতি তার ক্বতজ্ঞ বোধ করা উচিত, আর তাতেই তার ভিতরটা যেন কাঠ হ'য়ে যাচ্ছিলো। সে চেষ্টা করছিলো সে-ভার থেকে মুক্ত হ'তে, সহজ হ'তে, সহজ ভাবে নিতে।

### প্রদর্শনীতে এক সন্ধ্যা

রঞ্জন একটু হেদে বললে, 'তাহ'লে বলুন যে আমাকে দিয়ে দিলেন।' রঞ্জনের কথার লঘু স্থরে আর তার হাসিতে অভমী একটু আশ্বত হ'লো। এ-কথা অন্তত সে ভাববে না যে অভসী তাকে খুলি করতে চায়, তাকে 'প্রতিদান' দিতে চাব। একটু চুপ ক'রে থেকে সে বললে, 'বেশ, দিলুম।'

'অনেক ধন্মবাদ আপনাকে। কিন্তু আরো অনেক ভালো-ভালো জিনিশ দেখছি। কিনে নেরা যাক কিছু।'

'টিপয়ের ঢাকনা কয়েকটা নিয়ে যান,' অন্ত মেয়েটি ব'লে উঠলো, 'ঐ যে কালোর উপর সোনালি কাজ করা।'

রঞ্জন আর তার বন্ধু যখন জিনিশ পছন্দ করতে ব্যস্ত, অতসী বললে, 'কিছু কিনবেনই, প্রতিজ্ঞা ক'রে এসেছিলেন নাকি '

রঞ্জন একটা কালো-আর-সোনালি টিপর-ঢাকনার উপর হাত রেথে বললে, 'ঠিক এই রকম জিনিশই আমি খুঁজছিলুম।'

ত্ব-বন্ধ মিলে কিনলে কয়েকটা।

অন্ত মেয়েটি যথন জিনিশগুলো ব্রাউন পেপারে জড়াচ্ছে, অতসী বললে, 'আপনি সেনিন গিয়েছিলেন আমাদের ওগানে ?'

'হ্যা। আপনার সঙ্গে তো দেখা হ'লো না।'

'বাড়ি এসে শুনলুম মা-র কাছে।' তারপর অতসী জুড়ে দেয়া উচিত মনে করলে, 'আর-একদিন যাবেন।'

'যাবো,' ব'লে রঞ্জন প্যাকেটটা হাতে নিলে।

'কে, ভাই ?' তারা একটু দূরে থেতেই অতদীর বন্ধু তার উপর ঝাঁপিয়ে পডলো।

'চেনা—'

'তোদের আত্মীয় ?'

অত্সী জবাব দিলো না।

'क्यान छत्ना नित्य निन त्य रए ।?'

'তুই যা শুনতে চাস, তা মনে-মনে ভেবে নিলেই তো পারিস। অত জিগেস করিস কেন '

'Your latest?' প্রদর্শনী থেকে বেরিয়ে একটু নিরিবিলি রাস্তায় এসে চল-ওন্টানো ছেলেটি বললে।

'Latest ?' রঞ্জন অক্তমনস্কভাবে পুনরাবৃত্তি করলে।

'I mean—এ কালো মেফেটি। এবার কি O my dark Rosaleen?'

হঠাৎ রঞ্জন জিগেস করলে, 'তুমি As You Like It পড়েছো নিশ্চরই ?' . 'পড়োছ তো।' ছেলেটি থতমত থেয়ে গেলো, 'কেন ?'

রঞ্জন মৃত্স্বরে আবৃত্তি করলে:

'From the east to western Ind, No iewel is like Rosalind.'

তারপর বললে, 'কী স্থন্দর নাম—রোজালিও!' 'হঠাৎ এ-কথা কেন?'

'হঠাৎ মনে পডলো।'

#### চয়

#### রোজালিও

রোজালিও, রোজালিও; রোজালিওের মতো নাম আর নেই। রঞ্জনের মন্তিকের কোষে-কোষে তা গুঞ্জিত হ'তে লাগলো, তাকে ঘিরে তার অন্তরণনের ইন্দ্রজাল। আ, দেই আর্ডেনের বন, গাছে-গাছে প্রেমের কবিতা, হাসিতে আলাপে ভঙ্গিতে উচ্চল সেই লীলা—চিরকালের সেই ভালোবাসার গল্প! সেই সন্ধান, সেই ছঃসাহস! ভীব্র আবেগের বিছাৎ, ত্ব:গগ্রহণের, ত্ব:থক্ষালনের পরিপূর্ণতা। এই তো ভালোবাসার গল্প—ত্বরহ পথ্যাত্রা, প্রেমিকের মিলনে যাত্রার শেষ। কেননা মাহুষ অনাদিকাল থেকে পণ করেছে যে তা সহজ হবে না। একমাত্র মানুষ্ই অস্বীকার করেছে প্রকৃতির হাত থেকে তার প্রেমকে নিতে, প্রবৃত্তির অন্ধ স্রোতে; একমাত্র মামুষই দাবি করেছে সচেতন হবার অধিকার, তু:থ পাবার অধিকার। সেইজন্মই তো তাকে ভ্রষ্ট হ'তে হ'লে। স্বর্গ থেকে; সেইজন্মই তো সে ছুবাশা করতে পারসে নতুন স্বর্গের। সে-স্বর্গ সে ভোগ করবে, তাকে সৃষ্টি করবে সে। তার ভালোবাসাকে সে জটিল ক'রে তুললে, কঠিন ক'রে তুললে, তার স্বপ্নে, তার ভাবের রসে। যেগানে শুধু প্রবৃত্তির অন্ধ শক্তি, সেগানে সে দেখলে অপার রহস্তা। সে অবাক হ'লো; চেয়ে-टिए प्रथा, जूल फेंग्रेड मिनन्ड थारक मिनन्ड प्राप्त नीन यमूना। আর বেদনায়, অভিমানে, বিরহে, কাল্লায় আর বাসনায় তার সমস্ত অন্তর রামধন্ম-রঙিন হ'য়ে উঠলো যে। তারই জন্মে তো চিরকাল আর্ডেনের বনে-

বনে পূর্বরাগ-চঞ্চলতা, কালো জলে ঢেউ তুলে দেয়া বাঁশির স্থর; তারই জন্মে তো শ্রাবণরাত্রির বিরহ-মধুরতা। তারই জন্মে তো নিশীথের তারার দিকে তার চেয়ে থাকা, হঠাৎ অকারণে ত্-চোথের জলে ভ'রে আসা। সেই অপরিপূরণীয় অসীম-তৃষ্ণা না-হ'লে তার প্রেম মে সম্পূর্ণ হ'তো না। না, সহজ সে হ'তে দেবে না; রোজালিওকে সে খুঁজবে; তার জন্ম সে গাছে-গাছে ঝুলিয়ে রাথবে ছন্দের মালা—কারণ, তা যদি তাকে না-করতে হ'তো, তাহ'লে সে যে জানতে পেতো না, থোজালিওের মতো নাম আর নেই।

আসল কথাটা যা, তা অতি সহদ। কথন যে আমাদের মনে স্থাবের টেউ দেয় কোনখান থেকে, কেউ বলতে পারে না। কী যে আমাদের মন ছুঁয়ে যায় এক চিকত মুহুর্তে, , আর কল্পনা জেগে ওঠে তাকে ঘিরে। অবিচ্ছিন্ন ব'য়ে চলেছে আমাদের চেতনার স্রোভ, মূহুর্তের পর মূহুর্তের ঝলক, ফুটে উঠেই মিলিয়ে যাচ্ছে, চিরকালের চিহ্ন রেথে যাচ্ছে না কোনো—শুধু এইটানা, অন্তহীন একটা স্রোভ। আমরা থেয়াল করিনে—কেটে যেতে দিই, ব'য়ে বেতে দিই। কিন্ত হঠাৎ এক-একটা মূহুর্ত আদে, স্রোভ থেকে যা বিচ্ছিন্ন, যা আটকে থাকে আমাদের মনে, ধাবমান কালের অনিবার গতি থেকে পিছিয়ে প'ড়ে যা র'য়ে যায়। তথন সেই মূহুর্তকে কেন্দ্র ক'রে আন্থে-লান্ডে ভাবনার দ্বীপ গ'ড়ে ওঠে। মন ঘুরে বেড়ায় সেই মূহুর্তের আন্থে-পাশে, বে-ফুল এখনো জোটেনি, তার আশা-উন্মাদ জনরের মতো। কল্পনায় সেই মূহুর্ত নিজের পুনরার্ত্তি ক'রে যায়, অস্তহীন। সমস্ত মন ভিতরে-ভিতরে রঙিন হ'য়ে ওঠে ইশারায়, নেছে-মেছে চাপা যেমন স্থান্ত।

আর রঞ্জনেরও তা-ই হ'লো, সেই সন্ধ্যায়, সেই ভিডের আর কোলাহলের মাঝগানে। ভারি আশ্বর্য, সেজগু সে প্রস্তুত ছিলো না। হঠাৎ একটি হুর এসে নামলো তার মনে, যা বংকৃত হ'য়ে উঠলো রোজালিওের নামে লেখা গানে-গানে। (কারণ, কাব্যস্প্রিক ক্ষমতা সকলের থাকে না, তা না-ই বা থাকলো; বিশেষ কোনো মুহূর্তে অক্সের লেখা কবিতাকেও আমরা স্ঠেষ্ট করতে পারি নতুন ক'রে, সেটাও কম কথা নয়। কবির সঙ্গে পাঠকের যে সম্পূর্ণ একাত্মবোধ, সে-ই তো শ্রেষ্ঠ সংগম।) সেই এক মুহূর্তের আলোম, রঞ্জন অভসীকে দেখতে পেলো। দেখতে পেলো— শুনতে এটা এমন-কিছু নয়, কিছ্ক ভেবে দেখতে গেলে, এর উপরে আর কিছু নেই। সেই দেগা, তা একটা উন্মোচন। সেগানে অতদীর এমন একটা প্রকাশ, যা বিশেষ, যা অতুলনীয়। কিছু হয়তো ছিলো তার শাড়ির রঙে, কি দাঁড়াবার ভঙ্গিতে, কি তার ভুরুর বাঁকা রেথার টানে—ি হয়তো ছিলো না: কিন্তু সব-কিছু জড়িয়ে সে একটা ছবি, রঞ্জনের চোথে। আর তার মনে জেগে উঠলো অনেক অফুট স্বর— থেন বহুদ্র কোনো অতীতের, যেন অল্ত-কোনো জন্মের হঠাৎ-এদে-লাগ। প্রতিধানি। আ, আর্ডেনের বনের সেই রোমাঞ্চ! কেমন হবে সেই ভালোবাদা, যাকে পেতে হয় এত হু:থে, এমন হু:দাহদের ভিতর क्रिया।

রঞ্জন রার বাড়ি ফিরে এলো সাড়ে-আটটার মধ্যে—দে কথনো এর বেশি দেরি করে না। তার হাতের মোড়ক দেথে তার মা বললেন, 'কী আনলি এগুলো?'

রঞ্জন মোড়ক খুলে দেখালো।

'কোখেকে আনলি ?'

'ওয়াইজ ঘাটে নতুন একটা স্বদেশী দোকান খুলেছে—সেথান থেকে।' ব'লেই ভাবলে, 'কেন মিথোটা বলতে গেলুম ?' কিন্তু সেটা তার একটা অভ্যেসের মধ্যে দাঁড়িয়ে গিয়েছিলো, মা-র কাছে মিথো বলা। অনেক সময় তাকে মিথো বলতে হ'তো থামকা কথা-কাটাকাটি এড়াবার জন্ম, সে-রকম দরকার যথন নেই, তথনও মিথো বলতো নিছক অভ্যেসের জারে।

'কত দাম হ'লো?'

রঞ্জন অনেক কমিয়ে বললে।

তবু তার মা বললেন, 'এতগুলো পয়সা জলে ফেলে এলি তো?'

'পয়সা, মা,' রঞ্জন বললে, 'পয়সা জিনিশটা কথনো জলে ফেলা হয় না। অবিশ্রি তুমি যদি রুপোর টাকা নিয়ে 'পুকুরের ধারে ব'সে ছিনিমিনি থেলো দে-কথা আলাদা। কিন্তু তা কেউ করে না। অন্তত করেছে ব'লে জানা যায়নি। তা ছাড়া তুমি যা বলছো, সেটা জলে ফেলা নয়, যে-পয়সা আমার ছিলো, তা আর-একজনের হ'লো এই যা। তেমনি যে-জিনিশ আর-একজনের ছিলো, সেটা হ'লো আমার। এ-পয়সা ঘুরে-ঘুরে অনেক গুণ বাড়বে, তার থানিকটা হয়তো ফিরে আসবে আবার আমারই কাছে। এমনি ক'রেই তো পৃথিবীটা চলছে।'

ও-সব ভালো-ভালো কথা একেবারেই কানে না-তুলে তার মা বললেন, 'হৃ-হাতে ওড়াও—যদিন থাকে।' বাজে থরচ জিনিশটা তাঁর জীবনের বিভীষিকা। এক টাকা থরচ করলেই এক টাকা কমলো, এটা তিনি খ্ব ভালো ক'রেই ব্রতেন। এবং ক্রমশ হ্রাস পেতে-পেতে খ্ব বড়ো একটা সংখ্যাও তলায় এসে ঠেকতে পারে, এ-চিস্তা হৃঃস্বপ্লের মতো হানা দিতো

#### রোজালিগু

তাঁকে। পৃথিবীর সব শাস্ত্রের মধ্যে একমাত্র বিয়োগ অক্ষেত্রই সত্যতা সম্বন্ধেই তিনি নিঃসন্দেহ চিলেন।

রঞ্জন বললে, 'রুমালের অভাবে স্রেফ মারা ঘাচ্ছিলাম। তা-ছাড়া, সত্যি যে কী শস্তায় পেয়েছি, তুমি ভাবতে পারবে না, মা।' ব'লে উপরে চ'লে গেলো তার শোবার ঘরে।

শোবার ঘরে দক্ষিণে ঘটো জানলা পাশাপাশি: তার বাইরে আকাশ নেমে এদেছে ঢালু হ'য়ে তারায়-তারায় আলোর চিহ্ন রেখে; অন্ধকার মাঠ পার হ'য়ে ঘন গাছের সারি চোথে পড়ে অন্তত আকৃতির একটা পঞ্জ। রাত বাডে: ইলেকটিক পাওয়ার-হাউসে বিদ্যুৎগর্ভ যন্ত্রের হৃৎপিণ্ড অবিশ্রান্ত ধ্বকধ্বক করে, রেল-ইন্টিশান থেকে নানা রকম শব্দ ভেদে আদে, যেন রহস্তে মোড়া। থাওয়ার পর, দেই জানলার কাছে রঞ্জন একটা চেয়ারে বদলো, তার একাকীতে হুগী। রাত বাড়লো; আশে-পাশের বাডিতে নিবে যেতে লাগলো আলো। সেই রাত্রির মধ্যে কী-যেন একটা ছিলো, নতুন একটা অমুভৃতি; সেই রাত্রি যেন তার বকের মধ্যে কথা ক'য়ে উঠতে চায়; আর অনেকক্ষণ, অনেকক্ষণ, রঞ্জন শুতে গেলো না: ঘুমে তার চোগ ভ'রে আসছিলো, কিন্তু চেয়ার থেকে উঠে যে বিছানায় যাবে, তাতেও তার আলস্তের শীমা নেই। এমন নয় যে সে নির্দিষ্ট কিছু ভাবছিলো: তন্ত্রার ইচ্রপ্তেই-অবসরে সে শুধু তার মনকে ছেড়ে দিলে—বাইরে, রাত্রির অন্ধকারে, তারায়-তারায় ঝলসে-ওঠা নীরবতায়।

কয়েক দিন পরে, এক বিকেলে তাদের বারান্দায় পাটি পেতে বসেছে অতসী, হাতে শেলাই। একটু আগে সে এসেছে স্নান ক'রে, মিলের শাদা

শাড়ির আঁচলটা অয়ত্ত্বে গায়ে জড়ানো। পিঠের উপর ছড়িয়ে আছে এখনো-ভিজে চূল। একটু দূরে একটা নিচু মোড়ায় ব'সে আছে সরোজ, দেয়ালে হেলান দিয়ে, হাঁটুর উপর হাঁটু রেখে। তাদের দেখে মনে হ'তে পারে যে একটু আগে তাদের মধ্যে কোনো কথা হচ্ছিলো।

অতসীর হাতের ছুঁচ নীরবে গোল ফ্রেমে আটকানো কাপড়টাকে ফুঁড়ে-ফুঁড়ে চলেছে। থানিক পরে, শেলাই থেকে মুথ না-তুলেই সেবলনে, 'শেষ পর্যন্ত, সরোজ, কিছুতেই কিছু এসে যায় না।'

সরোজ আন্তে-আন্তে বললে, 'যদি তা-ই মনে করতে পারো, তাহ'লে সব ভাবনাই তো চুকে যায়।'

'ভাবনাই বা কিসের!' অতসীর এই ঔদাসীন্ত যেন অনেকটা গায়ের জোরের ব্যাপার, যেন সে চেষ্টা করর্ছে সরোজকে চটাতে, তাকে উশকে দিতে—যেমন থোঁচা দিয়ে-দিয়ে আমরা প্রাদীপের শিখা উশকে দিই।

'তোমার বয়স কম,' মাথা নিচু ক'রে শেলাইটাকে স্ক্র দৃষ্টিতে লক্ষ্য করতে-করতে অতসী বললে, 'মাত্নধের ভালো করা যে থুব একটা ভালো কাজ, এ-মোহ তোমার এখনো আছে।'

সরোজ কথা বললো না। সত্যি বলতে, ত্-জনের মধ্যে সরোজই বয়সে বড়; কিন্তু সে-কথা এখানে উল্লেখ করা নিতান্ত অবান্তর, অর্থহীন। সে-জ্যেষ্ঠতা নেহাৎই ঐতিহাসিক। ঐতিহাসিক ভাবে একজন ক-বছর বেঁচেছে, শুধু তা-ই দিয়ে সব সময় তার বয়স নিরূপণ করা যায় না। দেখতে হয়, সে কতথানি বেঁচেছে, কতটা প্রগাঢ় তার বাঁচা। নিজের সম্বন্ধে সরোজ কোনো উচ্চ ধারণা পোষণ করতে শেখেনি। স্থানীয় একটা ব্যাক্ষে সামান্ত কেরানির কাজ সে করে। আল বয়সেই সে কাজে ঢুকেছিলো—তার

বাবার ইচ্ছায়। নিজেরও কোনো তীব্র অনিচ্ছা চিলো না: পরীক্ষা অনেকগুলো পাশ করতে পারলেও এর বেশি কিছু তাকে দিয়ে হবে কিনা, সে-বিষয়ে একটা **স্বাস্থ্যকর সন্দেহ** তার ছিলো। আর এথানেই প্রায় চরম— তার জীবনের যেটা উচ্চতম, তাও এর খুব উপরে নয়, মনে-মনে তা পে জানতো। এবং জেনে, বিস্তোহ করতে। না; বরং তা মেনে নিয়েছিলো স্বচ্ছন্দে। এখন বাপ আছে মাথার উপর, তার নিজের বিশেষ ভাবনা নেই। নিজে যা উপার্জন করে, খরচ করতে পারে নিজেই। নিজের মনে. নিজের জীবন নিয়ে সে স্থগী। যদি কোনো অভাব থাকে, কোনো অভপ্রি —তা তো আছেই; তা নিয়ে নালিশ ক'রে-ক'রে থামকা কট্ট বাডানো কেন ? নালিশ সরোজ করতো না—কথনোই না। নিজেকে সে এমন মূল্য দিতো না, যা নিয়ে নালিশ করলে মানায়। নিজেকে মুছে ফেলতে দে সব সময়েই উৎস্থক। অতসীর কাছে, বিশেষ ক'রে। এই প্রথম নয় যে তার কাচ থেকে পিঠ-চাপড়ানো কথা সে অনায়াসে হলম করেছে। সে কোনো উত্তর দিতে চায় না—পারেও না অবশ্য। এমনও যেন তার মনে হয় যে এই পিঠ-চাপড়ানোই দংগত, ও-সব কথায় যেন খানিকটা সত্য আছে। খানিকক্ষণ চুপচাপ। অতসী একমনে শেলাই ক'রে যাচ্ছে। তার ্মথের ভাবে উৎস্থক তন্ময়ত।। তার মনের মধ্যে আছে যে-ছাঁচ, স্থতোর রেথায়-রেথায় তাকে হুবহু ফুটিয়ে তোলবার আগ্রহে কথনো ভার ভুক কুঁচকে যাচ্ছে, কথনো তার ঠোঁট ছটি গোল হ'য়ে উঠছে তীক্ষ ভঙ্গিতে। তার ও তার কাজের মধ্যে একটা সম্পূর্ণতার চক্র, অচেতন, বৈহ্যতিক। তার সায়ুকেন্দ্র থেকে উঠছে এই উৎস্থকতা, আঙুলের এই ক্ষিপ্র চন্দ। নিজের হাতে কিছু তৈরি করা, মনের কল্পনাকে রূপায়িত ক'রে তোলা

কোনো বাইরের বস্ততে—তার আনন্দে অতসী আছয়। কথা বলবার কোনো প্রয়োজন নেই, আর-কিছুরই কোনো প্রয়োজন নেই। সরোজ মাঝে-মাঝে আড়চোথে তাকাতে লাগলো তার ম্থের দিকে—আর তারপরে তার সামনে ছড়িয়ে-যা ওয়া পুবের আকাশে,—যেথানে স্থান্তের প্রতিচ্ছুরিত আভায় অলস, শাদা মেঘগুলো গোলাপি হ'য়ে উঠচে।

'উ: !' অত্সী অস্ট একটা শব্দ ক'রে উঠে ছুঁচ নামিয়ে রাথলো।
'ফুটলো নাকি ''

অত্সী আঙুলটাকে ঠোটের উপর একটু ঘ'বে বললে, 'এই তোমার একটা স্থযোগ যাচ্ছে—ভালো করবাব, ভালো হবার।' ব'লে সে সরোজের মুথের দিকে তাকালো, অস্টু হাসির আভা তার ঠোটে।

সরোজ চোথ সরিয়ে নিয়ে ধললে, 'এখন রেথে দাও, আলো ক'মে আসছে।'

'তুমি, সরোজ,' আঙুলটাকে একবার জিভে ঠেকিয়ে অতসী আবার ছুঁচ তুলে নিলে, 'তুমি হচ্ছো সমবেদনার একটা কোয়ারা—কথায়-কথায় উথলে উঠে ভিজিয়ে দাও চারদিক।' সরোজকে ঠাট্টা ক'রে অতসী অভুতরকম স্থথ পাচ্ছিলো। এমন মজার থেলা—শুধু, আরো বেশি মজার হ'তো যদি ও মুখে-মুথে জবাব দিতে পারতো—পিংপং-এর বল যেমন ফিরিয়ে দেয়। '—নিজকে সবচেয়ে বেশি,' একট্ট পরে সে জুড়ে দিলে।

'এক কথা আর কতবার বলবে ?'

'বলতে পারো,' নরম লঘুস্বরে, প্রায় প্রফুল্পভাবে অতসী ব'লে উঠলো, 'কে বেশি করুণার পাত্র ? যে মাহুষের ভালো করতে চায়—না, যে মাহুষকে ভালো করতে চায় ?'

'সে যদি স্থুথ পায়,' আন্তে আন্তে, যেন কট ক'রে তার মনের কোনো গহন অভ্যন্তর থেকে কথাগুলো তুলে এনে সরোজ বললে, 'সে যদি স্থুখ পায়, তুমি কেন বাধা দিতে যাবে ?'

অতসী চোথ তুলে সরোজের চোথে তাকালো, মৃহ্রতকাল। তারপর আবার ছুঁচের একটা কোঁড় দিয়ে বললে, 'ঠিক। যে যাতে স্থুথ পায়, সে তা-ই করবে। বাধা দেবার অধিকার কারো নেই।'

ছ-জনে চুপচাপ। মৃষ্থতের পর মৃষ্ট্র, শাদা কাপড়ের উপর রঙিন স্থাতাগুলো রূপে ফ'লে উচছে, যেন কোনো জাতৃকরের আঙুলের গেলা। সরোজ অতদীর বাছর ওচা-নামার ছন্দ লক্ষ্য করতে লাগলো, তার দীর্ঘ, কৃশ আঙুলের সহন্ধ, অভ্যন্ত শ্রী। 'কিন্তু তুমি—' থানিক পরে সরোজের মধ্যে যেন অন্ত কেউ কথা কয়ে উচলো, 'ভোমারই বা ভালোর উপর এত রাগ কেন?'

অতসী চোথ তুললো, কোনো কথা বললো না। তার স্থতো ফুরিয়ে গিয়েছিলো; বাড়তি স্থতোটাকে দাঁত দিয়ে কেটে ফেলে সে সরিয়ে রাথলো শেলাই। তারপর বললে, 'আমার বাবা—তিনি ভালোর একজন মস্ত ভক্ত ছিলেন। ভালো হবার প্রতিজ্ঞা ক'রে ক'রে তিনি কত যে কাঁদতেন, তুমি অবাক হ'য়ে যেতে দেখলে। সেটা যে থেলারই একটা নিয়ম, তা না-করলে জমে না। তা না করলে—এক মাসের মাইনের অর্ধেক রেসে উড়িয়ে দেবার, মদ থেয়ে বাড়ি এসে ভাতের থালায় বমি ক'রে নেবার, বাড়িতে একটিও পয়সা না-রেথে মাঝে মাঝে উধাও হ'য়ে যাবার পুরোপুরি মজাটা কি পাওয়া বায়!'

সরোজ বললে, 'কিন্তু তা সত্তেও ভালো তো ভালোই র'য়ে গেলো।'

অতদী কিছু বলতে যাচ্ছিলো, কিন্তু এমন সময় হিরণ্ময়ী সেখানে এলেন, ছটি কালো পাথরের রেকাবিতে ক'রে কিছু কালোজাম আর লিচু নিয়ে। 'লিচুগুলো খুব ভালো মনে হচ্ছে,' সরোজের দিকে তাকিয়ে তিনি বললেন।

'এ-সব কোখেকে এলো?' তার সামনে রাথা রেকাবিটার দিকে তাকিয়ে অতসী বললে।

'আমি এনেছি,' সরোজ তাড়াতাড়ি ব'লে উঠলো 'আপিশ থেকে ফেরবার পথে একটা লোককে পেলুম—একরকম জোর ক'রেই গছিয়ে দিলে—আর কালোজাম আমি খুব ভালোও বাসি—' অপরাধের নানারকম জবাবদিহির চেষ্টায় সে হাঁপিয়ে উঠলো। অতসীর কাছ থেকে একচোট শাসনের জন্ম তার স্বায়গুলো যেন নিজে থেকেই প্রস্তুত হ'য়ে নিলে।

কিন্তু অতসী শুধু বললে, 'আমিও খুব ভালোবাদি কালোজাম।' একটা জাম তুলে সে মুথে দিলে—'বাঃ, বেশ তো।'

'একটা লিচু থেয়ে ছাখ,' হিরণায়ী বললেন।

'সবই থাবো।' তারপর স্রোজকে: 'তুমি থাচ্ছো না?'

সরোজ রেকাবিটা হাতে তুলে নিয়ে ভালো ছেলের মতো মাথা নিচুক'রে থেতে লাগলো। অতসী বললে, 'কালোজাম ব'লে একটা পদার্থের যে অন্তিম্ব আছে, সে-কথা প্রায় ভূলেই গিয়েছিলাম। তোমার এতও থেয়াল থাকে!' তার কথা বলার ধরনে উৎসাহটা এত বেশি যে সরোজ খুশি হ'য়েও ঠিক খুশি হ'তে পারলো না।

'ওর কথা আর বলিস কেন ?' হিরণাটী বললেন, 'নিয়ে এসেছে এক ঝুড়ি—'

'এনেছে যেমন, ওকেই থাইয়ে দাও বেশি ক'রে। সরোজ, তোমাকে আরো কয়েকটা লিচু থেতেই হবে।'

'পাগল!'

'তবে আনলে কেন? দাও, মা, ওকে আরো কয়েকটা দাও।' অতসীর কণ্ঠস্বরে চেলেমান্থয়ি উপচে পড়তে লাগলো।

রঞ্জনের মনে, একটু আগে সবার অলক্ষিতে যে এসেছিলো পাশের চোটো দরজা দিযে, এসে দাঁড়িয়েছিলো বারান্দার নিচের জমিতে, রঞ্জনের মনে সেই কণ্ঠস্বব হঠাং তেউ গেলিয়ে গেলো। যেমন চটুল হাওয়া হঠাং দোলা দিয়ে থায় দিঘির বুকে, কালো জল ওঠে শিরশির ক'রে। চাপা হাসিতে উদ্ভাসিত এই অন্তরক দৃশু রঞ্জন দেখছিলো ক্ষ্পিত দৃষ্টিতে। কোনো দাবি কি নেই তার, যাতে সে বসতে পারে ওখানে গিরে, সহজ শোভনতায়; এমন কিছু কি সে করতে পারে না, যাতে সে ফুটে থাকবে না অতিমাত্রায় স্পষ্ট হ'যে, লক্ষ্য করবার কোনো জিনিশ, যাতে সে মিশে যাবে, গৃহীত হবে ওদের মাঝখানে অবাধ কথায়, চাপা হাসিতে, রঙিন লঘুতায় ?

তাকে প্রথম লক্ষ্য করলেন হিরণ্ময়ী। 'আরে, তুমি কগন এলে ?'
অতসী আর সরোজ ত্-জনেই ফিরে তাকালো; তাকে দেখতে পেয়েই উঠে
দাঁড়ালো প্রায় একসঙ্গে। অতসীর আঙুলে বেগনি দাগ, তার শাড়িরও এক
জায়গায় জামের কষ লেগেছে। স্পষ্ট বোঝা গেলো, সে তার অপ্রস্তত
অবস্থার জন্ম ভিতরে-ভিতরে সংক্তিত হ'য়ে উঠলো। মৃহুর্তের মধ্যে নেমে
এলো তার মুথে ভন্ততার শক্ত মুথোশ। মৃহুর্তের মধ্যে স্থর গেলো কেটে।
রক্ষনের মনে হ'তে লাগলো, সে যেন একটা বানর, কোনো স্ক্ষম যন্ত্র নিয়ে

নাড়াচাড়া করতে গিয়ে সেটা নষ্ট ক'রে ফেললে। নিছকে সে শাপ দিলে এই সময়ে এথানে এসে পড়েছে ব'লে।

'ওখানে দাঁড়িয়ে কেন ?' হির্থানী বললেন, 'এসো, উঠে এসো।'

রঞ্জন উঠে আদতে-আদতে বললে, 'কেমন আছেন ?'

ভদ্রতা-বাক্যের বিনিময় হ'লো। সবই—ঠিক বেমন হওয়া উচিত। স্পাই, নির্ভুলরূপে সে একজন বাইরের লোক: সে মাননীয় অতিথি, তার আপ্যায়নে সবাই উদ্গ্রীব। আর রঞ্জনের হৃৎপিণ্ড যেন হতাশায় ছুবে গোলো। না না, তার জন্ম নয়, তার জন্ম নয়। সে ভুপু বাইরে দাঁজিয়ে পেতে পারে স্থর্গের আভাস; যে-মুহুর্তে সে পা বাড়াবে, সোনার কপাট যাবে বুজে—সোনার সন্ধ্যা মেঘের গোমটা টেনে দেবে মুথের উপর। ছে-সময়টা সন্ধ্যার মতে। পেকে উঠলো লাল্লেন্সানায়, সে তাকে নাই ক'রে দিলে, সে তার উপর কালির আছড কেটে দিলে; কালি-উদ্গারী কোনো পোকার মতো। সে জানে না, কী ক'রে গোচানো যেতে পারে এই ব্যবধান—কী সে করতে পারে, বলতে পারে—কেমন ক'রে সে সহজ হ'তে পারে আর সহজ ক'রে তুলতে পারে।

হিরণায়ী সরোজকে ব'লে তার জন্ম উপর থেকে একটা চেয়ার আনাতে যাচ্ছিলেন, রঞ্জন তাড়াতাড়ি ব'লে পড়লো পাটির উপর, অতসী থেখান থেকে একটু আগে উঠেছে। কিন্তু ঠিক যেন মানালো না—তার পা ছটো ছড়িয়ে রইলো একটা বিশ্রী ভঙ্গিডে, যে-ভাবটা সে দেখাতে চেয়েছিলো, তা ঠিক ফুটলো না। দূর ছাই, মনে-মনে সে বললে, এর চাইতে ভদ্রলোকের মতো চেয়ারে বসলেই ভালো করতুম।

সরোজের সঙ্গে অভসী তার পরিচ্য করিয়ে দিলে। রঞ্জন বললে, 'এঁকে তো দেখেছি সেদিন আপনাদের সঙ্গে—' বলতে-বলতে সে থেমে গেলো। কথাটা কেমন বিসদৃশ শোনালো, যেন সে কোনো উচ্চাসন থেকে কথা বলছে। সেটা ঢাকবার চেষ্টায় সে—কী বলবে, হঠাৎ ভেবে পেলো না, অতসীব পবিভাক্ত শোলাইটা তাকে বাঁচালে।

—'আপনার কাজে বাধা দিলুম নাকি ?'

্জনের চোথ অমুসরণ ক'রে অত্সী বললে, 'না, না, কাজ কিছু না।'

'একটু দেগতে পারি ?' কাঠের ক্রেমটা তুলে নিয়ে রঞ্জন ঘুরিয়ে-ফিরিয়ে একটু দেখলে। তাবপর বললে, 'এগজিবিশনটা এবার বেশ ভালোই হ্যেছিলো।'

'তুমি গিয়েছিলে ?' হিরণায়ী জিগেদ করলেন। চকিতে অত্দীর চোথ একবার রঞ্জনের চোথের উপর এদে পড়লো। সরোজ দেটা লক্ষ্য করলে, তারপর ভাড়াভাভি চোথ সরিযে নিলে, যেন কিছু ছাথেনি।

'গিয়েছিলাম একদিন,' বললো রঞ্জন।

'অনেক রকম জিনিশ ছিলো এবার।'

'অনেক! এত স্থন্দর সব হাতের কাজ।'

'একটু চা থাবেন ?' অতসী জিগেস করলে।

'থাবে বইকি,' হিরঝারী ব'লে উঠলেন, 'আজ কিছু না-থেয়ে তুমি যেতে পারবে না কিছুতেই।'

অসময়ে নে-কোনো কিছু গাওয়া রঞ্জন অত্যন্ত অপছল করে, কিছ সে আপত্তি করলে না একবারও। হাঁা, গাবে বইকি—এ বাড়িতে ঢুকেই যে-দৃশ্য তার চোথে পড়েছিলো, তা বার-বার কিরে-ফিরে আসছিলো

তার মনে। তার মনে পড়লো অতসীর ঈষৎ-আনত পিঠের উপর ছড়িয়ে-যাওয়া কালো চুল, কাঁধের কাছে আঁচরের চওড়া, কালো পাড়ের টুকরো। আর সরোজ—নতদৃষ্টিতেও সে যেন দেখে নিচ্ছে অতসীকে, অন্ত কোনো ইন্দ্রিয় দিয়ে অন্তত্তব করছে তাকে। নিছক খাওয়ার ব্যাপারে যে এত মধুবতা থাকতে পারে! একটুখানি আভাস মাত্র—কিন্ত রঞ্জন মুগ্ধ হ'য়ে গিয়েছিলো।

হিরথায়ী তার সামনে নানারকম ফলে ভর্তি একটি রেকাবি এনে রাখলেন। দেখে রঞ্জন ব'লে উচলো, 'এতগুলো!'

'কিছুই তো নয়।'

'দেখুন—' মিনতির স্থরে রঞ্জন আরম্ভ করলো।

'থাও-না যেটুকু পারো,' হিরণায়ী বললেন, 'একটু জল এনে দে তো, ্ অতসী।'

জল এলো। থালা-ভরা সব ফলের দিকে তাকিয়ে রঞ্জন গোপনে দীর্ঘশাস ফেললো। অতসী বললো, 'থান।'

'থাচ্ছি।' সংক্চিতভাবে রঞ্জন এক টুকরে। আম তুলে মুখে দিলে। এ-রকম নয়, এ-রকম নয়। সে দয়া ক'রে একটু থাবে, আর সবাই থাকবে তার মুখের দিকে তাকিয়ে! তব্, য়েন নিজের সঙ্গে বাজি রেখে সে আন্তে আন্তে থেয়ে য়েতে লাগলো। ফলের স্থাত্তা সম্বন্ধে ত্-একটা মস্তব্য করলে পর্যস্ত। দূরে স'রে সে থাকবে না; নিজেকে সে দেবে— তবে যদি সে গৃহীত হয়।

অতসী বললে, 'আমি চট ক'রে চা-টা তৈরি ক'রে আনছি। সরোজ, তোমাদের রান্নাঘর থেকে একট্থানি জল গরম ক'রে এনে দেবে ?'

রঞ্জন চোথ তুলে তাকালো একবার। এমন অবাধ—এই চাওয়া, একজনের আর-একজনকে কিছু করতে বলা। সমস্ত মন দিয়ে যাকে স্বীকার ক'রে না-নেয়া যায়, তার কাছে অমন ক'রে চাওয়া যায় না। তার, রঞ্জনের পক্ষে কিছু করবার নেই—চুপচাপ ব'সে আমের টুকরো গেলা ছাড়া।

অতসীর সঙ্গে-সঙ্গে সরোজও উঠে গেলো রাশ্লাঘরে। শুধু গ্রম জল না, চা-ও তাকে দিতে হবে, আর চাযের পেয়ালা—অতসী না-বললেও সে তা জানে। কিন্তু অতসী ও-সব দেখে বললে, 'এত কষ্টই যথন করলে, চা-টাও তৈরি ক'রে আনলেই পারতে।'

'আমাদের প্যাকেটটা নতুন খুলেছে, ভাবলুম—'

'ভালোই করেছো। আমাদের চা-টা বোধহয় পুরোনো হ'য়ে গেছে— কবেকার কেনা মনেও নেই।'

সরোজ পেয়ালা চামচে নিয়ে ব্যস্ত হ'লো।

'মুশকিল, এই রকম জলজ্যান্ত কোনো ভদ্রলোক যদি এসে উপস্থিত হন। তার উপর, উপকারক!' অতসীর শেষের কথাটায় এত জালা চিলো, যে সরোজের একবার চোথের পাতা পুড়লো।

'ও-রুকম ক'রে কেন বলছো। ভদ্রলোক তো বেশ ভালোই।'

'ভালো! ভালো! ভালো!' বলতে-বলতে অতদী চামচে দিয়ে চায়ের পেয়ালার গায়ে টোকা মারলো।

अमिरक वाजानमात्र व'रम हित्रपाती वनातन, 'अ की ? जात थारव ना ?'

'না—সত্যি আর পারছি না।' রঞ্জনের কথার আন্তরিকতায় সন্দেহ করা অসম্ভব ছিলো। অতসী তার দৃষ্টির বহিন্তৃতি হবার পর থেকে আহারে তার উৎসাহ আরো যেন কমে গিয়েছিলো।

'থাক তাহ'লে, জোর ক'রে থেয়ে কাজ নেই।' রঞ্জন কুতজ্ঞ চোথে তাকালো।

হিরপ্রয়ী বললেন, 'এ-পথ দিয়ে যদি যাও, মাঝে মাঝে আসতে তে! পারো।'

'হ্যা, আদবো।'

'বাড়িটা এমন জায়গায, এ-পাড়ায় আসবার কাফরই কোনো দরকার হয় না।'

'বেশ তো—ভালোই তো জায়গাটা।'

রঞ্জন অক্সনস্কভাবে কথা বলছিলো। সে ভাবছিলো—ভার মনে
পড়িছিলো অভসীর সেই চকিত দৃষ্টি, একটু যেন শক্তিত, একটু মিনতির
আভাস কি ছিলো না তাতে ? প্রদর্শনীতে তাব সঙ্গে দেখা হবার
কথা অতসী কি তার মা-কে বলেনি ? তার, তাহ'লে, এটুকু মূল্য
আছে যে তাকে গোপন করতে হয়। তার বারণ যা-ই হোক।
কারণ যা-ই হোক, সেটা কম নয়। অস্ততঃ একটা-কিছু তো।
উদাসীনভার পরম শৃত্ত না-হ'য়ে তবু কিছু। কথাটা ভেবে রঞ্জনের
ভালো লাগলো। আর, তাদের মধ্যে একটা গোপন কথা; একটা
কথা—হোক তা তৃচ্ছ, অর্থহীন,—যা আবদ্ধ রইলো তাদের ছু-জনের
মধ্যে। তাতে ক'রে অতসীকে একটু অস্তত মেনে নিতে হচ্ছে তাকে।
তাতে ক'রে, অতসীর চোথে তার একান্ত বর্গহীনতার কিছুটা কি
ঘৃচলো না ? রঞ্জনের মনে হ'তে লাগলো, যেন এই সামান্ত গোপনভার
অংশগ্রহণেই অতসীর সঙ্গে তার একটা যোগাযোগের হত্ত স্থাপিত
হ'য়ে গেছে, ভাব-বিনিময়ের একটা পথ ধেন সে খুঁজে পেলো।

কিন্তু কেন এই গোপনতা? সভ্যি, অভসী নিজেও জানে না, কেন সে তার মা-কে বলেনি, রঞ্জনেব সঙ্গে তার যে দেখা হয়েছিলো। অবশ্য সব কথাই যে আমরা সবাইকে—এমনকি, আমাদের মাফেদের —বলি, তা নয়। কিন্তু অনেক কথাই বলবার যোগ্যা নয়, অনেক কথাই আমরা ভূলে যাই—ভূলে গিয়ে বাঁচি। কিন্তু এটা—এটা যে সে ভূলে গিয়েছিলো, তা নয়; সে যে ভূর্যু কথাটা বলেনি তা নয়, চেষ্টা ক'বে না-বলেছিলো। এ-প্রসঙ্গে তার মা উৎসাহী হ'য়ে উয়তেন— এবং সে তা জানতো। অনেকটা সেইজন্মেই সে বলেনি; তার মা-র উৎসাহিত অবস্থা সে সব সয়য় পছন্দ করতে পাবতো না। তাঁর কাছে বঞ্জনের নাম উল্লেখ করবার কথা ভাবতেই তার খারাপ লেগেছিলো। নিশ্চয়ই, তার পরে তিনি নানা রকম কথা তুলতেন। এ ছাড়া আর-কোনো কারণ তার ছিলো না—এবং এই কারণটাও খুব স্পষ্ট হ'য়ে ছিলো না তার মনে।

আর হিরণ্মীর মনে—মৃথ-নিচ্ ক'রে ব'দে-থাকা রঞ্জনের দিকে তাকিয়ে-তাকিয়ে—হিরণ্মীর মনে একটা তীক্ষ জয়ের অস্ট্রুতি জেগে উঠলো, গোপন কোনো আক্রোশের একটা চরিতার্থতা। সবচেয়ে ভালো প্রতিহিংসা এ-ই তো। তিনি ভোলেননি—মৃণালিনীর, রঞ্জনের মা-র মৃণের সেই অভি-মার্জিত অবজ্ঞার ভাব, যেন একটা গ্লানির সংস্পর্শে এনে তাঁর আত্মার রীতিমতো ক্লেশ হচ্ছে। তিনি—ওঃ, নববৈধব্যের শোকের বিলাসে তিনি এমন দ্ব, বিচ্ছিন্ন, শুল্ল, নীরক্ত আধ্যাত্মিকতার প্রতিষ্ঠিত। তাঁকে যেন কেউ বিরক্ত করতে না আসে—প্রাত্যহিক সাংসারিকতার মলিনতা নিত্র তিনি যেন প্রাণ ভ'রে

শোকের উৎসব করতে পারেন; তিনি ঘেন ব'দে থাকতে পারেন, চিন্তামগ্ন, নি:সঙ্গ পাথির মতো, তাঁর সোনার ডিমের উপর শক্ত হ'দ্বে ব'দে থাকতে পারেন। ওপারে, স্বামীর আত্মা, আর এই পৃথিবীতে দ্বামীর সক্ষরের বৃহৎ স্বর্ণডিম্ব—তাঁর ধ্যান। কোনোরকম চিত্তবিক্ষেপ তিনি সহু করতে পারেন না। পারেন না, পারেন না। বেশ, তিনি থাকুন তাঁর আধ্যাত্মিকতার পরিমণ্ডলে, শোক-শুল্র—কোনো প্রহরী পাথির মতো শুরুতায় একাগ্র। কিন্তু তাঁর ছেলে—তাঁর ছেলে তাঁকে ব্যর্থ করবে মিথ্যা আচরণে। এই তো দে। তিনি একা থাকবেন, —তাঁর অপার্থিব বিবর্ণতায়, তাঁর অচঞ্চল অধিকার-বোধে। কেন্ড আসবে না তাঁর ধ্যানভঙ্গ করতে। কিন্তু তাঁর ছেলে, তাঁর অধিকারের অতি প্রধান অংশ—দে তাঁকে ফাঁকি দেবে, দে বেরিয়ে আসবে, নিজেকে দেবে দেবে সেইথানে, যেথানে তাঁর পবিত্রতা-পাণ্ডুর আত্মার অপার বিমৃথতা, প্রত্যাথ্যান।

ষ্মতসী চা নিয়ে এলো। রঞ্জন তার চোথে একবার চোথ ফেলে বললে, 'ষ্মাপনারা কেউ চা থাবেন না ১'

'চা আমরা থাইনে।' আমরা—বছবচনের একটা অংশ সরোজ, সর্বদা অতসীর সঙ্গে, সর্বদা অতসীর পিছনে। ছায়ার মতো। আবছায়ায় অম্পন্ত, কিন্তু অনস্বীকার্য কোনো মৃতির মতো। রঞ্জনের বুকের মধ্যে যেন হঠাৎ একটা ব্যথা টনটন ক'রে উঠলো। আন্তে আন্তে সোতে লাগলো, ছোটো-ছোটো চুমুকে।

আর সেথানেই শেষ। সেথানেই শেষ, সেই সোনার সন্ধ্যার, রঞ্জনের মনের সোনায়-জলে-ওঠা কল্পনার। কিছুই নয়। যেমন

হওয়া উচিত ছিলো, কিছুই যেন হ'লো না। সে যেমন ভেবেছিলো সে-রকম এ নয়—লাল-হ'য়ে-ওঠা আকাশের দিকে মুথ ক'রে ব'সে, এই অপরিসর বারান্দায় ব'সে একট্-একট্ ক'রে সোনার রঙের চায়ে চূমুক দেয়া। ব্যাপারটা দেখতে যা, শুধুই তা-ই; তার বেশি এভটুকু নয়। কোনো নিহিত আগুন নেই কোনোখানে, চাপা কোনো বিহ্যতের অহুভৃতি—নেই অন্ত কোনো আকাশের অন্ত কোনো স্থান্ত থেকে কোনো প্রেরণা, যার স্পর্শে সবই প্রাণময় হ'য়ে ওঠে, ভ'রে ওঠে অসীমের ইঙ্গিতে। সবই আছে—তবু, কী যেন নেই; যার জল্মে সবই নিজেকে অতিক্রম ক'রে অন্ত কিছু হ'য়ে ওঠে, তা-ই নেই। রঙ্গনের মনে একটা অবমাননার মতো লাগলো। কখন সে-সময় আসবে, যথন বিদায় নিলে অভন্ত দেখাবে না, তারই জল্মে উৎস্ক হয়ে উঠলো সে।

না, সহজ নয়। চিরস্তন আর্ডেন-বন এক মূহুর্তে মর্মরিত হ'য়ে উঠতে পারে যে-কোনো জায়গায়, ধূলিময় গলির ধারে পুরোনো বাজির এই অপরিসর বারান্দায়; ল্টিয়ে পজতে পারে সেই চিরবসস্তের হাওয়া, ফদয় বাংকৃত হ'য়ে উঠতে পারে গানে-গানে—আর তার ছয়বেশের আবরণ ভেদ ক'রে উল্লোচিত হ'তে পারে সেই চিরকালের রোজালিও—কী হংসহ সে আবিজার! দেখা দাও, ম্থ ল্কিয়ে রেখো না। তুমি হ'য়ে ওঠো, আমার কয়নায় তুমি যেমন। দ্র করো অন্ধকার; তোমার ম্থ দেখতে দাও। এ-ই তো কাহিনী—শতান্ধীর পর শতান্ধী, সময়ের অন্তহীন স্রোতের টানে যা চ'লে এসেছে; তা ম্ঞ্রিত হ'য়ে উঠতে পারে যে-কোনো সময়ে, যে-কোনো জায়গায়—তা যথন আস্বার তথন

আসবেই। চেষ্টা ক'রে তাকে বাধা দেয়া যায় না; ইচ্ছে করলেই তাকে পাওয়া যায় না। না, ইচ্ছে করলেই পাওয়া যায় না। তাকে টেনে আনা যায় না বাইরে থেকে। তাকে সৃষ্টি করতে হয় নিজের ভিতরে, নিজের জীবন দিয়ে। তার আছে নিজের সময়, নিজের পকতার সময়: আপন পটভূমিকায়, স্বতঃ-উৎসানিত প্রাণ-উৎস্কক্যে সে একদিন ফুটে ওঠে, ক'লে ওঠে ঐশ্বর্যময় পকতায়। তাকে হ'তে দিতে হয়: অসংবৃত অধৈর্যে তাকে নিয়ে টানা-হেচ্ছা করলে চলে না।

রঞ্জন চ'লে যাবার পর অতদীকে একটু নিরিবিলি পেয়ে সরোজ বললে, 'কবে তোমার সঙ্গে রঞ্জনবাবুর দেখা হয়েছিলো একজিবিশনে ?'

অত্সীর চোথে চাপা আগুন ঝলসে উঠলো, 'তা দিয়ে তোমার দরকার কী ?'

'চমৎকার ভদ্রলোক,' অত্যন্ত শাস্ত, সাধারণ ভাবে সরোজ বললে।
'যা খুশি বলো,' অতসীর কণ্ঠস্বরে একটা অকারণ, প্রায় চুর্বোধ
বিশ্বেয়ের স্কর বেজে উঠলো, 'আমি তোমাকে ভয় করি না।'

#### সাত

বিপ্লব

এ-কথা সত্য যে কোনো মেয়ে যগন চেউ তোলে কোনো পুরুষের মনে, দে-মেয়ে তা মনে-মনে না-বুরোই পারে না। সে চুপ ক'রে থাকতে পারে, ভান করতে পারে লক্ষ্য না-করবার; নিজেকে সে রাথতে পারে আড়ালে, দূরে সমিয়ে, কিছ্ক সে জানবেই। বাতাসে তা বিহাৎ-তরঙ্গের মতো, পুরুষ-মনের সেই বাসনা। তা তাকে সচকিত ক'রে তুলবেই, যতই সে উদাসীন হোক, সেই চেউ উপপ্লাবিত হ'য়ে এসে লাগবেই তার মনে।

তা-ই হ'লো অতসীর। সে দেখলো, রঞ্জনের চোথে কাঁপছে বাসনার শিথা। আর তার সমস্ত মন ঘেন জ'মে বরক হ'য়ে গেলো, বরফের মতো শক্ত আর ঠাগু। এই অবমাননা—তা চরম। কী নির্লজ্ঞ মান্ত্বয—নিছক ঘটনার চক্রান্ত তাকে যেগানে এনে দিয়েছে, তারই অন্তায় স্থবিধে নেয়া! একজনের উপর যে-অধিকার নিতান্ত অবস্থার বিপর্যয়ে তার এসে গেছে, সেটাকে থাটাতে যাওয়া! এর চাইতে ক্রচিবিকার আর কী হ'তে পারে? বিস্রোহে, তিক্ততায় অতসী অশান্ত, হিংস্র হ'য়ে উঠলো। সে তা হ'তে দেবে না। অত শস্তায় বিকিয়ে ঘাবে না সে। তার বিরোধিতা নয় তলোয়ারের মতো, তীক্র দীপ্তিময়। সে পালিয়ে বেড়াবে না, লুকিয়ে থাকবে না। সে ম্থোম্থি দেখবে, সে ঝলসে উঠবে আক্রমণে। রঞ্জন জামুক, সবই সহজ নয়

দয়া করার মতো। এমন মজা হবে, অতসী ভাবলে, রঞ্জনঁকে ব্যাহত করতে, বার্থ করতে, কঠিন বিম্থতায় পরাস্ত করতে এমন মজা। বেন একটা নতুন অভিজ্ঞতার প্রচণ্ড দেশে এসেছে, উত্তেজনায় দে এমন চঞ্চল। তার রক্ত যেন ফেনিয়ে উঠছে তীব্রতায়, উল্লাসে। ইয়া, এটাও এক রকমের উল্লাসই তো, প্রতিকৃলতার এই নেশা। তা এত উন্মৃথ, নিজের কেন্দ্রের মধ্যে এমন আবদ্ধ, সংকল্পে এমন দৃঢ়। অতসী নিজেকে তার মধ্যে ভ্বিয়ে দিলে, যেন রসের প্লাবন। নিশ্চয়ই সে মর্মাহত হ'তো, যদি কেউ তাকে সে-সময়ে বলতো যে এটাও আকর্ষণ, আকর্ষণেরই উল্টো দিক।

আর দিনের পর দিন, রঞ্জন অহুভব করতে লাগলো যে সে
নিক্ষল হ'য়ে যাচছে। অহুভব করলোঁ, তার যে বাজে থরচ করবার
ক্ষমতা আছে, এই তুচ্চ, তার প্রকৃত সন্তার পক্ষে সম্পূর্ণ অবাস্তর
এই ব্যাপারটাই ব্যবধান হ'য়ে উঠেছে, তাকে আড়াল ক'রে রাথছে
অতসীর চোথ থেকে। যে-উপলক্ষ্য তাকে তার কাছে এনে দিলে,
সেটাই এখন প্রবল ফিরতি-ধারায় তাকে রাথছে দ্রে ঠেলে। রঞ্জনের
কাছে এটা প্রকাণ্ড অবিচারের মতো ঠেকলো। এটা তো তার দোষ
নয় যে তার কিছু পয়সা আছে। কেন অতসীর সঙ্গে তার অন্ত
কোনো অবস্থায় দেখা হ'লো না? কেন হ'লো না? কেন সে হ'লো
না দরিন্দ্র ? কেন এমন হ'লো যে অতসীর কাছে তার পরিচয়টাই হ'লো
বিক্বত ? কেন এমন ঘটনার বিপর্যয়, যাতে, সে যা, ঠিক সেই ভাবে
অতসী তাকে দেখতে পারছে না—অন্ত সব জিনিশ বাদ দিয়ে; তাকে
আড়াল ক'রে রেখেছে ঐ টাকা নামক তুছে পদার্থটা। কিছু সে তো

#### বিপ্লব

দরিদ্রই, অত্সীর কাছে; অত্সীর কাছে সে যায় তো প্রার্থনার বেদনা निराउटे। लुकिरा थारका ना, जात लुकिरा थारका ना; प्रथा पाछ। সে চলাফেরা করে থব সাবধানে; অতি সামান্ত উপহারও কিনতে ভয় পায়—পাছে কেউ কিছু মনে করে। পাছে কেউ মনে করে যে সেটা তার অর্থের দম্ভ। পাছে কারো এমন সন্দেহ হয় যে সে জিৎতে চাইছে নিছক টাকার জোরে, তুর্বলের মতো। পাছে—ও:, অন্ত নেই কুণ্ঠার, আত্ম-নিরোধের। সে যে অবস্থাপন্ন মান্ত্র্য তার কোনোরকম পরিচয়ই সে দেবে না: সে শুধু চায় তার নিজেকে প্রকাশ করতে, এই সংঘাত সে উত্তীর্ণ হবে তার নিজেরই জোরে। যেহেতু এই পরম হুর্ভাগ্য তার হয়েছে তাদের যে মা-মেয়েকে অর্থসাহায্য করতে হচ্ছে, সেইজক্ত এমন যেন কেউ না ভাবে যে তার জ্ঞারে বিশেষ কোনো দাবি করছে সে। নিজেকে সে কেবলই থর্ব করবে, প্রতিহত করবে, অত্যন্ত সাধারণ হ'য়েও সে যেন যথেষ্ট সাধারণ হ'তে পারচে না। ব্রিষম এক জালা হয়েছে, তার এই টাকা। কিন্তু এ-কথা দে কেমন ক'রে বোঝাবে যে সে ছ-হাতে টাকা ওড়াতে পারে, নিজের কাচ থেকে হঠাৎ ছাড়া পাবারই আনন্দে, মুঠি ভ'রে ছড়াতে পারে—অতসীর জন্য—না, তার নিজেরই আনন্দের নেশায়—শুধু যদি অতসী তা হ'তে দিতো।

পরের মাসে স্কলারশিপের টাকা পেয়ে সে একদিন তুপুরবেলা গিয়ে দিয়ে এলা হিরপ্রায়ীকে—অতসী তথন বাড়ি ছিলো না। এটা য়িদ তাকে করতে না হ'তো, নিজের মনে সে ভাবলে, তাহ'লেই ভালো ছিলো। য়িদ এর কোনো দরকারই না থাকতো! কী মুক্তিই তাহ'লে হ'তো তার।

অতসীদের বাড়িতে খুব বেশি সে যায়ও না—যতটা সে মনে-মনে চায়, ততটা অন্তত নয়। সেথানেও সংকোচ। যতক্ষণ সে গেলে সবাই যেন ধন্ম হ'য়ে যায়, ততক্ষণই বাধা। কারো ধন্ম-হ'য়ে-যাবার স্থযোগ সে নিতে পারে না। যথন যায়ও, অতসীকে বড়ো একটা একা পায় না: দেড়খানা ঘরের মধ্যে বাদ করলে একজনের সঙ্গে আর-একজনের গা-ঘেঁবাঘেঁবি না হ'য়ে উপায় নেই। সেটা বরং তার ভালোই লাগে —অতসীর সঙ্গে একা থাকার স্থযোগ যে তার বেশি জোটে না। সে-ব্যাপারটার প্রতি মনে-মনে তার একটু ভয়ের মতো ছিলো। থানিকক্ষণ এটা-ওটা আলাপ ক'রে অত্যন্ত মূহভাবে সে উঠে দাঁড়ায়—কোনোদিন বা অন্থরোধে ব'সে যায় আরো হ্-চার মিনিট।

তবু, ঐ প্রচ্ছয়তার মধ্যেও, কোনো অদৃষ্ঠ অন্ধ শক্তি যেন তাদের ত্-জনকে আকর্ষণ করে পরস্পরের কাছে, আকর্ষণ ক'রে আবার দ্রে ঠেলে দেয় : বাতাসে যেন চমকাচ্ছে অদৃষ্ঠ বিত্যং। ভারি অদ্তুত—শাস্তভাবে ব'সে ঘরোয়া বিষয় নিয়ে আলাপ করা—আর, সব সময় রক্তের মধ্যে সেই বিত্যুতের চমক, অপ্রতিরোধ্য, অনির্বচনীয়। সব সময়, এই ছোটোখাটো কথার, সাংসারিক বিবর্ণতার পটভূমিকায় যেন আছে অন্ত-কিছু—যেন অন্ত-কিছু হ'য়ে ওঠবার চেষ্টায় ছটফট করছে, সব সময়। যেন নতুন কোনো চেতনা, নতুন কোনো রাত্রির রহস্ত। কিছুই, ঠিক চোখে যেমন দেখা যাচ্ছে, তা নয় : যা-কিছু বলা হয়, কোনোখানে, কোনো নেপথ্যের অন্ধকারে, তার যেন আছে অন্ত-কোনো অর্থ : সেখানে, যা ছিলো নেহাংই কথা, তা হ'য়ে উঠছে বাণী। এই বিত্যুৎ কি একদিন জ'লে উঠবে না, রশ্বন ভাবলো, সায়ত্ত্বর

#### বিপ্লব

ঘর্ষণে-ঘর্ষণে, শিরায়-শিরায় উন্মন্ত রক্তস্রোতে, স্প্রে-অবলোপকারী সর্বশেষ মুর্ছায়।

একদিন বিকেলের দিকে স্থল থেকে ফিরে অতসী শুয়ে শুয়ে বই পড়ছে, বারান্দায় জুতোর শব্দ হ'লো। বইয়ের দিকে তাকিয়েই অতসী বললে, 'সরোজ, মা তোমার জন্ম কী যেন রেণেছেন রান্নাঘরে।

জুতোর শব্দ চৌকাঠ পর্যস্ত এলো, এসে থেমে গেলো।

অতসী বইয়ের পাতা উল্টে বললে, 'থেয়ে নাও, সরোজ—তারপর চলো একটু ঘূরে আসি রমনায়।'

কোনো উত্তর নেই। অতসী দেওয়ালের দিকে মৃথ ক'রে পড়ছিলো; একটু পরে মৃথ ফিরিয়ে তাকিয়ে দেখলো, দরজার চৌকাঠে অত্যন্ত কৃষ্ঠিতভাবে দাঁড়িয়ে আছে রঞ্জন, যেন ব্রুতে পারছে না, ঢুকবে কি ঢুকবে না।

'এ কী! তুমি!' ফশ ক'রে অতসীর মৃথ দিয়ে বেরিয়ে গেলো।
তাদের মধ্যে বেশিদিন 'আপনি' বজায় রাখা সম্ভব ছিলো না—বড়ো
বিশ্রী শোনায় সেটা, বাড়ির ঢিলেঢোলা আবহাওয়ায়। রঞ্জন—য়খন
অতসীকে সোজাস্থজি লক্ষ্য ক'রে কোনো কথা তাকে বলতেই হ'তো,
তাকে 'তুমি'ই বলতো। একজন বললে আর-একজনকেও বলতে হয়,
কিন্তু অতসীর মৃথ দিয়ে সেটা বেরোতে চায়নি সহজে। সমস্থার সমাধান
করেছিলো ঘুরিয়ে কথা ব'লে, স্পষ্ট সম্বোধনের দায় এড়িয়ে। কিন্তু খুব
বেশি কথা ও-কৌশলে বলা য়য় না। ফলে হয়েছিলো এই য়ে, তাদের
মধ্যে বলতে গেলে কোনো আলাপই হ'তো না; এমনিতে য়েটুকু হ'তে
পারতো, এই আড়ষ্টতার জন্মে তাও একেবারে তলায় এসে ঠেকলো।

কিছ্ক এই অক্সমনস্ক মূহুর্তে অতসীর সংকোচ হঠাৎ ভেসে গোলো—
কথন এলে ?' উঠে বসতে-বসতে সে জিগেস করলে। আর, যে-মূহুর্তে
তার থেয়াল হ'লো সে কী বলছে, যে-মূহুর্তে সে উপলব্ধি করলো তার
কণ্ঠস্বরের অন্তরক্ষ স্থর, তার মূথ একটু লাল হ'য়ে উঠলো। তবু, নিজের
কাছে সে তা স্বীকার করবে না। লজ্জা পাবার যে কোনো কারণ আছে,
সে-কথা মনে করাতেই বেশি লজ্জা।

'তোমার মা—কোথায়?' এ ছাড়া রঞ্জন আর-কিছু বলবার খুঁজে পেলো না।

'মা গেছেন একটু উপরে।' তক্তাপোশ থেকে নেমে অতসী ক্ষিপ্র-হাতে তার চুলটা এলোখোঁপায় বেঁধে নিলে।

'এসো।'

রঞ্জন ঘরে চুকে তক্তাপোশের একেবারে ধারে বসলো। বললে, 'ভোমার পড়ার ব্যাঘাত করলুম।'

'এথন আর এমনিও পডতুম না।'

'তুমি যে শাড়িয়েই রইলে ?'

'মা-কে ডেকে নিয়ে আসি উপর থেকে।'

'থাক না, উনি তো আসবেনই এক্ষনি।'

'দেরিও হ'তে পারে।'

'হোক।'

'থামকা তুমি অপেক্ষা করবে কেন ?'

'অপেকা?'

'মা-র সঙ্গেই তো তোমার দরকার ?'

### বিপ্লব

'না,' রঞ্জন বললে, 'দরকার কিছুই নেই।' তারপর, অতসীকে নিক্ষন্তর দেখে: 'বোসো না তুমি।'

অতসী দাঁড়িয়েই রইলো, দরজার কপাটে হেলান দিয়ে। 'দরকার কিছুই নেই!' হঠাৎ সে ব'লে উঠলো, 'ভোমার অনেক সময়—সময় নষ্ট করলে কিছু এসে যায় না।' অতসী তার মনকে আন্তে আন্তে সংহত ক'রে আনছিলো, বিরোধিভার তীব্র একাগ্রতায়। তার হৃৎপিও উত্তপ্ত হ'য়ে উঠছিলো—আক্রোশে, নিজেব উপর অন্ধ অভিমানে। আন্ধ স্থযোগ পাওয়া গেছে; আন্ধ সে নিজেকে একটু ছেড়ে দেবে; যে-গোপনতা তাদের ত্-জনের মধ্যে গোপন কাঁটার মতো, আন্ধ তাকে দেখবে মুগোমুখি।

অতসীর মুখের দিকে তাকিয়ে রঞ্জন মনে-মনে ভীত হ'য়ে উঠলো।
'ঠিক দরকারি নয়, এমন ব্যাপারেও মাস্থ—শুধু সময় কেন, সময়ের
চেয়েও অনেক বেশি কিছু নয় করে। মায়য়ই করে। তুমি তা
জানো না?'

'যেটা দরকারি নয়, সেটা মাহ্র্য করে খুশির জন্ম। ভালো লাগবে ব'লে।'

'ধরো না কেন এথানে এসে আমার ভালো লাগে ?'

'সে তো বোঝাই যায়,' একটু চূপ ক'রে থেকে অতসী বললে, 'অঞ্জের জন্ম আহা-উত্ত করতে ভালো লাগে সব সময়ই। কিন্তু আমি তো জানতুম সেটা দূর থেকেই ভালো চলে সব চাইতে।'

রঞ্জন মাথা নিচু ক'রে চুপ ক'রে রইলো। এর উত্তরে কিছু বলবার নেই তার, যদি কিছু বলতে যায়, আরো বেশি গোল পাকিয়ে যাবে সব

ব্দড়িয়ে। কিছু না-বলাই ভালো: চুপ ক'রে সে এটা বহন করুক, এই আঘাত। যদি অতদীর ইচ্ছে হয় এ-সব কথা বলতে—না হয় বললোই: এ-সব কথার প্রতিবাদ করলেও থানিকটা স্বীকার ক'রে নেয়া হয়; রঞ্জন তা চায় না।

আর অতসী, তার বিরোধিতায় বিচ্ছিন্ন, সম্পূর্ণ, রঞ্জনের দিকে একবার তাকালো, আনত তার মাথার উপর সবেমাত্র বড়ো-হ'য়ে-ওঠা, ঘাসের ভগার মতো চোখা-চোখা চুলের দিকে, চুলের ঠিক নিচে ঘাড়ের মাঝথানে যে-একটা গর্ভ, তার দিকে। পিছনের চল প্রায় ঘাড় বেয়ে পড়ছে, হঠাৎ একটা অন্তত রকম অবাস্তর কথা তার মনে হলো, এখন ছাঁটা উচিত। আর ঘাড়ের মাঝখানে সেই চোটো নিচু জায়গাটি, প্রাণ-কেন্দ্র, মেঞ্চ-দণ্ডের প্রাণ-স্রোতের উৎস—ছোট্যে সেই পেয়ালা, প্রাণের ভিক্ততায় ভরা। অতসী তাঞ্চিয়ে রইলো সম্মেহিতের মতো। ঘুণার তীব্র আনন্দে তার হুৎপিণ্ড হলে উঠলো। তার মধ্যে এত আকর্ষণ-সেই ছোটো নিচু জায়গাটিতে, মেফদণ্ডের দুঢ়, গবিত ভক্তি-এত আকর্ষণ ব'লেই এমন অসহ ঘুণা। সে যদি সেখানে হাত রাথতে পারতো, সেই প্রাণ-কেন্দ্রে, যদি সেই পেয়ালা ভ'রে তুলতে পারতো তার ঘুণায়, নিজেকে নিংড়ে যদি বিশুদ্ধতম ঘুণা বিন্দু-বিন্দু ক'রে দেখানে ঢালতে পারতো—আ:, তবে সে শাস্তি পেতো মনে। সে-ই তো উচ্চতম চরিতার্থতা—তার আডুলের মধ্যে সেই প্রাণের শিখা এত স্থন্দর, এমন কাম্য, তার আঙুলের ফাঁকে-ফাঁকে সেই শিখার নৃত্য--্যতক্ষণ না তা নিবে যায়, শেষ হ'য়ে যায়।

রঞ্জন অফুভব করছিলো তার শরীরের উপর অতসীর তপ্ত, স্তব্ধ

### বিপ্লব

দৃষ্টি—ভারি অস্বন্তি লাগছিলো তার। একটা মোহের মতো তা যেন ভাকে জড়িয়ে ধ্রছে। কিছু-একটা করবার জন্তেই, কোনো রকমে দে-মোহ ভাঙবার জন্তে, অভসী যে-বইথানা পড়ছিলো, সে হাত বাড়িয়ে সেটি তুলে নিলো। বাংলা নভেল, কিছু আধুনিক গোছের। লেথক এমন, যার বই রাথা সম্বন্ধে এথনো দেশের কোনো-কোনো পারিক লাইত্রেরির আপত্তি আছে।

'কেমন বই ?' রঞ্জন জিগেস করলে।

'কেমন! সময় কাটানো দিয়ে কথা।'

রঞ্জন বইথানা নিয়ে নাড়াচাড়। করতে-করতে বললে, 'ইনি তো ভালো লেখেন, শুনেচি।'

'কোনো বাজে কথা নেই, আর যা-ই হোক।'

'বাজে কথা মানে ?'

'এই—लात्क या-किছ वल। ठाँम, छात्रा, हेल्यामि।'

'ও-সব বাজে তা জানলে কী ক'রে ?'

অতসী ঈষৎ কাঁধ-ঝাঁকুনি দিলে। 'জানি না, সময় পাইনি ও-সব নিয়ে ভাববার।'

অতসীর সক্ষে কথা বলা, রঞ্জন ভাবলে, গোলকর্ধার্ধার ভিতর দিয়ে চলবার মতো: যেদিক দিয়েই এগোতে চাই, থামতে হবে থানিক দূর এসেই। 'এ-ধরনের বই তোমার ভালো লাগে ?'

'অন্ত থে-ধরন, দেটা দত্যি-সত্যি ভালো লাগতে হ'লে কিছু মোটা রকমের আয় থাকা দরকার — নিজের না হোক,' একটু পরে সে জুড়ে দিলে, 'স্বামীর। স্বামীর হ'লেই ভালো।'

এমন ঝাঝ দিয়ে যে কেউ কথা বলতে পারে, রঞ্জন তা জানতো না।
জানবার কথাও নয়। রঞ্জন নিজে—আর যে-সব লোকের সঙ্গে সে
মিশেছে, তাদের কোনো কারণই নেই পৃথিবীর উপর রাগ করার। আর
অতসী যেন রেগেই আছে। বিদ্রুপে সে শাণিত, বিদ্রোহে সে উদ্ধৃত।
আত্মশ্লাতার স্পর্ধায় সে নিজেরই প্রতি নির্মম। যে-সব লোক কেবলই
নালিশ নিয়ে-নিয়ে সংসারে ঘুরে বেড়ায়, রঞ্জনের জীবনে তারা বিভীষিকা।
সে সইতে পারে না তাদের এতটুকু সংশ্রব। কিন্তু, একটু ঘাড় উচু ক'রে
দরজায় হেলান-দিয়ে-দায়ায়ানো অতসীর দিকে তাকিয়ে সে ভাবলে, কিন্তু
অভিযোগ যদি ফেটে পড়ে এই উপহাসের উত্তাপে, আত্মনির্ভরের এই
ঝজুতায়—তাহ'লে না-হয় থাকলোই, অভিযোগ, না-হয় বিক্ষোভই
থাকলো পৃথিবীর বিরুদ্ধে। সেটা—হায়, সেটারও একটা রূপ আছে
বইকি।

রঞ্জন একটু হেসে বললে, 'শেষ পর্যস্ত, বই পড়া ব্যাপারটা একটু উচুদরের একটা আমোদ—তাছাড়া আর কী ?'

অতসী বললে, 'ত্-রকমের বই পড়া আছে: এক হচ্ছে, থাওয়ার পর পান চিবোতে-চিবোতে পাথা থুলে দিয়ে বিছানায় শুয়ে—যতক্ষণ ঘুম না আসে; আর—তার উন্টোটা আরকি।'

'উল্টোটাই তোমার ধরন, বলতে চাও ?'

'বাধ্য হ'য়েই। থাওয়ার পর ঘুমের সহায় হিশেবে বই—সে-বিলাসিতার সময় কই আমার ?'

'তোমার স্থলের কাজও তোমার ভালো লাগে ?' রঞ্জন জিগেস করলে, আপাতত অসংলগ্নভাবে।

### বিপ্লব

'যা করতেই হবে, দেখানে কোনো কথাই ওঠে না ভালো কি মন্দ লাগার।'

'কিন্তু তোমার তো ভালো লাগাই উচিত, কেননা তাতেও কোনো বাজে কথা নেই, একেবারে নিরেট বাস্তব।'

ঠোঁট বাঁকিয়ে জবাব দিলে অতসী, 'বান্তব যথন অন্তের ঘাড়ে চাপে, তা নিয়ে ঠাট্টা করতে না পারে, এমন বীরপুরুষ তো দেখলুম না।'

রঞ্জন চুপ ক'রে তার আঙুলের নথের দিকে একটু তাকিয়ে রইলো।
তারপর মৃথ তুলে বললে, 'জীবনের ভার স্বাইকেই বহন করতে হয়—
কিছু-না-কিছু।'

'জীবন।' অতসী ছোট্ট ক'রে হাসলো। 'জীবনের তুমি কী বোঝো ?'

'টাকার অভাব একমাত্র উপায় নয়, যা দিয়ে জীবনকে বোঝা যায়।'

'না, তা নয়,' অতসী বললে, 'তা নয়। চাঁদ তারা আছে কী করতে ?'

রঞ্জন মনে-মনে বললে, 'ওরা আছে তোমার চোথে আর ঠোঁটে জ্বলতে, তোমার কালো চুলে ছড়িয়ে থেতে—তুমি যদি শুধু জানতে, যদি মুহূর্তের জ্মাও তুমি জানতে, আমার চোথে তুমি কেমন!' হাতের বইথানা রেথে দিয়ে রঞ্জন উঠে দাঁভালো।

'যাচ্ছো নাকি ?' অতসীর কণ্ঠস্বরে উৎস্থকতা বেজে উঠলো। এখনো হয়নি, এখনো হয়নি। এখনো তিব্রুতায় উজ্জ্বল হ'য়ে ওঠেনি তার হৃদয়ের পেয়ালা। নিষ্ঠ্রতার উৎসে পরিপূর্ণ নিমক্ষন—এখনো তার কিছু বাকি আছে।

'ভাবছিলুম একটু বাইরে ঘুরে আসি—'

## **(र विषयी वीत**

অতসী দরজা থেকে স'রে এসে বললে, 'বোসো একটু। মা-র সঙ্গে দেখা ক'রে যাও।'

'আর-একদিন আসবো।' রঞ্জন দরজা পর্যস্ত এলো, যেন যাবার জন্ম, কিন্তু গেলোনা। দরজার কাছে দাঁড়িয়ে ইতন্তত করলে একটু। তারপর, ় 'তুমিও চলোনা একটু রমনায় বেড়াতে,' সে বললে, 'মাকে ব'লে নাও।'

'ना।'

'না কেন ?'

'ইচ্ছে করছে না।'

'যদি না ভুল শুনে থাকি, একটু আগেই তুমি বলছিলে—'

'কী বলছিলাম? যা বলছিলাম, তা তোমার শোনা উচিত হয়নি।'

রঞ্জন হাসবার চেষ্টা ক'রে বললে, 'শোনা কি না-শোনা তো আমাদের ইচ্ছার উপর নির্ভর করে না। যা কানে পৌছয় তা শুনতেই হয়।'

'দরজায় আড়ি পাতা কি ভদ্রতা ?'

'দোষ যদি হ'য়ে থাকে, না-হয় ক্ষমাই করলে।'

'কমা! ও-সব ভালো-ভালো গুণ তোমাদের বিলাস।'

রঞ্জন কথাটাকে গায়ে না-মাথার ভান ক'রে বললে, 'যদি বিশেষ কোনো আপত্তি না থাকে, চলো না।'

'আছে আপত্তি।'

'এত কঠিন তুমি !' বে-কথা রঞ্জন মনে-মনে ভাবছিলো, তা হঠাৎ বেরিয়ে গেলো তার মুখ দিয়ে।

### বিপ্লব

অতসী বাঁ। হাত দিয়ে তার কপালের উপর লুটিয়ে-পড়া চূর্ণকুস্তল সরিয়ে বললে, 'এখন তোমার যাওয়াই ভালো।'

রঞ্জন সম্মোহিতের মতো আন্তে-আন্তে বললে, 'নিজেকে এর চেয়ে চোটো আমি করতে পারি না। আর-কিছু আমি করতে পারি না।'

'এ-সব কথা বলবার জন্মেই কি তুমি আজ এসেছিলে ?' রঞ্জন চুপ।

'এ-সব কথা বলবার জন্মেই ?' আবার বললে অতসী। সে বেন কথা ক'য়ে উঠছিলো জরের ঘোরে, তাঁব্র জরের আত্মবিশ্বতিতে। 'কেন তুমি এখানে আসো,' কোনো হিংম্র আবেগে তার ভিতর থেকে অভ্নত চাপা স্বরে কথাগুলো বেকচিছলো, 'কেন তুমি এখানে আসো ?' তার ভিতর থেকে একটা উত্তপ্ত অন্ধ শক্তি যেন ঠেলা দিয়ে-দিয়ে উঠছিলো; সে সম্পূর্ণরূপে তার বশে।

রঞ্জন তার মুথের দিকে তাকালো, তারপর চোথ সরিযে নিলে বাইরে, সন্ধ্যায় শ্লান আকাশে। তারপর বললে, 'তুমি জানো, কেন।'

'জানি! আমার মনের কথা তুমি দেগছি তের বেশি জানে। আমার চাইকে।' কথাগুলো স্পষ্ট ক'রে উচ্চারণ করতে অতসীর কষ্ট ইচ্ছিলো। তার শরীর মাঝে-মাঝে তুর্নিবারভাবে কেঁপে-কেঁপে উঠছিলো: নিজেকে সে ঠিক সামলাতে পার্রছিলো না।

ু 'তুমি কি চাও না যে আমি এথানে আসি ?'

'তুমি আমাদের উপকার করেছো,' অতসী তার সমস্ত আত্মার সংহত বিষ প্রতিটি কথায় ঢেলে দিলে, 'তোমার কাছে আমরা স্বাই কৃতক্ষ।'

আর একটি কথা না-ব'লে রঞ্জন আন্তে-আন্তে বারান্দায় বেরিয়ে গেলো, বারানদা থেকে রাস্তায়। অতসী রইলো তার পিছনে তাকিয়ে। আর, যে-মুহূর্তে দে অদুখ্য হ'লো, অত্সী নিজেকে ছু ড়ে ফেললে বিছানার উপর, ছ-হাতে একটা বালিশ আঁকড়ে ধ'রে। বালিশ ভ'রে ছডিয়ে গেলো তার কালো চুল। একটা প্রবল, উত্তপ্ত স্রোত ঠেলে উঠছে তার গলা পর্যস্ত ; তার চাপে যেন কুঁকড়ে যাচ্ছে তার সমস্ত শরীর। তার আঙুলগুলো বার-বার আপনা থেকেই বেঁকে যাচ্ছিলো: বালিশের মধ্যে নথ বসিয়ে দিয়ে শক্ত হ'য়ে সে প'ডে রইলো। চেষ্টা করলো সেই তপ্ত স্রোতকে প্রতিরোধ করতে, তার মুহুমান স্নায়ুর সমস্ত শক্তি দিয়ে। সহু হয় না, আর সহা হয় না। এখন আর কারো উপর রাগ নয়—এখন চঃখ, নিজের জন্ম, নগ্ন, তিক্তন, অসহায় ত্ব:খ। তার সমস্ত জীবনের বার্থতা আর লাঞ্চনা, সমল্ড গ্লানি, সমল্ড হতাশা--সব যেন এক নিরাবরণ, নিষ্ঠর মুহুর্তে প্রগাঢ় হ'য়ে, বিশুদ্ধ হ'য়ে উদ্ঘাটিত হ'লো তার কাছে: যে-সৰ কথা সে ভূলে গিয়েছিলো, যত কথা তার কথনো মনে হয়নি-সব এক বিতাৎ-উন্মেষে দীর্ণ ক'রে দিয়ে গেলো তার হৎপিও। সহা হয় না, আর সহা হয় না। পথের শেষ নেই; সীমা নেই পথ-ভরা অন্ধকারের। কেন তাকে চলতেই হবে; কেন হঠাৎ এক মৃহুর্তে থেমে যাওয়া যায় ना, किन त्म भिनित्य (यक्त भारत ना अक्षकारतत अमीरभ ? এ-ই यिष জীবন হয়, ভুধু ছ-হাতে অন্ধকার ঠেলে-ঠেলে এগোনো—তাহ'লে তার জন্ম হয়েছিলো কেনই বা। কেন তাকে দেয়া হয়েছিলো এই জীবন, সে তো তা চায়নি। কী মধুর, কী অনির্বচনীয় মধুর না-হ'তে পারা। না-হওয়া: প্রাক-জন্ম সেই অন্ধকার, গর্ভলীন শিশুর সেই

### বিপ্লব

পরিপূর্ণ, স্বপ্নহীন ঘুম। কী প্রয়োজন ছিলো দে-ঘুম ভাঙবার ? ফিরে কি যাওয়া যায় না দেই নিশ্চিহ্ন বিলুপ্তিতে, দেই গভীর নিশ্চেতন অন্তিত্বে— অন্তিত্বহীনতায় ? নিজেকে প্রশ্রেষ দিয়ে অতসীর অভ্যেস ছিলো না : ভাবের ব্যাপারে, সে ছিলো কঠোর তপম্বিনী। প্রাণ ভ'রে ছৃঃথ অন্তভ্ব করবার তৃপ্তি থেকেও বরাবর দে নিজেকে বঞ্চিত ক'রে এসেছে। কিন্তু এখন— তার মধ্যে কোথায় যেন একটা ছোটো বাঁধ ভেঙে গেছে, উচ্ছুদিত হ'য়ে উঠছে—যা-কিছু এতদিন চাপা প'ডেছিলো। তাকে নিলে ভাসিয়ে। যদি একেবারে ভেদে যাওয়া যেতো: যদি সে ভ্বতে পারতো—অতল, নিবিড় কোনো শৃত্যতায়—যেথানে অন্তভ্তি নেই, সেথানে সব শান্ত, দব ভব্ব, জীবনের ম্বর যেথানে পৌছয় না, শতান্ধীর পর শতান্ধী যার উপর দিয়ে গড়িয়ে যায় একটু আঁচড় না-কেটে।

নিঃশব্দে, সরোজ ঘরে এসে চুকলো। একটু আগে সে ফিরেছে তার কাজ থেকে। তার হাতে নতুন একটা মাসিকপত্য—কিনে এনেছে ফেরার পথে। অতসীর প্রিয় এটা। এই একমাত্র উপহার, যা সে সরোজের হাত থেকে বিনা দ্বিধায় গ্রহণ করে, সানন্দে। ঘরে চুকে একটু অবাক হ'য়ে সরোজ ব'লে উঠলো, 'এ কী! এ-সময়ে শুয়ে আছো?'

অতসী মাথা তুললো না।

'অতসী,' সরোজ ডাকলো। জবাব নেই। স'রে এসে দাঁড়ালো তার মাথার কাছে। মাথাটা বালিশে ডোবানো—দেগবার উপায় নেই। ঘুমিয়েছে ? তাকে স্পর্শ করতে সরোজের সাহস হ'লো না। নীরবে

সে থানিকক্ষণ অপেক্ষা করলে; তারপর হাতের মাসিকপত্রটা সশব্দে ছুঁড়ে ফেললো মেঝের উপর।

অতসী মৃথ তুলে বললে, 'আ:, কী করছো!' ব'লেই আবার মৃথ চাকলো বালিশে। কিন্তু সেই চকিত মৃহুর্তেই সরোজ তাকে দেখে নিলে, তাকে সম্পূর্ণ ক'রে দেখে নিলে। আর তার বুকের মধ্যে সব তন্ত্রীগুলো উঠলো মোচড় দিয়ে। সে মনে করতে পারলো না, অতসীর মৃথের ও-রকম চেহারা সে দেখেছে কখনো। যেন কেন্ট শক্ত মৃঠিতে তা আকড়ে ধরেছে ভিতর থেকে। সরোজের হৃৎপিণ্ড ক্রন্ত ম্পনিত হ'তে লাগলো। 'কী হয়েছে? কী হয়েছে, অতসী?' সে ব'লে উঠলো।

উত্তরে, অতৃসী শুধু বালিশটাকে আরো শক্ত ক'রে নিজের সঙ্গে লেপটে নিলে।

'কী হয়েছে ? কোনো অস্থ্য করেছে তোমার ?' অতসীর অক্ট্র, চাপা স্বর শোনা গেলো, 'তুমি যাও।'

অত্যন্ত নরম, আর্দ্রন্থরে সরোজ বললে, 'ওঠো না; এই সন্ধেবেলা শুয়ে থাকতে নেই ?'

হঠাৎ মৃথ তুলে অতসী ব'লে উঠলো, 'কেন মিছিমিছি আমাকে জ্বালাতে এসেছো? তুমি যাও!' বলতে বলতে তার গলা ভেঙে গেলো; অভুত, বিক্বতন্বরে সে আবার বললে, 'যাও তুমি!'

আর পরমূহতে দে ভেঙে পড়লো কান্নায় আর কান্নায়: ভিতর থেকে উথলে-ওঠা উত্তপ্ত বক্তার কাছে সে অসমর্থ, অসহায়। সে-কান্নার যেন শেষ নেই; সন্ধ্যার আসন্ন ধুসরতার ভিতর দিয়ে, তার বুকের

# বিপ্লব

মধ্যে হঠাৎ গভীর নিশ্বাস টেনে নেবার শব্দ থেকে-থেকে বেজে উঠতে লাগলো। আর সরোজ দাঁড়িয়ে রইলো তার শিয়রের ধারে,

### আট

#### সকাল ও সন্ধা

কিন্তু রঞ্জন রায় হার মানবে না। এমন কিছু নেই, যা অতসী করতে পারে, রঞ্জনকে যা অপস্তত করবে—শেষবারের মতো। শেষ এর নেই। যেখানে শেষ, দেখানেই আবার নতুন স্থচনা। যতবার দে চ'লে আদে অতসীর কাছ থেকে, ততবার সে যেন ম'রে যায়—সাম্মিক একটা মৃত্যু, অনিবার্য। কিছ সেই মৃত্যু-উৎস থেকেই নব-জীবন, প্রাণের পুনক্ষথান। যতবার সে মরে, ততবার সে বেঁচে ওঠে: ফিরে আসে অতসীর কাছে, বাসনায় প্রবল। কে তাকে ফিরিয়ে দেবে ? তাকে রোধ করবে কে ? তার বাসনার পক, রক্তিম ফল—তাকে সে নেবে ছ-হাতে তুলে, ছ-হাতের মৃঠির মধ্যে— শতাব্দীর পর শতাব্দী ধ'রে সঞ্চিত সেই লাল ফল ঝলমল ক'রে উঠবে সময়ের আবরণ ছিন্ন ক'রে। মেহস্থূপ থেকে ঠিকরে-পড়া একটি রোদ্ধরের রেখার মতো, বিজয়ীর হাতে উধ্ব-উভিত তলোয়ারের অভীপার মতো, ঈশ্বরের অঙ্গুলি-ইন্সিতের মতো। তার জয় হবে, তারই জয় হবে। আর কী অতসী করতে পারে ? দে-ই বা আর কী করতে পারে ? কিছু আর-কিছু করবার শুধু অপেক্ষা, শুধু নীরবে অপেক্ষা—যতদিন না সময় আদে, যতদিন না নিশীথের অন্তলীন স্থরে-স্থরে হৃদয়ের অন্ধকার ছেয়ে যায়। তা আসছে, তা হ'য়ে উঠছে, মৃত্যুর মতো নিশ্চিত। তারই ছায়া পড়েছে অতসীর চোথের পাতায় স্বপ্নের মতো, বিদ্রোহী নিশানের

#### সকাল ও সন্ধা

মতো যা উন্মীলিত, উদ্ধৃত। অতসীর অশাস্ত বিক্ষোতে তো উদ্বেল হ'য়ে ওঠে তারই পূর্বাভাস। অতসী তাকে যথন আঘাত করতে চায় নিষ্ঠ্র কথায়, বিরূপ আচরণে—তথন তার আঘাত লাগে, খুবই লাগে—কিছে একদিক থেকে তা সে উপভোগও করে, তার নিপীড়িত অবরুদ্ধ হৃদয় যেন তা থেকেই নিংড়ে বের করে স্থাপর অবলেপ। কেননা, মনে-মনে সে জানে যে ত্-জনের মধ্যে তারই জাের বেশি: তার ইচ্ছাই অলঙ্ঘ্য, চরম—শেষ পর্যন্ত। সেই ইচ্ছারই গোপন শক্তি ঢেউ তুলে যাচ্ছে অতসীর রক্তে। তাকে আঘাত করতে, অপমান করতে, তাকে কিছুনা ক'রে দিতে তার এই উন্মন্ত আগ্রহ সেইজন্তেই। অতসীর যুদ্ধ তার নিজের সঙ্গে, আর রঞ্জন—সে তার বাসনার শক্তিতে দৃঢ় প্রতিষ্ঠিত: সে চোথ মেলে তাকিয়ে দেখতে পারে, অপেক্ষা করতে পারে।

সামনের বার অতসীর ইণ্টারমিভিয়েট পরীক্ষা দেয়া এক রকম ঠিক হলো। ত্-হাত পেতে-নেয়া অন্থগ্রহ—ভাবতে অসহ্য লাগে অতসীর। কিন্তু ভেবে কী হবে—উপায় যথন নেই। ব্যাপারটা এভদূর এগিয়ে গেচে, এখন আর এড়ানো যায় না। এ যদি হ'তেই হয়…হোক। যদি কোনো উপায়ে মনের সমস্ত অন্থভূতিকে অসাড় ক'রে দেয়া যেতো! যদি, মূহুর্তের পর মূহুর্ত, যান্ত্রিক নিয়মে সে চলতে পারতো, কোনোদিকে না-তাকিয়ে, কিছু না-ভেবে। এ একটা স্থযোগ, য়া সে হেলায় হারাতে পারে না। কয়েকটা পরীক্ষা পাশের উপর তার ভবিয়্তৎ ঝুলে আছে—তার অয়সংস্থান, তার নিছক অস্তিত্ব। এটা স্পষ্ট য়ে এ-ব্যবস্থা চিরকাল চলতে পারে না। জীবনে একটা অংশ তারও আছে—কেন সে তা দথল ক'রে নিতে পারবে না? না, তাকে নিতেই হবে; নিতেই হবে

একট জায়গা ক'রে। সে-ও বাঁচবে। তার বৃদ্ধি আছে যথেষ্ট, কাজে তার আলম্ম নেই—কেন শুধু একটু স্থযোগের অভাবে সে চাপা প'ড়ে থাকবে, ম'রে থাকবে ? বাঁচতে তাকেও হবে। কিন্তু-যদি সেই জীবন তাকে নিতে হয় অন্তের হাত থেকে! কেন নয়? কোনো-কোনো হিংম্র মুহুর্তে তার মনে হয়, কেন নয় ? দোষ কী তাতে। কেউ একজন যদি বোকামি করে, তার স্থবিধে নিতে কী দোষ? প্রচর যার আছে, তার মুঠো থেকে বাড়তি যেটা খ'লে পড়ে, তার কোনো কাজেই ভা লাগবে না—অন্ত কেউ যদি কাছে থেকেও সেটার ব্যবহার না করে, সেটাই তো অক্সায়। যার অনেক আছে, তার তো চাই-ই কোনো-না-কোনো বিলাসিতা। ওড়াবার কোনো রাজা না-পেলে সে বাঁচে না। হ'তে পারতো মদ: না-হয় হয়েছে দয়া। একই, আসলে। কোনো উপায়ে, কোনো অছিলায় মনকে দিতেই হয় খুলে, নয়তো দে বাঁচবে কী নিয়ে। তার জীবনের অবরুদ্ধ সংকীর্ণতায় তো হাপিয়ে উঠবে সে। তাকে দিয়ে যদি অপবায় করানো হয়, তাতে ভালো করা হবে ভারই।

নিক্ষল, নিক্ষল, পরমুহুর্তেই হয়তো তার মধ্যে কথা ক'য়ে ওঠে হতাশার স্বর, নিক্ষল তর্ক, ছেলেমানমি, মনকে ছেলে-ভুলোনো! শুধু, অপমানের উপর রঙিন কথার আচ্ছাদন। সে জানে, সে ভালোঁ ক'রেই জানে।

কিন্তু এতে কী এতটাই এসে যায়—সত্যি-সত্যি ? কেননা, অন্তের হাত থেকে আমরা সব নিতে পারি—সব; আমাদের অন্ন, নিশ্বাদের বাতাস; কিন্তু জীবনের স্থাষ্ট হয় নিজেরই মধ্যে, নিজেরই উত্তাপ দিয়ে। কারণ, শুধু

#### সকাল ও সন্ধ্যা

বৈচে থাকার নাম তো জীবন নয়; সেই বৈচে থাকা নিয়ে আমরা কী করি, জীবন মানে তা-ই। সেখানে প্রত্যেকে স্বাধীন, প্রত্যেকে স্বতন্ত্ব, অমোঘ। পৃথিবীর এমন কোনো পরাক্রম নেই, সেখানে ধার এতটুকু প্রভাব ছড়াতে পারে। কেউ কাউকে ঘাঁটাতে পারে না, বাধা দিতে পারে না সেখানে। সেখানে আমার নিজের জন্ম আমিই দায়ী, শুধু আমি। সে-দায়িত্ব চরম। অভসীরও আছে তার নিজের জীবন—বিচ্ছিন্ন নি:সঙ্গতায়; তারই অধিকারে সে ঐশ্বর্যময়। কেন সে ভয় পারে, কিসের জন্ম তার লক্ষা।

গতরাত্রে প্রায় নিরবচ্ছিন্ন বৃষ্টি হ'য়ে গেছে: সকালবেলায় ঘুম থেকে উঠে আকাশের দিকে তাকিয়ে অতসীর মন ক্বতজ্ঞতায় ভ'রে গেলো এ-কথা ভেবে যে আজ রবিবার। সে কি স্বপ্ন দেখে জেগে উঠেছিলো—না কি কোনো মোহ ছিলো ছেঁড়া মেঘের ফাঁকে-ফাঁকে বেরিয়ে-পড়া আকাশের নীলে, রোদে চিকচিক ক'রে-ওঠা বৃষ্টিতে ধোওয়া সবুজ পাতায়—কী কারণ জানে না, যেন এক অকারণ, অসাধারণ স্থথে গুনগুন ক'রে উঠছিলো তার সমস্ত মন। কী-যেন একটা গদ্ধ, বাতাসে কিসের অমুভৃতি। এই সমস্ত দিন তার, এই দীর্ঘ, সোনালি দিন—তার, উপভোগ করবার, অমুভব করবার, আত্মার গভীরে সঞ্চয় ক'রে রাখবার জন্তু। তুলনা হয় না এই সৌভাগ্যের, তৌল করা যায় না এই ঐশ্বর্যকে। আর কিছু সে চায় না: শুধু মাঝে-মাঝে এমনি একটি সোনার দিন তাকে দেয়া হোক, সোনার স্থের এই দিন—ধ্রণন আকাশ নীলে-নালে ভেঙে পড়চে, স্বপ্নের সমুদ্রে নীল ঢেউয়ের মতো।

এই স্থ্য—তা নিজ্ঞিয় হ'য়ে থাকতে পারে না: তা উছলে উঠবেই

ষে-কোনো রকমে, কোনো তৃচ্ছ কাজে, সেই কাজের তৃচ্ছতাকে অপরপ ক'রে তোলায়। 'শোনো, একটা কাজ করতে পারবে?' সরোজ এলে পরে অতসী বললে। সাধারণত, নিতাস্ত নিরুপায় নাহ'লে সরোজকে সে কোনো কাজের কথা বলে না: কিন্তু আজ এমন সহজ, স্বাভাবিকভাবে অতসীর মৃথ দিয়ে কথাটা বেকলো যে সরোজ একটু অবাক হ'য়ে তার মুথের দিকে তাকালো।

'বলো, কী।'

'একটু যদি বাজারে যাও—একটা ইলিশ মাছ আনতে পারবে, বেশ ভালো দেগে ?'

'ইলিশ মাছ ?' সরোজ সমতি জ্ঞানাবার আর-কোনো ভাষা খুঁজে পেলোনা।

'হাা—ভালো দেখে একটা ইলিশ—আন্ত—কাটা নয় কিন্তু। এই নাও।' শেলাই রাথবার বিস্কৃটের টিন থেকে অতসী একটা টাকা বের ক'রে দিলে। তার শেলাই-বিক্রির পয়সা থেকে সে সব সময় কিছু-কিছু সরিয়ে রাথতো নিজের কাছে: সংসার নামে যে-ব্যাপারটা সে দেখেছিলো, তাতে যত বেশি দেয়া যায়, ততই বেশি লাগে।

'এক টাকা! এত দিয়ে কী হবে ?'

'ষা লাগে। আর শোনো—একটা রুই মাছের মাথাও এনো, যদি পাও। চিঁড়ে দিয়ে রাধবো।'

'কী হবে এত দিয়ে ?'

'কী আবার হবে। থাবো। তুমিও থাবে অবিখ্যি।' তারপর আবার বললে, 'তুমি এথানেই থাবে কিন্তু, বুঝলে ?'

### সকাল ও সন্ধ্যা

মাচ এলো।

হিবণানী বললেন, 'মন্ত মাছ দেখছি। কত থাবি ?'

'ছ-জনের পক্ষে এমন কী বেশি।'

হির্থানী হেসে উঠলেন, 'কথা শোনো মেয়ের !'

'তা হ'লোই বা বেশি। হাবুলকেও বলবো না-হয়। বড় ইচ্ছে করছে মা. ইলিশ মাচ গেতে: কতকাল মেন গাইনা মনে হচ্ছে।'

'ইলিশ ছাড়া কোনো মাছই তে। আসে না আজকাল।'

'সত্যি? মনে পড়ছে না তো।'

'কী থাবি বল। কোলের মাছ কয়েকথানা ভাতে দিই, আর—'

'তুমি থামো, মা, তুমি যাও এথান থেকে। আমি সব করছি।' ব'লে অতসী রাশ্লাঘরের এক কোণে বঁটি নিযে ব'সে মাছ কুটতে বসলো।

'এই—করছিস কী ?' একটু পরে হিরণ্মী ব্যাকুলম্বরে ব'লে উঠলেন, 'ইলিশ মাছ ও-রকম ক'রে কাটতে হয় বৃঝি ?'

'তবে ?'

'গলার কাচটা আড ক'রে ধর, তারপর—'

'বেচারাকে যদি কাটতে পারি মা, তাহ'লে যেদিক দিছেই কাটি না কেন, একই কথা।'

'বুঝেছি। তুই উঠে আয়, আমি দিচ্ছি কেটে-কুটে।' 'তুমি যাও, মা, এথান থেকে। ছাথো না কী করি।' 'নষ্ট করবি আরকি সব।' 'না-হয় করলুমই।'

অতসীর রাক্ষা যথন আন্ধেকের কাছাকাছি, হিরণ্মন্ত্রী এসে বললেন, 'এই, রঞ্জন এসেছে।'

'কে, রঞ্জন ?' ব'লে সে মাছেব ঝোলের কড়াইতে কয়েকটা কাঁচালন্ধ। ছেড়ে দিলে। আর-কিছু বললে না। উজ্জল দিনের উপর হঠাৎ যেন একটা কালো পরদা নেমে এলো। ঠিক এই সময়েই সে কেন এলো—মেঘে-সোনায় ঝিলিমিলি এই সকালবেলায়, অতসী যথন সব ভূলে ছিলো, ভবিশ্বতের সব ভাবনা, অতীতের সব আক্ষেপ, যথন তার অন্তরে খুলে গেছে স্বতঃ ফুর্ত স্থথের উৎস ? ঠিক এই সময়েই কি ওকে আসতেই হ'লো— আমাকে মনে করিয়ে দিতে, আমাকে টেনে নামাতে বর্তমানের পক্ষ-শব্যায়, আলোয় উদ্ভাসিত আকাশটাকে ভাবনার হিজিবিজি আঁচড়ে কালো ক'রে দিতে!

হিরপ্নায়ী বললেন, 'একে বলবি নাকি—এখানে খেয়ে যেতে ?' 'কাজ কী, মা।'

'বললে হয়। ভালো দেখায় না একদিন ওকে থেতে বললে ?'

'বলতে হয় একদিন ওকে আলাদা ক'রে বোলো—বাড়িতে গিয়ে নেমস্তম ক'রে এসো।'

'তেমন কি আর স্থবিধে হবে আমাদের।'

'কিন্তু এসেছে ব'লেই থেয়ে যেতে বলাটা অভদ্রতা বোঝো তো।' অতসী হাত হুটো ধুয়ে নিয়ে আঁচলে মুছলো। 'মাছের ঝোলটা একটু দেখো, মা—এক্ষুনি আসছি!'

উন্নরে ধার থেকে স'রে এসে অতসী চোথ নামিয়ে নিজের শরীরটার দিকে একটু তাকালো। ময়লা শাড়ি তার পরনে: আডুলে, আঁচলে,

### সকাল ও সন্ধ্যা

মশলার দাগ। চেহারার ছিরি হয়েছে বটে—এতকণ উম্লনের ধারে বদে-বদে! কিন্তু এ-সব কথা ভাবছেই বা কেন? ওঃ, চেহারা আর পোশাক নিয়ে মেয়েদের এই চিরস্তন ভাবনা! জ্ঞানরক্ষের সবচেয়ে পচা ফল। তার মনে পডলো, এগজিবিশনে সেই সন্ধ্যায় সে তার বন্ধর সঙ্গে তর্ক করেছিলো। তর্ক করা সহজ: বৃদ্ধি থাকলে যে-কোনো পক্ষ নিয়ে লডাই করা যায়। সে বলেচিলো, মেয়েরা যে সাজে, তার মধ্যে পুরুষকে আকর্ষণ করবার কোনো ইচ্ছে নেই। নেই ? কে জানে আছে কি নেই। এটুকু ভুধু বলা যায় যে মেয়েদের সাজ ভাদের আত্মার একটা অবিচ্ছেগ্য অংশ; সেটা একটা প্রবৃত্তিরই মতো, তাকে উপড়ে ফেলা যায় না, তার বখ্যতা, জেনে কি না-জেনে, স্বীকার করতে হয় সব মেয়েকেই। কেন সাজ ? স্থন্দর হবার জন্ম ? স্থন্দর দেখাবার জন্ম ? ও-ছটোয় স্বৰ্গ-মৰ্ভ্যের ব্যবধান। না কি, মূলে ও-ছটো একই জিনিশ: বিশুদ্ধ রদের প্রেরণায় কেউ স্থন্দর হ'তে পারে না—একটা লক্ষ্য থাকা চাই, অন্তত উপলক্ষ্য; সৌন্দর্যেরও একটা উদ্দেশ্য থাকা চাই পূর্ণ করবার, তাকে হ'তে হবে অন্ত কোনো-কিছুর সঙ্গে সম্পুক্ত; শৃন্ততায়, কোনো বুস্তহীন, আশ্বর্ষ দৈবফুলের মতো তা ফুটে উঠতে পারে না।

অতসীর সমস্থা অমীমাংসিত র'য়ে গেলো। ঘরে চুকে সে বললে, 'কী, হঠাং এ-সময়ে ?' অতসী সর্বদা রঞ্জনকে এমনভাবে সম্বাধণ করতো মেন সে হঠাং এসে পড়েছে, অসময়ে, যেন ভারা কেউ তাকে আশা করেনি, তার আসবার জন্ম প্রস্তুত ছিলোনা।

রঞ্জন বললে, 'এক সময়ে তো আসতেই হবে।' তারণর তাকে ভালো ক'রে লক্ষ্য ক'রে বললে, 'রান্না কর্মচিলে?'

'দেখছোই তো।'

রঞ্জন অপরাধীর মতো বললে, 'কয়েকটা বই এনেছিলাম।'

'বই!' রঞ্জনের মৃথের এক-একটা কথার অতসী যে-রকম ক'রে পুনরার্ত্তি করতো, তা যে-কোনো যুবকের রক্ত জল ক'রে দেবার পক্ষে যথেষ্ট।

'বই,' রঞ্জন তার হাতে ধরা ব্রাউন পেপারে জড়ানো প্যাকেটটার দিকে ইন্ধিত করলো। 'দরকারি বই। তোমার পরীক্ষার জন্তো।'

'পরীকা—কিসের ?'

'তোমার ইণ্টারমিডিয়েট—'

'তার এখনই কী ?'

'এখন থেকেই একটু-একটু ক'রে, পড়ো। সংস্কৃত আর অঙ্ক আর লব্ধিক বলেছিলে না থ'

'সবগুলো বই তোমাকেই বুঝি আনতে হ'লো ?'

'যদি তোমার আপত্তি না থাকে, আমি তোমার পড়াতেও সাহায্য করতে পারি তোমাকে।'

'পারো।' অতসীর মনে নামহীন একটা আবেগ যেন মাথা খুঁড়ে মরছে, তার কোনো ভাষা নেই।

'ভাথো, সবগুলো ঠিক আছে কিনা।' রঞ্জন প্যাকেটটা তুলে অতসীর হাতে দিলে।

সেটা খুলে অতসী ভাথে, ঝকঝকে নতুন একরাশি পাঠ্য বই, কাগজের গন্ধে ভরপুর। তার ছই হাতের মধ্যে ঠিক ধরছিলো না, বইগুলো তক্তাপোশের উপর রেখে নেড়ে-চেড়ে দেখতে লাগলো একটার পর একটা।

### সকাল ও সন্ধ্যা

'ঠিক আছে গু' 'ঠিক আছে।'

ছেদ। অতদী একটা বই তুলে নিয়ে মহণ, শাদা কাগজের উপর আঙ্ল বুলোতে লাগলো, আন্তে-আন্তে, যেন আদর ক'রে, ভালোবেদে। নাকের আছে এনে ভ্রাণ নিলে ত্ব-একবাব। সেই ফাঁকে রঞ্জন দেখতে লাগলো তাকে—আনত তার মৃথ, মলিন; অস্নাত, রুক্ষ চুল, ব্লাউন্থটা পিঠের দিকে থানিকটা ভিন্নে গেছে ঘামে। মনে হ'লো, অতসীকে এত কাছে থেকে আগে কগনো ছাথেনি। এত নিকট, এত নিবিড়—মশলার চিহ্ন আঁকা তার শাড়ি, অগোছালো চুল আর করুণ ক্লান্ত মুখ নিয়ে। তবু, কোথায় যেন বিচ্ছিন্নতা, স্বপ্লাভ একটা অম্পষ্টতা—দে কি তার দাঁড়াবার ভঙ্গিতে না মুথের মানিমায়, না কি কাঁধের উপর দিয়ে তার আঁচলের বিষয় লুটিয়ে পড়ায়, না কি এর কোনো একটাতে নয়, সব-কিছু জড়িয়ে এরই মধ্যে, না কি আরো বেশি অন্ত কিছুতে—কোথায় যেন কী-একটা ছিলো, যাতে তাকে মনে হয় একটা উপস্থিতি, সময়ের অনাদি গহরে থেকে আকস্মিক কোনো আবির্ভাব। আর হঠাৎ, রঞ্জনের হৃদয়ের অরণা মর্মরিত হয়ে फेरला, माना मिरा र्गाला श्रह्मात-श्रह्मात चार्फानत हा छ। चा-রোজালিও, রোজালিও, আমি তোমাকে দেখেছি, আমি তোমাকে চাই। ভয় কোরো না, আর ভয় কোরো না: ছিল্ল করো এই ভান; প্রকাশিত হও ছল্পবেশ ছিন্ন ক'রে, দূর হোক সংশয়।

আর তাই র**ঞ্জনকে** চ'লে যেতে হবে, যেহেতু সে অতসীকে দেখেছে অত কাছে থেকে, যেহেতু তার মনের মধ্যে কথা ক'য়ে উঠেছে আর্ডেনের বন।

আর থাক। রথা। অতসী তার দিকে মৃথ ফেরাবে না; সে জেগে উঠবে না—সে থাকবে স্থদ্র, তার নিঃসঙ্গতার থোলশে স্পর্শাতীত। আর-কিছু বলবার নেই, কিংবা করবার। রঞ্জন উঠে দাঁড়িয়ে বললে, 'আচ্ছা আমি তাহ'লে—'

অতদী তীক্ষ্ণ ভক্তিতে মৃথ ফেরালো।—'যাচ্ছো নাকি ?' 'ভাবচিলুম—'

'শোনো। তোমার সব দিকেই দৃষ্টি আছে, দেখছি। আমার পরম ভালো না-ক'রে ছাড়বে না কিছুতেই।'

'অতসী, আমি কি তোমার কোনো কাজে লাগতেও পারি না ?'

'নিশ্চয়ই পারো! আমাদের যে-উপকার তুমি করেছে।—' 'মুহুতের জন্মও কি ওটা ভূলতে পারো না ?'

'ভূলতে! তুমিই তো আছো সব সময় মনে করিয়ে দিতে।'

'আমি!' রঞ্জনের ঠোঁটে ক্ষীণ, স্থা একটু হাসি ফুটে উঠলো। 'ভেবে নাও না যে আমি নেই! তুমি আমাকে ভূলে যাও না!'

'তুমি কি তার স্থযোগ দিচ্ছো?'

'বেশ, আর আসবো না।'

'কোনোদিন না ?'

'তুমি বললে আসবো।'

'আমি বললেই আসবে ? কেন, আমার কথার এত মূল্য কিসের ?'
'মূল্য আছে তা তুমি জানো, আর জানো ব'লেই—'
'থামলে কেন ? সাহস থাকে তো বলো।'

### সকাল ও সন্ধ্যা

'সাহস আছে, বলতেও পারি অনেক কথা। কিন্তু বলবার কি দরকার আছে ?'

ছ-জনেই কথা বলছিলো যেন কোনো সম্মোহনের গাঢ় নেশার ভিতর থেকে—কী বলছে নিজেরাই ঠিক না-বুরো। যে-সব কথা তারা কথনো ভাবেনি বলবে, তা উদ্বেল হ'য়ে উঠছিলো রজের স্রোতে, আঘাত করছিলো এসে ঠোঁটের তর্টরেখায়। উন্মেষের মূহুর্ত এসেছে, উন্মীলনের। কিছুই আর চাপা থাকবে না: সংঘাতে, ব্যথায় শতচ্ছিন্ন হ'য়ে যাবে স্নায়্তন্ত্রী। রঞ্জনের বুক কেঁপে উঠলো, আতত্ত্বে। তবু সেই আতত্ত্বেই জযের স্বাদ, গোপন আনন্দের চেতনা। আর দেরি নেই। এক অভুত, উন্মাদ আনন্দে তার বুক ভ'রে গেলো—আবিন্ধারের তীব্র প্রতীক্ষায় তার মাথার ছ'-পাশে রক্ত বাজতে লাগলো তিপতিপ ক'রে।

যেন স্বপ্নের ভিতর থেকে অতসী আন্তে-আন্তে বললে, 'আর না, এখানেই শেষ। এখনো সময় আছে। এখনো তুমি আমাকে শাস্তি দাও।'

'কিন্তু শান্তি কি তুমি আর প'বে ? তুমি জানো না তোমার জীবন আমার জীবনের সঙ্গে জড়িয়ে গেচে '

'এ-কথা বলবার জন্মেই এতদিন অপেক্ষা করছিলে তুমি ?' 'অতসী, নিজেকে আর আঘাত দেবে কত?'

'তোমার কী? তোমার তাতে কী এসে যায়? আমি যা-ই করি, আমি যা-ই হই—তোমার তাতে কী এসে যায়?'

'একবার যদি নিজেকে দেখতে পেতে আমার চোগে!' 'তা পারি না? তা পারি ব'লেই তো—' অতদীর নিশাস হঠাৎ

মাঝপথে থেমে গেলো। একটু চুপ ক'রে থেকে সে বললে, 'অনেক সময় তোমার—একটা-কিছু তোমার চাই, যা নিয়ে, থেলা ক'রে অবসর কাটাতে পারো। এই তো?'

'তুমি যা ছিলে, এখন তো আর তুমি তা নেই। তুমি আলাদা, তুমি অন্ত কিছু—'

'সেই তোতা-বুলি, তোতা-বুলি! চাদ-তারার গল্প!'

'গল্প বুঝি ? কিন্তু আমি যে দেখতে পাচ্ছি তোমার চোথে জ্বলছে চাদ—'

রঞ্জনের কথা শেষ হ'লো না, অতসী একটা ভারি, শক্ত বই তুলে
নিয়ে ছুঁড়ে মারলো তার দিকে। রঞ্জন তাড়াতাড়ি সরে গেলো, বইটা
সশব্দে গিয়ে লাগলো পিছনের দেয়ালে। কিন্ত যাবার পথে রঞ্জনের
কানের কাছটা ছুঁয়ে গেলো একট্থানি; তার চশমাটা প'ড়ে গেলো.
মেঝেতে। আর সেই সক্ষে একটা চাপা আওয়াজ বেরোলে। আতসীর
গলা দিয়ে।

'কিছু হয়নি', ব'লে রঞ্জন কুড়িয়ে নিলে তার চশমা।

'ভাঙলো?' কথাটা অতসী হঠাৎ এমন টেচিয়ে ব'লে উঠলো যে রান্নাঘর থেকে হিরণ্মনী তা শুনতে পেলেন। 'কী ভাঙলো রে, অতসী?' সেখান থেকেই তিনি ব'লে উঠলেন।

অতসী জবাব দিলো না। পাংশু তার মুথ, ঠোঁট কাঁপছে, নিশাস পড়চে যেন সমস্ত অস্তর মথিত ক'রে।

রঞ্জন ভাঙা চশমাটা রেথে দিলে পকেটে। বইটাও তুলে রাখলো। তারপর স'রে গিয়ে দরজার কাছে দাঁড়ালো শাস্তভাবে, রুমালে মুথ মুছে।

### সকাল ও সন্ধা

হিরণায়ী মাছের ঝোলটা নামিয়ে রেখে ভাবলেন যে রঞ্জনকে খেতে বললেই হ'তো। কী আর—একদিন না-হয় সাধারণভাবেই একটু খেয়ে যেতো। ঘটা ক'রে দ্রেমস্কল্প করা কি আর তাঁকে মানায়!

ও-ঘরে গিয়ে তির্নি বললেন, 'কী ভাঙলো ?'

রঞ্জন বললে, 'কিছু না। আমার চশমাটা প'ড়ে গিয়েছিলো হাত থেকে।'

'চশমা ভেঙেছে ?'

'হঠাৎ কী-রকম হোঁচট থেলুম', বোকার মতো অনর্থক জবাবদিহি দিলে রঞ্জন। থালি চোথে দে ভালো ক'রে তাকাতে পারছিলো না; মাথার মধ্যে টিপটিপ করছিলো। 'আচ্ছা, চলি আজ।'

অতসী, একটু দূরে দাঁড়িয়ে, ক্রন্ত দৃষ্টিতে একবার তাকালো তার দিকে। চশমা ছাড়া রঞ্জনের চোথ বড়ো-বড়ো লালচে দেথাছে, দৃষ্টিহীন। শিরা ফুলে উঠেছে চোথের পাশে, কপালের নীচে। চোথের উপর যেন চোথের পাতা নেমে আসতে চাইছে আলোর পীড়নে। বঞ্জনকে একেবারে অক্স রকম দেগাছিলো—তা'র সেই ঘোলাটে চোথের বোবা দৃষ্টি নিয়ে—তাকে যেন ঠিক চেনা যাছে না। তার মধ্যে কোথায় যেন একটা করুণ শিশু-ভাব—এত নিফল সে, এমন অসহায় ঐ চশমাটি ছাড়া। এখন এত সহজ আরো, আরো আঘাতে তাকে চুর্ণ ক'রে দেয়া। যদি অতসী পারতো, যদি পারতো—তার চোথের সমস্ত আলো নিবিয়ে দিতে, তু-হাতের মধ্যে শিখার মতো তাকে নিঃশেষ ক'রে দিতে—যাতে আর কথনো তাকে দেখতে না হয়, কথনো, কখনো না!

'আমি যাই,' আবার বললে রঞ্জন।

হিরপ্রায়ী বললেন, 'একটু বোসো—এই তো এলে।' রঞ্জনকে খেয়ে যেতে বলবেন কিনা, তিনি ঠিক ক'রে উঠতে পারছিলেন না। একবার তাকালেন মেয়ের দিকে কিন্তু তার সঙ্গে চোখোচোখি হ'লো না। এমনভাবে সে দাঁভিয়ে আছে যেন সে সেখানে নেই।

'না:---রোদ বাড়ছে, চ'লেই ঘাই।'

ইতন্তত করতে-করতে হিরণ্মনীর বলাই হ'লো না কথাটা। রঞ্জন চ'লে গেলো।

তথন তিনি বললেন, 'বললেই হ'তো ওকে থেতে।'

এতক্ষণে, এতক্ষণে অত্সীর মৃক্তি। যে-প্রচণ্ড শক্তি তাকে আঁকড়ে ধ'রে ছিলো, তা শিথিল করেছে তার মৃঠি। অত্সীর সমন্ত শরীর বিবশ, মৃত্মান: তার হাঁট্র গাঁট যেনু জল হ'য়ে গেছে। ধুপ ক'রে দে ব'লে পড়লো, যেথানে তক্তাপোশের উপর বইগুলো চড়ানো।

'এত বই কিসের ?' হঠাৎ লক্ষ্য করনেন হিরণ্মনী। 'দিয়ে গেছে,' অফুট, ক্ষীণস্বরে অতসী বললে। 'কে, রঞ্জন ?' অতসী মাথা নাড়লো। হিরণ্মনী বইগুলোর দিকে একট তাকিয়ে বললেন, 'এত ?'

পোঠ্য বই সব—পরীক্ষা পাশের।'

'সমস্ত বই দিয়ে গেছে ?'

'সমন্ত।' অতসীর আর কথা বলতে ইচ্ছে করছিলো না; এক বিশাল, অনির্বচনীয় ক্লান্তিতে তার শরীর ভেঙে আসছিলো। বাছর উপর মাথা রেখে নিজেকে সে এলিয়ে দিলে।

### সকাল ও সন্ধা

'এ কী ? শুয়ে পড়লি এই অসময়ে ?' অতসা চুপ। 'রান্না তো সব তৈরি—স্থান করতে যা।' 'যাচ্চি, মা।'

তৃ-হাত দিয়ে একটা অন্ধকার গহরর রচনা ক'রে অতসী তার মধ্যে মৃথ গুঁজলো। ঘুম, ঘুম, ঘুম, ঘুমর নেশা তার সমন্ত রজে। সেই অগাধ অন্ধকার, বিশ্বতির কালো সম্দ্র, অন্ধকারে প্রাণের পুনরুজ্জীবন। সেই শাস্তির সম্পূর্ণতা। অতসীর শরীর যেন আর নেই: অসীম অন্ধকারে সে শুধু একটা হৃৎম্পান্দন। শুধু যদি সে একটু ঘুমোতে পারতো, মিলিযে যেতে পারতো তার বাহু-গহরের এই অন্ধকারে—সময়ের অতীত, জীবনের অতীত এই শৃত্যে যদি পারতো লীন হয়ে যেতে। সময়ের শেষ নেই; সমন্ত জীবন প'ছে আছে বাঁচবার, বহন করবার—তা তো আছেই: এই একটুগানি সময় তার হোক না, বিশ্বতিতে সম্পূর্ণ, শাস্তিতে শুরু।

কিন্ত তাও হবার উপায় নেই; তাকে উঠতে হ'লো, যেতে হ'লো স্নান করতে। মাথায় এক ঘটি জল ঢেলে দে ভাবলে, 'ও চ'লে গেছে, ও আর আদবে না।' শান্তির স্পর্লের মতো জল বেয়ে পড়তে লাগলো তার গা দিয়ে। 'বাঁচা গেলো।' একটু সময়, দে জল ঢাললে অবিচ্ছিয়, যতক্ষণ না জলে তার দৃষ্টি অন্ধ হ'য়ে গেলো, শাস এলো রুদ্ধ হ'য়ে। ক্ষেক গোছা চুল লেপটে গেলো তার ম্থের উপর, দেগুলো সরিয়ে দেবার কথাও তার মনে হ'লো না। 'বাঁচলাম, বাঁচলাম।' জল—তার শরীরের উপর বিশ্বতির প্রবাহের মতো, ছ্-চোগে জড়িয়ে-ধরা

নরম ঘুনের মতো, মৃত্যুর মধুরতার মতো। টিনের বেড়া-দেয়া দেই
খুপরির মধ্যে দে চৌবাচ্চা প্রায় থালি ক'রে ফেললে। ছলছল, ঝপঝপ
—জল ঝ'রে-ঝ'রে পড়লো তার শরীরে, স্বচ্ছ স্রোতে; মুক্তো
ছিটিয়ে দিয়ে আশে-পাশে, ছোটোছোটো ধারায় পথ ক'রে নিয়ে
তার শরীরের আনাচে-কানাচে, তাকে আচ্ছন্ন ক'রে। জল ঢেলে-ঢেলে
নিজেকে দে মেন শেষ ক'রে দিতে চায়। তবু তার ভিতর থেকে,
দেই জলধারার স্থরে-স্থরে ঠেলে উঠতে লাগলো এক ঘূর্নিবার স্রোতঃ
'তাকে আর দেথবো না। বাঁচলাম।'

থাবার সময় হিরণ্মগ্রী বললেন, 'তোর হ'লে। কী, অতসী, কিছুই থাচ্ছিস না।'

'কত আর থাবো, মা।' ,

'আগেই যত লাফালাফি, এখন তো দেখছি সবই প'ড়ে রইলো। মাচ নে আর-একখানা!'

'দাও।' মাছ নিয়ে অতসী একটু-একটু ক'রে খেতে লাগলো, নিঃশব্দে। এক রকম জোর ক'রে, শুধু মৃথরক্ষার জ্ঞা। থাওয়ার এতটুকু তাগিদ সে অন্তভ্য করছিলো না। তার শরীরের আর যেন কোনো প্রয়োজন নেই: নিজের ইন্ধন তা নিজেই।

'অতসীকে দেথে তুমি যেন আবার লজ্জা কোরো না, সরোজ ; তুমি ভালো ক'রে থাও।'

'আমি তো খাচ্ছিই।' নিয়মিত, অভ্যন্ত মম্বরতায় সরোজ তার জঠরে খান্ম প্রেরণ করছিলো। কিন্তু সে আশা করেছিলো অন্ত-কিছু। সকালবেলায় অতসীর লঘু কণ্ঠশ্বর গানের মতো এসে লেগেছিলো

#### সকাল ও সন্ধা

তার মনে; সে উৎস্ক হ'য়ে উঠেছিলো প্রতীক্ষায়। দিনের একটা ম্থোশ দেন খ'সে পড়েছিলো, সব জেগে উঠেছিলো একটা নতুন অর্থ নিয়ে। আর অতসীর এই নিমন্ত্রণ—তাতে সে অহুভব করেছিলো বনভাজনের মৃক্ত উল্লাস: খাওয়াটা আসল ব্যাপার নয়, খাওয়াকে উপলক্ষ্য ক'রে উচ্ছল হ'য়ে উঠছে আনন্দ। যদি, সে ভেবেছিলো, যদি আমাদের জীবনের প্রত্যেক বারের খাওয়ায় এই আনন্দ থাকতো, তাহ'লে জীবন কত বেশি বাঁচবার যোগ্য হ'তো! তাহ'লে খাওয়া শুধু একটা আবিশ্রক শারীরিক প্রক্রিয়া হ'তো না, হ'য়ে উঠতো ধর্মের আহুবিদক অহুষ্ঠান। শুধু যদি সমন্ত জীবনে আমরা বনভোজন ভাবটা আনতে পারতাম! তাহ'লে ভালো-মন্দ স্কথ-তৃঃথ নিয়ে ভেবে-ভেবে এত কপাল কুটে মরবার কিছুই দরকার হ'তো না; সবই সহজ্ঞ হ'তো।

তা হয় না; কিন্তু হঠাৎ এক-এক সময় দিন আসে, যথন ঘোমটা ছিঁড়ে যায়, মর্মে মর্মে আমরা রোমাঞ্চিত হ'য়ে উঠি। সেই বিরল এক দিন। ছোটো-ছোটো কথায় আর হাসির টুকরোয়, প্রাত্যহিক জীবনের ক্ষণিক স্থথের ভিতর দিয়ে সম্পূর্ণ হ'য়ে উঠবে এই সোনালি দিন। সরোজ তা-ই ভেবেছিলো।

কিন্তু গেতে ব'সে সে দেখলে, সব বদলে গেছে। অতসীর সক্ষেতার আর কোনো সংস্পর্শ নেই। সে যে আছে, অতসী যেন তা জানেই না। আয়োজন সবই আছে, কিন্তু প্রাণ গেছে নিবে। দিনের মৃথ যেন কম্বলে চাপা। মৃত তুপ, সব আয়োজন; কেবলই ক্রিবৃত্তি এই থাওয়া। হঠাৎ কী হ'লো?

একটু পরে অতসী জলের গেলাশে চুমুক দিয়ে বাকিটা জল পাতে

ঢেলে ফেললে। 'এ কী! হ'য়ে গেলো খাওয়া!' হিরণায়ী ব'লে উঠলেন।

'হ'লো।' পাতে এঁটো তুলতে-তুলতে অতসী বললে।
'তোর শরীর ভালো নেই, না, কী ?'

সরোজ চোথ তুলে তাকালে অতসীর দিকে; অতসীর চোথ কিছুই বললে না। সরোজের আল্ডে থাওয়া অভ্যেস; তার তথনো দেরি ছিলো। 'তুমি ওঠো না, হ'য়ে গিয়ে থাকলে। ব'সে আছো কেন ?'

আর অতসীর বুকের মধ্যে হঠাৎ একটা ধাকা লাগলো, সরোজের কথা শুনে। কী অধিকার তার ছিলো, তাকে অমন ক'রে বিপর্যন্ত করবার, বার্থ করবার? তাকে ডেকে এনেছে সে-ই তো। তার বেস্থরো মনের আঘাত কেন র্পে দিতে যাবে সরোজকে? কিন্তু তার দিনও যে নষ্ট হ'য়ে গেছে, এমন স্থানর দিন, লুপ্ত হ'য়ে গেছে, হারিয়ে গেছে চিরকালের মতো। অনস্ত কাল বাঁচলেও এই দিনটিকে সে ফিরে পাবে না। আর এই দিনের মধ্যে কী ঐশ্বর্যই না থাকতে পারতো, কী শ্বপ্লের মর্মর, কোন হর্য-গৌরব! এখন আর কোনো গৌরব নেই। গৌরব বিদায় নিয়েছে। এখন কোনো কথা বলতে গেলেই মিথ্যে শোনাবে। কাজ নেই। চুপ ক'রে থাকাই ভালো তার চেয়ে। 'আচ্ছা, উঠি তা হ'লে।' অতসী উঠে দীড়ালো, ভাতের থালাটা হাতে ক'রে।

থাওয়া শেষ ক'রে এসে সরোজ দেখলে, অতসী শুয়ে পড়েছে পাটি পেতে। সে উপরে চ'লে গেলো নিজের ঘরে, শুয়ে-শুয়ে ঘূমোবার চেষ্টা করলো। অনেককণ চেষ্টা ক'রেও খুম এলো না। তথন সে উঠলো,

#### সকাল ও সন্ধা

একটা জামা দিলো গায়ে। তারপর বেরিয়ে পড়লো রোদ্ধরে তার এক বন্ধুর বাড়ির দিকে। রবিবার তুপুরে সেথানে তাসের আড্ডা বসে। আর স্তব্ধ, স্তব্ধ হ'য়ে অতসী শুয়ে রইলো, চোথ বুজে। পড়বার চেষ্টা করলে না, চেষ্টা করলে কিছু না-ভাবতে। নিজের উপর সে ভেকে আনলে অন্ধকারের বক্তা, বিশ্বতি-ফেনিল। তার বিশের কেন্দ্রস্থান অন্ধকারের চিরন্থন আত্মা স্পন্দিত হচ্ছে। তবু সেই অন্ধকারের ফাঁকে ফাঁকে চমক দিয়ে উচছে কী স্বপ্ন, ভাবনার কোন বিছাৎরেখা। 'তাকে আমি আর দেখবো না, আর দেখবো না—বাঁচলাম। শেষ ক'রে দিয়েছি; আমি তাকে উপড়ে ফেলেছি। বাঁচা গেলো।' 'বাঁচা গেলে। বাঁচা গেলো, বার-বার সে বললে নিজের মনে। নি:শব্দে উচ্চারণ ক'রে বললে, যেন নিজেকে বিশ্বাস করবার জন্ত ; যেন, উচ্চারণ ना-कर्त्राल कथां होत वर्ष (म डेभनिक कर्त्राङ भारत्राह ना। ना-मत्मर तारे, कारा मत्मर तारे, रम विराध विषय ब्रख्यम्-ত্ব-হাতের মধ্যে নিয়ে সে তা চুর্ণ ক'রে দিয়েছে। কি**ন্তু** সেই ফলের রক্তক্ত্রি—এই অন্ধকারের স্রোতেও তা ঢেউ তুলে দিচ্ছে যে। তার রক্তেও কি তা জলচে না, কোনো নিহিত আগুনের মতো? এখনো কি সে শেষ ক'রে দিতে পারলে না তাকে, নিবিয়ে দিতে পারলে না চিরকালের মতো? কিছ-তা এত স্থন্দর, এত স্থন্দর: এত স্থন্দর তা হয়েছিলো—দে কি ভুধু এরই জন্মে, হাতের মৃঠির চাপে চূর্ণ হ'মে शांच व'ता १ क्वन छ। क'ता छेंग्रता ना এই उच्छन मितन, नान-সোনালি; কেন তার ছায়া এই দিনের উপর নামলো কুয়াশার মতো-যাতে উঠছে সব বিকৃত হ'য়ে।

## रह विकशी वीव

মুহূর্তগুলো থ'সে-খ'সে পড়তে লাগলো, কোনো গভীর কৃপের অক্ষকারে ছোটো-ছোটো পাথরের মতো। তারপর ঘুম নামলো অতসীর চোথে গাঢ় হ'য়ে, ঘুমের মধুরতায় তার আত্মা আচ্ছন্ন হ'য়ে পড়লো; বিশ্বতির ফেন-মদিরতায় সে মুর্ছিত। মৃত্যুর মতো শুরু সে-ঘুম।

মৃত্যুর মতো। নিশ্চিষ্ণ বিলুপ্তি; অবিচ্ছিন্ন নীরন্ধ অন্ধকার। অস্টুউতম স্বপ্র-মর্মর সে-শুদ্ধতাকে মূহুর্তের জন্ম ভেঙে দিলে না। শাস্তি: স্টির স্থানেকার বিশ্বের অনির্বচনীয় শাস্তি।

সময় আর নেই। সমস্ত সময়ের শেষ—সমস্ত বাসনার, বাসনার সব সংঘাতের, সব আশার, জল্পনার, ক্লান্তির। শুধু এই অন্ধকারের বক্সা। শুধু শান্তি।

তবু এলো স্থপ্ন, অনিকার্য। অন্ধণবের ঠাশবুনোন কোথায় যেন একটু ফাঁক হ'য়ে গেলো; রূপহীন শৃন্তপুঞ্জ আলোড়িত হ'য়ে উঠলো কোন গোপন প্রেরণায়। আলো এসে পড়ছে কোথা থেকে, দোলা দিয়ে যাচ্ছে কোন দক্ষিণ সমুদ্রের হাওয়া। অফুট মর্মর, অলক্ষ্য চঞ্চলতা। বিশাল অন্ধকার আবতে মথিত হ'য়ে গ'ড়ে তুলছে এই স্থপ: চেতনার মুথ থেকে ঘন ধোঁয়ার আবরণ সরিয়ে নিলে কে—সেই ধোঁয়া পেঁচিয়ে-পেঁচিয়ে উঠছে প্রত্যক্ষ হ'য়ে, নির্দিষ্ট একটা রূপ নিয়ে। সে কি বেরিয়ে এলো অতসীরই মগ্নমনের আলোহীন গুহা থেকে, তারই রক্ষের ফেনা থেকে কি উঠে এলো, এই বাসনার মূর্তি মু পৃথিবী স্তন্ধ, ক্ষম্বোস; সৃষ্টি যেন থেমে আছে। রাজি নয়, দিন নয়, স্বপ্নের ছায়া-মধুর গোধুলি, চিরস্তন। অতসী যেন চোথ মেলে দেখলে তার পায়ের কাছে রঞ্জন ব'সে আছে, তার মুখের দিকে তাকিয়ে। ভালো

### সকাল ও সন্ধা

ক'রে তা'র মৃথ দেখা যাচ্ছে না: কিছু সে যেন নতুন হ'য়ে এসেছে— সেও যেন এই স্বপ্ন-গোধ্লিরই মতো শাস্ত, তক্ক; তার মধ্যেও যেন সময্হীনতার চিরস্তনতা। অতসী মৃট্রে মতো তাকিয়ে রইলো।

রঞ্জন ডাকলো, 'অত্সী, ওঠো!'

কিন্তু অতসী শুধু তার ঘুমভাঙা চোপের বিহবেদ দৃষ্টি মেলে দিলে; কিছু বললে না। সে বুঝতে পারছিলো না। তার মন তথনো অস্পষ্ট; বিশ্বতির নেশাব বিছডিত।

রম্ভন আবার ভাকলো, 'ভঠো।'

আর হ্যাৎ, রঞ্জনের দিকে তাকিয়ে থাকতে-থাকতে অতসীর মনে পড়লো। সঙ্গে-সঙ্গে, তাকে ভাসিয়ে নিমে গেলো লঙ্জার এক বিশাল ঢেউ। আবার বুজে এলো তার চোধ।

সে উঠলো থানিক পরে। বেলা আর নেই। ঘরের ভিতর প্রায় অন্ধকার; জানলার বাইরে একটা কাঁঠাল গাছের পাতায় ঘোলাটে রোদ।

'মা কোথায় ?' অতসীর গলা ব'সে গেছে, এত সে ঘুমিয়েছে। রঞ্জন বললে, 'জানি না তো।' 'কখন এলে ?'

'অনেকক্ষণ। কী ক'রে এত ঘুমোতে পারো বলো তো ?'

অতসী ক্ষীণ হাসলো। এথনো ঘুমের মোহ তার শরীরে। নতুন ক'রে জন্ম নেবার মত—এই রকম দীর্ঘ, গাঢ় ঘুম থেকে জ্বেগে ওঠা। ঘুমের সমুদ্র থেকে সে উঠে এলো এইমাত্র—আফ্রোদিতের মতো সংখ্যোজাত। এখন আর তার কোনো অতীত নেই। এখন—নতুন ক'রে সব আরম্ভ

করবার। দে যতক্ষণ ঘুমিয়ে ছিলো, ম'রে ছিলো, অলক্ষিতে নতুন প্রাণ-সঞ্চার হয়েছে তার রক্ষে। সে এখন নতুন।

'তুমি বোদো, আমি একটু স্থান ক'রে আসি।'

সাবানের গন্ধ তাকে ফিরিয়ে আনলো পৃথিবীতে, তার অভ্যন্ত জীবনে। না—সে-জীবন আর নেই; সব বদলে গেছে।

যত্ন ক'রে সে গা ধুলে। তারপর ও-বেলার ছাড। শাড়ি প'রে ঘরে ফিরে এসে বাক্স থেকে বের করলে খনেরি বুটি-তোলা ঢাকাই শাড়ি, হলদে পপলিনের ব্লাউজ। ঈষৎ চোথ তুলে বললে, 'তুমি একটু বাইরে যাও তো।'

রঞ্জন বারান্দায় গিয়ে অপেকুণ করলে। কয়েক মিনিট পরে— আশ্বর্থরকম অল্প সময়ে, রঞ্জনের মনে হ'লো—অতসী বেরিয়ে এলো কাপড়চোপড় প'রে। তার কাছে এসে মাথা ফিরিয়ে বললে, 'ছাগো তো চুলটা ঠিক আছে কিনা; এত কম আলোয় দেখতে পারিনি ভালো ক'রে।'

'ঠিক আছে।'

'শাড়িটা কেমন ?'

'থুব স্থন্দর !'

'থয়েরি বুঝি তোমার পছন্দ? একটু ছেলেমান্যি—না? তা থা-ই বলো, এই সিঁতুরে পাড়টা চমৎকার।'

'চমংকার,' প্রতিধ্বনি করলে রঞ্জন।

'লাল হ'লে অত ভালো হ'তো না—তা-ই না? শাড়িটা আমি এত ভালোবাসি যে এটা পরতেই কট্ট হয়। দাঁড়াও একটু; মা বোধহয় উপরে আছেন, তাঁকে ব'লে আসি।'

#### সকাল ও সন্ধা

উপরে হিরশ্মী সরোজের বৌদিকে বেলের মোরবা তৈরি করবার গৃঢ় রহস্যে দীক্ষা দিচ্ছিলেন, অতসীকে দেখে ব'লে উঠলেন, 'বাবাং, তোকে আজকে ভূতে পেয়েছিলো নাকি—সারাটা দিন প'ড়ে-প'ড়ে ঘুমোলি!' তারপর তার সাজগোজ লক্ষ্য ক'রে: 'রেফছিদ প'

'একটু ঘুরে আসি, মা, বাইরে থেকে। মাথাটা কেমন ভার হ'য়ে আছে।'

'হবে না! কুম্ভকর্ণের মতো ঘুমোলে—! কদ্র যাবি ?'

'এই তোরমনায়। রঞ্জন যাবে সকে।'

'রঞ্জন এসেছে আবার ''

'আমি ঘুম থেকে উঠে দেখি, ও ব'সে আছে। তুমি কোথায় যে থাকো!'

'বা:, ডাকলি না কেন আমাকে? চল, তোদের চা ক'রে দিই।'

অতসী বাধা দিয়ে বললে, 'না, মা, চা পেতে গেলে, আবার দেরি হ'য়ে যাবে। থাক এখন।'

'তুইও তো কিছু পেলি না এ-বেলা।'

'ফিরে এসে থাবো যা-হয়। চলি এথন।'

'রঞ্জনকেও নিয়ে আদিদ দক্ষে। আমি খাবার করে' রাখবো।'

'আচ্চা।'

অভসী যথন সি'ড়ি দিয়ে নামছে, হিরগ্নথী তার পিছনে চেঁচিয়ে বললেন, 'দ্রজার শিকলটা টেনে দিয়ে যাস কিন্তু।'

নিচে এসে অতসী বললে, 'চলো।'

'कानमिक यादा ?' 'कान है ना।'

রাস্থায় বেঞ্চলো ত্-জনে। ইাটলো পাশাপাশি, নি:শব্দে, কেউ
কারো দিকে না-তাকিয়ে। এসে পড়লো রমনার প্রান্তে,
কাঁকা মাঠে। সূর্য অন্ত গেছে, কিন্তু এগনো আগুনের স্রোত্ত
পশ্চিমের মেঘে-মেঘে। দিনের মধ্যে ত্-এক পশলা রৃষ্টি হয়তো হ'য়ে
থাক্বে, ঘাস ভেজা, ঝিরঝিরে, ঠাগু। হাওয়া। বৃষ্টিতে ধোওয়া
বায়্মগুলে আশ্চর্য শ্বছতা। সেই স্থান্ত-আভার নিচে, ঘাসে আর
পল্লবে আর গাছের মাথায়-মাথায় জ্ব'লে-ওঠা সবৃজ আগুনের স্রোতে
সমস্ত পৃথিবী যেন হঠাৎ কোনো রক্তিম ফলের মতো পেকে উঠলো
—তাদের চোখে। তুরু, তুরুনে হেঁটে চলেছে নিরুদ্দেশ, পাকা-রান্তা
ছেড়ে ঘাসের উপর দিয়ে স্থান্তে পরিপ্রুত, তুরুতার সম্পূর্ণ বাণীবিনিময়ে ময়। আকাশে আলো মিলিয়ে এলো, ঘাসের বৃকে
নামলো ছায়া, মান-নীল আকাশে ত্-একটি তারা চিকচিক ক'রে
উঠলো।

অতসী খুব নিচু গলায় বলে উঠলো, 'কী স্থন্দর!' 'কী ?'

'কী নয়? সব, সব। কে জানতো এত স্থন্দর এই পৃথিবী।'

রঞ্জন চুপ। অতসী আবার বললে, 'মনে হচ্ছে, আজই যেন প্রথম দেখলুম—এই মাঠ আর এই আকাশ। কতদিন তো গিয়েছি এ-পথ দিয়ে সন্ধেবেলা, কিন্তু কথনো তো চোখে পড়েনি—'

### সকাল ও সন্ধ্যা

'অতসী, এ-রং তোমারই চোথের।'

'আমারই !' অতদীর গলায় ঢেউ লাগলো, 'আমারই ! যাত্ব করেছে আমাকে কেউ। জানো, আজ সমস্ত তুপুর আমি এমন ঘুমিয়েছি যেন ম'রে ছিলুম—'

'তারপর ?'

'তারপর জেগে উঠে নিজেকে আর চিনতে পারি না।'

অতসীর কথা শুনতে-শুনতে রঞ্জনের বুকের ভিতরটা চিপচিপ করছিলো। মৃত্ শ্বরে বললে, 'আমিও হয়তো চিনতে পারতুম না, যদি না—'

অত্সী প্রশ্নময় চোথ তুলে রঞ্জনের দিকে তাকালো।

'যদি না,' যেন তার ইচ্ছার বিরুদ্ধে সে কথাগুলো উচ্চারণ করলে, 'যদি না আমি রোজালিণ্ডের নাম শুনতুম, ছন্মবেশে সে ঘুরে বেড়ায়।'

অতসী মৃথ ফিরিয়ে নিয়ে একটু চুপ ক'রে রইলো। তারপর আন্তে-আন্তে বললে, 'একটা কথা আমি আজ জানলুম: মাঝে-মাঝে না-মরলে বাঁচা কাকে ব'লে বোঝা যায় না। যে কথনো মৃত্যু-কামনা করেনি, জীবনের সে কী জানে ?'

রঞ্জনের কানে কথাগুলো অভুত শোনালো, প্রায় ভীতিকর। সে থেন অমুভব করলে, অতসী বে-অভিজ্ঞতার কথা বলছে, তা তার পরিধির বাইরে। সে শুধু অন্ধকারে হাৎড়াচ্ছে, শুধু তার মন্তিক্ষে পৌচচ্ছে কথাটা —কিন্তু মন্তিক্ষ দিয়ে আমরা কী বা জানতে পারি। না, সে জানে না, সে জানে না। অতসীর মধ্যে যে-রহন্ত্র, তা এখনো তার অতীত।

রঞ্জনের মনে তা একটা ভয়ের মতো, সেই নিগৃঢ় বিশায়। এতদিন সে চ'লে এলো দৃঢ় ছ:সাহসে; আর আজ, পথ যথন ফুরিয়ে এলো, আজ কেন তার ভয় করছে ?

রঞ্জন যে চুপ ক'রে আছে, অতসী যেন তা লক্ষ্যই করলে না। আপন মনে বলতে লাগলো, 'যারা সব সময় ভালো-লাগার কাঙালপনা নিয়ে ঘুরে বেড়ায়, তারাই তো নষ্ট করে জীবনকে—তাদের ভালো-লাগাকেও সেই সক্ষে। এমন জীবন তুমি পেতেই পারো না, যা সব সময় উড়ে চলেছে উপভোগের পাথায়। বাঁচতে হ'লে, মাঝে-মাঝে তোমাকে মরতেই হবে। হবেই। তাছাড়া উপায় নেই। এক-এক সময়, জীবনের ক্লান্তি যথন অসহ হ'যে ওঠে, মৃত্যু দিয়ে তাকে নতুনু ক'রে না-তুলতে পারলে তোমার চলবে না।'

'অতসা, কী বলছো তুমি ?'

'ব্রতে পারছো না,' কেমন অন্তুত, উদ্দীপ্ত স্বরে অতসী ব'লে উঠলো, 'ব্রতে পারছো না—মৃত্যুতে কী রহস্ত ! কবিরা যথন মৃত্যুকে মধুর বলেন, যথন তাকে ডেকে আনতে চান মন্ত্রের উচ্চারণে, ঘুমের মতো। এতদিন আমি ভাবতুম, ও-সব বাজে কথা, কবিদের কথা নিয়ে থেলা। কিছু তাদের কথাই ঠিক : মৃত্যু তো ঘুমেরই মতো, মৃত্যু অন্ধকার। সেই আন্ধকারের আড়ালে—আন্তে-আন্তে, তোমার অন্তান্তে, আগুন ধ'রে যায় তোমার শরীরে, নতুন প্রাণের আগুন। জেগে উঠে তুমি অবাক হ'রে যাও।'

'তোমার কথা ভালো বুঝতে পারছি না, অত্সী।' আরু সত্যি, অত্সী এমন ভাবে কথা বলছিলো যেন তাকে ভূতে পেয়েছে, যেন কোনো

#### সকাল ও সন্ধা

সম্মোহন কাজ করছে তার মধ্যে, হেন সে নিজেই জানে না, সে কী বলচে।

কিন্তু তারপর অনেকক্ষণ, অতসী আর-কিছু বললে না। আলো জ'লে উঠলো রমনার পথে-পথে। বেশি লোক নেই রাস্তায়: তুর্ মাঝে-মাঝে হয়তো ত্-চারজন ইউনিভার্সিটির ছাত্র তাদের পাশ কাটিয়ে যাচ্ছে চেঁচিয়ে কথা বলতে-বলতে। একটা মোড়ে এসে তারা যে-রাস্তানিলে, সেটা আরো বেশি নির্জন, তা যে কোথায় গেছে, তার যেন দিশে নেই, তা হেন নিজেকে মেলে দিয়েছে পৃথিবীক শেষ দিগস্করেখায়।

'তোমার ক্লান্ত লাগছে না তো ?' জিগেদ করলে রঞ্জন। 'না—আমি হাঁটতে পারি খুব। যত বলো।'

আবার চুপচাপ। অতসীর চলার ছন্দের তালে-তালে শাড়ির থশগশানি। রান্তার একটা আলোর কাছে দিয়ে যথন যাচ্ছে, অতসী রঞ্জনের দিকে চোথ ফিরিয়ে বললে, 'তুমি যে একেবারে চুপ ?'

'বেশ লাগছে চুপ ক'রে থাকতে।'

'किছू वरला!'

'কী বলবো বলো তো?'

'যা তোমার থুণি। একটু শুনতে দাও তোমার গলার আওয়াজ।' 'অতসী, এ যে কটের মতো।'

'কিন্তু এ তো তোমাকে সইতেই হবে। তুমিই তো ভেকে আমালে, একে।'

#### टर विजयी वीव

'আমি কথনো ভাবিনি—' রঞ্জন ঘেন আপন মনে বলতে আরম্ভ করলো, কিন্তু থেমে গেলো হঠাৎ।

'की ভাবোনি ?'

'যে এর মধ্যে এত আছে। যদি বিছানায় শুয়ে অন্ধকারে তাকিয়ে মনে-মনে ভাবাই সব হ'তো—'

অতদী চাপা গলায় হেদে উঠলো। রঞ্জন আবার বললে, 'এ আমি ঠিক বুঝতে পারি না। কেন এই আকর্ষণ—আর কেন এই কষ্ট।'

'বৃষতে চেয়ো না—বোঝবার জিনিশ এ তো নয়। আগে যা-কিছু ভেবেছো, তার সঙ্গে মেলাতে যেয়ো না। এই মৃহূর্তকে নাও, এই কষ্টকে নাও। তা তোমার।'

'আমি ভাবছিলুম, কী ক'রে এ-রকম হয়—'

'কিছু ভেবো না, ভেবে কূল পাবে না—মাঝথান থেকে কেন একে নষ্ট করতে যাবে। মৃস্তোর মত এই মুহূর্ত—তাকে কেন ভেঙে দিতে যাবে? এতদিন যা-কিছু তুমি ভেবেছো আর করেছো, সব ভূবে যাক। শুধু তুমি হও।'

'ষ্মতসী, তুমি তথন মৃত্যুর কথা বলছিলে। এও তো মৃত্যুর মতো; এও তো চায় যে স্মামি কিছু-না হ'য়ে যাবো।'

'না—এ শুধু চায় যে তুমি সবচেয়ে বেশি তুমি হ'য়ে উঠবে। এ যেন ঘুম থেকে জেগে ওঠা—যে-ঘুম মুছে নিয়েছে সমস্ত অতীত।'

'একে সহা করা এত কঠিন তো সেই জন্মেই।'

'সমন্ত অতীত!' অতসী আবার বললে, 'এই মাত্র যেন অন্ধকার থেকে উঠে এলাম—আমরা ছ-জন। পিছনে কিছু নেই; এইমাত্র

#### मकाल ७ मका।

আরম্ভ। যে-পরিচয় নিয়ে আমরা পথ চলেছি এতদিন, তা হারিয়ে গেছে। কোনো পরিচয় নেই, শ্বতির কোনো বন্ধন, অস্তু কোনো সম্পর্কের দায়িছ। সম্পূর্ণ মৃক্তি। নতুন জন্মের এই মৃহুর্তে পরম্পরকে মুখোমুথি দেথছি—তুমি আর আমি।'

'আর বোলো না, অত্সী, আর বোলো না,' হঠাৎ প্রায় ব্যাক্লভাবে রঞ্জন ব'লে উঠলো।

থ্ব আন্তে, অতসী মৃহুর্তের জন্ম রঞ্জনের হাত স্পর্শ করলে, যেন আশাস দিয়ে, যেন একটা নতুন সংস্পর্শ স্থাপন করবার জন্ম। লক্ষ বিহাৎ এক সঙ্গে ঝিলিক দিয়ে উঠলো রঞ্জনের শরীরে। বন্ধার মতো ত্'লে উঠলো তার রক্ষ। ওঃ, যন্ত্রণা, যন্ত্রণা—এত সহ্থ করতে পারে কি মাহুষের শরীর? তার সমন্ত সন্তা যেন ফেটে পড়ছে শরীরকে ছাড়িয়ে যেতে, উচ্ছিন্ন হ'যে যাচ্ছে মৃত্যুর উন্মৃথতায়। কোনো সন্দেহ নেই, মৃত্যু মধুর—যদি মৃত্যু নিয়ে আসে শরীরের চরম অবলুথ্য—এখন, এই মৃহুর্তে।

এ-রাস্তায় ছাড়া-ছাড়া তুটো চারছে বাড়ি—মেহেদির বেড়ায় ঘেরা মন্ত আছিনার মধ্যে ইউনিভার্নিটির দেবতাদের আবাস। শেষ বাড়িটার ভিতর থেকে ভেসে আসছে অতি মৃত্ব পিয়ানোর স্বর। রেশমের মতো স্পর্শে অন্ধকারকে আদর ক'রে যাচ্ছে সেই নরম স্বর: যেন চারদিককার নীরবতারই অন্তর থেকে উৎসারিত ক্ষীণ কোয়ারা। ফোঁটার পর ফোঁটা আন্ধকারের গহরের তা ঝ'রে পড়লো, ফটিক-স্বচ্ছ, বিশুদ্ধ। ছ-জনে বাড়িটা ছাড়িয়ে এলো চুপচাপ। চললো এগিয়ে। শৃত্যতায় মিশে গেলো পিয়ানোর স্বর। রাস্ভাটা থামকা চ'লে গেছে আরো অনেকথানি:

তারপর রেল-লাইন ছাড়িয়ে গ্রামের মধ্য দিয়ে কোথায় কে জানে।
কিন্তু শহরের এথানেই শেষ: শেষ ইলেকট্রিক আলোটি কেমন ব্যর্থভাবে
জ্বলে যাচ্ছে। তার আলো ছড়িয়ে পড়েছে একটু দূরে, তারপরেই
অন্ধকারের সমৃদ্র। লেভেলক্রসিং-এর ধারে দাঁড়িয়ে তারা সেই আলোঅন্ধকারের সন্ধমরেথার দিকে তাকালো।

রঞ্জন বললে, 'চলো আর-একটু যাই।'

রেল-লাইন পার হ'য়ে তারা এদে পড়লো এক বিশাল শৃত্য প্রাস্তরের মাঝগানে। চারিদিকে কিছু নেই, আর-কিছু নেই: শুধু আকাশ, শুধু অন্ধকার, শুধু অবাধ, সমতল মাঠ দিগস্ত থেকে দিগস্তে। দেগানে, সেই অন্ধকার, নির্জনতায়, তারা ত্ব-জন; আর শুরুতা কোনো অস্পই-অহভাব্য প্রেত-উপন্থিতির মতোঁ। সমস্ত পৃথিবী নীরব, তারা নীরব, তারায়-তারায় হারিয়ে-যাওয়া আকাশের মতো, তার মধ্যে মেন চিরকালের এক বিশ্বতি। অনির্দিষ্ট, নিরবয়ব, সেই বিস্তীর্ণ প্রাস্তর অসম্পূর্ণ, অসমাপ্ত, যেন তার স্থিই এখনো শেষ হয়নি, যেন তাকে তৈরি করতে-করতে বিধাতা হঠাৎ অন্তমনন্ধ হ'য়ে পড়েছিলেন—আর সেই অর্ধ-সমাপ্ত অবস্থাতেই তা প'ড়ে আছে, য়ুগের পর য়ুগ, আশাহীন উদাসীন, অন্ধ, নিশ্চতন একটা পুঞ্জ। শহরের আলোর চক্র অতিক্রম ক'রে রাস্তা ছেড়ে মাঠের উপর দিয়ে তারা এগোতে লাগলো, অন্ধকারের অভ্যন্তরে।

রঞ্জন বললে, 'একটু বসি, এসো।' 'এখানে ?' 'হ্যা, এখানে।'

#### সকাল ও সন্ধা

'ঘাস যে ভিজে।'

'ভিজে ?' জুতো থেকে পা খুলে কড়ে আঙুল দিয়ে রঞ্জন একটু পর্থ করলে। 'তা-ই তো।'

খুঁজে খুঁজে একটু শুকনো জায়গা পাওয়া গেলো, তার চারদিকে গাছ। ধ্-ধ্ শৃক্তার মধ্যে একটুগানি দ্বীপের মতো। সেগানে বসলো ছ্-জনে। গাছগুলো আডাল করেছে দ্রের আলোর আভাস। তারা যেন জায়গা ক'রে নিয়েছে পৃথিবীর বুকের মান্যথানে; তাদের উপর দিয়ে ব'য়ে চলেছে অন্ধকাবের নিঃশব্দ সমুদ্র।

সেথানে তারা ব'সে রইলো, কথা না-ব'লে, পরস্পর-বিশ্বত, পৃথিবী-অতীত, সময়-স্বাধীন।

আর হ্যাৎ সেই অন্ধকাবের সমৃদ্রে উঠলো তেউ। দ্রে শোনা গোলো গুরু-গুরু গর্জন, যেন পৃথিবীর অবরুদ্ধ, মৃক আত্মা কথা ক'য়ে উঠতে চায়। দিগন্তে জেগে উঠলো প্রচণ্ড মালো, জয়ধ্বজার মতো উদ্ধত। এ কোন বিদ্ধা দেনাবাহিনী এগিয়ে আসচে রাত্রির ভিতর দিয়ে আকাশে নিশান তুলে ধ'রে, ভীষণ কলরোলে চুর্ণ ক'রে দিয়ে রাত্রির হৃৎপিণ্ড! তা এগিয়ে এলো, তা কাছে এলো, প্রান্তর থেকে প্রান্তরে প্রতিধনি তুলে আলোর দীর্ঘ, তাঁত্র, জ্রুত-ধাবমান বর্শায় অন্ধকারকে দিখণ্ডিত ক'রে। ক্লুক্ক-সবুজ বিহাতে দিগন্তব্যাপী শৃষ্ম উদ্ভাসিত হ'য়ে উঠলো কয়েক মুহুর্তের জন্ম।

'ট্রেন!' রুদ্ধ, যেন আতহিত স্বরে অতসী ব'লে উঠলো।

হু-হু ক'রে ছুটে গেলো বেলগাড়ি, যেন তাদের হ-জনের বুকের উপর দিয়ে, তাদের হুংম্পন্দনে প্রতিধ্বনিত হ'য়ে উঠলো তার উন্মাদ লৌহ

চীৎকার। চাকার ঘর্ষণে-ঘর্ষণে যেন নিম্পেষিত হ'য়ে গেলো তাদের
শরীর। আতত্কের আনন্দের মূর্ছাময় এক মূহূর্ত। গাড়ি চ'লে
গেলো; আলো গেলো স'রে; অনেক দূরের শব্দ স্বপ্রের মতো অস্পষ্ট।
আবার অন্ধকার। আবার চিরস্কন রাত্রির গুরুতা।

অনেকক্ষণ পর্যন্ত তার। শুনলো নিজেদের হৃদয়ের শব্দ। তারপর অতসী বললে, 'মনে হচ্ছে এতদিন এরই জন্মে অপেক্ষা ক'রে ছিলুম।'

'আমি ঠিক জানতুম এ আসবে,' রঞ্জন বললে।

'জানতে ?'

'মুহুর্তের জন্মও আমি সন্দেহ করিনি।'

'আর কথনো, কথনো তুমি হু:থ পাওনি।'

'তোমার মতো নয়।'

অন্ধকারে মৃত্ মর্মরিত তুই স্বর। তা যেন কান দিয়ে শোনবার নয়, রক্তের উচ্ছাসে অহতেব করবার।

'আ, তুমি জানতে!' অতসী বলে উঠলো।

'কাছে এসো,' রঞ্জন বললে।

'কেন তুমি আমাকে চাও ? কী চাও তুমি আমার মধ্যে ?'

'আমি তোমাকে চাই, আমি তোমাকে চাই।'

হঠাৎ একটা হাওয়া জেগে উঠলো, শিরশির ক'রে উঠলো গাছগুলো, কী ইন্ধিত ঝলসে গেলো তারা থেকে তারায়। অতসার স্নায়ু-কেন্দ্রের ভিতর থেকে এক প্রবল কম্পন উথিত হ'য়ে যেন তার ব্রহ্মরদ্ধ দিয়ে বেরিয়ে গেলো: অফুট গলায় সে ব'লে উঠলো, 'বলো, বলো, বলো তুমি আমাকে ভালোবাসো!'

#### সকাল ও সন্ধা

আর রাত্রির জোয়ার ফীত হ'মে উঠলো, মহাশৃষ্টে তারারা জায়গা বদল করলে, ক্লফতিথি পাংশু হ'মে উঠতে লাগলো চাঁদের সম্ভাবনায়। অন্ধকার কেটে যেতে লাগলো ঘুমের স্বপ্লের মতো, ছায়ার রহস্তে ভ'রে গেলো পৃথিবী, দিগস্তে দেখা দিলো ভাঙা, ভামাটে চাঁদ। একটা পাঁচা তার গন্তীর স্বরের ঢেউ তুলে উড়ে চ'লে গেলো নির্জনভা থেকে নির্জনতায়।

তথন রঞ্জন বললে, 'রাত হ'লো।' অতসী কোনো সাড়া দিলে না। 'চলো,' রঞ্জন আবার বললে।

সে-রাত্রে বিছানায় শুয়ে-শুয়ে অতসী মনে-মনে বললে, তুমি আমাকে নাও। আঃ, নিজেকে নিঃশেষে সমর্পণ করবার পরম মোক্ষ! সে তাকে আচ্ছন্ন ক'রে রাখুক, ভাসিয়ে নিয়ে যাক বল্লার মতো, অতসী ময় হ'য়ে যাক তার মধ্যে। আর-কিছু সে চায় না। সে দেখা দিক অলম্ভ তারার মতো, তার হদয়ের দিগস্ভে; তার বুকের মধ্যে পথ ক'রে নিক অগ্রিরেখায়। সে তার বুক পেতে দেবে; সে নিজেকে তুলে ধরবে তার ম্থের কাছে, মদের মতো। এতদিন তার গর্ব ছিলো—ওঃ, সে ম'রে যাচ্ছিলো তার গর্বের পীড়নে। কিছু এখন···কেন সে এখন এখানে নেই? একবার সে কি আসতে পারে না? অতসী নিজেকে নিঃশেষে নিছাশণ ক'রে তার সমস্ভ সন্তার সার কোনো ছুর্লভ অ্থন আসে, সে যদি তাকে চায়, নিতে চায়। তার প্রেম যে দারুশ থড়েগর মতো দীপ্তিময়, কে তাকে রোধ করবে? এই রাত্রির মতো

উষ্ণ অন্ধকার তার যৌবন—উপায় কি তার মধ্যে তুবে না-গিয়ে? আমি এতদিন চোথ বুজে ছিলুম—যাতে তোমাকে না-দেখতে পাই; কিন্তু এখন তুমি দেখা দিয়েছো, বজ্ব-ম্বরে, বিহুৎ-স্পর্দে, মেঘের সমারোহে। আমার সমস্ত বিশ্ব তোমার অন্ধকারে মিশে গেলো যে। যা-কিছু আমার ছিলো, যা-কিছু আমি দিতে পারি, সব তোমাকে দিয়েছি; এইবার তুমি আমাকে নাও। হে বিজয়ী বীর, তুমি আমাকে নাও।

#### मस

#### রীভিমতো বিয়ে

চিঠিখানা পাবার পর রঞ্জন আধ ঘণ্টার মধ্যে ত্-বার পড়েছে, তবু তাকে আর-একবার পড়তে হবে :

'বঞ্চন,

অনেকদিন পর—না? এর মধ্যে আমাদের একেবারে ভূলে যাওনি নিশ্চরই? বলো—তোমার পড়ান্তনো আর রমনা বেড়ানো আর সিনেমা-দেখা আর আড্ডা—তোমার সব কাজ আর অকাজের ফাঁকে-ফাঁকে ত্-একবার কি মনে পড়েছে—সেইসব সন্ধ্যা, সেই হাসি আর গল্প, সেই—সব-কিছু। মনে প'ড়ে একটু কি মন-খারাপও হয়নি? হয়নি জানি, তবু মিথ্যে ক'রে একবার বলো।

ভেবেছিলুম তুমি এতদিনের মধ্যে হয়তো একবার কলকাতায় আসবে। এত বড়ো একটা গ্রীন্মের ছুটি গেলো! মা অসমতি দিলেন না বুঝি? না কি, সহু-বৈধব্যিত মা-কে সাস্থনা দেবার জন্মে থেকে গেলে? তোমাদের হুর্ঘটনার কথা শুনে মর্মাহত হয়েছিলুম, আর এমন হঠাৎ—! তখন ভেবেছিলুম একটা চিঠি লিগি তোমাকে, কিন্তু লেখবার কী-ই বা ছিলো! একটা কথা তবু, এত দেরি হ'য়ে গেলেও, না-লিথে পারছি না: তোমার কামানো মাথা নিয়ে তুমি রীতিমতো স্তুইবা হয়েছিলে নিশ্চয়ই! কিন্তু হায়, এ-দৃশ্র আমি দেখতে

পেলুম না। তোমার ভিতরকার গভীর আধ্যাত্মিকতা সে-ক'দিনে নিশ্চয়ই এমন ফুটে বেরিয়েছিলো যে—বে—তৃমি নিজে যা-হোক একটা কিছু বসিয়ে নিয়ো, আর ভাবতে পারি না। তথন একবার এলে না কেন? এলে তো না-ই, চিঠিপত্রও লিখলে না। শেষ চিঠিতে লিখেছিলে বাবার অস্থথের কথা; তারপর চুপ। অস্থমান করছি, তোমার অসংখ্য আত্মীয়ের সান্থনাময় চিঠির উত্তর দিতে-দিতে চিঠিলেখালেথি ব্যাপারটার উপরই তোমার অফচি ধ'রে গিয়েছিলো।

তোমাকে মনে পড়ে, তোমার সেই মস্ত টেবিলে সবুদ্ধ ঢাকনাদেয়া আলোয় মাথা নিচু ক'রে ব'সে। কী করো তুমি আজকাল
সেই টেবিলে ব'সে? এখনো কি নিও-হেগেলিজম আর প্রাগমাটিজম
আর এটা-ইজম আর ওটা-ইজম-এর ফাঁকে-ফাঁকে টুংটাং ছন্দওলা
পত্ত লেখো? তোমার সে-পত্তটা আমার এত ভালো
লেগেছিলো—

লাগলো আগুন ঘরে।
গিন্নি বলেন, "এবার ঠিকই
মরবো আমি জ্বরে।"
উনি বলেন, "জ্বর নয় গো,
আগুন লাগলো ঘরে।"
গিন্নি বলেন বিষম রেগে,
"এখনো ফাজলামি!
সর্বশরীর মাচ্ছে পুড়ে
জ্বরে মরছি আমি।"

# উনি বলেন, "ওঠো শিগগির, আগুন লাগলো ঘরে।"

আর আমি বলি, উনি যদি এত ব্যস্তসমন্ত হ'য়ে না-উঠে গিমিটিকে ধীরে-স্বস্থে আগুনে পুড়ে মরতে দিতেন, তাহ'লেই সমস্ত ব্যাপারটার একটা মধুর সমাপন হ'তে পারতো।

আমাদের থবর যদি শুনতে চাও, একটা থবর এই যে সম্প্রতি আমাদের বাড়িতে এক ভদ্রলোক আনাগোন। করছেন, যিনি আড়াই মাস ইওরোপে থেকে এসে এখন অতি-আধুনিক বিলিতি মেয়েদের গৃঢ় রহস্ত উদ্ঘাটন করছেন বাংলা সাপ্তাহিকের পৃষ্ঠায়। বিলিতি মেয়েদের কথা জানিনে, কিছু নিজেকে তিনি যে উদ্ঘাটন করেছেন খ্ব ভালো ক'রেই, এ-কথা সবাই মানছে। সেদিন তিনি বলছিলেন যে প্যারিস হচ্ছে পৃথিবীর মধ্যে সবচেয়ে dull শহর। প্যারিসে তিনি ছিলেন ঠিক তিন দিন, এবং ফরাশিভাষার ইয়েস-নোভেরি-শুডও তিনি জানেন না। হায় আড়াইমাসের ইওরোপ-ফেরতা!

এ ছাড়া থবর এই যে সামনের পুর্জোর ছুটিতে আমরা ঢাকায় যাছি। মা বলেছিলেন বিদ্ধাচল, কিন্তু বাবা বলছেন বাড়িটা মিছিমিছি প'ড়ে আছে—আর তাছাড়া, যে-রকম দিনকাল পড়েছে, থরচের কথাও ভাবতে হয়। ঢাকা শুনতে মোটেও রোমান্টিক নয়—তা না-ই বা হ'লো, আমার খুব ভালোই লাগছে ভাবতে। তুমি আবার চট ক'রে অক্ত কোথাও চ'লে যেয়ো না যেন। সেইজক্ত সময় থাকতে এই চিঠি। আমরা পৌছবো সাতাশে তারিও। কতদিন পরে আবার

দেখা হবে তোমার সঙ্গে! কেমন আছে। তুমি? সব খবর জানতে ইচ্ছে করে তোমার। যদি ইচ্ছে করে, আর খুব বেশি ব্যস্ত না থাকো, একটা চিঠি লিখো।

সম্প্রতি, এ-চিঠির এথানেই শেষ—বাংলা লেখা যা কট্ট!

মিলি'

মিলি । স্বাক্ষরটা যেন রঞ্জন এই প্রথম বার লক্ষ্য করলো, কান গরম হ'য়ে উঠলো তার। মিলি নামে স্বাক্ষর—এত অনুগ্রহ রঞ্জনকে কেন ? কিন্তু পর্মুহূর্তেই তার মনে পড়লো, প্রমীলাকে সে ডাকতো মিলি ব'লেই। তা দেটা আর বিশেষ কী—ওকে তো মিলি ব'লেই ডাকে সবাই। কিন্তু কিসের জোরে, কোন অধিকারে সে তাকে এ-রকম চিঠি লিথতে সাহস পেলো? ত্ব:সাহস, অবিশ্বাস্ত ত্ব:সাহস! এ-চিঠি যে-কোনো ততীয় ব্যক্তি পড়লে ভাববে—যা ভাববে তা আর মনে না করাই ভালো। কী নিৰ্লক্ষ্য শুন্ধিত হ'তে হয় গায়ে-পড়া আহলাদিপনা দেখলে। রঞ্জন মনে করবার চেষ্টা করলো, কখনো তার আর প্রমীলার মধ্যে এমন কিছু ছিলো কিনা যাতে—যাতে এই দীর্ঘকাল পর এ-রকম একটি চিঠি লেখা যায়। না, কিছু নয়, একেবারেই কিছু নয়: প্রমীলা চ'লে যাবার পর সে ছ-একখানার বেশি চিঠি লেখেনি পর্যস্ত-আর তাও এমন চিঠি, কল্পনাকে বিস্তর টানা-হেঁচড়া করলেও যাকে ঠিক 'মারাত্মক' ব'লে ভাবা যায় না। এ কী ক'রে হতে পারলো, রম্বন ভেবে পেলে না। প্রায় ঠাট্টার মতো ঠেকছে। যদিও ঠাট্টা ব'লে একে উড়িয়ে দেয়াও যায় না। গেলো বছর কেশববাবু নামে এক সরকারি ডাব্ডার তাদের কয়েকটা প্লট পরে বাডি করেন, তাঁরই

মেয়ে প্রমীলা। নীলবনে প্রতিবেশিতার ভাব অত্যম্ভ প্রবল: কেশব-বাবদের সঙ্গে তাদের বাডির জানাশোনা, আসা-যাওয়া হয়—তেমনি অক্সসব বাড়ির সঙ্গেও হয়ে থাকে। সে-মেলামেশায় অসাধারণ কি উল্লেখ-যোগ্য কিছু ছিলো না—রঞ্জনের অন্তত তা-ই মনে হ'লো। সেই স্থত্তে প্রমীলার সঙ্গে তার---আলাপ হয়। সে মাঝে-মাঝে যেতো ওদের বাড়িতে, চা থেতো, গল্প করতো। প্রমালাও আসতো কথনো বা। মোটের উপর ব্যাপারটা এত সহন্ধ, এত বেশি সহন্ধ যে তা চোপে পড়বার মতোই নয়—মনে ক'রে রাথা তো দুরের কথা। মেয়েটি ছিলো দপ্রতিভ, দেখতে মন্দ না—রঞ্জনের তাকে ভালোই লাগতো। অনেক সময় সে নষ্ট করেছে তার সঙ্গে গল্প ক'রে। ছ-একদিন ছবি দেখতেও নিয়ে গেছে—নেহাৎই শোভনতার খাতিরে। রঞ্জনের কাছ থেকে লোকে যা আশা করে, সে তা-ই করে-সব সময়। ই্যা, মিলিকে তার ভালো লাগতো—কিন্তু পৃথিবীর কত লোককেই তো স্মামাদের ভালো লাগে। তাদের সবার সঙ্গেই আমরা কোনো স্থায়ী, গভীর मश्य शामन कत्र हारे ना। कि नवात् यथन वर्गन देश हे ल গেলেন কলকাতায়, তার একট খারাপই লেগেছিলো। সে তথন বলেছিলো সে শিগ্নিরই ঘাবে এবার কলকাভায়, গিয়ে তাদের বাড়িতেই উঠবে। কারে। সঙ্গে ছাডাছাড়ি হবার সময় কোন কথাই বা আমরা না বলি ? আর এমন যদি নিয়ম থাকতো যে মুখে আমরা যা কিছু বলি তার প্রত্যেকটা অক্ষরে অক্ষরে পালন করতেই ১ হবে, তাহ'লে আত্মহত্যা ছাড়া উপায় থাকতো না। মিলিটা কি ইছিয়ট नाकि ?

#### र्श्व विकश्ची वीत्र

না কি গভীর, বড়ো বেশি গভীর—মেয়ে-মনের স্ক্রেভায় নিগৃঢ়? চিঠিখানা একটি ছেটোখাটো সাহিত্যিক কীর্তি: ওতে যা লেখা হ'য়েছে. না-লেখা হয়েছে, তার ঢের বেশি: অনেক জিনিশ আছে লাইনের ফাঁকে-ফাঁকে পডবার। আডাই মাসের বিলেত-ফেরতার প্রসঙ্গটিকে ঘিরে যে অতি স্ক্র একটা ইঙ্গিত রয়েছে, রঞ্জনের মন থেকে সেটা গোপন রইলোনা। এটা ধ'রে নেয়া হয়েছে যে রঞ্জনের স্বার্থ তার সঙ্গে জড়িত. ও-বিষয়ে কৌতৃহলী হবার যেন বিশেষ-কোনো কারণ আছে রঞ্জনের। এটাও স্পষ্ট যে আড়াই মাদের বিলেত-ফেরতার কোনো আশা নেই। কিন্তু সেটা অত কায়দা ক'রে উহু রেখে অথচ অত স্পষ্ট ক'রে जानाता (कन ? जात (भारत क-है। लाहेन-- ७: की भिष्ट, की भारत তার অধিকার-চেতনায় কী আশ্চর্যরর্কম শান্ত ! 'তুমি আবার অক্ত কোথাও চ'লে যেয়ো না যেন।' বাধিত হলাম। তোমার চিরামুগত দাস। রানীগিরি করবার এভটুকু স্থযোগও কি ছাড়তে পারে না কোনো মেয়ে ? আর স্থযোগ না-পেলেও তা তৈরি ক'রে নেবেই ? কল্পনা করবে—না, তাও নয়, সব জেনে-শুনে নিজের রানীত্তক জোর ক'রে চাপাবে হাতের কাছে যে-কোনো পুরুষকে পাবে, তারই ঘাড়ে। রানী তাকে হ'তেই হবে; নিজের ইচ্ছাকে সে জোর ক'রে খাটাবেই। 'কতদিন পর আবার দেখা হবে তোমার সঙ্গে!' অসহঃ! কিন্তু এই মেয়ের ইচ্ছার দড়ির কাছে রঞ্জন মাথা পেতে দেবে না —না, ধন্তবাদ। সে পালাবে, সে অদুভা হবে। সে এমন ব্যবস্থা করবে যাতে মিলি এসে পৌচবার আগেই তার অন্ত কোথাও যাওয়া হয়। দার্জিলিঙ কি পশ্চম কি পদ্মা পার হ'য়ে তাদের দেশের বাড়ি

— মে-কোনো, যে-কোনো জায়গায়। রঞ্জন একবার ক্যালেণ্ডারের দিকে তাকালো: ওরা আসতে ঠিক সাতদিন বাকি। সময় থাকতে মিলি চিঠি লিখেছে; সময় থাকতে সে—স'রে পড়বে। তবু ভালো যে চিঠিটা লিখেছিলো। একটা জবাব লিখে গেলে কেমন হয়—'মিলি, অত্যন্ত হুঃথিত, দেশের বাড়িতে আমার বুড়ো পিসিমা মারা যাচ্ছেন, তাঁকে দেগতে যেতে হচ্ছে। স্বতরাং—' নয়তো: 'অস্কৃত্ব হ'য়ে পড়েছি: যেতে হচ্ছে শিলং পাইনের হাওয়া থেতে। মনে কিছু কোরো না।' যা-হোক একটা লিগলেই চলে। না লিখলেও চলে। সে যা চায় না, তা হ'তে দেবে না কিছুতেই। অদৃষ্ঠ হ'য়ে যাওয়া সব সময়েই সহজ।

কিন্তু এই ছুটিটা যে ঢাকাতেই কাটাবার ইচ্ছে ছিলো তার, অন্ত কোথাও সে যেতে চায় না। অতসী তাকে পরিপূর্ণ ক'রে, আচ্ছন্ন ক'রে রেগেছে: প্রদীপের শিখা জ'লে উঠছে উর্দ্ধে, আরে। উর্দ্ধে, আকাশকে স্পর্শ করবে ব'লে, কোঁদে উঠছে কোনো অজ্ঞাত স্থদ্রের বাসনায়। আঃ, এ-সময়ে অতসীকে ছেড়ে সে কোথায় যাবে ?

আর, কেন তাকে পালিয়ে যেতে হবে একটা মেয়ের ভয়ে—হাঁ, ভয়েই তো। কেন সে মিলিকে এতটা ক্ষমতা দেবে তার উপর, যাতে সে তাকে স্বস্থান থেকে চ্যুত করতে পারে, ভ্রষ্ট করতে পারে নিজের ইচ্ছাথেকে? সে যা চায় না, তা সে হ'তে দেবে না, এই না তার পণ? কিন্তু তো সে হার মানছে মিলির কাছে; তার পালিয়ে যাবার সংক্ষেতো মিলিকেই স্বীকার ক'রে নিচ্ছে স্বচেয়ে বেশি। মিলি তার উপর যে-ক্ষমতা বিস্তার করতে চায়, এ তো তারই অক্য একটা রূপ। মিলির

ইচ্ছার ঠিক উন্টো আচরণ ক'রে সেই ইচ্ছাকেই তো সে বড়ো ক'রে তুলচে। তাই তো, তাই ডো!

কিন্তু মিলির কথা দে এত ভাবছে কেনই বা ? কেন তাকে এতটা আমল দিচ্ছে? আহ্বক না দে। রঞ্জন তাকে ভয় পায় না। রঞ্জন তাকে এড়াবার চেষ্টা করবে না—হ'লোই না-হয় দেখা তার সঙ্গে, কী ক্ষতি দে করতে পারে তার ? রঞ্জন একচুল নড়বে না নিজের জায়গা থেকে। মিলির চক্রান্ত ব্যর্থ করবার কোনোরকম চেষ্টা না-করেই দে তাকে পরান্ত করবে সবচেয়ে বেশি। হঠাৎ ব্যাপারটা এত সহজ হ'য়ে গেলো যে একটু আগেই দে অমন বিচলিত হয়ে পড়েচিলো ব'লে রঞ্জন একট লজ্জিত হ'য়ে উঠলো মনে-মনে।

এমন সময় মৃণালিনী এলেন সে-ঘরে। রঞ্জনের হাতে চিঠি দেখে বললেন, 'কার চিঠি রে?'

'আমার এক বন্ধুর।'

টেবিলের উপর থামটা প'ড়ে ছিলো, মৃণালিনী সেটা লক্ষ্য করলেন।
'কে বন্ধু ?' থামের উপরের লেথাটা মেয়েলি ছাঁচের, মৃণালিনী সেটা
পছন্দ করলেন না। ছেলের জন্ম কেমন একটা ভয় ছিলো তাঁর মনে—
তাকে তিনি সব সময় আগলে রাথবেন, সব সময় আড়াল ক'রে
রাথবেন স্ত্রী-সংসর্গের অশুভ হাওয়া থেকে। কেননা এটা তিনি স্থির
ভানতেন যে পুরুষ যে-যে কারণে নিজের সর্বনাশ নিজে ভেকে আনে,
তার মধ্যে স্ত্রীলোক জাতটাই অগ্রগণ্য। সব সময় সতর্ক থাকছেন
তিনি, যাতে রঞ্জন কোনো মেয়ের সঙ্গে বেশি মেলামেশা নাকরতে পারে। কোনো মেয়ে তাঁদের বাড়ি বেড়াতে এলে তিনি

নিছে তাকে দখল ক'রে রাখতেন যতদুর সম্ভব। বলা যায় না, বলা যায় না; সব সময় ভয়ে কাঁপছে তাঁর বুক। মেয়েগুলো আজকাল যা হ'য়ে উঠছে যা-সব শোনা যাচ্ছে চারদিকে। মনে-মনে তাঁর ইচ্ছে, আর কিছুদিন গেলেই রঞ্জনের বিয়ে দেবেন। বিয়ে দিলেই চুকে যায় সব ভাবনা। অল্প বয়সের বিয়েতে তাঁর গভীর আছাছিলো। থামকা দেরি ক'রে লাভ নেই। এদিকে ছেলে মাঝথান থেকে একটা হাঙ্গাম বাধিয়ে বহুক। যে-কোনো রকম হাঙ্গামাকে তাঁর বড় ভয়। তাঁর জীবন কেটেছে নিরবচ্ছিন্ন শান্তিতে: গতাহুগতিক মহণভার এতটুকু ব্যতিক্রম হ'লে সেটা তাঁর সইতে। না। 'কে বন্ধু প' আবার জিগেস করলেন তিনি।

'ছিলো এক বন্ধু ইম্বলের,' রঞ্জন অনারাসে বললে, 'কানপুর থেকে লিখেছে।'

'কী লিখেছে ? চুপ ক'রে ব'সে ভাবছিস কী ?'

'লিখেছে, ওথানে নতুন একটা কাপড়ের মিল থোলা হচ্ছে—আমি ছ-একটা শেয়ার কিনবো কি না।'

'কাজ নেই আর শেয়ার কিনে—চায়ের বাগানে অতগুলো টাকা গেলো—'

'কিন্তু মা, আজকাল কাপড়ের মিলেই তো লাভ।'

'তা ভালো ক'রে থোঁজ নিয়ে ছাখ চারদিকে। না-হয় ঠাকুরপোকে চিঠি লেখ একটা। নিজের বৃদ্ধিতে কিছু করতে যাসনে বাপু। যদি চায়ের শেয়ারগুলো বিক্রি করা যায় কোনো-রক্মে—'

এর পর মা-ছেলে থানিকক্ষণ শেয়ার বিষয়ে আলাপ করলে।

ছুটি এলো। এলো সাতাশ তারিখ। বিকেলের দিকে বই নিয়ে ইঞ্জি-চেয়ারে শুয়ে-শুয়ে রঞ্জনের চোথে তন্ত্রা জড়িয়ে আসচিলো, তার-স্থারে বেজে উঠলো ট্যাক্সির হর্ন রাস্থায়। অলস চোথ মেলে সে তাকালো জানল। দিয়ে: মালপত্র মান্ত্রে বোঝাই ছটো ঝরঝরে ট্যাক্সি প্রচুরতম শব্দ করতে-করতে চ'লে গেলো। ওরা এলো। মিলির চিঠির শেষ পর্যন্ত একটা জবাব দিয়েছিলো সে। যা লিখেছিলো, তাতে कारना यांच हिलाना, कारना उर्छ हिलाना। जा कि इरे राल ना। নিক্ষত্তরতায় তার চেয়ে বেশি অর্থ থাকতো। সেইজগ্রই লিখেচিলো মিলিকে সে অপস্ত ক'রে দেবে ওকে একাস্ত সহজভাবে নিয়ে: ওকে নিয়ে কোনোরকম হৈ-চৈ না ক'রে, ওকে অবজ্ঞা করবার কিছুমাত্র চেষ্টা না ক'রে। ওকে ঠিক ততটুকু লক্ষ্য করবে, যেটুকু না-করলে नका ना क्वांगेर नकानीय रम। व्या-७ कानत्व, ও বুঝবে। নিজের মনে একট হাসলো রঞ্জন। বইখানা আবার ধরলো চোথের সামনে। চার-পাঁচ লাইন পডবার পর পডলো ঘুমিয়ে।

পাঁচটার সময় তা'কে চা দিতে এসে মুণালিনী বললেন, 'আজ কেশববাবুরা এলেন।'

'তাই নাকি ?'

'হাা—ওদের চাকর এসে হুধ চেয়ে নিয়ে গেলো চায়ের জন্মে।' 'ওঁরা কি সবাই এসেছেন ?' জিগেস করলে রঞ্জন। 'তা-ই তো মনে হ'লো।'

'যাক,' থবরের কাগজের পাতা উল্টিয়ে রঞ্জন বললে, 'তোমার গ্রহ করবার লোক হ'লো একজন।'

'বড়ো ভালো মান্থৰ মিলির মা। ওঁরা চ'লে যাবার পর থারাপই লেগেছিলো কয়েকটা দিন।'

রঞ্জন জবাব দিলো না। পৃথিবীর খবরের সক্ষে চা গলাধ:করণ করলো নি:শব্দে। তারপর জামাকাপড় প'রে বেরিয়ে পড়লো রাস্তায় সাইকেল নিয়ে।

'এতদিন পর!' তাকে দেখামাত্র ব'লে উঠলো অভসী।

'হ-দিন, অত্সী, হ-দিন।'

'কী করলে এতদিন—এই ছ-দিন?'

'কাজ—'

'কাজ! এত কাজ তোমার!'

'রাগ কোরো না। না-এসে কি আমারই ভালো লেগেছে ?'

মৃহুর্তের জন্ম, অতসীর চোথের পাতা নেমে এলো তার চোথের উপর। আন্তে-আন্তে বললে, 'থাক, আর বোলো না। আমার মাঝে-মাঝে কেমন ভয় করে, কেবলই মনে হয়, এ টিকবে না, টিকতে পারে না। শেষ হ'লো ব'লে, শেষ হ'লো ব'লে।'

'এ-সব কথা বোলো না, অতসী।'

'কেবলই মনে হয়, আমার তো কিছুই নেই তোমাকে দেবার মতো।' 'অতসী, আমি তোমাকে—'

'বোলো না,' প্রায় আর্ডম্বরে অন্তসী ব'লে উঠলো, 'বোলো না। একটা মুখের কথায় সমস্ত ভবিশ্বৎ বিকিয়ে দেবে কেন? চুপ

## र्श्व विक्रमी वीत्र

করো। চুপ ক'রে থাকো। এই মুহূর্তকে নাও। এই মুহূর্তই চরম।'

রঞ্জন মৃথ ফিরিয়ে রইলো চূপ ক'রে। তার মন্তিক্ষের মধ্যে শৃহ্যতা।

কী করবে সে এই ভীষণ ভালোবাসার ভার নিয়ে? কী ক'রে তাকে
নেবে, তাকে সহু করবে কেমন ক'রে? সব অস্পষ্ট, সব নিরবয়ব।
এক জ্যোভির্ময় অন্ধ্রকারের কেন্দ্রে সে ব'সে। আর তার মধ্যে ঘুমন্ত
অনেক শক্তি তার নাভিম্ল থেকে তীত্র স্রোতে ঠেলে-ঠেলে উঠছে, তার
স্নায়ুমণ্ডল দীর্ণ ক'রে। বিদ্যাৎ-বহু একটা তারের মতো, তার শরীর।

কী করবে, কী করবে সে এখন ?

'আর-কোনো কথা তুমি বোলো না,' অতসী বলতে লাগলো, 'আর-কিছু আমি চাইনা তোমার কাছে। কী-ই বা চাইবো আর? তুমি আমাকে রানী করেছো, সমগু আকাশ তুলে দিয়েছো আমার হাতে—'

'সেই টাদ-তারা, অতসী!'

অতসীর নিবিড়-কালো চোথ ঝলসে উঠলো রঞ্জনের মুথের উপর। 'কিন্তু তা-ই বে!' মৃত্-স্পন্দিত তার স্বর, 'তা-ই বে! আমিও একদিন ছিলাম —ত্মি জানো, কী ছিলাম। আমিও হাসতাম ও-সব শুনলে—আমার মতো কেউ হাসতো না। কিন্তু এথন—এথন আমি জানি। আমি জানি।' একটু চুপ ক'রে থেকে রঞ্জন অন্তর্বকম গলায় বললো, 'নিয়ে এসো

তোমার বই-পত্র। তোমাকে লজিকটা একটু ধরিয়ে দিয়ে যাই।'

'এখন থাক।'

'থাক কেন ?'

'অন্ধকার হ'য়ে আসছে, দেখছো না ?'

'একটা আলো নিয়ে এসো।' 'না, বেশ আছে। এর মধ্যে একটা আলো কী বিশ্রী।' 'পড়বে না ?'

'की হবে প'ড়ে ?'

'বাঃ, পুজো এদে পড়লো—আর ক'-মাসই বা বাকি পরীক্ষার ? এখন থেকে না-পড়লে—'

'কী হবে পাশ-টাশ ক'রে ? বেশ তো আছি।' অতসী মৃত্ত্বরে হেসে উঠলো।

রঞ্জন তার মৃথের দিকে তাকিয়ে রইলো। 'কী হবে ও-সব ঝফমারি ক'রে?' একটু পরে অতসী আবার বললে, 'অলু যে-কোনো মান্থযের তুলনায় আমিই বা কম স্থথে আছি কী?' তার কণ্ঠবরে আলস্তা; দেয়ালে হেলান দিয়ে দে বদেছে, কোলের উপর হাত ছটি শুদ্ধ। তার যেন কোনো তাড়া নেই, কেনো ভাবনা নেই; নিজের ভিতরকার এক গভীর প্রশান্তিতে দে সমাহিত। বদেছে হাঁটু উচু ক'রে, পায়ের আডুলে মেঝে খুঁটছে কথনো বা।

'কই',—রঞ্জন মাস্টারি স্থারে বললে, 'নিয়ে এসো বই।'

'থাক না,' অতসী অহ্নেরের স্বরে বললে, 'আর-একটু যেতে দাও, আর-একটু।'

কিন্তু শেষ পর্যস্ত অতসীকে উঠতে হ'লো: নিয়ে আসতে হ'লো একটা লঠন আর গুটিকয়েক বই। 'নাও, হ'লো?'

রঞ্জন পিঠ থাড়া ক'রে আসনপিঁড়ি হ'য়ে বসলো। আলোটা উক্তে নিলে। 'বোসো তুমি।'

লঠনের লালচে, কেরোসিনগন্ধী আলোয় ছ-জনে বসলো মুগোমুখি। বাইরের হাওয়ায় আলোটা মাঝে-মাঝে কেঁপে উঠছে, অভসীর মুখের উপর ফেলছে অন্তুত ছায়া। তার কপালের উপর একটা চুলের গোছা বিস্তুত। সেই একটি চুলের গোছা তার কিছুতেই ঠিক থাকে না।

খানিক পরে মৃত্ একটা শব্দ হ'লো। রঞ্জন চোথ তুলে দেখলে, সরোজ। হঠাৎ থেমে গেলো।

'আপনারা কাজ কঞ্ন,' সরোজ তাড়াতাড়ি বললো, 'আমি শুধু একটু বসবো এখানে গোলা হাওয়ায়।'

একটু দুরে আধো অন্ধকারে সরোজ বসলো মেঝের উপর। গা থেকে খুলে ফেললে পাঞ্চাবি। হাতপাথা নিয়ে একটু হাওয়া করলে গেঞ্জি-পরা পিঠে। রঞ্জন আবার পড়ানো শুরু করলে। কে জানতো লজিকে এত রস।

আর সেই আধাে অন্ধকার থেকে সরোজের শুক্ত জনস্ক দৃষ্টি অতসীর উপর, অতসীর মুখের উপর।

বাজলো সাড়ে-আটটা। রঞ্জন বই বন্ধ ক'রে উঠলো। 'ঘাই এবার।' 'এখনই যাবে ? রোজই কি তোমায় ফিরতে হবে ন-টার মধ্যে ? হবেই ?'

রঞ্জন উঠে ধুতির কোঁচাটা পাট ক'রে নিয়ে বললে, 'এখন যাই ?'
অতসীও উঠলো, গোলো রঞ্জনের সক্ষে-সঙ্গে আলো হাতে ক'রে।
'তৃমি আর এসো না—' আবছা আলোয় তার চোখের দিকে তাকালো
রঞ্জন।

'রান্তাটা ভালো না,' অতসী বললে, 'যা বৃষ্টি হ'য়ে গোলো ক-দিন— ঘাসগুলো মন্ত হ'য়ে উঠেছে—কে জানে ওর মধ্যে কী—'

দরজা থেকে বাড়ি পর্যন্ত আদিযুগে একটা ইটে-বাঁধানো পথ ছিলো—এগন তা চাপা পড়েছে ঘাসে। বাইরের দরজার কাছে এসে দাঁড়োলো ছ-জনে। দেয়ালের গায়ে দাঁড়িয়ে আছে রঞ্জনের সাইকেল। রঞ্জন সাইকেলের ল্যাম্পের ঢাকনা খুলে দেশলাই ধরালো। আলো নিবে গোলো হাওয়ায়। মাথা নিচু ক'রে চেষ্টা করলো আবার, সলতেটাকে খুঁচিয়ে-খুঁচিয়ে আঙুলে গদ্ধ ক'রে ফেললো, তবু জ্বললোনা আলো।

তগন অত্সী বললে, 'তেল নেই বোধহয়—ছাথো তো।'

রঞ্জন ল্যাম্পটা খুলে কানের কাছে তুলে ঝ'কানি দিয়ে বললে, 'ভা-ই ভো মনে হচ্ছে। তাই তো, ভল হ'য়ে গেছে।'

'দাও, তেল ভ'রে আনি,' অতসী হাত বাড়িয়ে দিলে।

'কী দরকার, এমনিই চ'লে যেতে পারবো।'

'না, না—আলো ছাড়া যাবে কী, যা বিশ্রী রাস্তা। দাও—ভ'রে আনি।' অতসী ল্যাম্পটা নিলে রঞ্জনের হাত থেকে। 'নারকোল তেল তো—কেরোসিনের সঙ্গে মিশিয়ে।'

'দরকার ছিলো না কিছা।'

এক হাতে সাইকেলের আলো, অন্ত হাতে লঠন নিয়ে অতসী বাড়ির ভিতর চ'লে গেলো। রঞ্জন একা দাঁড়িয়ে রইলো অন্ধকারে। অনেক তারা আকাশে।

'নাও,' থানিক পরে অতসী ফিরে এলো তেলে ভরা ল্যাম্প নিয়ে। এবার আর তার লঠনটা আনতে মনে নেই। অন্ধকারে ত্'-জনে লুগু।

#### र्श्व विषयो वौत

রঞ্জন হাত বাড়িয়ে সেটা নিলে। হাতের সঙ্গে হাত ঠেকে গেলো: অতসীর আঙ্ল তেলে চিটচিটে।

'সত্যি, কেন তুমি মিছিমিছি হাত নোংরা করতে গেলে!'

অতদী মাথার চুলে আঙুল মুছে বললে, 'তা আর কী হয়েছে।'

ল্যাম্পটা বসিয়ে রঞ্জন সাইকেলের সঙ্গে প্রায় মাথা ঠেকিয়ে তৃ-হাতের মধ্যে সমত্বে আড়াল ক'রে একটা দেশলাইয়ের কাঠি ধরালো। জ্ব'লে উঠলো চওড়া সলতের শাদাটে গোল আলো। সেই অন্ধকারের মধ্যে, রঞ্জনের মুথ মুহুর্তের জন্ম উদ্ভাসিত হ'য়ে উঠলো।

'আচ্ছা—'

সাইকেলটাকে সামনের দিকে ঠেলা দিয়ে রঞ্জন বেরিয়ে এলো রাস্তায়। একবার পিছন ফিরে অতসার দিকে তাকিয়ে লাফিয়ে উঠে বসলো। অতসী দাঁড়িয়ে রইলো দরজার ধারে। সাইকেল এগিয়ে গেলো অন্ধকারের মধ্যে; বাজলো ঘটা। একটু পরে পিছনের ছোটো, লাল আলোটাও তার দৃষ্টি থেকে লুপ্ত হ'য়ে গেলো।

অতসী বারান্দায় উঠে আসছে, এমন সময় ছায়ার ভিতর থেকে সরোজের গলা এলো, 'তোমার পড়াশুনো ভালোই এগোচ্ছে, দেখছি।'

'সরোজ!' অত্সী যেন সরোজের অন্তিত্ব সম্বন্ধে এইমাত্র সচেতন হ'লো 'অ, কথন থেকে তুমি ব'সে আছো ওথানে ?'

'তোমরা পড়ছিলে, তাই—'

'আচ্ছা সরোজ, সব সময় তুমি এমন চুপচাপ, এমন শাস্ত কেন ?' 'কেন আবার? ওটাই আমার স্বভাব ব'লে।'

'কথনোই কি তোমার অনেক কথা বলতে ইচ্ছে করে না,

চেঁচিয়ে হাসতে ইচ্ছে করে না, হঠাৎ কোনো **অক্সায় কাজ ক'রে** ফেলতে ইচ্ছে করে না ?'

প্রশ্নগুলো ঝড়ের ঝাপটের মতে। সরোজের মৃথের উপর এসে লাগলো। 'কী বলছো তুমি ?' প্রায় ভীতস্বরে সে বললে, 'তুমি কী বলছো ঠিক বুঝতে পার্যন্ত না।'

'বলছি এই কথা যে তুমি এত ভালো কেন? তোমার এই ভালোছ তোমার রক্ত শুবে নিছে। কিন্তু তোমার ভালো-হওয়া কে চাম বলো তো? স্থগী হ'তে পারে। না তুমি? স্থাী হও, সরোজ, স্থাী হও—স্থাী হওয়ার মতো আর-কিছু নেই জাবনে।'

'ত। আমি জানি,' সরোজ উঠে দাঁড়ালো, 'তা আমি বুরতে পার্ডি।' আর কিছু না-ব'লে, অতসাকে আর-কিছু বলার সময় না-দিয়ে, তাড়াতাড়ি চ'লে গেলো উপরে।

সেই রাত্রে, অন্ধকার নির্দ্ধন মাঠের উপর দিয়ে এলোমেলোভাবে সাইবেল চালাতে-চালাতে, রঞ্জনের মনে একটা অন্তুত অহুভূতি এলো। কোনে। ক্ষম সৌরভের মতো অভসীর অশরীরী উপস্থিতি তাকে আচ্চন্ধ করেছে—অনির্দেই সৌরভ, কিন্তু সর্বব্যাপী। অভসী সব সময় তার সঙ্গে আছে, সব সময়; অভসীকে ছেড়ে, অভসীকে ছাড়িয়ে সে কথনো যেতে পারবে না। সে যথন দ্রে থাকে, তথনো তার সন্তার ক্ষতম সার রঞ্জনকে ব্যাপ্ত ক'রে থাকে—সৌরভের মতো, পৃথিবীর মুথের উপর লুটিয়ে-পড়া এই রালি রাশি অন্ধকারের মতো। অর্ধ-কুট উচ্চারণ ক'রে সে বললে, 'অভসী, অভসী।' জীবনের কী তুর্গভ চরিতার্থতা—এই রাত্রিতে অভসীর নাম উচ্চারণ করতে পারা, অন্ধকারের

হাদয়ের কাছে, তারাদের নিচে। তার হৃৎপিগু যেন মূর্ছিত হ'য়ে পড়ছে আনন্দের ছঃসহ নিষ্ঠুরতায়। তার আর মূক্তি নেই—না, আর মৃক্তি নেই। সমস্ত বাকি জীবন তাকে বাঁচতে হবে অতসীর মধ্যে, অতসীকে কেন্দ্র ক'রে, অতসীতে পরিপূর্ণ হ'য়ে। সমস্ত জীবন। আঃ, তাচাডা আর উপায় নেই তার।

প্রমীলা, এদিকে, আশা ক'রে ছিলো যে রঞ্জন সেই সন্ধ্যাতেই ভাদের বাভিতে একবার আসবে। বাক্স-ভোরঙ্গ খুলে জামা-কাপড় বার করতে-করতে, শাডির ভাঁজ খুলতে-খুলতে, বছদিনের অব্যবহারে মলিন আশ্বাবপত্তের ভব্দ চেহারা ফিরিয়ে আনবার চেষ্টা করতে-করতে —সেই সন্থ-আগত বাড়ির বিশুঝল ব্যস্ততার মধ্যে ঘুরে বেড়াতে-বেডাতে প্রতি মুহুর্তেই তার মন চঞ্চল হ'রে উঠিছিলো প্রত্যাশায়। চায়ের পর দে বাইরের ঘরে গিয়ে বদলো পাথা খুলে দিয়ে। হাতে বই-খামক। व'रम थाकां हो जान प्रथाय ना। मात्य-मात्य हो हो हो हो हो हो है সামনের ছোটো বাগান পার হ'য়ে রাস্ডায়, বিকেলের সোনালি রোদে প্রসাহিত। এমন শাস্ত, বিকেলের গাঢ় হ'য়ে-আসা রোদে প্লাবিত এই ঘরবাড়ি, গাছপালা আর সবুজ প্রান্তর—এমন শান্ত, চবির মতো। কোথায় যেন পাড়ার ছেলেমেয়েরা খেলা করছে, ভেসে আসচে জানলা দিয়ে তাদের উল্লাসের স্বর। প্রমীলা ব'দে-ব'দে বইয়ের পাতাগুলো উন্টিয়ে যেতে লাগলো অক্তমনে। সঙ্কে হ'লো। ছোটো বোন উর্মিলা এসে বললে, 'বেড়াতে যাবে দিদি, বীণাদের বাডি ?'

প্রমীলা মাথা নেড়ে বললে, 'না—তুই যা।'

'আমি তো যাবোই—তুমি যাবে কি না তা-ই জিগেস করতে এসেছিলাম।'

অন্ধনার হ'য়ে এলো ঘর। পাশের বাড়ির ইনকম-ট্যাক্স
অফিসারের বারো বছরের মেয়েটা ইনিয়ে-বিনিয়ে নটরাজের গান গাইতে
আরম্ভ করলে। তার প্রত্যুক্তরে একটু দূরে আর-এক বাড়িতে বেজে উঠলো
হার্মোনিয়ম। পিঠের উপর ফেরতা দিয়ে আঁচল-জড়ানো একদল
ইউনিভার্সিটির মেয়ে চ'লে গেলো রাস্তা দিয়ে। রাত হ'লো।

তথন প্রমীলা উঠলো, আলো জাললো ঘরের। কোথায় কাগজ আর কলম—কে এখন খোঁজ করে। হাতে যে-বইটা ছিলো, তার প্রথম শাদা পাতাটার উপর পেন্সিল দিয়ে লিখলে:

'রঞ্জন: তুমি কি ভূলে গিয়েছো যে আজ আমাদের আসবার কথা? একবার এলে না কেন? সন্ধেটা একা ব'সে কাটিয়ে দিচ্ছি। আজ যদি আর না-ও পারো, কাল এসো—অবশ্য এসো। এথানেই চা থেয়ো বিকেলে। নিমন্ত্রণ রইলো ভোমার।

মিলি'

পাতাটা ছিঁড়ে ভাঁজ ক'রে ছোটো ভাইকে ভেকে বললে, 'টুমু, লন্ধী, এ-চিঠিটা চট ক'রে দিয়ে আয় তো রঞ্জনবাবুকে।'

টুম্থ ফিরে এলে পর প্রমীলা জিগেস করলে, 'দিয়ে এসেছিস চিঠি ঠিক ?'

'ঠিক দিয়েছি, দিদি। তুমি আমাকে ভাবো কী ?' 'রঞ্জনবাবু বাড়ি ছিলেন ?' 'না তো।'

'তবে কাকে দিয়ে এলি ?'

ট্রম্ব একটু ভেবে বললে, 'তাঁর মা-কে।'

রঞ্জন বাড়ি ফিরে দেখলে তার মা-র মুথ ভয়ংকর গম্ভীর। অতি দামান্ত কারণেই তাঁর মুগ গম্ভীর হয়, তাই দেটাকে দে আমলের মধ্যে আনা দরকার মনে ক'রে না। তা ছাড়া, বাইরের কোনো জিনিশ ভালো করে লক্ষ্য করবার মতো মনের অবস্থা তথন তার নয়। বাইরের জগৎ মিলিয়ে গেছে শুন্সভায়: সে মগ্ন ভার নিজের মধ্যে, কোন নিগ্র স্বপ্নে, যন্ত্রণার মতো কোন আনন্দের চেতনায়। এই বাড়ি, তার চারদিককার জিনিশপত্র, গাট-চৌকি, অভ্যন্ত জীবনের যা-কিছু উপকরণ-সব যেন তার কাচে ঈষৎ অবান্তব চেকচে, যেন এগুলো ভুধু ধ'রে-নেয়া, মনে-হওয়া ব্যাপাব—যেন এতদিন ধ'রে অবিচ্চিন্নভাবে মনে ক'রে নেয়া হচ্ছে ব'লেই এরা আছে, এমন নিবেট-ভাবে আছে। কিন্তু যে-স্কুতর অমুভৃতির দগৎ আজ হসাৎ রঞ্জনকে টেনে নিয়েছে নিজের মধ্যে, দেখানে, দেখান থেকে, এ-সব জিনিশ অম্পর্ট, ছায়াময়—তাদের মনে-হওয়ার থোলশ থেকে মুক্ত হ'য়ে শুক্ততার মধ্যে বিলীয়মান। তাকে যে এখন খেতে বসতে হবে এ-ব্যাপারটাও রঞ্জনের কাছে একটু অসংগত ঠেকলো।

কিন্ধ থেতে সে বসলো—থব শিগগিরই বসলো। এ-সব অবাস্তর এবং অনিবার্য ব্যাপারে যত কম সময় নষ্ট হয়, ততই ভালো। থাওয়া হ'য়ে গেলেই সে মুক্ত: তার উপর আর-কোনো দাবী নেই পৃথিবীর। থাওয়া হ'য়ে গেলেই সে একা: নিজেকে নিয়ে, এই রাত্রিকে নিয়ে একা। তার নিজের ঘরের নির্জনতায়। আঃ, পৃথিবীর

মূথের উপর নিজের ঘরের দরজা বন্ধ করতে পারার আনন্দ! এক।
থাকবাব উন্মাদনা উন্মাদনা।

নি:শব্দে খাওয়া সেরে উঠলো সে। একটি কথা, একটি কথা বললে না—পাছে স্থর কেটে যায়, পাছে এই ভীব্রভার এক কণা সে হারায়, একটি মুহূর্ত্ব। থেকে সে বঞ্চিত হয়; পাছে এই বিছাৎ-প্রেরণার বিশুদ্ধভায় কোনো ফাঁকে কোনোবক্ষ ভেন্ধাল মেশে। নিশাস ফেলতেও যেন ভার ভয়।

খাওয়ার পবেই সে চ'লে যাচ্ছিলো উপবে, এমন সময় তার মা ডাকলেন, 'শোনো।'

সঙ্গে-সঙ্গে একটা আত্ত্বের ছাষা ফুটে উঠলো রঞ্জনের চোণে।
না, এখন না, এখন না। কাল আমি সব শুনবো, যত নালিশ,
যত উপদেশ, যত কাল্লা, যত খুশি ভোমার। কিন্তু এখন না। পায়ে
পড়ি ভোমার, এখন রেহাই দাও আমাকে।

তবু সে নিজেকে বিপগন্ত হ'তে দেবে না; কঠিন চেটায় নিজেকে গুছিয়ে রাগবে, ধ'রে রাগবে জমাট ক'রে; তার অন্তরের সৌরকেন্দ্র থেকে ভ্রষ্ট হবে না সে। থুব মৃত্য্বরে সে বললে, 'কী ?'

'শোনো, কথা আছে,' ব'লে মুণালিনী তাঁর নিজের গরে গিয়ে চুকলেন। রঞ্জন গোলো তাঁর পিছনে, না-গেলেই কথা-কাটাকাটি।

মৃণালিনী তাঁর হাত-বাক্স থেকে ছোটো ভাঁন্ধ-করা এক টুকরো কাগন্ধ বের ক'রে বললেন, 'এই নাও।'

রঞ্জন ভাঁজ খুলে সেটা পড়লো, কিছু বললো না। কাগজটা ধরা রইলো তার হাতে।

## र्श्व विषयी वीत्र

मृगामिनी वनतम्न, 'এ-मव की ?'

রঞ্জন নিচের ঠোঁট কামড়ে ধরলো। ঈশ্বর, ঈশ্বর, আমাকে শক্তি
দাও, শান্তি দাও। আমি যেন নিজেকে হারিয়ে না ফেলি, নিজেই
নিজেকে ধ্বংস না-করি যেন। এখন, এখন কেন? সমস্ত জীবন
তো প'ড়ে আছে বাদ-বিসংবাদের জন্ম, নিজের ভগ্নাংশের স্থূপের মধ্যে
গড়াগড়ি যাবার জন্ম। এই একটুগানি সময় আমাকে অক্ষ্ম রাধ্যে,
সম্পূর্ণ রাথো: এই একটি রাত্রি আমাকে দাও।

'কেন, হয়েছে কী?'

'কী হয়েছে? বুঝতে পারো না কিছু?'

হাসবার একটা অভ্যন্ত তুর্বল চেষ্টা ক'রে রঞ্জন বললে, 'কেন, দোষ হয়েছে কী ?'

'তোমার কি একটু লজ্জাও নেই ?'

রঞ্জনের একবার চোথের পাতা পড়লো। কিন্তু নিজেকে ঢিল দিলে তা'র চলবে না: সহু তাকে করতেই হবে, রাগতেই হবে নিজেকে সংহত ক'রে। 'কেউ কাউকে চা থেতে বললে দোষ কী থ'

'চা থেতেই তো বটে ! এ-সব ইয়ার্কি তুমি কবে থেকে শিখলে শুনি ?' 'মা—'

'তোমার কাছ থেকে আমি এ-সব আশা করি নি। তোমার বাবা তোমাকে অনেক যতে শিক্ষা দিয়েছিলেন—'

'চুপ করো, মা, চুপ করো!' 'আজ ডিনি নেই, তাই তোমার এত বাড় বেড়েছে!' 'মা, তুমি বুঝতে পারছো না—'

'সবই আমি বুঝতে পারছি। ওরা আজ মাত্র এসেছে—আজই তোমাকে এ-রকম চিঠি লেখে! এ-স্পর্ধা কেমন ক'রে হয় মেয়েটার ভা শুনি ?'

রঞ্জনের বুকের ভিতর আত্তে-আত্তে একটা বাঁধ যেন ভেঙে যাচ্ছিলো।
আর সে নিজেকে ধ'রে রাগতে পারছে না, শিথিল হ'য়ে আসছে তার
শরীরের গাঁটগুলো। গেলো বুঝি ভেসে।

'কেমন ক'রে, তার আমি কী জানি!' নিজেব অজান্তেই তার গলার শর চডলো, 'ওরা তো এখানে ছিলোই না—'

'চিঠি-লেখালেখি করছো!' মুণালিনী উত্তর দিলেন। 'না, করিনি।'

'প্রমাণ রয়েছে।'

'যদি ক'রেই থাকি, তাতে হয়েছে কী ? মাসুষ মাসুষকে চিঠি লিখতেও পারে না ইচ্ছে করলে ?'

'তুমি জানতে,' কঠিন, ঠাণ্ডা কণ্ঠন্বরে মুণালিনী ছেলেকে অভিযোগ বর্ষণ করলেন, 'তুমি জানতে ওরা আজ আসছে—অথচ আমি যথন তোমাকে বললুম, তুমি এমন ভান করলে যেন কিছু জানোই না। তোমার মনে যদি কিছু না-ই থাকবে তাহ'লে এই মিথ্যা কেন ?'

হঠাৎ রক্ত উঠে এলো রঞ্জনের মাথায়। তার মনের সমস্ত বাঁধ এলো আলগা হয়ে; তীব্রস্বরে সে ব'লে উঠলো, 'তুমি ব'লেই ত মিথ্যার দরকার। তোমার মনে এত সন্দেহ—'

'হাা, এই তো তুমি শিথেছো, মা-কে নির্বাতন করা! মনে রেখো, ভোমার বাবা স্বর্গ থেকে দেথছেন।'

'বার-বার ঐ এক কথা ' যে ম'রে গেছে, তাকেও কি তুমি শান্তি দেবে না ''

্ 'কী!' মৃণালিনীর শরীর কেঁপে উঠলো। 'এমন কথাও বলতে পারলে তুমি! বলতে পারলে! তোমার বাবার শ্বতির অপমান করতেও বাধলো না তোমার!' বলতে-বলতে, কাঁপতে-কাঁপতে মৃণালিনী ব'সে পড়লেন, তারপর ত্-হাতে মৃণ ঢেকে কাঁদতে লাগলেন ফুঁ পিয়ে-ফুঁ পিয়ে।

আর রঞ্জনের রাত্রি চুরমার হয়ে ভেঙে পড়লো এক টুকরো রঙিন কাচের মতো, দে আছাড় থেয়ে পড়লো সেই ধ্বংস্টুপের মধ্যে। সে ম'রে গেছে, তার সমস্ত মন পাষাণ হ'যে গেছে।

আর পরের দিন সে তার মা-র উপর, নিজের উপর প্রতিহিংসা নিলে—গেলো প্রমীলার নিমন্ত্রণ-রক্ষা করতে। সাজগোজ ক'রে খুব ঘটা ক'রেই বেরিয়ে গেলো তার মা-র নাকের তলা দিযে। মুণালিনী চুপ।

বসবার ঘরে কেউ ছিলো ন।: রঞ্জন একটা সোফায় ব'সে অপেক্ষা করলো। মা-কে জব্দ করবার উৎসাহের আতিশয্যে সে বোধহয় একটু আগেই এসে পড়েছে।

খানিক পরে ঘরে এলো প্রমীলা। থমকে দাঁড়ালো দরজার কাছে রঞ্জনকে দেখে। রঞ্জন উঠে দাঁড়ালো।

'এ কী! কখন এলে তুমি?'

'একটু আগেই এসে পড়েছি ব'লে মনে হচ্ছে।'

'বা:! এখানে ব'সে আছো কেন? বাড়ির ভিতরে যেতে পারলে না?'

#### রীতিমতে। বিয়ে

'এখানে বেশ লাগছিলো।'

'কী অন্তায় তোমার! বাইরের ঘরে এসে ব'সে আছো! যদি এখন আমি না আসতুম ?'

'অন্ত কেউ আসতো।'

প্রমীলা হেদে বললে, 'দাঁভিয়ে রইলে কেন, বোদো। ছ্যাথো— পাখাটাও খোলোনি! এ-দরটায় আবার যা রোদ আদে বিকেলে।' প্রমীলা পশ্চিমেব জানলাটা বন্ধ ক'রে দিয়ে পাখা খুলে দিলে। তারপর বসলো এসে রঞ্জনের কাডে।

'যাক, তবু যে আসতে পারলে। কেমন আছো ?' 'তুমি কেমন আছো ?'

প্রমীলা রঞ্জনের দিকে একটু তাকিয়ে থেকে বললে, 'এ-ক'মাসেই ভোমার মুখটা কেমন বড়ো-বড়ো হ'যে গেছে।'

'বয়স বাড়ছে আমাদের স্বারই,' রঞ্জন লঘুস্থরে বললে। তারপর একটা রসিকতা করবার লোভ সামলাতে পারলে না, 'ভোমার ছাড়া।' কথাটা এমন লাগসই, এমন স্থন্দর, প্রসঙ্গক্রমে এমন অনিবার্থ, এত সহজে তা উঠে আসে মৃথে, এত ভালো শোনায় যে—মোটের উপর, কথাটা না-বলা অসম্ভব।

'যাও:!' প্রমীলার গাল একটু লাল হ'লো। 'একটু চুপ করো তো, তোমাকে দেখি ভালো কবে।'

প্রমীলার দৃষ্টির সামনে রঞ্জন নিজেকে সমর্পণ করলে।

'কাল আসোনি কেন?' একটু পরে প্রমীলা জিগেস করলে।
'আসতে পারিনি।'

'কেন ?

'কাছ ছিলো।' ব'লেই মনে পড়লো এই কথাটা অন্ত একদিন অন্ত একজনকে বলেছিলো।

'কী কাজ ?'

'তাও বলতে হবে ?'

'কাল তুমি যথন এলে না—' প্রমীলা হঠাৎ থেমে গেলো। জিগেস করলে, 'আমার চিরকুট কথন পেয়েছিলে ?'

'রাজে।' ব'লেই তাড়াতাডি প্রসঙ্গ পরিবর্তন করলো, 'কল্কাতা কেমন আছে বলো।'

'গেলে না তো একবার।'

'সেইজক্তই জিগেস করছি।' '

প্রমীলা কাঁধের একটা তুর্লক্ষ্য ভঙ্গি করলে।—'নতুন কিছুই নেই।'

'নতুন!' রঞ্জন ঈষৎ নাটকীয়ভাবে হাত ঘোরালো। নিজেকে সে খুব উপভোগ করছিলো, নিজের উপর এই প্রতিহিংসা। মিলি তাকে যে-পার্টে দেখতে আশা করছে, সেই পার্টই সে নেবে—জীবন সম্বন্ধে ঈষৎ-বিতৃষ্ণ স্থসভা যুবক, ঈষৎ ক্লান্ত, সেই বিতৃষ্ণা আর ক্লান্তি হাতের আঙুলের আংটির মতো প'রে রয়েছে, আর থেকে-থেকে তা থেকে ঠিকরে পড়ছে চমক-লাগানো কথার ছটা। মজা মন্দ না—মিলির সঙ্গে এই থেলা, তাকে নিয়ে এই থ্যাপানো, আর সে—বোকা মেয়ে!—তা জানতেও পারছে না! মেয়েরা এক-এক সময় কী বোকাই হ'তে পারে! 'নতুন কিছু কোনখানেই বা কী আছে!' মানানসই উদাসীনতার স্থরে সে বললে।

'নতুন খোঁজবারই বা কী দরকার। যা আছে, তা-ই তো যথেষ্ট —যথেষ্ট ভালো।'

'তা-ই মনে হয় তোমার ?'

'তোমার হয় না ?' তারপর, রঞ্জনকে নীরব দেখে : 'চুপ ক'রে আছো কেন ? বলো না।'

'ভাবছিলুম, কী বলি।'

'e:, हिन्हानील!' ठाड़ी कतरल व्यमीला।

রঞ্জন তার ঘনসন্নিবিষ্ট উজ্জল দাঁত বের ক'রে হাসলো।—'তোমার মতো সহজাত বোধের ক্ষমতা সকলের থাকে না।' ভালো হয়েছে কথাটা, রঞ্জন খুশি হ'লো মনে-মনে। কী সহজ মিলির মতো মেফেকে আকাশে ভোলা!

'যেমন তোমাব ঠাট্টা করার ক্ষমতা অতুলনীয়,' জবাব দিলে। মিলি।

এই গোছের হালকা, পিংপং আলাপ চললো থানিকক্ষণ। চারের সময় হ'য়ে এলো। মিলি উঠে বললে, 'একটু বোসো তৃমি, আমি এই এলুম ব'লে।'

প্রমীলা ঘর থেকে বেরিয়ে যাওয়ামাত্র রঞ্জন যেন অবসাদে ভেঙে পড়লো। ভালো লাগে না—আর এ-সব ভালো লাগে না— কেনই বা সে এসেছিলো। এরই মধ্যে সে ক্লাক্ত হ'য়ে পড়েছে; তার ভিতর থেকে যেন ঠেলে উঠছে একটা আধ্যাত্মিক ক্লকার। ভারি বীরত্বের কাদ্ধ সে করছে—মা-র সঙ্গে জেদ ক'রে ব'সে আছে এখানে এসে। কাকে সে ক্লে করেছে গু সবচেয়ে বড় লাক্তন।

তার নিজেরই তো! আর, এই তো বিকেল হ'য়ে এলো—এ-সময়ে অতসীর সঙ্গে থাকা, অতসীর সঙ্গে! তাকে দেখা, তার কণ্ঠম্বর শোনা, তার কাচাকাভি চুপচাপ ব'সে থাকা! হরতো সে ব'সে আছে তা'র অপেক্ষায়—আর পাপড়ির পর সোনার পাপড়ি, মূহুর্তে-মূহুর্তে খ'সে পড়ছে এই বিকেল। আর, কী ক'রে, কী ক'রে সে এখানে ব'সে থাকতে পারছে? এখনো সময় আছে, এখনো। সবে তো বিকেল ছড়িয়ে যাচ্ছে আকাশ ভ'রে—এখনো সে এমন সময়ে গিয়ে পৌছতে পারে যখন তাদের কাঁঠাল গাছের ফাঁক দিয়ে সোনালি আলোর রেখা এসে থেলা করছে অতসীর চুলে। সহ্য-ঝাট-দেখা ঘর তকতকে পরিষ্কার; নিচু হ'য়ে সে মা-র বিছানা পাতছে, বালিশে-চাদরে রোদের গন্ধ। রঞ্জনের দিকে একবার তাকিয়ে দে কাজ করতে থাকবে, কোনো কথা বলবে না। শুধু, ক্ষাণ একটি হাসি তার ঠোটের উপর। ওঃ, তার ঠোটের সেই একটু রেখার জন্তা,—রঞ্জন মরতে পারে, হাজারবার মরতে পারে।

উঠে দাঁড়ালো রশ্বন। যেতে হবে, তাকে যেতেই হবে। আমি আসন্থি, অতসী, আমি আসন্থি। তোমার মুখ আমাকে দেখতেই হবে, তোমার ঠোঁটের সেই রেখা।

রঞ্জন দরজা পর্যন্ত এসে পড়েছিলো, এমন সময় প্রমীলা পিছন থেকে তাকে ডাকলো, 'যাচ্ছো কোথায় ?'

রঞ্জন থমকে দাঁড়ালো, বোকার মতো থেমে গেলো। ফিরে তাকিয়ে কথা বলতে পারলো না। উপস্থিত সময় আর পারিপার্থিকের সঙ্গে নিজেকে মানিয়ে নিতে একটু সময় লাগলো তার। অল্প একটু।

### রীতিমতো বিয়ে

ভারপর বললে, 'ভাবছিলুম তোমাদের বাগানটা একবার দেখে আদি।'

'বেশ, চলো!' খুশি হ'লো প্রমীলা। 'চায়ের এখনো একটু দেরি আছে।' দে, ইতিমধ্যে, হাতমুপ ধুযে শাভি বদলে এসেছে। পরেছে কালো চীনে সিন্ধের শাভি—ভাতে আরো উজ্জ্বল হ'য়ে ফুটেছে তার দেহবর্ণের শুক্রত। রিনি লতার পাড পেঁচিনে-পেঁচিয়ে উসে এসেছে তার পায়ের পাতা থেকে, কোমর পার হ'য়ে, বুকের উপর দিয়ে—ভারপর কাঁধ বেয়ে মৃথ থুবডে পডেছে পিসের উপর, দীর্ঘ পথশেষের ক্লান্তিতে। একটু দিধার পর সে তাব গলায এটে নিয়েছিলো একটি মালা—বাঁকা টেরচা নানা আক্লতির ও নানা রঙের কতগুলো পাথরের কুচি একসঙ্গোথা—শাভির পাডের সঙ্গে মিলিয়ে।

ত্-জনে নেমে এলো বাগানে। প্রমীলা বললে, 'নষ্ট হ'য়ে গেছে সব। এতদিন কেউ ছিলো না—মালিটা প্রাণ ভ'রে কুড়েমি করেছে।'

'ফাঁকি দিতে পারলে আমরা কে-ই বা ছাডি ?'

'ওদিকটায় চলো-কয়েকটা গোলাপের চারা ছিলো।'

লম্বা-লম্বা যাসের উপর দিয়ে কেঁটে তারা বাগানের একপ্রাম্ভে এসে দাঁড়োলো। শুকনো, ছোটো-ছোটো কয়েকটা গোলাপের চারা, পাতা খ'সে পড়ছে, বড়ো শ্রীহীন দেখতে। শুধু একটা গাছে, যেন দৈবের কোনো বিশেষ অন্থগ্রহে ফুটে রয়েছে নিঃসঙ্গ একটি হলদে গোলাপ।

'वाः,' तक्षम व'रन উठरका, 'कौ खन्मत शानान।'

'দাড়াও—ওটা দিচ্ছি ভোমাকে তুলে।'

'না, না,' রঞ্জন তাড়াতাড়ি বাধা দিলে, 'পামকা ওটা ছি ড়ো না।'

'খামকা তো নয়, তোমার জন্ম।'

'আমার জন্ম ?' রঞ্জন হেলে কথাটা হালকা করার চেষ্টা করলে, 'কী করবো আমি ফল নিয়ে ?'

একটি চূর্ণকুন্তল দাঁতের ফাঁকে চেপে ধরলো প্রমীলা। 'যা খুশি কোরো। ফেলে দিয়ো।' ব'লে রঞ্জনের মুখের উপর ভরা-চোথে একটু তাকিয়ে থাকলো।

রঞ্জন নিরুপায় হ'য়ে তাড়াতাড়ি ব'লে উঠলো, 'কী যে বলো! কিন্তু এ-ফুল তোমার থোঁপাতেই মানাবে বেশি।'

'থাক, আর বলতে হবে না।' প্রমীলা হেসে ফেললো। তার দাঁতের ফাঁক থেকে খলিত হ'য়ে চুলের গোছা লুটিয়ে পড়লো বুকের উপর। নীচু হয়ে অতি সম্ভর্পণে শে ছিঁড়ে আনলে ফুল। তারপর মুধ তুলে বললে, 'নাও।'

তার হাত থেকে গোলাপটা নিতে গিয়ে রঞ্জন একটু তাকিয়ে রইলো—তার ম্থের দিকে, তার গলার মালার কোণাচে পাথরের দিকে, তার মিশকালো শাড়ির রঙিন লতার মতো পাড়ের দিকে। তারপর, যেহেতু সে ভালো ক'রে কথা বলতে পারে, যেহেতু ঠিক সময়ে, ঠিক জায়গায়, ঠিক কথাটি শ্বতই উঠে আসে তার ম্থে, যেহেতু সামাজিক জীবনে যে যেমন আশা করে, তার সঙ্গে তেমনি ব্যবহার করতে সে অভ্যন্ত, যেহেতু অতি-মার্জিত সভ্যতার পরিবেষ্টনীতে সে লালিত, এবং যেহেতু তার ছিলো সহজ হাস্তরসবোধ—এইসব কারণে, প্রায় নিজেরই অজান্তে, প্রায় অভ্যেসের অর্ধচেতন প্রেরণায় সে ব'লে ফেললো, 'ফুলের বাগানে ফুলের বাগান।'

#### রীতিমতো বিয়ে

'श्ट्रुं !' अभोना मूश कितिया नितन।

তারপর চা। চায়ে সমস্ত পরিবার উপস্থিত। প্রমীলার মা তার পিতৃবিযোগ সম্বন্ধে তৃ-একটা সাম্বনার কথা বললেন রশ্ধনকে। প্রমীলার দাদা নীহাব—দে আইন পাশ করবার পর ইংরেজি কাপড়চোপড়ের ফরমাশ দিয়েছে, ছুটিব পরেই যাতায়াত শুক্ষ করবে হাইকোটে—তাকে জিগেস করলে ভবিষ্যাতে সে কী কববে।

'কিছু একটা করতেই হবে,' বললো রঞ্জন। 'কোনো সরকারি পরীক্ষা-ট্রীক্ষা—'

'দেখি।' সত্যি বলতে, এ-সব বিষয়ে সে কিছুই ভাবেনি, ভাববার দরকার হয়নি কথনো। আব দরকাব হ'লেই বা ভেবে লাভ কী? ভবিশ্বৎ তো অনেক দ্বে, এই নিবিড়, উজ্জ্বল, সর্বব্যাপী বর্তমান—তার মধ্যে বাঁচাই যথেই।

কেশববাবু জিগেস করলেন, 'তুমি বিলেত যাবে না ?'

'কী হবে গিয়ে?'

'হবে না! ঘে-রকম দিনকাল, বিলেত না-গেলে তেমন কী আর হবে তোমাব!'

রঞ্জন বলতে যাচ্ছিলো, 'না-ই বা হলাম তেমন কিছু!' কিছু শেষ মৃহুতে সে সামলে গেলো। কথাটা বড্ড বেস্থারো শোনাতো এথানে।

'তুমি এমন ব্রিলিয়াণ্ট ছেলে—তোমার তো বিলেতে যাওয়াই উচিত।'

'ব্যারিস্টার হ'য়ে আস্থন না,' বললে নীহার। 'দেপি—' অস্পষ্ট উত্তর রঞ্জনের।

'নয়তো,' কেশববাবু বললেন, 'থদি প্রোফেসরিই করতে চাও, অক্সফোর্ডের মডার্ন গ্রেটস-এর মতো আর কিছু না। আমার তো মনে হয় তুমি একট্ট চেষ্টা করলেই একটা ফার্সট পেতে পারো।'

'দেখি, এম. এ.-টা হ'য়ে যাক তো।'

'তোমার মা কী বলেন ?'

'মা আর কী বলবেন।'

'তোমার নিজের কী ইচ্ছে ?'

'আমার!' রঞ্জন একটি পেঁপের টুকরোকে থামকা কাঁট। দিয়ে বিশিতে লাগলো, 'আমি তো কিছু ভাবিনি এথনো—'

'প্রথম থেকে কিছু একটা ঠিক ক'রে নেয়াই ভালো,' কেশববাবু বললেন। 'দেশের যা অবস্থা,' নীহার বললে, 'কোনো স্থযোগই আজকাল ছাড়তে নেই।'

তিনজন পুরুষ দেশের বর্তমান ত্রবস্থা দিয়ে আলাপ করলো।

চায়ের পর বসবার ঘরে ফিরে এসে প্রমীলা বললে, 'কী করা যায় এখন ?'

'সে-বিষয়ে,' রঞ্জন বললে, 'তোমাকে পরামর্শ দিতে যাওয়া স্পাধা।'

'একটু পরেই পাশের বাড়ির একটা মেয়ে হৃদয়-বিদারক গান গাইতে শুরু করবে। সে-তারশ্বর যাতে তোমার কানে চুকতে না পারে, সেই জন্ম নিজেই একটা গান গাইবো কি ?'

উর্মিলা দেখানে ছিলো, ব'লো উঠলো, 'ও:, সেইটে গাও দিদি, সেই যে—'

#### রীতিমতো বিয়ে

প্রমীলা বোনের উদ্দেশে কটাক্ষপাত ক'রে বললে, 'তুই থাম। তুমি কী বলো '

রঞ্জন বললে, 'মিলি, পাশেব বাড়ির মেয়েব সংগীত-শ্রবণে আমার আহ্মান দারুণ বন্ধুণা হবে, এটা অনুমান ক'বে নিয়ে তুমি আমাকে যে সম্মান করেছো, তাব প্রতিদানে এ-কথা আমাকে বলতেই হবে—'

প্রমীলা হেলে উদলো।—'উ:, থামো, থামো। না-হয় না-ই গাইলুম।'

'বাঃ, গাইবে না! তাকি হয়!'

উর্মিলা ব'লে উঠলো, 'দিদি একটা যা নতুন গান শিথেছে— চমংকার।'

'বললেন এক কথা! ভারি তুই বৃঝিদ চনংকারের। কোনটা বল তো।'

শেষ পর্যন্ত গাওয়া হ'লো সেইটেই। তারপর উর্মিলা গাইলো একটা, তারপর ত্-বোনে মিলে আর-একটা। পাশের বাড়ির মেয়ে আত্মধিকারে চুপ করেছে অনেক আগেই। রঞ্জন হাই চেপে ব'সে থাকলো।

গান শেষ ক'রে প্রমীলা বললে, 'থুব থানিকটা বিরক্ত করা গেলো ভোমাকে।'

রঞ্জন জবাব দিলে, 'গান যে আমি কত ভালোবাসি, আজই প্রথম বুঝলুম।'

প্রমীলা তরল দৃষ্টিতে রঞ্জনের দিকে তাকালো।

বিদায়ের সময় হলো এবার। প্রমীলা এলো সঙ্গে-সঙ্গে বাগানের দরজা পর্যন্ত। 'কাল আবার আসবে তো ?'

রঞ্জন চিস্তিতমূথে বললে, 'কাল সন্ধেয় তো আমাকে যেতে হবে উকিলের বাডি।'

'উকিলের বাড়ি কেন?'

'আর বোলো না!' রঞ্জন তথনই কারণটা উদ্ভাবন করলো, 'বাবার একটা ইনশিওরেন্স-পলিসি নিয়ে হান্সামা বেধেছে—ভালো লাগে না আমার এ-সব।'

'তাহ'লে পরস্ত ?'

'थूव डेट्ह थाकला।'

কিন্তু পরশু পর্যন্ত অপেক। করতে হ'লোন।। পরের দিনই বিকেলে, রঞ্জন যথন বাইরের ঘরের দরজা ভেজিয়ে দাড়ি কামাচ্ছে, দরজার বাইরে শোনা গেলো খটাখট' জুতোর আওয়াজ, হাসি আর কথার মিশ্রেণ, তারপর এক ধাকায় দরজা খুলে হুড়মুছ ক'রে ঢুকে পড়লো প্রমীলা আর উর্মিলা।

রঞ্জনকে দেখেই প্রমীলা ব'লে উঠলো, 'এই যে।'

রঞ্জনের হাতের উত্তত কুরটা ক্ষণকাল স্থির হ'য়ে রইলো। মুথে হাসি টেনে বললো, 'কী ব্যাপার ?'

'চলো শিগগির।'

'কোথায় ?'

'আমরা সিনেমায় যাচ্ছি—একটা খু-উ-উ-ব ভালো ছবি নাকি এসেছে। তমি চলো আমাদের সঙ্গে।'

রঞ্জন গলায় একটা উল্টো পোঁচ দিয়ে বললে, 'আমি তো থেতে পারবো না।'

#### রীতিমতো বিয়ে

'বাঃ, তুমি না গেলে চলবে কী ক'রে ? আমরা যে ঠিক ক'রে রেপেছি যে তুমিও যাবে। চলো—দাড়ি-কামানো সেরে নাও শিগগির। দাদা বাইরে অপেক্ষা করচেন গাড়ি নিয়ে।'

'আসতে বলো না তাঁকে ভিতবে।'

'না, না—একবার গল্প করতে বসলেই হয়েছে। ও কী—আবাব সাবান ঘষ্টো কেন ? শিগগির করো!

রঞ্জন আয়নার দিকে তাকিয়ে বললে, 'আমার যে কাজ রয়েছে—'

'বাপে। কাছ! উকিলের বাড়ি কাল গেলেও চলবে তোমার। তোমাকে নিয়ে যাবো ব'লে এলুম—স্মার তুমি যাবে ন। ?'

'আর একদিন না-হয়---'

'না, আছই, আছই! কোনো কথা শুনবো না—বেতেই হবে ভোমাকে।'

পাশের ঘর থেকে মুণালিনী শুনলেন, রঞ্জন কার সঙ্গে যেন কথা-কাটাকাটি করছে। মেছের গলা। তিনি আর থাকতে পারলেন না, চলে এলেন সে-গরে। প্রমালা আর উর্মিলা তাড়াতাড়ি এগিয়ে গেলো তাঁকে দেখে। ছ-বোনে প্রণাম করলো তাঁকে।

প্রমীলা অতি মধুর স্বরে জিগেদ করলে, 'কেমন আছেন, মাদিমা?' তারপর, তাঁকে কোনো কথা বলবার সময় না-দিয়েই : 'কালই ভাবছিলুম, আপনাকে একবার দেখতে আদ্বো—হ'য়ে উঠলো না।'

'ভোমার মা ভালো আছেন ?'

'মা ভালোই আছেন। কিন্তু আপনার শরীরটা তেমন ভালো দেখচি না।'

'আর শরীর!' বিধবা অবস্থায় কেউ তাঁকে প্রথম দেখছে, এ-কথা মনে করতে তাঁর গলা বৃদ্ধে এলো। চলচলিয়ে উঠলো চোধ। প্রমীলা একটু চুপ ক'রে রইলো। তারপর গুব আন্তে বললে, 'মা আসবেন আপনার কাচে শিগগিরই। বাড়ি-ঘর সব এখনো গুচিয়ে উঠতে পারেননি, তাই—'

মৃণালিনী মৃথ ফিরিয়ে নিয়ে চোপ মৃছলেন। তারপর বললেন, 'উমি দেগচি মস্ত বড়ো হ'য়ে গেচিস এরই মধ্যে। বোস।'— 'আর-একদিন এসে বসবো, মাসিমা, আজু আমরা একটু বেরোচ্ছি।'

'বেডাতে যাচ্ছে৷ ?'

'যাচ্ছি সিনেমায়। আপনার ছেলেকেও নিয়ে যাচ্ছি,' প্রমীলা একটু হাসলো, 'ফিরিষে দিয়ে যাবো ঠিক ন-টার মধ্যে, ভাববেন না।'

মৃণালিনীর মৃথের উপর একটা ছায়া পড়লো। মনেব ভাব গোপন করতে ভদ্রমহিলা একেবারেই পারেন না। দাড়ি-কামানো সেরে ক্রটা বাক্ষে তুলে রাথতে-রাথতে রঞ্জন তা লক্ষ্য করলো। কিন্তু নিজের উচ্ছাসে প্লাবিত, প্রমীলার কিছুই চোথে পড়লো না। 'দেখুন তো, মাসিমা,' সে ব'লে চললো, 'ও কেন যেতে চাইছে না আমাদের সঙ্গে? আপনি একটু বলুন না ওকে।'

'তুমি বলাতেই যথন যেতে চাইছে না, আমি বললে কি আর যাবে ?' মৃণালিনীর কথায় একটা তির্থক স্থর বেজে উঠলো।

প্রমীলা আরো যেন की বলতে হাচ্ছিলো, হঠাৎ মূণালিনীর মূথের

#### রীতিমতো বিয়ে

দিকে তাকিয়ে থমকে চুপ ক'রে গেলো। মূণাদিনী আবার বললেন, 'আমার ছেলের কি ইচ্ছা আর অনিচ্ছা, তা তুমিই তো সবচেয়ে ভালো জানো, মিলি, আমাকে কেন জিগেস করছো।'

প্রমীলা একবার তাঁর মৃথের দিকে, একবার রঞ্জনেব মৃথের দিকে তাকিয়ে চূপ ক'রে রইলো। স্লান হয়ে গেলো ভার মুথ।

রঞ্জন আরম্ভ করলো, 'মা, তুমি—'

কিছ কথা শেষ করতে পারলো ন।। তার মুখের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে মৃণালিনী ঠাণ্ডা, শাস্ত গলায় বললেন, 'রঞ্জন, তুমি এতদ্র নামতে পারে।, তা আমি কোনোদিন ভাবিনি।' ব'লে তিনি ক্রতপায়ে ঘর থেকে বেরিয়ে গেলেন।

মৃহুর্তের গুরুতা। তারপর রঞ্জন প্রমীলার কাচে এসে আন্তে বললে, 'ভোমরা গাড়িতে গিয়ে বোসো, মিলি, আমি আসচি এক্সনি।'

সিনেমায় যথন ইণ্টার্ভেল এলো, উর্মিলা দাদার দক্ষে বাইরে গেছে আইস-ক্রীম থেতে, রঞ্জন খুব নিচু গলায় বললে, 'বাবার মৃত্যুর পর মা যেন কেমন হয়ে গেছেন। মিলি, তুমি কিছু মনে কোরো না।'

মিলি চোথ মেলে রঞ্জনের মুথের দিকে তাকিয়ে রইলে। চুপ ক'রে। একট পরে বললে, 'পাগল!'

গেলো এক সপ্তাহ। রঞ্জনের বাড়ির আবহাওয়ায় গুমোট। মা-ছেলের মধ্যে ঝলসাছে বিরোধের অদৃষ্ঠ বিহাৎ। কেউ কারো সঙ্গে ভালো ক'রে কথা কয় না।

তারপর কোনো-এক রাত্রে, মৃণালিনীর শুয়ে-শুয়ে অনেকক্ষণ ঘুম এলো না। ভেলের মন যদি প'ডেই থাকে, আর কি তাকে ফেরানো যাবে

### रु विक्रमो वीत

এখন ? কতদিন আর সইবে এই টানা-হেঁচ্ড। ? কী লাভ হবে এতে ? চেলে যদি গোপনে কিছু ক'রে বদে, যদি কোনো কেলেঙ্কারি—ভগবান না করুন, ভগবান না করুন। তার চেয়ে তা মন্দুই বা কী। মিলি त्यायाँ जात्नाचे राज्या—मविषक श्वरक तम्यराज श्वरत । तम्यराज सम्म ना— रुमती नग्न व्यवश्व, किन्ह मन्मरे वा की १ अक्सांक हाल छात-मार्स-मार्स তিনি তার জন্ম রীতিমতে। রূপদী কল্পনা ক'রে রেখেছিলেন। কিন্তু স্ব কি আর ইচ্ছেমতো হয়। ভাবি তো আমরা অনেক-কিছুই, আশা তো কতই করি। তা চেহারা ভালো না-ই বা হ'লো, বন্ধি-শুদ্ধি আছে, গুচিয়ে চালাতে পারবে সংসার। বয়স একট বেশি, কিন্তু তেমন অল্প বয়সে আজকাল ক-টা বিয়েই বা হয়। মোটের উপর, কেউ যদি তাঁর কাছে এসে এটা উত্থাপন করতো, তিনি হয়তো মত করতেন না, কিন্তু এমন যদি হয় যে চেলে তাঁর মতের অপেক্ষা না-রেগেই—তার চেয়ে মত দিয়ে ফেলাই অনেক ভালো-, অনেক ভালো। ভাচাদা, যে-রকম মতিগতি দেখছেন ছেলের, এখন বিয়ে হওয়াই দরকার। বিয়ে হ'লেই মাথা ঠাওা হবে। তা-ই হোক তবে, তা-ই হোক, অশান্তি আর ভালো লাগে না।

পরদিন তিনি এই চিঠি লিখে প্রমীলার মা-কে পাঠালেন: 'প্রিয় ভগিনী.

আমি জানতে পেরেছি আমার পুত্র শ্রীমান রঞ্জন আপনার ছ্যেষ্ঠ্য কম্মাকে বিবাহ করতে ইচ্ছুক। আমার কোন আপত্তি নাই। যদি আপনাদের সমতি থাকে, আগামী অদ্রানেই শুভকর্ম সম্পন্ন হ'তে পারে। এ-বিষয়ে যথাকর্তব্য আপনারা করলে বাধিত হবো, আমার শরীর বড়ো ক্লাস্ত। ইতি—

मृगानिनी (एवी।'

#### রীতিমতো বিয়ে

এ-চিঠি পেয়ে প্রমীলার বাড়ির কেউ অবাক হলেন না, তাঁরা জানতেন। এই জ্ঞাই, সত্যি বলতে, তাঁদের এবার ঢাকায় আসা। ত্-একদিনের মধ্যে তাঁরাই ভাবছিলেন মুণালিনীর কাছে প্রভাব ক'রে পাঠাবেন। রঞ্জনের সঙ্গে মিলির বিয়ে দেবাব ইচ্ছে তাঁদের বরাবর। আর মিলিও যে সেটা টের পায়নি, তান্য। ভালোই হ'লো। ব্যাপারটা যে এত সহজে হবে, তা তাঁরা আশাও কবেননি।

পরের দিনই তুপুববেলাথ মিলির মা এলেন। তুই মায়ে কথা হ'লে।
আনকক্ষণ। রঞ্জন তথন তাব দোতলার ঘবে ঘুমুচ্ছে। তু-দিন বাদে
এক ফাঁকে মুণালিনী গিয়ে নিয়ম-মাফিক 'দেখে' এলেন মিলিকে।
রঞ্জন তথন আড্ডা দিচ্ছে বন্ধদের নিয়ে।

তারপর বাত্রে, রঙ্গন যখন থেয়ে উঠে দক্ষিণের জানলাব ধারে ইজি-চেয়ারে বদেছে, তিনি এসে বললেন, 'তুমি যা চাও, তা-ই হবে।' 'কী হবে ?' বুঝতে না-পেবে রঙ্গন তাকিয়ে রইলো।

'তুমি যা চাও', মুণালিনা আবার বললেন, 'তুমি যা চাও। আর তুমি আমাকে দোয দিয়ো না, মিলির সঙ্গেই তোমার বিয়ে ঠিক কবেচি। তুমি স্থাী হও।'

রঞ্জন প্রবল বেগে থাড়া হ'য়ে উঠে বসলো।—'কী বললে?' তার চোথ বিক্ষারিত হ'লো, নিশ্বাস পড়লো জোরে-জোরে।

'ব্ঝতে পারছো না? এর জ্ঞতে এত—আর এখন ব্রতে পারছো না?'

রঙ্কনের মনে হ'লো, হঠাৎ যেন পৃথিবীর সমস্ত হাওয়া মরে গেছে। লোপ পেয়েছে বিশ্ব। হাঁপাতে-হাঁপাতে বললে, 'কী বললে ? মিলির সঙ্গে—'

### र्श्व विकय़ी वीव

'হাা, মিলির সঙ্গে, মিলির সঙ্গে। যার জন্মে মা-র মনে কণ্ট দিতে তোমার বাধেনি। যার জন্মে—'

'এ করেছো কী ?' রঞ্জনের গলা ভেঙে গেলো।
'কেন, এ-ই তো তুমি চাও।'
'আমি চাই।'

'চাও না ?'

'তুমি পাগল হয়েছে। ?' বলতে-বলতে রঞ্জন উদ্প্রাস্কভাবে উঠে দাঁড়ালো, 'তুমি পাগল হয়েছে। ? এ-বিয়ে হওয়া অসম্ভব।'

একটু সময়, মুণালিনী কঠিন দৃষ্টিতে তার দিকে চেয়ে রইলেন।
তারপর বললেন, 'ছাগো, অনেক সয়েছি, আর পারি না। আর
ছেলেমানিষি কোরো না। আমি ওঁদের কথা দিয়েছি—এখন আর তা
ফেরানো যাবে না। বিয়ে তোমাকে করতেই হবে।'

পরদিন সকালেই কেশববাবু এসে রঞ্জনকে 'আশীর্বাদ' ক'রে গেলেন। সে কী করবে? সে কী করবে? সে কি ভদ্রলোককে অপমান ক'রে তাড়িয়ে দেবে, না কি ছুটে বেরিয়ে যাবে বাড়ি থেকে? কিন্তু মনে-মনে সে হাসছিলো। তামাশা, তামাশা। এ-বিয়ে হবে না, এ-বিয়ে হ'তে পারে না, হ'তেই পারে না। হাস্থাকর, অবিশ্বাস্থা! কঞ্চক না এরা যা খিশ। সে জানে এটা হ'তে পারে না।

সেই অকারণ অন্ধ বিশ্বাসের মোহের মধ্যে আচ্ছন্নের মতো তার দিন কাটতে লাগলো। কিছুই বললে না, কিছুই করলে না, শুধু দিনের মধ্যে লক্ষবার নিজের মনে বলতে লাগলো, 'এ হ'তে পারে না, এ হ'তে পারে না।' এখনো অনেক সময় আছে। এর মধ্যে

### রীতিমতো বিরে

কিছু একটা ঘটবেই। যেদিক থেকেই হোক, যেমন ক'রেই হোক, ঘটবেই। ব্যাপারটা আগাগোড়া তার কাছে প্রহসনের মতো ঠেকলো। এমনকি, বন্ধুদের সঙ্গে দে হাসাহাসি করলে এ নিয়ে।

#### FA

#### পাবিবাবিক

মুণালিনী আন্থ্রীয-স্বন্ধন স্বাইকে চিঠি লিখলেন থবরটা জানিয়ে। একে-একে উত্তর আসতে লাগলো। তারপর স্ব ওলোট-পালোট হ'য়ে গেলো।

প্রথম চিঠি এলো রঞ্জনের পিসেমশাইর কাছ থেকে। তিনি বুড়ে।
মান্থ্য, বি. এ. কেল-করা শাবেক কালের ডেপুটি। বরাত জারে
উঠেছিলেন জেলার হাকিম পর্যন্ত। প্রচুব টাকা জমিয়ে এখন পেনসন
নিয়ে আছেন কলকাতায়। তিনি লিখেছেন:

'মেজ-বৌ,

ভোমার চিঠি পেয়ে অবাক হলুম। হঠাৎ ভাড়াছডে। ক'রে কেন
যে একটা বিয়ে ঠিক ক'রে ফেললে বুঝতে পাবলুম ন।। মেয়ের
বংশ ও অক্যাক্ত বিষয়ে ভালে। ক'রে থোঁজ নিয়েছে। ব'লেও মনে
হ'লো না। কোদ্ধা মিলিয়েছে। কিনা ভাও জানি ন।। দেনা-পাওনার
কথাও কিছু লেখোনি। ভোমার একমাত্র ছেলে, আর এমন উপযুক্ত
ছেলে—কত ভালো বিয়ে ওর হ'তে পারে। সোনায় তেকে দেবে।
তুমি এখনই ছেলের বিয়ে দিতে চাও, এ-কথা যদি আমাকে জানাতে,
তাহ'লে আমি অনায়াদে আমার দাদার ছোটো মেয়ের সঙ্গে ঠিক করতে
পারতুম। এই তাঁর শেষ মেয়ে—তার বিয়েতে তিনি দশ হাজার

টাকা থরচ করবেন ব'লে ধ'রে রেগেছেন। আর শোভা, তোমরা তো জানো, প্রমা স্থন্দরী।

যা-ই হোক, তুমি যথন ঠিক ক'রেই ফেলেছো, আমরা আর কী বলবো। তবে তোমার ঠাকুর-কন্তা শিগগিরই যাচ্ছেন ঢাকায়, ইচ্ছে করলে তাঁর সঙ্গে পরামর্শ করতে পারে।। আমার শুধু এই মনে হয় যে কেশববাবু তে। বড়ো চাকরিই করেন, ইচ্ছে কবলে তিনিও তো প্রচর দিতে পাবেন।

বঞ্জনের কাকা, তিনি আলিপুরে মুন্সেফ, লিপেছেন:

'শ্রীচরণেষু,

মেজ বৌ-সাকরুন, কেশববাবুর। এথানে থাকতে আমর।
উাদের কথা কিছু-কিছু শুনেচি। তিনি থাকতেন আমাদেশ পাড়াতেই।
মেয়েটিকেও দেখেচি। স্থন্দরী নয়। রঞ্জনের বৌ স্থন্দরী না-হ'লে
মানাবে কেন ? তাছাড়া, মেদেশ বয়সও বেশি, কুড়ির কম তো নয়ই।
এত বড়ো মেয়ে ঘরে এনে কি স্থ্য হবে ? ওদের পরিবার সম্বন্ধেও
থ্য বেশি স্থনামও শুনিনি—বড্ড বেশি স্বাধীন হাব-ভাব।

তুমি লিখেছো, রঞ্জনের নিজের খুব ইচ্ছে, কিন্তু ও ছেলেমান্থ্য, ওর ইচ্ছের কী দাম ? যদি এখনো সময় থাকে, এ-বিয়ে ভেঙে দেয়াই ছোলো মনে হয়। তুমি হঠাৎ আমাদের কারে। সঙ্গে পরামর্শ না-ক'রে কথা দিয়ে ফেললে কেন, বুঝলাম না।'

'পু:—আমি কয়েকদিনের জক্ষ ঢাকা যাওয়াই ঠিক করলুম। তুমি একা মামুষ,—এই একটা এত বড়ো শোক পেলে—এপন তোমার একার বৃদ্ধিতে কিছু করা উচিত না। আমি গিয়ে পৌছনো অবধি অপেক্ষা কোরো।'

রশ্বনের বড়-দি লিখেছে পাটনা থেকে:

'গ্রীচরণেষ্,

মা, রঞ্জনের বিয়ে ঠিক করেছো শুনে খুব খুশি হলুম। বাবা নেই, এখন ও বিয়ে করলেই তোমার ঘর আবার ভরে। ওর বিয়েতে যাবার জন্ম এখন থেকেই মনটা নাচছে। কিন্তু যে-রকম মান্ন্য তোমাদের জামাইটি, ছাড়তে চাইবে কিন। কে জানে। মা, তুমি ওঁকে নিজে একটু লিখো। যাওয়া না-হ'লে আমার যে কী কট্ট হবে তা কী বলবো। খোকা ভালোই আছে।'

রঞ্জনের ছোড়-দি লিথেছে শিলং থেকে:

'মা, তুমি কী যে এক-একটা কাণ্ড করো, তার ঠিক নেই। মিলির সঙ্গেল রঞ্জনের বিয়ে! মিলি কি' কোনোদিক দিয়েই ওর যোগ্য? দোহাই তোমার, এ-বিয়ে ফিরিয়ে দাও, বলো তো আমিই ওর যোগ্য বৌ থুঁজে দিতে পারি।'

রঞ্জনের জ্যাঠ্তুতো দাদা রানীগঞ্জে ইঞ্জিনিয়ার। নিজের কাজ ছাড়া আর কোনো বিষয়েই তাঁর থেয়াল নেই। তাই তাঁর স্বী জবাব দিয়েছেন চিঠির:

'শ্রীচরণেষু,

মেজ কাকিমা, কেশববাবুদের সহজ্যে সব থবরই আমি জানি, কয়েক বছর আগে তিনি দানাপুরে এক হাসপাতালে কাজ করতেন বাবার, সঙ্গে। কিন্তু আপনি ছেলের বিয়ে ঠিক করেছেন—আপনি কিছুই জানেন ব'লে তো মনে হচ্ছে না। ওঁদের বাড়ি যে চট্টগ্রাম জেলায়, তাও কি আপনি জানেন না? চাটগাঁর অনার্থের সঙ্গে

নবীনগঞ্জের ব্রাহ্মণের বিয়ে! লোকে তো ওদের ভদ্রতা ক'রে ব্রাহ্মণ বলে! আপনার কি মাথা থারাপ হয়েছে? একমাত্র ছেলে আপনার— বংশটাকে এমনি ক'রে নষ্ট করবেন? আমি ঠিক জ্ঞানি, মেজকাকা বেঁচে থাকলে এ-বিয়ে হ'তে পারতো না। তাঁর আত্মাকে এমনি ক'রে কষ্ট দেবেন?'

শেষের এই চিঠিটাই মুণালিনীকে কাতর ক'রে দিলে। তাঁর আত্মাকে কষ্ট! তিনি যেন স্পষ্ট অফুতব করলেন, তাঁর স্বর্গন্থ স্থামী অব্যক্ত কষ্টের মৃক তিরস্কারে তাঁর দিকে তাকিয়ে আছেন। বিচানায় শুয়ে-শুয়ে অনেকক্ষণ কাদলেন তিনি। না, এটা হ'তে পারে ন:—এটা হবার নয়। কিন্তু রঞ্জনকে কিছু বলতে সাহস পেলেন না তিনি। অপেকা করলেন।

ছ-দিন বাদেই এলেন স্থমন্ত, রঞ্জনের কাকা। রোগা মাসুষ। মাথার চুল পাংলা হ'য়ে আসচে। খুব আল্ডে-আল্ডে কথা বলেন।

রঞ্জনের পিদিমা স্থদক্ষিণ। এদে উঠেছিলেন তাঁর এক দেওর-পোর বাড়ি। বিকেলবেলা তিনিও এলেন। বিশাল বপু। অতি কটে চলাফেরা করেন, শরীরের ভার নিয়ে। এবং দেই অন্তপাতেই ভারি তাঁর গলার নিরেট সোনার হার। শাড়িটা তাঁকে চেপে ধ'রে রাখতে রীতিমতে। হাঁপিয়ে উঠছে।

আর এলো রঞ্জনের মেজদি কমলা। ঢাকাতেই থাকে সে। বোনেদের মধ্যে তারই একটু গরিব ঘরে বিয়ে হয়েছে।

রঞ্জনের ভাক পড়লে। দেই জ্ঞাতিসভায়। স্থপময় কথা আরম্ভ করলেন: 'ভাগো, রঞ্জন, ভোমার বাবার অবর্তমানে আমরাই এখন ভোমার অভিভাবক।'

রঞ্জন বললে, 'নিশ্চয়ই।'

'তবে এ-কথাও ঠিক যে তুমি দাবালক হয়েছো। তুমি শিক্ষিত, বৃদ্ধিমান। কারো মৃগাপেক্ষীও তুমি নও, তুমি স্বাধীনভাবে কিছু করতে গেলে কেউ তোমাকে বাধা দিতে পারে না।'

'সে তে। সত্যি।'

'তবে তোমার কাচে এটুকু আমরা আশা করি যে আমাদের একেবারে জিগেদ না-ক'রে তুমি কিছু করবে না। আমরা যা করবো, যা বলবো, তা তোমারই ভালোর জন্তো। তোমার ভালো ছাডা আর-কিছু আমরা চাই না। এটা তুমি বিশ্বাদ করো তে ''

'নিশ্চয়ই !'

'আর এটাও সত্য যে তোমার ভালে। যার। কামনা করেন, তাঁদের মনে কট দিলে শেষ পর্যস্ত তোমারও ভালে। হবে ন।'

'তোমার বাবার আত্মাকে কষ্ট দিলেও তোমার অমঞ্চল,' বললেন মুণালিনী।

'তোমার বাবার আত্মাকে কট দিলেও মঙ্গল হবে ন। তোমার,' স্থাময় প্রতিধ্বনি করলেন। 'তোমার বাবার ইচ্ছা স্মরণে রেথেই সব সময় তোমার চলা উচিত। তিনি বেঁচে থাকলে যাতে তৃঃথ পেতেন, এমন কাজ কি তৃমি করতে পারো?'

আ:, এরা সবাই এসেছে তাকে জাের ক'রে এ-বিয়েতে ঠেলে দিতে, এদের ইচ্ছার চাপে তাকে নিশ্চিহ্ন ক'রে দিতে। ঠেসে ধরেছে তাকে চারিদিক থেকে, এদের জ্ঞাতিন্দের দাবি পাথরের মতাে চেপে

আছে তার বুকের উপর। রক্তের সম্পর্কে এরা সংঘবদ্ধ, পরস্পরের প্রতি নিষ্ঠায় এরা নিষ্ঠুর; এরা সংহতিতে পরাক্রান্ত, এরা ভীষণ। আত্তিষ্ঠিত চোথে রঞ্জন এর মুখ থেকে ওর মুখের দিকে তাকালো। কোনো করুণা নেই কারো চোথে। শাদা দেয়াদের মতো সব মুখ। এরা এসেছে এদের গোদ্ধীগত শক্তির অদ্ধৃতায় তাকে ব্যাহত করতে, মিলির সঙ্গে তার বিয়ে দেবার জন্ম শরণ নিচ্ছে তার বাবার আত্মার —কোনো সন্দেহ নেই এদের, যে সেই আত্মা তাদেরই দলভূক্ত। হাং! তামাশা বটে! এরা জানে না, এরা তো জানে না যে তা হ'তে পারে না—তার সমস্ত মৃত পিতৃগণের আত্মিক শক্তি একত্র করলেও তা কখনো ঘটানো যাবে না।

'কিন্তু হয়েছে কী ?' কারো মুখের দিকে না-তাকিয়ে রঞ্জন জিগেস করলে।

'ভোমার বিয়ের বিষয়ে—' স্থাময় আরম্ভ করলেন।

তাঁর মৃথের কথা কেন্ডে নিয়ে স্থদক্ষিণা ব'লে উঠলেন, 'কেশববাবুর মেয়ের সঙ্গে তোমার—'

'আং, তুমি থামো দিদি, আমাকে বলতে দাও। শোনো রঞ্জন, এটা তুমি জ্বেনো যে অস্তত আমার মতামত খুবই উদার। কোনো সেকেলে সংক্ষার আমার নেই। আজকাল যে ছেলেরা নিজেরা দেখে-ভনে বিয়ে করছে, এটা আমার ভালোই লাগে। ছেলেরা আজকাল যে-বয়সে বিয়ে করে, তাতে তা-ই তো হওয়া উচিত। আমি, এমন কি, অসবর্ণ বিবাহ পর্যন্ত সমর্থন করি। আত্তে-আত্তে দেশে তা চ'লে যাচ্ছে —আরো চলবে। তাছাড়া উপায় কী আজকাল? তোমার ইচ্ছায়

বাধা দেয়া আমাদেরও ইচ্ছে নয়। তোমার নিজের বৃদ্ধি হয়েছে, যথেষ্ট শিক্ষা পেয়েছ, তৃমি যেমন ভালো বোঝো করবে। কিন্তু আমরা তোমার স্বজন। কিছু করবার আগে আমাদের অম্বমতি তৃমি চাইবে, এটুকু আমরা আশা করি এথনা। তোমার মা-র মনে ব্যথা দিয়ে তৃমি কিছু করবে না, এটাও আশা করা অস্তায় নয়। তৃমি আমাদের বংশের গৌরব। তোমার জন্ম আমাদের সকলের ভাবনা। তোমার ভবিষ্তুং খবই উজ্জ্বল ব'লে আমরা কল্পনা করি। তোমার যাতে জীবনে প্রতিষ্ঠা হয়, তা-ই আমাদের চেষ্টা। বিবাহ জীবনের একটা প্রধান ঘটনা। ব্যক্তিগত হথ ছাড়াও, তা থেকে আমুসন্ধিক মন্ধল হ'তে পারে। পণপ্রথার আমি বিরোধী; কিন্তু অনেকে আছেন, যাঁরা দিতে ইচ্ছুক, উৎস্ক । দিতে তারা পারেনও । জানি না তৃমি এ-সব কথা ভেবে দেথেছো কিনা। তৃমি বলতে পারো তোমার অর্থের অভাব নেই। কিন্তু তৃমি ছেলেমাহ্রষ। কিছুকাল পরে তৃমি বৃষ্ধবে যে অর্থের অভাব সব সময়ই আছে। আর তাছাডা—'

স্থমর দম নেবার জন্ম থামলেন। সেই ফাঁকে রঞ্জন বললে, 'কিন্তু-'

হাত তুলে বাধা দিলেন স্থপময়।—'থামো। আমাকে শেষ করতে দাও, তারপর তোমার যা বলবার আছে বোলো। তোমার কথা শোনবার জন্মই আমরা আজ এখানে এসেছি। যা বলছিলাম—এ-প্রসঙ্গে অন্যান্ত কথাও ভাববার আছে। অনেক সময় এমন হয় যে আমরা খুব প্রত্যক্ষ-ভাবে যাকে দেখতে পাই, তাকেই সবচেয়ে ভালো মনে হয়। তুলনা করবার কথা মনে ওঠে না। তারই মতো কি তার চেয়েও ভালো ষে

অনেকে আছে কি থাকতে পাবে, তা ভূলে যাই। সান্নিধ্যন্তনিত মোহ জনায়। সেটা কাটিয়ে ওটা সহজ হয় না।

'কিছ্ক একটা কথা---' রঞ্জন আর-একবার চেষ্টা কবলে।

'একটু অপেক্ষা করে:, আমি শেষ ক'বে নিই। তুমি এথন বিচে করে।, এটা আমরা স্বাই চাই। আমাদের পক্ষে সেটা পরম আনন্দের কথা। আর, ভোমাব জী স্বস্থলক্ষণসম্পন্না স্থান্ধরী হোক, এই আমাদের একমার কামনা। ভোমাব জন্ম বাংলা দেশের একটি শ্রেষ্ঠ মেয়ে আমরা খুঁছে দেবো—তুমি যদি বলো। ভোমার সঙ্গে কন্যার বিবাহ দিতে পারলে নিজেকে কুতার্থ মনে করবে অনেকেই। আমার মনে হয়, তুমি নিজের মূল্য ঠিক ব্রভো না। সেইজক্ম হাতের কাচে যা পাছেন ভারই জন্ম ভোমার এত আগ্রহ।'

'কিন্তু আমি তো—'

'আর-একটু, আর-একটু। আমার হ'য়ে এসেছে। কেশববাবুর মেয়েটি হুজী, কিন্তু হুন্দবী নয়। তাছাড়া সে প্রায় তোমার সমবয়সী হবে। স্থীলোকেব যৌবন বড়ো ক্ষণস্থায়ী। সে তার শ্রেষ্ঠ বছরগুলো পার হ'য়ে এসেছে এর মধ্যেই। আর পূর্ক্য তো স্থীলোকের যৌবনকেই বিয়ে করে—প্রথমে তো তা-ই। তার উপর মেয়েটির সম্বন্ধে আমাদের ধারণাপ্ত খুব ভালো নয়। তুমি বলতে পারো, ও-সব পাঁচজনের বাজে কথা, কিন্তু আরো তো কত মেয়ে আছে, যাদের সম্বন্ধে পাঁচজন কিছু বলে না। রঞ্জন, আমাদের বংশে অনেক খুঁজে, অনেক বেছে একেবারে নিথুত, স্বাক্ষ্কন্ত বিবাহের রীতি প্রচলিত। তোমার কাকিমার সঙ্গে বিয়ে হবার আগে আমার প্রায় তিন বছর ধ'রে কথাবার্ত। চলেছিলো

নানা জায়গায়। রশ্বন, তুমি তাড়াতাড়ি কোরে। না, তুমি ভেবে ছাথো।
এ ছাড়া আমার কিছু বলবার নেই। এখন তুমি বলো, কেন তুমি
প্রমীলাকে বিয়ে করতে চাও।

'কিন্তু আমি তো তা চাই না,' এতক্ষণে রঞ্জন বলতে পারলো।

'আমরা তো শুনেছি,' স্থদক্ষিণা শানানো গলায় বললেন, 'বে তুমি এ-মেয়েকে বিয়ে করার জন্ত গেপে গেছে।।'

'আন্তে দিদি, আন্তে। রঞ্জন, তোমার মা লিখেছিলেন যে তোমারই এ-বিয়েতে ইচ্ছে, সেইজঞেই তিনি এটা ঠিক করছেন। নয়তো তাঁর নিজের যে খুব আগ্রহ আছে, তা নয়। এমন ভালো মা সংসারে কারো হয় না।'

'মা কেমন ক'রে জানলেন আমার মনের কথা ?'

'জেনেছেন নিশ্চয়ই। তোমারই স্থথের জন্ম তিনি এত সব করলেন, স্মার তুমি যদি উন্টে তাঁর উপর দোষ চাপাও, সেটা বড়ো অক্সায় হয়।'

'হাা—ওরই তো ইচ্ছে,' স্থদক্ষিণা বললেন, 'কে না জানে যে ওরই ইচ্ছে! ভেলেমাম্বয—ফাঁদে পা দিয়েছে আর কি—। বোকা!'

'এ-কথা মনে করবার কোনো কারণ নেই যে—'

'এ-কথা কিছুতেই বিশ্বাস করা যায় না যে তোমার মা তোমার মনের ভাব না-জেনেই এতদুর এগিয়ে গেছেন। আর তোমার ইচ্ছে ছাড়া তো আর-কোনো কারণই ছিলো না। তোমার মা নিজের গরজে প্রমীলাকে ঘরে আনতে চাইবেন, এ-কথা অবিশ্বাস্থা। আমরা তোমার আপন জন, রঞ্জন: আমাদের কাছে তুমি মনের কথা গোপন কোরো না।' 'আমি তো তা-ই বলছিলুম—'

'ওঁরাও তে। কম সাংঘাতিক লোক নন,' স্থদক্ষিণা ব'লে উঠলেন, 'দিব্যি চূপে-চূপে ছেলেকে পটিয়েছেন!' 'আচছা, আচছা,' কমলা এই প্রথম কথা বললে, 'রঞ্জন কী বলছে বলতে দাও না ওকে।' তিন বোনের মধ্যে কমলাই বঞ্জনের প্রিয় ছিলো বরাবর। মেজদি বুঝবে, যদি কেউ বোঝে। রঞ্জন ভার দিকে ক্বভক্ত দৃষ্টিতে চেযে বললো, 'তুমি এঁদের বুঝিয়ে বলো তো, মেজদি—'

'বোঝাবাব আর কী আছে', স্থদক্ষিণার শ্বর বেক্সে উঠলো, ছুরির মতে ধারালো, 'সবই বৃঝি আমরা। তৃমি একটা গাধা—ওরা নাকে দড়ি দিয়ে ঘোরাচ্ছে ভোমায়। তোমার বৃদ্ধিস্থদ্ধি সব লোপ পেফেছে। তা যদি না হ'তো, কোথাকার চট্টগ্রামের এক মগের মেয়ের সঙ্গে বিয়ের কথা তৃমি ভাবতে পারতে না।'

কমলা বললে, 'মিছিমিছি ভদ্রলোকদের নামে গালমনদ ক'রে লাভ কী, পিসিমা ? ভোমার ভো কোনো ক্ষতি করেননি জারা।'

'ইশ, বড়ো যে আদিখ্যেতা!' একটু মিষ্টি ক'রে টেনে-টেনে স্থদক্ষিণা বললেন, 'তা তো হবেই কমলা! বিদ্দরের চাটুয়্যেদের বৌ না তৃমি? তোমার শশুরের জ্যাসার শ্রানির সঙ্গে সেই ব্যাপারটার কথা কে না জানে? কী না জানি তোমার শশুর-কুলের কীর্তি।'

কমলার মৃথ ছাইয়ের মতো হ'য়ে গেলো। রঞ্জন ব্যাকৃল স্বরে ব'লে উঠলো, 'তুমি যাও, মেছদি, এখান থেকে চ'লে যাও।'

কিন্তু কমলা উঠলো না। কপালে একবার হাত বুলিয়ে আত্ত-আত্তে বললে, 'এ-সব বাজে কথা ব'লে লাভ কী! মা, তুমি এক কথায় বলো এ-বিয়েতে তোমার মত আছে কি নেই।'

'মতের কথা ওঠেই না,' স্থদক্ষিণা ব'লে উহলেন, 'যাদের কুলের কোনো ঠিকঠিকানা নেই—রঞ্জনের বাপ যদি আজ থাকতো, তাঁর কাছে এ-কথা তুলতে কেউ সাহস পেতে তোমবা! আর সে নেই ব'লেই যা খুশি তা-ই করবে—আমি তো তা হ'তে দিতে পারি না!'

'মা, বলো!' কমলা মা-র মুথের দিকে তাকালো।

মুণালিনী বললেন, 'আমি কী বুঝি বল ? আমার শরীর ভালো নেই, আমার মন অবসয়। ঠাকুর-ঝি—ঠাকুর-পো—তোমরা পাঁচজনে মিলে যা ভালো বোঝো তা-ই করো।' বলতে-বলতে তিনি আঁচলে চোথ মৃছলেন।

'কিন্তু মা, তুমি যে ওঁদের কথা দিয়েছো!' ব'লে উচলো কমলা। 'তাতে কিছু এসে যায় না,' স্থাময় অনেকক্ষণ পর কথা বললেন। 'যদি বিয়ে না হবার হয়—হবে না! এমন কত হ'য়ে থাকে! বিয়ের তারিথের আগের দিনও কত ভেঙে যায়। কিন্তু হঠাৎ কিছু ঠিক ক'রে ফেলা কাজের কথা নয়। ভাবতে হবে—'

'ভাববার আর কী আছে এতে,' স্থদক্ষিণা বললেন, 'এ-বিয়ে হ'তে পারে না, এ তো সোজা কথা। যারা কৌশলে ছেলে পাকড়ায়, তাদের কথা দেয়ারই বা মূল্য কী? কী করবে ওরা, শুনি? তেবেছিলো খুব একটা বাজিমাৎ করলে—এখন মরুক কপাল চাপড়ে। কুলে শীলে ধনে মানে এমন ছেলে পাওয়া কি আর মুখের কথা! মেজ-বৌ, তুমি আমাকে বলো, আমি কালই আমার বড়-জাকে চিঠি লিখে দিচ্ছি—মুখের কথাটি খসালে এক্ষনি তাঁরা সব ঠিক ক'রে ফেলেন।'

'की वरना, विकास ?' स्थमम छाकारनम मुगानिमीत पिरकः

'আমি আর কী বলবো!' মৃণালিনী ক্লান্ত স্বরে বললেন, 'বলেছি তো, তোমরা যা ভালো বোঝো তা-ই করো।'

'শোনো, तक्षन'---- এবার স্থপময় চোগ দিয়ে বিধলেন রঞ্জনকে।

'এটা তৃমি ঠিক জেনো,' ধীর, স্থান্ত স্থারে বলতে লাগলেন স্থথময়, 'যে তোমার ইচ্ছার বিক্লম্বে যেতে আমরা সন্তিয় চাই না। তৃমি যদি সন্তিয় দ্বির ক'রে থাকো যে এ-বিয়ে করবে, তাহ'লে কবো। তোমার যদি মনে হয়, এ-বিয়েতেই তৃমি স্থ্যী হবে, এ-বিয়ে না-করলে কিছুতেই স্থ্যী হবে না, তাহ'লে করো। এমন যদি হয় যে হ্যায়ত তৃমি ও-বিয়ে করতে বাধ্য, তাহ'লে করো। এমন কোনো কারণ যদি ঘ'টে থাকে যেজন্ম এ-বিয়ে তোমার না-ক'রে কোনো উপায় নেই, তাহ'লে করো। কিছু যদি তা না হয়, যদি তৃমি মনে করো যে এ-বিয়ে তোমার না-করলেও চলে, যদি কোনোরকম বাধ্যতা না থাকে, যদি বিশেষ কোনো কারণ না ঘ'টে থাকে; যদি এমন মনে হয় যে, অক্য-কোনো মেয়েকে বিয়ে করলেও তৃমি স্থ্যী হ'তে পারবে, তাহ'লে তৃমি এ-বিয়ে কোরো না। কারণ এতে আমাদের কারোরই অস্থারের সায় নেই; এতে তোমার স্থর্গত পিতার আত্মার অসম্ভোষ সাধন করবে। আমাদের যা বলবার বললাম, এখন তৃমি ভেবে-চিন্তে জ্বাব দাও।'

ব'লে স্থপময চুপ করলেন। রশ্বন থানিকক্ষণ তাকিয়ে বইলো নির্বোধের মতো। তারপর ক্ষীণ হাসি ফুটলো তার মুপে। বললে, 'আ:।' আর-কিছু বললে না। আন্তে আন্তে উঠে চ'লে গোলো উপরে তার শোবার ঘরে। শুরে পড়লো বিছানায়, শুয়েই ঘুমিয়ে পড়লো। গাঢ় সে-ঘুম, শিশুর ঘুমের মতো। এখন আরু কেউ তার কিছু করতে পারে না।

পরের দিন মৃণালিনী চিঠি লিখে পাঠালেন প্রমীলার মা-কে: 'আত্মীয়দের মত হ'লো না এ-বিয়েতে। রঞ্জনের বাবার অবর্তমানে তাঁরাই ওর অভিভাবক। তাঁদের কথা ঠেলতে পারি না কিছুতেই। আমাকে ক্ষমা করবেন।'

রঞ্জনকে ভেকে তিনি বললেন, 'মিলির সঙ্গে তোমার বিয়ে হ'তে পারে না। কারোরই মত নেই।'

রঞ্জন চুপ। তার মুথে ফুটে উঠলো একটা অর্থহীন, নির্বোধ হাসি। 'তোমার অন্ত বিয়ে ঠিক করছি শিগগিরই। প্রস্তুত থেকো।'

শিগগির! শিগগিরই—তাও কত দ্রে! কত দেরি তারও!
ততদিন সে অপেক্ষা করবে না। আর অপেক্ষা করবে না সে। আর
ছিধা করবে না—এবার সে পালাবে, পালাবে অতসীকে নিয়ে, অনেক,
অনেক দ্রে, কোনো নির্জনে, কোনো নতুন দেশে, যেথানে কোনো
চেনা ম্থ নেই, যেথানে রাস্তায় বেরোলে কারো সঙ্গে কথা বলতে হয় না।
আ:, অতসীকে চাডা সে বাঁচবে কেমন ক'রে?

সেই দিনই বিকেলে কেশববাবু এলেন। সঙ্গে নীহার, হাতে মৃণালিনীর চিঠি। চিঠিটা রশ্বনের সামনে রেথে তিনি জিগেস করলেন, 'এ-চিঠি তোমাকে জানিয়ে লেখা হয়েছে ?'

রঞ্জন চিঠি প'ড়ে বললে, 'না।'

'তাহ'লে এ-চিঠি তুমি অস্বীকার করছো?'

'না।'

'না!' নীহার ব'লে উঠলো, 'আপনি কি বলতে চান বে বিয়ে হবে না?'

'কেমন ক'রে হবে ?' গভীর শান্তিব স্থরে রঞ্চন বললে। 'কেমন ক'রে! আপনারা কি পেলা পেয়েছেন নাকি ?' 'তুমি থামো, নীহার,' কেশববাবু বললেন, 'আমি বলচি।'

রঞ্জন বললে, 'কী বলতে এসেছেন আপনারা?' সে যেন স্বপ্নের ভিতর থেকে কথা বলছে, ঠিকমতো বুঝতে পারছে না কিছুই। কেশববাবু তার ম্থের দিকে তাকিয়ে নরম স্থার বললেন, 'হসাৎ কী হ'লো, বলো তো? আমাদের কি কোনো দোষ হয়েছে—না কি কেউ বলেছে কিছু?'

রঞ্জন একটু চুপ ক'রে থেকে বললে, 'আপনারা কি খুবই ছাথিত হয়েছেন?'

'তুমি বলছে। কী, রঞ্জন, এ-চিঠি পাবার পর মিলির মা এখনো ভাত ছোঁননি। বলো তো কী হ'লো হয়ৎ ?'

রঞ্জন কী-একটু ভাবলো, স্ক্র হাসি ফুটে উঠলো তার ঠোঁটে। নরম গলায় বললে, 'কিছু ভাববেন না আপনারা। সব ঠিক হ'য়ে যাবে।'

'তাহ'লে তুমি—?' কেশববাবুর গলা কেঁপে গেলো আগ্রহে।

'সব ঠিক হ'য়ে যাবে। আমার এক বন্ধু আছে—চমৎকার ছেলে, নতুন প্রোফেসরি পেয়েছে ইউনিভার্সিটিতে। তাকে আমি রাজি করাবো! আমার চেয়ে অনেক ভালো সে।'

কেশববার মৃঢ়ের মতে। তাকিয়ে রইলেন। নীহার ব'লে উঠলো, 'আপনি রসিকতা করছেন কিনা বুঝতে পারছি না, রঞ্কনবারু!'

'রসিকতা?' রঞ্জন ব্যাকুলভাবে ব'লে উঠলো, 'না, না—, সন্ত্যি বলচ্চি। সে প্রায়ই আসে আমার এখানে, যে-কোনোদিন আপনারা তাকে দেখতে পারেন। খু-ব ভালো সে, চমৎকার!'

'কী বলছেন আপনি?' তীব্রস্বরে ব'লে উঠলো নীহার। 'আপনার কি মাথা-গারাপ হয়েছে ?'

'কেন, মাথা-খারাপ কেন ?'

কেশববাবু বললেন, 'তোমার হাতেই যে মেয়েকে দিতে চাই আমরা, তুমি তাকে গ্রহণ না-করলে—'

'এদিকে,' নীহার বললে, 'এদিকে শহরময় যে বিষের কথা রাষ্ট্র হ'য়ে গেছে। এখন আপনি দিব্যি আর-একজনের হাতে মেয়েটিকে গছিয়ে দিয়ে স'রে পড়তে চাচ্ছেন। বাঃ!'

কেশববাবু বললেন, 'যদি নিভান্ত ভূল বুঝে না থাকি, আমাদের বরাবর ধারণা হয়েছে যে মিলিকে তুমি মনে-মনে পছন্দ করেছো। মিলিরও ঝোঁক ছিলো তোমার দিকে। আমর। তাই এ-বিষয়ে এগিয়েছিলুম, অক্তকোনো চেষ্টাই করিনি। এথন তুমি যদি—'

'অত কথায় কাজ কী, বাবা,' নীহার ব'লে উঠলো, 'ওঁকে তুমি ম্পষ্ট ব'লে দাও যে বিয়ে করতেই হবে।'

রঞ্জন যেন ঘুম থেকে জেগে উঠে নীহারের মুখের দিকে তাকালো।
'কী বলচেন ?'

'এ-বিয়ে আপনাকে করতেই হবে—বুঝেছেন? সবাই জেনে গেছে বিয়ের কথা—এখন মিলি আপনার স্ত্রীর মতোই।'

একটা ক্লিষ্ট, অসহায় ভাব ফুটে উঠলো রঞ্জনের মুখে। তার চোখের পাতা পড়লো কয়েক বার।

'তুমি ভদ্রসন্তান,' কেশববাবু আন্তে-আন্তে বলতে লাগলেন, 'তুমি উচ্চশিক্ষিত, তোমাকে আর বেশি কী বলবো? তুমি এখন বিয়ে না-

করলে কী যে বিশ্রী কাণ্ড হবে, ত। তুমি কি আর ব্রুতে না পারো। কিন্তু হঠাৎ তোমাদের মত বদলালোই বা কেন 

০-সব গুরুতর ব্যাপারে এমন ক্ষণে-ক্ষণে মত বদলালে কি চলে? এই ভো দেদিন তোমার মা নিজের হাতে লিখে পাগলেন—তোমারই নাকি ইচ্ছে, তোমার মা-রও আপত্তি নেই। তবে আব কী ? তা-ই যদি হয়, তা-হ'লে এ-বিয়ে হ'তে পারবে না কেন? যদি ভোমাদের কাছে ভোমার আত্মীয়দের কথার এতই মূল্য, ভাহ'লে গোড়াভেই তাঁদেব জিগেস কবাটা কি উচিত ছিলোনা? আর তাও, তাঁদের আপত্তিটা কা যদি জানতে পারতুম, সাধ্যমতো চেষ্টা করতে পাবতুম সেটা গণ্ডাতে। এমনও তো হ'তে পারে যে দে-সব আপত্তি সম্পূর্ণ ভিত্তিহীন, যুক্তিহীন। আর তা'ছাড়া, তুমি তো কারে৷ মুগাপেক্ষী নও, তুমি ইচ্ছে করলে স্বাধীনভাবে একটা কাজ করতেই বা পারবে না কেন? আগ্রীয়দের দক্ষে মনোমালিয়া চিরকাল থাকে না, কিন্তু যদি কাউকে মনে-প্রাণে আকাজ্ঞা ক'রে থাকো, তাকে হারাবার ক্ষতি চিরকালের। রঞ্জন, তুমি কি তা হ'তে দেবে ৷ তোমার পৌরুষের কি এটুকু ছোর নেই যে সাহস ক'রে নিতে পারবে না—যা তুমি চাও ? একটু বিরোধিতাতেই কি ভেঙে পড়বে ? এ-রকম কত হয়—আরো কত হবে জীবনে। এই তো আনন্দ—বিরোধ অতিক্রম ক'রে জয়ী হওয়া। পুরুষের ধর্মই তো এ-ই। রঞ্জন, আমাদের সমাজে আজকাল যে-রকম বিবাহ প্রচলিত, পুরাণে কি কথনো তার উল্লেখ পাবে? সেই আর্যের। কি কখনো অক্টের কথায় বিয়ে করেছেন-কিংবা করেননি ? তাঁরা ছিলেন বীর-স্বীকে তাঁরা জয় করতেন-প্রকাশ্ত শক্তি-পরীক্ষায়, কি বীর্ষে, কি

প্রেমে। প্রকৃত বিবাহ তো তা-ই। রঞ্জন, তুমি কি শেষ পর্যন্ত ভয় পাবে, পেছিয়ে থাবে—লোকের কথায় ? তোমার সত্য অধিকার নেবার যোগ্যতা কি নেই তোমার ? কিন্তু আমরা তো জেনেছি যে তুমি অত ভীক্ষ নও। আমার তো মনে হয় তোমার সংকল্প যদি বা টলে, ভেঙে পড়বে না কথনোই।

রঞ্জন মৃদ্ধ হ'য়ে শুনছিলো, শেষের কথাগুলো ভালো ক'রে শুনতেই পাচ্ছিলো না। যেন এক নেশায় ধরেছে তাকে। তার সারা শরীর এলিয়ে পড়ছে অবসাদে। আর সে ভাবতে পারে না, আর কিছু অফুভব করতে পারে না, সে আর নেই। তার মাথার ত্'পাশে যেথানে নীল তুটো শির। রক্তের চাপে টিপটিপ করছে, ত্'হাত দিয়ে সেথানটা চেপে ধ'রে সে চুপ ক'রে ব'সে রইলো। হঠাৎ মনে হ'লো, তার অসম্ভব মাথা ধরেছে।

একটু পরে কেশববাবু আবার বললেন, 'তাহ'লে তুমি বলো, রঞ্জন—তুমি যা বলবে তা-ই হবে, তোমার একটি কথার উপরেই একটি মেয়ের, একটা পরিবারের স্থুখ ভূঃখ ভবিশ্বং নির্ভব করছে।'

যেন একটা মূর্ছার ভিতর থেকে রঞ্জন উত্তর দিলে, 'আচ্ছা, তা-ই হোক।' সে কী বললো, শুনতে পোলো না নিজেই। শুধু এটা ব্রুতে পারলো যে একক্ষণে শেষ হ'লো, একক্ষণে সে ছাড়া পেলো, বাঁচলো। আর কোনো কথা শুনতে হবে না, জবাব দিতে হবে না কোনো কথার। বাঁচলো।

#### এগার

## পরিপূর্ণতা

'অনেক দিন দেখা নেই। কেন আসো না? কী হয়েছে? কী তোমার এত কাজ? তুমি কি বোঝো না, তুমি কি বোঝো না? একবার এসো এ-চিঠি পেয়েই, পায়ে পড়ি ভোমার।'

नित्थ चन्त्री हिँए क्लिन। এ-5ि कि भागान। याप मा মনে-মনে সে যত চিঠি লিখেছে রঞ্জনকে, তার একটাও লেখা যায় না, লিখলেও পাঠানো যায় না। যদি বলবার কথা এতই আছে, তাহ'লে বলা এত কঠিন কেন ? যদি প্রেম এলোই, তবে কেন এই ছেদ, কেন তা হ'তে পারে না বৃষ্টি-ধৃসর প্রাবণের অরণ্যের মতে। নিরবচ্ছিন্ন ? কিছুতেই যে তৃপ্তি হয় না, কী ক'রে আমি নিজেকে নিংশেষে দিতে পারি তার কাছে? আমি যে নিজেকে লুটিয়ে দিতে পারি তার পায়ে, দিগন্তসীমায় ভাবণ-মেঘের মতো-আমি যে তার উপর ঝ'রে-ঝ'রে পড়তে পারি অজত্র, অফুরস্ত, নিষ্ঠর বর্ষণে। কেন আদে না সে? কেন এসে আমাকে তুলে নিতে পারে না একটি সম্পূর্ণ ফুলের মতো তার হাতের মুঠোয়, কেন নিংচ্ছে নিতে পারে ন। আমার প্রমতম আত্মার সৌরভ—কেন সে আমাকে পরিপূর্ণ, আচ্চন্ন, বিলুপ্ত ক'রে দিতে পারে না তার প্রেমের বিচাংময় অন্ধকারে? একবার আস্থক দে। আমি তার পা ঢেকে দেবো আমার এলো চুলে—আমি তার পা এনে রাথবো আমার বুকের উপর, বুকের মাঝগানে—আমি যে ম'রে যাচ্চি কেন সে একবার আসতে পারে না?

একটা খবর পর্যস্ত নেই। যদি সে এক লাইন লিখেও পাঠাতো—
তাহ'লেও প্রতীক্ষায় মধুর হ'য়ে উঠতে পারতো অতসীর দিন আর
রাত্রি। আ, প্রতীক্ষার সেই তীব্রতা, সেই তীব্রতা,—প্রতি মূহূর্তে
অমূভব করা, সে আসচে, কাছে আসচে, রক্তের মধ্যে তার পদধ্বনির
স্থর। কিন্তু একেবারে নিঃশব্দ। একটা খবরও কি পাওয়া যায় না
কোনো রকমে ? কেমন আছে সে কে জানে।

দে দিন সংশ্বেবলা, সরোজ হঠাৎ চোথ তুলে তাকালো অতসীর দিকে, যেন কিছু কথা বলবে। কিন্তু অতসীই প্রথম কথা বললে: 'সরোজ, তুমি তে। এখানে-ওগানে যাও শহরে—না ?'

'কেন বলো তো ?'

'আচ্ছা, এমন হয়নি যে তোমার ছ্-একবার দেখা হ'য়ে গেছে— রঞ্জনের সঙ্গে '

'না, হয়নি তো।'

একটু চুপচাপ।

অতি মৃত্স্বরে, কুন্ঠিতভাবে অতসী বললে, 'তুমি যদি তু-একদিনের মধ্যে থেলার মাঠের দিকে বেড়াতে যাও, ওর একটু থোঁজ নিয়ে আসতে কি খুব অস্কবিধে হবে তোমার ?'

সরোজ চুপ।

অতসী আবার বললে, 'পারবে একটু থোঁজ এনে দিতে? অনেক দিন আসে না—না কি কোনো অস্থই করলো? আমাদের একবার থোঁজ নেয়া তো উচিত। পারবে?'

'পারবো।'

# পরিপূর্ণতা

'রাগ কোরো না আমার উপর, তোমাকে শুধু কাজেব কথা বলি।' সরোজ জবাব দিলো না, আবার চুপচাপ।

তারপর, আকাশ যথন অন্ধকার হ'য়ে এলো, অতসীব মুখ আব ভালো ক'রে দেখা যায় না, তথন সবোজ বললে, 'আজ একটা কথা ভালম—রঞ্জনবাবর বিষয়ে।'

হঠাৎ অতসীব মেরুদণ্ড দিয়ে একটা জ্রুত কম্প্রন নেমে গেলো।
'কী?' বলতে গিয়ে গলা কেঁপে গেলো তার।

'ভনলাম তাঁর নাকি বিয়ে।'

'এ-কথা আবার কোথায় শুনলে ?' অত্সীব কণ্ঠস্বরে মেন প্রাণ ফিরে এলো।

'অনেকেই বলছে।'

'অনেকে তো অনেক কথাই বলে!' অতসী হালকা গলায় হেসে উঠলো।

'সত্যি নাকি—'

'ত। इत्नारे ता,' यज्मी शुमतना। 'ভानारे ता।'

আর-কিছু বললো না সরোজ। পরদিন বিকেলে সে গেলো রঞ্জনের বাড়ি। রঞ্জন তথন বন্ধুদের নিয়ে বাইরের ছরে ব'সে। সসংকোচে সরোজ দরজার ধারে এসে দাঁড়ালো। তাকে দেখে একটু ফ্যাকাশে হ'য়ে গেলো রঞ্জন। তাড়াতাড়ি উঠে এসে সরোজের কাঁধে হাত দিয়ে তাকে নিয়ে গেলো বাইরে। নিচু গলায় জিগেস করলে, 'কাঁ থবর ?'

'অতসী পাঠিয়ে দিলে আমাকে।'

অতসীর নাম উচ্চারিত হ্বার দক্ষে-দক্ষে রঞ্জনের বুকের মধ্যে

হাতুড়ির বাড়ি পড়লো। ছ-বার বড়ো-বড়ো নিশ্বাস নিয়ে বললে, 'আমি—আমি এই শিগগিরই—বড় ব্যন্ত ছিলুম ক-দিন—' কথা শেষ করতে পারলে না।

'কিছু বলবো ওকে গিয়ে?'

'वनरवन—वनरवन य ভारनारे आहि।'

মূহুর্তের জন্ম চোথোচোথি হ'লো ত্-জনের। হঠাৎ রঞ্জন মূথ ফিরিয়ে নিলো, আর কিছু না ব'লে ফিরে গেলো।

সে ফিরে যেতেই অতসী জিগেস করলে, 'পেয়েছিলে ওকে ?'

'হ্যা, ভালোই আছে।'

অতসী একবার তার চোথের দিকে তাকালে।।

'শিগগিরই আসবে বোধ হয় একদিন।'

'থুব ব্যম্ভ বুঝি ?'

'মনে তোহ'লো।'

'তুমি জিগেস করলে ন। কিছু ?'

'বেশিক্ষণ ছিলুম না; অনেক লোক ছিলো ঘরে।'

'কারা ?'

'আমি চিনি না তাদের।'

'ভা একটু কি আর বলতে না পারতে !'

সরোজ কথা না-ব'লে অক্সদিকে চ'লে গেলো।

বাদলার সন্ধ্যা। আকাশে মেঘ ছড়ানো। হাওয়া দিচ্ছে জোরে; বৃষ্টি পড়ছে থেমে-থেমে। ঘরে ব'সে-ব'সে অতসী অশাস্ত হয়ে উঠছিলো, কেবলই তার চোথ যেন জলে ভ'বে উঠতে চায়। সন্ধের আগেই

## পরিপূর্ণতা

আদ্ধকার নামলো। কোনো কাজ কববার নেই, কিছু ভাববার নেই, সে যেন তার জীবনের প্রান্তদেশে এসে শাঁডিয়েছে। হিরণ্মী রান্নাঘরে ব'সে লুচি ভাজছিলেন, তার গন্ধ ভেসে-ভেসে আসছে। একবার মা-র কাছে গিয়ে বসলো অতসী। তিনি বললেন, 'থাবি নাকি একথানা গরমগরম ?' 'না মা, এখন থাক,' ব'লে উঠে এলো সেখান থেকে। গেলো বাবালায়। সেখানে বৃষ্টির ছাঁট। এলো ঘরে, সেখানে আদ্ধকার। কোনোখানে যেন আর-কিছু নেই—এই মেঘের ধ্সবতা আর বৃষ্টি ছাড়া আর-কিছু নেই। সমন্ত সৃষ্টি চাপা পড়েছে তার নিচে। সময় থেমে গেছে।

আবাব সে বারান্দায় এসে দাঁড়ালো। ভিছতে-ভিছতে একটি চোটোগাটো মাক্সমের আবিভাব—ভাক-পিওন। ছাতা আর ছেঁড়া বর্ষাভিতে জড়োসড়ো লোকটা যেন কেমন দেখতে। মা গো, অতসীর বুকের ভিতরটা হঠাৎ কেমন ক'রে উঠলো।

পুরু থামের একটা চিঠি। অতসী তুলে দেখলে—তারই নাম লেগা। হঠাৎ তার হৃৎস্পদন যেন থেমে গেলো। একটু স্থির হ'য়ে সে ছিডলো থামটা। তারপর সেই অতি ক্ষীণ আলোয় পড়লো:

'আমাকে ক্ষমা করো। যা হয়তো শুনেছো কি শিগগিরই শুনবে, তা সত্যি। আমাকে ক্ষমা করো—এ ছাড়া আর কিছুই আমার বলবার নেই।

সঙ্গে ঘেটা পাঠালুম সেটা যদি ভোমার কোনো কাজে লাগে, নিজেকে ধন্ম মনে করবো।'

চিঠির সব্দে আটকানো একটা সবুজ ইম্পিরিয়ল ব্যাঙ্কের চেক— সেটার তলার দিকে গোটা তিনেক শৃশ্য অতসীর চোথে পড়লো। চিঠিটা হাতে নিয়ে সে দাঁড়িয়ে রইলো, মৃত্যুর মতো শুদ্ধ।

তারপর হঠাৎ তার বুকের মধ্যে এক উদ্ধাম, উন্মন্ত, ভয়ংকর বাসনালাফ দিয়ে উঠলো—রঞ্জনের জন্ম। ব্যথায় টনটন ক'রে উঠলো তার সমস্ত বুক, বাসনার হিংশ্রভায়। আঃ, রঞ্জন, রঞ্জন, তুমি আমার, তুমি আমার। আমাকে ছেড়ে কোথায় যাবে তুমি? আমি তোমাকে ভ'রে রাথবো নিজের মধ্যে—আমি পূর্ণ ক'রে নেবো তোমাকে, সম্পূর্ণ ক'রে। কোথায় মৃক্তি তোমার? আমি আমার ছ-হাত দিয়ে, আমার সমস্ত জীবন দিয়ে তোমাকে আঁকড়ে ধ'রে থাকবো—যতক্ষণ না রহস্তের সর্বশেষ আবরণ উল্মোচিত হয়, র্যভক্ষণ না মৃত্যুর অন্তিম সীমায় সমস্ত বিশ্ব আলোময় হ'য়ে ওঠে।

চিঠিটা থ'সে প'ড়ে গেলো অতসীর হাত থেকে। কী স্থন্দর তুমি রঞ্জন, কী রহস্ত তোমার শরীরে! সেই শরীর আমার, আমি তা নেবো। অতসীর তাকে স্পর্শ করতে হবে এই মৃহুর্তে, নয়তো সে বাঁচবে না। তাকে স্পর্শ করা, তাকে অমুভব করা—উত্তপ্ত সংস্পর্শে তার সঙ্গে এক হ'য়ে যাওয়া। আ—! সমস্ত জীবন দিয়ে দিলেও এ-বাসনার ভৃপ্তি নেই। এই শরীরে, শরীরের এই জীবনে কতো আর ভালোবাসার ক্ষমতা! জীবনকে ছ-হাতে তুলে নিয়ে ভেঙে ফেলো, জীবনের কেন্দ্রন্থলে, রঞ্জনের সেই স্থন্দর, নরম গলার উপর ছ-হাত চেপে ধ'রে আন্তে-আন্তে নিংশেষে নিংড়ে তাকে শেষ ক'রে দাও। সে-ই তো চরম। একবার অতসীর সে-ইচ্ছে হয়েছিলো, কিস্ক তথন সে

# পরিপূর্বতা

তা পারে নি, তথনও সে তাকে যথেষ্ট ভালোবাসেনি। কিছু এথন— এথন তাকে তা করতেই হবে। রঞ্জনকে হত্যা করতেই হবে—নম্বতো এত ভালোবাসা সে সইবে কেমন ক'রে ?

আন্তে সিঁড়ি দিয়ে নেমে রাস্তায় বেরোলো অতসী। বৃষ্টি। বৃষ্টির ফোঁটা পড়লো তার মৃথে, স্কল্প স্টীমৃথের মতো। অতি স্কল্প কোনো আদরের মতো, তার মৃথের উপর। মৃথিটি সে তুলে ধরলো বৃষ্টির কাছে। তার মৃথ, তার স্কল্পাগ্র ক্ষুন্ত বক্ষয়টি—অঞ্চলির মতো কোনো নামহীন দেবতার কাছে। বৃষ্টি পড়ুক, বৃষ্টি পড়ুক তার সমস্ত শরীরে। এমন স্কল্প, এমন তীত্র-মধুর স্পর্শ—অতসীর চোথ ফেটে তপ্ত অঞ্র বেরিয়ে এলো। অন্ধ হ'য়ে গেলো দৃষ্টি। দৃষ্টিহীন, সে এগিয়ে চললো সেই অন্ধকারের ভিতর দিয়ে।

হাওয়ার জোর বাড়লো, ঝড় উঠলো আখিনের। সে ভিজে গেছে
শাড়ি-জামা পেরিয়ে চামড়া পর্যন্ত। শীত ঠেলে উঠছে তার হাড় থেকে।
কিন্ধ তাতে কী। এই তো সে চলছে, নির্জন, অন্ধকার প্রান্তরের
উপর দিয়ে। ভয় নেই তার, কোনো ভয় নেই। সে ঠিক যেডে
পারবে পথ চিনে। সে জানে তার পথের শেষ। তার আত্মা নিজেকে
আনন্দে মেলে দিয়েছে এই হাওয়ায়, নিশানের মতো। এই তো শ্রেষ্ঠ
অভিসার—চরম মিলনের, চিরস্তন পূর্ণতার উদ্দেশে এই যাতা। কাছে
এলো সেই মিলন। এখনই সে রঞ্জনকে পাবে তার ত্র-হাতের মধ্যে,
স্পর্শ করবে তার শরীর, এখনই সে তার গলা আঁকড়ে ধরবে নির্মম,
নিঃশেষ আলিঙ্গনে—আঁকড়ে ধরবে ত্-হাত দিয়ে, ত্-হাত দিয়ে তার
বাসনার স্বর্ণফল, যতক্ষণ না তাকে নিয়াশিত ক'রে তার সেই তুর্লভ

ঐশ্বর্ষময় প্রাণটিকে তৃ-হাতের মধ্যে অঞ্চলি ভ'রে তুলতে পারে, শেষ বিন্দু পর্যস্ক, শেষ নিশ্বাস পর্যস্ক।

হঠাৎ থমকে দাঁড়ালো অতসী। সামনে রেল-লাইন। সে কোন
পথে এলো? না, ঠিক আছে, ঐ তো ইউনিভার্সিটির লম্বা শাদা
অস্পষ্ট আভাস। ঠিক এসেছে সে,—আর-একটু পরেই—আং! রঞ্জন,
আমি যে তোমাকে এত ভালোবাসি, তা আমিও কথনো জানতুম না।
তোমার আকাজ্জায় আমি চুর্ণ হ'য়ে গেলুম যে। তুমি আমার,
তুমি আমার। চিরকালের জন্ম তোমাকে আমি আমার করবো।
কিন্তু ওটা কী—ঐ যে দুরে সবুজ আলো আকাশের নিচে? গুমগুম
শোনা যাচ্ছে না হাওয়া? টেন! অতসী একটু থামলো—গাড়িটা
কাচে আসচে—চ'লে যাক।

অন্ধকারকে বিদীর্ণ ক'রে এগিয়ে এলো আলো। .হাওয়ার চীৎকার চাপিয়ে লৌহগর্জন মুথর ক'রে তুললো প্রান্তর। মুগ্ধ হ'য়ে দাঁড়িয়ে রইলো অতসী। এই আলো সে দেখেছিলো রঞ্জনের প্রেমের অন্ধকার থেকে, এই শব্দ তাদের হৃদয়ে তুলেছিলো প্রতিধবনি—সেই রাত্রে। সে-রাত্রে এই রেলগাড়ি চ'লে গিয়েছিলো তাদের বুকের উপর দিয়ে—তারা ম'রে গিয়েছিলো। কেন তারা আবার বাঁচলো? সেই শ্বাত্রি কেন চিরকাল হ'লো না? সেই মূহুর্ত কেন মিশে গেলো না মৃত্যুর সব্দে? কিন্তু সেই রাত্রিই তো আবার এসেছে আকাশ ভ'রে, তার আআাকে পরিপূর্ণ ক'রে—সেই তো গুরুগুরু ধনি তার বুকের মধ্যে, সেই তো বিশাল, উন্মাদ জন্তু ঝাঁপিয়ে পড়ছে তার বুকের উপরে। কাছে, আরো কাছে। রঞ্জন, রঞ্জন, রঞ্জন, কী ক'রে তুমি

## পরিপূর্ণতা

আমাকে এত ভালোবাসতে পারলে? অন্ধকারের সমুদ্র তুলে উসলো চারদিক থেকে, তরঙ্গে-তরঙ্গে চিরকালের অপ্রান্ত কল্লোল। আর আমি একে শেষ হ'তে দেবো না। এই শেষ হোক, তোমার রহস্তের মধ্যে এই শেষ নিমজ্জন। আমি কাঁপ দেবো। এই অন্ধকারে, সময়হীন অন্তহীন এই অসীমের বুকের মাঝখানে।

অতসী ঝাঁপ দিলো।